^{ব রে ন} ব সু রৈ **ও রু ট**

বিভিন্ন ভাষায় প্রকাশিত সংস্করণের ভূমিকা সম্বলিত





পঞ্চম সংস্করণ ফাল্গ্যন ১৩৬৪

বিভিন্ন সংস্করণের প্রথম প্রকাশ

হিন্দী	2200
চেক	১৯৫৩
হােগবীয	2700
ইংবেজী	>> 08
চানা	১৯৫৫
তেলেগ্ন	১৯৫৫
বুশ	১৯৫৬
জার্মান	১৯৫৭

পাঁচ টাকা

লেখকের অন্যান্য বই

মহানায়ক
জগগী ভিয়েৎনাম
নতুন ফৌজ
বাব্রামের বিবি
প্রান্তন (ষশ্বস্থ)

প্রথম প্রকাশ ১৯৫০



শিলালিপি নয়, সেদিনের কথা

যুদ্ধ-সীমানত তথন এদেশে পেণছৈ গেছে। বিদেশী সাম্রাজ্যবাদ ভষাল অর্থানীতিক সংকট স্থি কবে, তাবই আডালে পেতেছে সৈন্য-সংগ্রহেব ফাঁদ—মুখপাতে বাধ্যতাম্লক নয, আসলে বিক্তু তাই।

বিংলবেব জিগিব উঠলো দেশে, কাবাববণে ঘটলো তাব সমাধিত। বিংলব এলো না

হতাশ মানুষেবা ছতি হলো সৈনাদলে। তাবা হলো দেশদ্রোহী 'পল্টনী উর্দি গাযে চাপালো, তাব বলংক গায়ে আঁকলো, অত্যাচাবে উৎপীন্তনে দ'লে পিষে যেতে লাগলো।

তব্
ও এবাই যুন্ধানেত ফুসে উঠে জানালো মুক্তিব দাব । নিষমতকের নিগড়ে আন্টেপ্ডেঠ বে ধে নেতাবা তখন বাজেইব প্রাকাব খাড়া কবতে বাসত—তাই দাবী উপেক্ষিত হলো।

বিশ্লব বয়ে গেলো অসমাণ্ড

বঙব্ট তাবই কাহিনী সৈনিক জীবনেব পাঁচালি।

शिक्ती ১৯৫৩



শ্রীবরেন বসরে উপন্যাস রঙরটে খবেই খ্লাীর সংগ হিন্দী পাঠকদের হাতে তুলে দিচ্ছি। বাংলায় এই বইটীর দুইটি সংস্করণ হয়ে গেছে।

এই বইটী যথন সর্বপ্রথম বাংলায় প্রকাশিত হয তথন বাংলার লেখক ও পাঠকদের মধ্যে আলোড়ন স্থাটি করে। সকলেই একবাক্যে এই উপন্যাসের প্রশংসা করেন এবং বলেন যে, এই উপন্যাসটী বাংলা সাহিত্যের সীমারেখা বিস্তৃত করেছে এবং তাকে সমাধ্য করেছে।

এই উপন্যাসটীর বৈশিষ্ট্যের পরিচয় পাঠকগণ নিজেবা পড়েই জানতে পারবেন। তব্ও এইট্কু বলা আবশ্যক যে, লেখক যে পলট নির্বাচন করেছেন তা আমাদের কাছে একদম নতুন। যেহেতু লেখককে পরাধীন ভারতেব সৈনিক জীবনের ভিন্ততা, অপমান ও অসম্মানের প্লানি ভোগ করতে হয়েছে, সেই জন্য তথাকথিত প্রচলিত প্রেম কথা থেকে বিশ্বত হওয়া সভ্তে বইটী খ্রেই মামিক ও ১দয়ম্পশী হয়ে উঠেছে।

বইখানির বাসত্বতা আর সভাবতা এমনই যে, পভবাব সময় মনে হয় যেন একটা সভা ঘটনার বর্গনা পড়া হচ্ছে। আমাদের দেশেব লাখ-লাথ য্বক যারা সৈনিক-জাবন যাপন করেছে, তাদেবই অন্.ভৃতি একে প্,ড়া করে তুলেছে। সামাজাবাদী লিংসার ফলস্বরাপ সম্ভাব্য য্দেকে চিরকালের জন্য খতম করতে ইচ্ছকে আমাদের দেশের জনসাধারণের কাছে এই উপনাসটা বিশ্ব-শান্তির প্রী শতিল বারিধারার মত মনে হবে, এ বিশ্বাস আমাদের আছে।


८ ४८ क्या



দিবতীয় বিশ্বষ্দেধর স্রুতে অমল নামে এক ভারতীয় যুবক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সমাপত করে চাকুরী খ্জছে—বরেন বসুর উপন্যাসখানি তারই জীবনের কাহিনী। তিনমাস ধরে চাকুরীর চেণ্টা তার বৃথা হল। অবশেষে এক বন্ধুর পরামশে সে গেল রিক্রটিং কেন্দ্রে এবং ইংগভারতীয় বাহিনীতে যোগ দিলে। ইংগভারতীয় এই ভাড়াটে বাহিনীতে যে সব ভয়াবহ ঘটনা বিদ্যানান, অমল তার সংগ্প প্রোপ্রির পরিচিত হল। ইংরেজ উপরওয়ালাদের চোথে ভারতীয় সৈনিকরা তো ভেড়ার পাল ছাড়া

কিছ্ই নয়। শিক্ষা-শিবিরের জীবনের বর্ণনা ক্ষেত্রক প্রভাবেই দিয়েছেন—
আব সে বর্ণনা ভয়াবহ বাদতব হয়ে ফাটে উঠেছে। এই উপন্যাস্থানি পড়ে পাঠকের
ফ্যাসিদত বন্দীশিবিরের কথা মনে না পড়ে পারে না। ইংগ-ভারতীয় বাহিনীর
দাবিসহ জীবন এখানে পরিদফ্ট—বইখানি তাই সাম্বাজ্যবাদী বাহিনীর এক বিশিষ্ট
পরিচিতি। এতে, আমাদের জনগণতলী বাহিনী তার সৈনিকদের প্রতি যে যত্ন করে
থাকেন, আর ইংরেজরা তাদের সৈন্যদের প্রতি যে অবহেলা করে থাকে, তা মিলিয়ে
দেখার স্যোগ পাঠকরা পাবেন। তা ছাড়াও বৃহৎ সাম্বাজ্যবাদী শক্তিগালির ভাড়াটে
সৈন্য আর আমাদের দেশের রক্ষকদের মহান আয়ার সংগও তাঁকে মিলিয়ে দেখতে
হবে। এই জন্যই দ্রী বসার উপন্যাস্থানি আজকের বিশ্বশাদিতব সংগ্রামে এক শক্তিশালি হাতিযার হয়ে উঠেছে। সাম্বাজ্যবাদীদের মহা দ্বালতা আব ভাড়াটিয়া সেনাবাহিনীর নৈতিক অধঃপত্ন বইখানির উপজীব্য।

হাঙ্গেরীয় ১৯৫৩



করেক শতকের সাম্রাজ্যবাদী উৎপীড়নের পর অবশেষে বারো কোটী বাঙালী তাঁদের নিজেদের কথা শোনাতে পারছেন। হাজার হাজার বছরের প্রনো সংস্কৃতির গৌরবে এ'রা গৌরবান্বিত হয়েও উপনিবেশিক শাসনে এবং শোষণে এ'দের অবর্ণনীয় অধঃপতন ঘটেছিল। দৃঃখ-দৃর্দশায় এ'রা ডুবে গিয়েছিলেন। এ-কথা সত্য য়ে, বিশ্ববিজয়ী ফ্যাসিবাদী শক্তিগ্লির পরাজয়ের পর বাংলার মান্য উৎপীড়ক ও মহাজনেব হাত থেকে রক্ষা

পেরেছেন; কিন্তু এখনো পূর্ণ স্বাধীনতা তাঁরা পাননি। এ রা উন্নত জীবনের দাবিদাব, তাই বিশ্বব্যাপী সাম্রাজ্ঞাবাদের কাঠামোর মধ্যে থেকেও স্বাধিকারের দাবি তুলেছেন, এ'দের প্রগতিবাদী লেখক আর কবিবা আজ মূখর হয়ে উঠেছেন, আর বাংলা সাহিত্য তাই দুত উন্নতিব পথে চলেছে।

প্রগতিপদথী সাহিতে ভাবতীয় জীবনের সতা ছবি স্পরিষ্ণ, । সামাজিক বাস্তবতার প্রকৃত প্রতিফলন দেখা দিয়েছে, মেহনতী মান, ষেব শোষণের কাবণ ফুটে উঠেছে, শোষকের স্বর্প সে প্রকাশ কবছে। বাংলা সাহিত্য শোষণকাবী সায়াজ্যবাদী আর তাদের ভূ'ইফোড় তাঁবেদারদের বিরুদ্ধে হয়ে উঠেছে এক জোবদাব হাতিযাব।

বরেন বস্ তর্ণ প্রগতিকামী বাঙালী লেখকদেব একজন। তাঁব বঙৰ্ট প্রগতি সাহিত্যের সেবা উপন্যাসগ্লির একখানি। ইংগ-ভাবতীয় বাহিনীতে যে ভ্যাবহ অকথা ছিল, এখানে তারই মৃতি প্রকাশ। ভাডাটে ফৌজেব দৃঃখ-দৃদশার খবরও এতে মেলে। তারা ভূখাব জন্নায় শোষকেব হাতেব মুঠোয় গিমে পড়ে। ভারততো মনোহর যাদ্ব দেশ নয়, এ এক ভ্যাবহ দ্ৢঃখ-দৃদশাব ভূমি, অভাব আর বোগের আকর। ধনবাদী শিশপীরা এই হতভাগ্য দেশকে যে অবগ্ণঠনে মড়ে দিয়েছিলেন, বঙরুট সেই অবগ্ণঠন টান মেরে খসিয়ে দিয়েছে, ছম্মবেশ খুলে ফেলেছে। উপন্যাসখানিতে আমবা বাঙালী পরিবারের পরিচয় পাই—অভাব আর বোগে তারা জন্ধর, উপবাসি জনগণ নিজেদের বিকিয়ে দিছে সামাজাবাদেব কাছে, আর সামাজাবাদ দেশকে বিশ্বত করেছে দ্বাধীনতা থেকে, দেশের মানুষকে করেছে লাঞ্কা। জাপান চড়াও হয়ে এসেছিল দেশ দখল করতে, তার পরাজয়ে এল হিসেব-নিকেশের পালা।

বাঙলার মান্য দ্বাধীনতা আন্দোলনে ভিড়ে গেলেন। রিটিশ সামাজ্যবাদ শোষিত

জন্দাণ্কে শিকলে বে'ধে রেখেছিল, তাঁরা তা চ্রমার করে ফেললেন। রিটিশ ভারতীয় ব্রেজায়া শ্রেণীর হাতে তুলে দিল রাজনীতিক অধিকার। নয়া সরকার মেহনতী মান্মের মন জয় করে নিলেন তার ব্যাপক কৃষি সংস্কার আর বৃহৎ শিলেপর জাতীয়করণ পরিকল্পনায়। কিন্তু সংস্কার তো শ্বা প্রতিপ্র্তিই হয়ে রইল। বাঙালীর ব্রুতে দেরী হল না যে, এক শোষকের বদলে এসেছে আর-এক শোষক—আমদানী হয়েছে মার্কিণ সাম্লাজ্যবাদ। বিদেশী শোষক যেগ্লিল টোপ ফেলেছিল, দেশী ব্রেজায়ারা সেই টোপগ্লিই গেলবার চেণ্টা করছে।

হাঙেগরীয় পাঠকের এই প্রথম বাংলা সাহিত্যের অন্বাদ পড়বার সুন্যোগ হল। এই প্রথম বাংলার মান্মের জাবন আর আজাদির লড়াইয়ের খাঁটি বিবরণ আমরা পড়তে পেলাম। আমাদের দঢ়ে বিশ্বাস, যাঁরা এমন দৃদাশা সয়েছেন, এমন শৈষিত হয়েছেন, তাঁরা তো শাঁঘই আজাদি পাবেন—যেমন পেয়েছেন আমাদের শক্তিশালী এশিয়ার প্রাতা চীনগেণ। এশিষার দাসত্বন্ধনে বাঁধা মান্য তাঁদের শিকল ধরে জোরে নাড়া দিচ্ছেন। বাঙালাঁর কাছে তাই পার্ণম্ভিব দিন আগত।

रेश्त्रकी ১৯৫৪





ফাসিবাদের বিরুদ্ধে বিশ্বব্যাপি সংগ্রামে সক্তিয়ভাবে যোগদানের জনাই বরেন বস্, ১৯৪২ সালে
ফৌজে ভবি হন। তার ফোজি জীবন রিটিশ
সায়াজাবাদী বাহিনীতে ভারতীয় সিপাহীর প্রতি
দ্বাবহারেব বিরুদ্ধে এক দীর্ঘ সংগ্রামেরই
কাহিনী। সামান্য বা সাজানো অভিযোগে তিনি
বাব বাব সশ্য কারাদন্ড ভোগ করেছেন।

'রঙর্ট' লেথকের ফোজি-জীবনের অভিজ্ঞতার উপর ভিত্তি করেই সৃষ্টি। বাংলা ভাষায় প্রথম প্রকাশের পর বইখানি ব্যাপক সংখ্যাতি অর্জন করেছিল।

ठीन ১৯৫৫



新兵

রঙর্ট সাম্প্রতিক ভারতীয় সাহিত্যের একথানি স্রচিত উপন্যাস। ১৯৫০ সালে বাংলা
ভাষায় উপন্যাসটি যখন প্রকাশিত হয়, তখনই
ইহা ভারতের সর্বাপ্র অত্যন্ত সমাদ্ত হয়।
অনতিবিলন্থে হিন্দী ও ইংরাজিতে উপন্যাসটির
অন্বাদ হয়। ১৯৫৩ সালে জনতান্তিক
হাঙগেরী ও চেকোশেলাভাকিয়ায়, হাঙগেরীয়ান
ও চেক ভাষায় ইহা অন্দিত হয়। উভয়
দেশে উপন্যাসটি উচ্চ প্রশংসা লাভ করে।

দিবতীয় বিশ্বযুদেধর সময়, ভারতবর্ষ যথন ব্টীশ সাম্রাজ্যবাদেব উপনিবেশ ছিল, তথন ব্ট⁸শ সাম্রাজ্যবাদীরা যে সব সামরিকবাহিনী

সংগঠিত করে. সেই রকম একটী বাহিনীব সৈন্যদের জীবন-যাত্রা এই উপন্যাসের বিষয়বদত্ব। ভারতীয় সমাজেব সর্বাশ্রেণীব যুবকদের, প্রধানত কৃষক ও ব্লিধজীবিদের ছবি এতে অভিকত হয়েছে। অভিকত হয়েছে, সৈন্যদলে যোগদানের আগে ও পরে তাদেব ধ্যান ধারণাব বিবর্তন, পরিবর্তন।

ভারতীয় জনগণের মৃত্তি সংগ্রামের যুগসন্ধিক্ষণে, লেখকের সাদ্রাভাবাদী সৈনাবাহিনীর জীবনযান্ত্রাকে বিষয়বস্তু হিসাবে নির্বাচন করার এক গভাঁব তাৎপর্য আছে। দিবতীয় বিশ্বযুদ্ধের সময়, ভারতীয় জনগণের স্বাধীকার দাবীর সংগ্রাম এতে প্রতিফলিত হয়েছে। ভারতীয় জনগণের জাতীয় স্বাধীকার অর্জানের দাবী, তাদের যুদ্ধবিবোধী মনোভাব ও ফ্যাসিস্ত-বিরোধী প্রতিবোধ, এই সৈনিকদেব সংগ্রাম, সংঘাতের মধ্য দিয়ে প্রকাশ প্রেছে।

এই বিশ্বযুদ্ধে, ফার্সিবিরোধী জনগণেব শক্তিমতা ও সোবিয়েৎ য়ানিয়নের নেতৃত্বে দ্নিয়াব দেশে দেশে মানুষের সামরিক পরাক্রম হিউলার জার্মানী ও জাপানকে পরাস্ত করে। বিশ্বজনগণেব এই বীরত্ব দক্ষিণ-পূর্বে-এসিয়াব স্বাধীনতা সংগ্রামেও নব প্রেরণা আনে। ব্টীশ সাম্রাজ্যবাদী সৈন্যবাহিনীব ভাবতীয় সৈনিকদের ওপর এই পরিস্থিতিব সাসপত্ট প্রভাব পড়ে। তাবা একদিকে, সৈনিকজীবনের নিরন্ধ গ্লানিম্য জীবন যাপন করেছে, আর একদিকে তাদের চোথ জেগে থেকেছে মন্ফোর্য স্তালিনগ্রাদে, যেখানে সোবিয়েৎ বাহিনীর বিজয় ঘোষিত হয়েছে। সোবিয়েৎ বাহিনীর বিজয় তাদের জীবনে স্থের খবর এনেছে, আগ্রহে আশায় তারা আবার জরলে উঠেছে, স্বাধীনতা সংগ্রামে বিশ্বাস ফিরে প্রয়েছে।

যখন হিটলার বাহিনী মক্ষেতার দেওয়ালে আক্রমণে আছড়ে পড়ছে, তথন উপন্যাসের

কাহিনীর সূরে। মধাবিত্ত ঘরের ছেলে অমল। বি. এ পাশ। অন্য ঔপনিবেশিক দেশের যুবকদের মতই সূদীর্ঘ বেকারী আর দারিদ্রের চাপে, সে নির্পায়ভাবে সামাজ্যবাদী সৈনাদলের রেলওয়ে ইউনিটে যোগ দেয়। শিক্ষানবিশীর সময়ই সামাজবোদী সৈন্যবাহিনীর স্বরূপ তার চোখে পডে। তাদের দেশকে লডাই করে বাঁচাবে এমন সাহস্য জংগী সৈন্য তৈরী করা এই সাম্বাজ্যবাদীদের লক্ষ্য ছিল না। তারা চেয়েছে কতার মত ভীর, হাতিয়ারধারী যদ্ত যাদের ওপর তারা হক্ষ চালাতে পারে। বটীশের নিজের স্বার্থরক্ষার জন্যই ভারতীয় সৈনিকদের হাতে অদ্র দিয়ে জাপানী ফ্যাসিস্তদের সংখ্যে লডাই করতে পাঠানো হয়েছে। অন্যদিকে, সামাজ্যবাদীরা এই সৈনিকদের দিয়েই তাদের স্বদেশবাসীদের ওপর হামলা করি-য়েছে। এমন কি নিরুদ্র জনগণের ওপর গোলাগলো চালাতে বাধ্য করেছে। তারাও চডান্তভাবে সাম্রাজ্যবাদী অধিকতাদের দ্বারা দলিত হয়েছে, মর্মান্তিক হয়েছে তাদের পীড়ন, তব্ এই সব বেচারারাই আবার তাদের দ্বদেশবাসীদের ঘণার পাত্র হয়েছে। অমল ও তার অন্যান্য সহকমী জয়ন্ত প্রভৃতিকে এই ধ্ববিবোধী অবস্থার তীক্ষাতম পর্যায়ে উপনীত হতে হয়েছে। সমগ্র সামাজাবাদী সাম্বিক বিভাগ ও ইংবাজ অফিসার্দের বিরুদ্ধে সংগ্রামে মিলিত হযে তারা নিজেদের শাঙ সম্বদেধ সচেতন হয়েছে। শেষ পর্যন্ত একদিন তাদের রাইফেল তারা ঘ্রারিয়ে ধ্বে শেলাগান দিয়েছে "সামাজাবাদ" ভারত ছাড।" তারা এক আজাদ ভারতীয় সৈনাবাহিনী সংগঠিত কবতে চেয়েছে। মাতভূমি ও জনগণকে রক্ষা করতে, সমুহত রকম আক্রমণ বোধ করতে, তাবা এক প্রকৃত জনবাহিনী গড়ে তোলার প্রয়াস করেছে।

সৈনবাহিনীর জীবন যাত্রাব কাহিনীকে মূলতঃ কেন্দ্র করে, লেথক ভারতীয় সমাজের বিভিন্ন দিক তথা সাঘ্রাজ্যবাদী ঔপনিবেশিক নীতির এক বাহতব চিত্র এ'কেছেন। ভারতীয় জনগণের প্রতি সাম্রাজ্যবাদীদেব অবজ্ঞাম লক মনোভাব, গ্রেভার শোষণে নিপীজিও ভারতীয় কৃষক সম্প্রদায়ের অর্থানৈতিক দ্রবস্থা, সহরের মজ্রুর, মধাবিত্ত— তাদের বছরের পর বছর বেকারী, দ্যুভূগি, নিপীজন, যুম্ধকালীন পরি-ম্পিতিতে বিভিন্ন স্তরের জনজীবন, উপন্যাসে মূখতেঃ লেথক এইগ্রেলিই ফ্টিয়ে তুলেছেন। বর্মা থেকে সাম্রাজ্যবাদী বাহিনীর পশ্চাদপসরণ যুম্ধের চিত্র হিসাবে, লেথক বৈছেছেন। অগণন পলাযণপর সাধারণ মানুষ ও প্র্যুদ্দত পশ্চাদপসরণ বত সৈন্য, জাপানী বোমা ও মেশিনগানের দাপটে, ক্রুধায়, রোগে, যল্ত্রণায় তাদের মূত্যু, লেথক এইসব বাদতব ছবি এ'কেছেন। উপন্যাসে ফুটে আছে সেইসব কাহিনী, কেমন কবে ক্রুধাব জন্মলায় তব্দী দেহ বিকিয়েছে, কেমন করে দানছত্র খোলার নাক্ষে, ফাটকাবাজরা, কালোবাজারীরা, বর্মার পথে পথে, ভাবতমুখো এইসব নির্পায় মানুষের ওপর ডাকাতি করেছে। উপন্যাসে, ফ্যাসিস্ত আক্রমণের বির্দ্ধে লেথকের প্রবল আপত্তি ধর্ননত হুরৈছে। সামগ্রিকভাবে, উপন্যাসটী বাস্তবতায়, তথা রাজনৈতিক তাৎপর্যে, সাম্প্রতিক ভারতীয় সাহিত্যে একটী মূল্য-

ভাষণে, বিশ্বজনগণের কাছেও উপন্যাসটীর যথেন্ট তাৎপর্য আছে। অবশ্য এই উপন্যাসে ছড়িয়ে অবদ্য করেদন ভারতীয় জনজাবন চিত্রণে। এই উপন্যাসে ছড়িয়ে আছে, ভারতীয় য্বশক্তির উছল প্রাণোন্মাদনা, তাদের ন্যায়বোধ, নিপাঁড়িত জনতার সম্বন্ধে তাদের আন্তরিক সহান্ভূতি, জাঙীয় স্বাধানতা সংগ্রামে তাদের ভূমিকা, ফ্যাসিন্ট আক্রমণের বির্দেধ তাদের প্রতিরোধ, জাবনের প্রতি তাদের ভালবাসা, তাদের ভবিষ্যতের স্বন্ধ। এখানে আমরা আরও পাই, ভারতীয় জনগণের স্বাধান, স্থা, দেশগঠনের সংগ্রামের বিবরণ, বিশ্বশান্তির জন্য তাদেব সংগ্রাম।

লেখক বরেন বস্*সম্বন্ধে আমরা খ্র অলপই জানি। তিনি বাংগালী। ১৯৪২ সালে, ফ্যাসিবিরোধী সংগ্রামে অংশ গ্রহণের মানসে তিনি ভারতীয় সৈন্যবাহিনীতে যোগ দেন। কিন্তু তাঁব সে আশা পারণ হয় না। সৈন্যবাহিনীতে তিনি, ভারতীয় সৈন্যদের দ্বপক্ষে, অভ্যাচারী ব্রিশ অফিসারদের বির্দেধ, বারবার লড়াই করেন। ফলে তাঁকে বহুবার শাদিত পেতে হয়, কাবাদিও ভোগ করতে হয়। 'রঙরুট্ট' তাঁর প্রথম রচনা। ব্যক্তিগত অভিজ্ঞতায় অনেক বাদতর উপকরণ তিনি পান, তারই ওপর গড়ে উঠেছে, উপন্যাসের স্সম্মুধ বাদতবতা। ১৯৫৪ সালে পিপলস্ পাবলিশিং হাউস কত্বি প্রকাশিত সত্রত বন্দ্যোপাধ্যায় অন্দিত, উপন্যাসের ইংবাজী সংস্করণ থেকেই চীনা অন্বাদটী কবা হয়েছে। বইব ছবিগ্লিও ইংবাজী অনুবাদ থেকে নেওয়া, চিত্তপ্রসাদের আকা।

তেলেগ, ১৯৫৫





ন্ত্রী করেন বস্ত্র বাংলা উপনাস 'রঙর্ট'-এর এখানি অন্পাদ। এই উপন্যাসে লেখক তাঁর নিজের ব্যক্তিগত অভিজ্ঞতাকে এক সৃষ্ঠা, স্কর রূপ দিয়েছেন।

গত ফ্যাসি-বিবোধী মহায়দেধ বিভিন্ন স্তরের মান্ন্যের প্রতিক্রিয়া, যু-ধমান দেশের মান্যের দুঃখ-দুদ'শা, উপায়ান্তবিবহীন ভারতবাসীর যুদ্ধে যোগদান আর সেদিনের শাসক সাম্বাজ্য-বাদী উন্ধত রিটিশ অফিসারগণের ভারতীয় আর অন্যান্য ঔপনিবেশিক ফৌজের উপর দুর্ব্যবহার আর নিষ্ঠুরতার চিচ্চ লেখক অসা-

ধারণ বাসতবতায় ফ্রটিয়ে তুলেছেন। রঙর্ট-এর তেলেগ্ অন্বাদ করেছেন সনি-পল্লী টাটাকারিয়া। বইখানি সেই বিগত মহায্দেধর দিনের জীবনের এক ব্যাপক ভাষ্য—আধ্নিক বাংলা সাহিত্যে•তার স্থান বহু উধের।

त्रम ১৯६७



সোবিয়েং পাঠকেরা প্রতিভাশালী ভারতীয় লেখক বরেন বস্বর বিশিষ্ট রচনাটীর সঙ্গে এখনও পরিচিত ন'ন।

১৯১৬ সালের ২৫শে জ্লাই কলকাভায় বরেন
বস্র জন্ম হয়। চৌন্দ বছরের কিশোর যথন
তিনি, তথন থেকেই তাঁর দেশের দ্বাধীনতা
সংগ্রামে তিনি যোগ দেন। ১৯৩৭ সালে লেখকের
প্রথম গল্প সংগ্রহ 'বৃহত্তর সম্ভাবনা' প্রকাশিত
হয়, ও বাংলার সাহিত্যজ্বগতে সেথানি সাদরে
গ্হিত হয়।

১৯৪২ সালে যথন জাপ্ সামরিক বাহিনী ভারতের সীমান্তে এসে হানা দেয়, তথন বরেন

বস্ ইংগ-ভারতীয় সেনাবাহিনীতে যোগ দেন—তিনি আশা করেছিলেন যে এতে করে প্রত্যক্ষ ভাবে ফ্যাসিবাদের বিরুদ্ধে লড়াই করার সন্যোগ মিলবে। সেনাবাহিনীর চাকরী লেখকের পক্ষে এক কঠিন-কঠোর পাঠশালা হয়েই দেখা দিল। উপনিবেশিক সেনা-ছাউনিগ্লির কুশ্রী বাস্তবতার সঙ্গে তিনি পরিচিত হলেন— যুদ্ধ তাঁর চোথের সামনে ভয়ংকর হয়ে দেখা দিল।

মহায্দেধর পরে বরেন বস্থ গণজীবনের সংগ্র ওতপ্রোতভাবে জড়িয়ে পড়লেন, শান্তি সংগ্রামে যোগ দিলেন। তার 'রঙর্ট' এই শান্তির ভাবধারারই বিকাশ।

ক্ষ্য আর বেকারীর তাড়নায় ঔপনিবেশিক সেনাদলে যোগদানে বাধ্য ভারতীয় সৈনিকের দ্ভাগ্যময় জীবন-কাহিনী বইখানির উপজীব্য। উপন্যাসের নায়ক অমল এক ক্ষয়িষ্ট জমিদারের সন্তান। সেনাবাহিনীতে ঢ্বেক পন্টনী জীবনের প্রাতাহিকতার সঙ্গে পরিচিত হল—দেখতে পেল তার হীনতা, উচ্ছ্ত্থলতা, উৎকোচ গ্রহনের কুশ্রীতা; আর উচ্চপদন্থ কর্মচারীদের সাধারণ সৈনিকদের প্রতি বিদ্রুপের ভাগও সে প্রল।

এই ঔপনিবেশিক সেনা-ছাউনিগ্নলি শ্রমিকদের হোন্টেল নয়, সেখানে তো মান্ব শত অভাবে বা শোষণেও তাদের আত্মীর্ষাদা হারায় না। এ যেন এক আড়াল, যেখানে মান্ব ম্ক কীতদাসে পরিণত হয়। কিন্তু এই জীবনেও আলোর পথের সন্ভাবনা দেখা দেয়, এই আলোর দতে অমল আর তার বন্ধার। 1রা সাধারণ মান্য, সং মান্য। একই গোলক ধাঁধায় এরা ঘ্রে মরছে—তারা মঁনপ্রণ দিয়ে নিজেদের মাতৃভূমিকে ভালবাসে, আবার যে সেনাবাহিনী মাতৃভূমিকে অধানকরে রাখছে তাতে এসেও যোগ দেয়। অমল, জয়নত আর অনন্তের চরিত্রে বিভিন্ন ভাবধারা আর মতরের মান্যের পরিচয় দিতে গিয়ে বরেন বস্ দেখিয়েছেন যে, সেনাবাহিনীর অনেক মান্য নিজেদের দেশের প্রতি কর্তব্যে উদ্দীণ্ড। অতি নিপ্নতা আর আবেণের সংগ্রহ তিনি পাঠকের স্মান্থে এনে তুলে ধরেছেন সৈনিক দের সত্য অভিজ্ঞতা, তাদের দেশাঅবোধ প্রকাশের কামনা—তাদের সংগ্রাম।

অমল এবং অনানা সৈনিকদের পাঠনো হ'ল আসামের এক সেনা-ছাউনিতে। এইখানে এসে তারা সীমানেতর পরিচয় পেল। ক্ষ্যোর্ত, ক্লান্ত, কম্কালসার মান্যের দেখা মিলল। এই বাদ্তুহারাদের স্থেগ মিশে, তদের স্থেগ কথা বলে তারা জানলো দ্র্শপ্রস্থত নারী আর শিশ্বদের মর্মাণ্ডুদ ইতিহাস। ঔপনিবেশিক ভারতের এমনি দশা যে, তারা যে শ্র্ সাহাযাই পায় না তা নয়, আবার তারা চেটশনে চেটশনে মাড়োয়ারী ও মহাজন দ্বারা শোষিত ও লাগ্ডিত হয়েছে। অভ্যাব পীড়িত মেয়েরা একম্ঠো আয়র জন্য নিজেদের বিক্রী করে দেয়। যাগেষ প্রতি ঘ্লা আব বিত্রুল এই সব কারণ থেকেই জেগে ওঠে—আর সৈনিকদের জীবনেও তা কায়েম হয়ে থাকে।

এই যে বন্দী ছবিনের কালো ছবি, লেখক এর বর্ণনা দিতে গিয়ে বাছত করেননি তাঁর উপন্যাসকে। পঠেকের চোখের সামনে ভেসে ওঠে জাতির দ্বাধীনতাব জনা ভারতের মানুষের সংগ্রাম আর দিবতীয় বিশ্বয়াদেধ ভাবতীয় জবিনের স্পণ্ট ছবি।

বরেন বস্ দেখিয়েছেন ভারত আর সোবিয়েং ইউনিয়নের মানুষের পারচপরিক সহান্ত্তি অর বংশ, দ্ব কতথানি গভার। হিউলারী হানাদারদের বিরুদ্ধে এক নিঃচ্বার্থ মুদ্ধে রত সোবিয়েং জনগণের পক্ষে রয়েছে তাদের মন। চতালিনগ্রাদের কাছে জার্মান সেনাবাহিনীর প্রাজয়, সোবিয়েং জনগণের বিজয়ে, তাদের বিশ্বাস দ্ভ হ'ল যে, চ্বাধীন দেশের চ্বাধীন মানুষই একমাত্ত নিজেদের দেশের ঘাটি-রক্ষাকারী হতে পারে। নর্শরা জিতবেই কারণ ওরা জানে—কি ওরা রক্ষা করছে।

মানবতা, উদারতা, দেশভঙ্কি, ভারতের মানুষের সবচেয়ে মহৎ গণগালি অমল আর তার সহক্মীদির চরিতে রূপ নিয়েছে। ওরা তাই ওদের সেনা-ছাউনির জাহায়ামে বিরুপ শাস্তিগালিকে দমিয়ে দিতে সমর্থ হ'ল। সমস্ত পল্টন উপনিবেশিক সাম্বাজ্ঞাবাদের বিরুপে এগিয়ে এল। জয়ন্তর একটি কথা মনে পড়েন


সৈশ্বাৰ বিদ কথনও দেশেব জন্যে নিজেব জীবন দান কবে তবেই তাদের ভাড়াটে সৈন্যেব লম্জা ও অপমানেব প্রাযশ্চিত হবে।

এইভাবেই শেষ হ'ল ববেন বস্ব উপন্যাস। অন্যভাবে তো শেষ হতে পারে না। জীবনে তো এমনই হয।

'বঙ্বন্ট' উপন্যাসথানি বাংলা সাহিত্যেব একটী নতুন বচনামন্ত নয়, একটী আবিভাবে। এখানে কিছ্ই চিবাচবিত চালে বয়ে চলেনি। অন্য লেখকদেব কাছে এব ঋণও খ্বই সামান্য। উপন্যাসথানি জীবনত, দেশ আব সেনা ছাউনিব নিমাম ছবি আছে এখানে, এব বিষাদ-স্ব মান্যেব মনে গিয়ে বে'ধে, সত্য আব ন্যাযেব মর্মে গিয়ে পে'ছিয়। মানবতা বোধেব খাঁটি বচনা হিসেবে বইথানি মহান আব উল্লেভ ভাষাবা জাগিয়ে তোলে। যে বাস্তব ভাষা ববেন বস্থ নিপ্নভাবে ব্যবহার করেছন, সেই পথে আজকেব ভাবতীয় গদ্যেব নতুন প্রীবৃদ্ধিব সম্ভাবনা বয়েছে। ওবি নায়ক যেমন ভাবতীয় মান্যেব স্বাধীনতাব নামে ঔপনিবেশিক সেনা-ছাউনিব প্রতিক্রীযাশীল শান্তব বিবৃদ্ধে জয়লাভ করেছে, তেমনি ববেন বস্থ এই উৎকৃষ্ট উপন্যাস জয় করেছে পাঠকেব হৃদ্য। বহুপঠিত বইগ্লিব মধ্যে ববেন বস্থ উপন্যাসথানি স্বাধিকাবেই বিশিষ্ট আসন প্রেছে। আব প্থিবীও যে বইথানি সম্বন্ধ এমন আগ্রহাশিবত, সেটাও আবিস্মিক নয়। গত চাববছেবে বইখানি বাংলা থে ব হিশিদ, তেলেগ্র, ইংবেজন, চেক্ হাজ্গেবীয়, চীনা ও জার্মান ভাষায় অন্দীত হয়েছে।

निकालाहे विधनख

कार्यान ১৯৫9



১৯১৬ সালেব ২৫ শে জ্লাই ব্বেন
বস্ব বলক'তায জন্ম হয। চৌদ্দ বছব
বযেস থেকে তিনি মাতৃভূমিব স্বাধীনত'
সংগ্রামে যোগ দেন। ১৯৩৭ সালে
বেবোয তাঁব প্রথম গলেপব বই 'বৃহত্তব
সম্ভাবনা। তাঁব দেশেব পাঠকেবা বইখানিকে সাদ্বে গ্রহণ করেন।

জাপানীবা যথন ভাবত সীমান্তে এসে হাজিব হয—ফ্যাসিবাদেব বিবৃদ্ধে লডাই কববাব জনা, তিনি ১৯৪২ সালে ইগ্য-ভাকতীয় সেনাবাহিনীতে যোগ দান করেন। সে এক কঠিন-কঠোর অভিজ্ঞতা—তিনি সেখানে ওপনিবেশিক সে। ছাউনির কুশ্রীতা আর যুদ্ধের ভয়াবহতা সম্বন্ধে পরিচিত হন।

এই অভিজ্ঞতা থেকেই 'রঙর্ট'-এর জন্ম। এতে আত্মজীবনীর যথেশ্টই উপাদান আছে, কিন্তু অতিরঞ্জন বা ছক-মাফিক র্পের আভাস নেই। এ এক জীবনত উপন্যাস। এর থমথমে আবহাওয়া মানবতা, সত্য আর ন্যায়ের প্রতি বিশ্বাসে দীশত। ভারতীয় মানবতাবোধের এক উল্জব্দ দৃন্টান্ত এই বইখানি, আর ভারতীয় গদ্যসাহিত্যেও তার বিশিষ্ট স্থান আছে।

গত চার বছরে রঙর,ট-এর ইংরেজী, হিন্দি, তেলেগন্ন, চেক, হাণ্গেরীয়, চীনা আর রুশ সংস্করণ প্রকাশিত হয়েছে।

বইখানির বন্ধব্য পাঠককে সংগ্য সংগ্রহ আকৃষ্ট করে। দিবতীয় বিশ্বযুংশ্বর ভারত তার চোথের স্মৃত্র্য ভেসে, 'হাজারো আদ্চর্যের দেশ'এর রোমান্টিক কাঠামোটার আর কিছ্ই অবশিষ্ট রাখে না। ইংরেজ উপনিবেশিকদের চাব্কের তলায় কোটি-কোটি মান্বের দ্বংখ-দ্দশা এখানে মৃত্ হয়ে ওঠে। রিটিশ আর জাপ সাম্রাজ্যবাদের ভরাবহতা প্রকটিত হয়। বৃতৃক্ষা আর দৃদশায় জন্ম নেয় ক্ষায়িষ্ট্র সমাজ-ব্যবন্ধার প্রতি ঘ্ণা। কি করে এক বিদ্রোহের অন্ধ আবেগ থেকে ইংরেজ শাসনের বির্দ্ধে মাতৃভূমির মৃত্তিক কামানায় মান্ধ সচেতন হয়ে ওঠে তার ক্রমবিকাশের ধারা অপূর্ব শক্তির সংগ্র বরেন বস্ বর্ণনা করেছেন। ভারতীয় ভাড়াটে সেনাবাহিনী হয়েছে তাঁর উপজীব্য। যুবকেরা কাজ আর ভাতের অভাবে বাধ্য হয়ে হয়েছে রঙর্ট। এই দৃবংখ-দৃদশার হাপর থেকেই জন্ম নিয়েছে তাদের এই দশা বদলে দেবার কামনা। উপসংহারে যখন ইংরেজ মেজর নেলসনের বৃকের উপরে সংগানী উনিয়ে ধরেছে সংগ্রামীরা, বজ্রগর্জনে হে'কে উঠেছে 'হল্ট', তথনই মনে হয় —দ্নিয়ার যত উৎপীড়িত মান্বের মৃত্তির দিন আগত।

মদেকা হো গয়া! হিটলার মদেকা লে লিয়া—

চলনত বাসের মধ্যে যাগ্রীরা হে'কে ওঠে, এই টেলিগ্রাফওলা ইধর্! গাড়ী থামল বৌবাজারের মোড়ে। হকারের দল বাসখানাকে ছে'কে ধরেছে। কন্ডাক্টর ইতিমধ্যে টাইম নোট করিয়ে ঘন্টি মেরে দেয়। হকারের দল আর একটা ঐ,মের পেছনে ধাওয়া করে! জনকয়েক লাফ মেরে চিংকার করে ওঠে, মন্ফো খতম্! হিট্লার ইন্ডিয়া আ রহা—

বাসের মধ্যে জনদুই কাগতে কিনেছে। ঠুলি-লাগান আলোর তলার বসে কাগজ পড়ার যথেণ্ট অস্থিবিধে! তা বললে কি হবে, আশ-পাশ থেকে আরও কয়েকজন কাগজটার ওপর হুমড়ি থেয়ে পড়েছে। হেড-লাইনটা দেখে নিয়ে এক ভদ্রলোক মৢর্ব্বীয়ানা চালে বলে উঠলেন, আরে মশাই চাষাভূষোর জারিজ্বির আর কতদিন! লড়তে গেছে কিনা জার্মানির সঙ্গে! মন্কো খতম মানেতো ইন্ডিয়ায় আসার পথ পরিজ্কার!

এলেইতো বাঁচি দাদা, এই কল্বর ঘানি যে আর টানতে পারি না! আস্বক একবার হিটলার তথন শালাদের কে বাঁচায় তাই দেখব!

ঠিক বলেছেন দাদা, বেটাদের মুরোদতে। কত! নিজেদের দেশই সামলাতে পারে না অাবার ইণ্ডিয়াকে সামলাবে! স্লিট-ট্রেণ্ড কেটে আর র্য়াক আউট করে বসে থাকলে যেন কেউ দেখতে পাবে না! শ্বনতে পাই লণ্ডনতা গড়ের মাঠ হয়ে গেছে!

আরেঃ তাও বর্ঝি জানেন না! আমাদের বড়সাহেব পার্সেজ বর্ক্ করেছিল প্রায় মার্সাতনেক আশে। আজ আমি গিয়ে টাকা ফেরং নিয়ে এলুম। বাছাধনদের আর 'হোমে' ফিরতে হচ্ছে না!

বাসের কোণে যে জায়গাটায় সবচেয়ে অন্ধকার সেখান থেকে প্রবীণ এক ভদ্রলোক জিজ্জেস করলেন, হ্যাঁ মশাই মস্কৌ কি সত্যিই ফল্ করল নাকি :

একজন টিটকারি দিয়ে ওঠেন, তাতে আপনার কি পাকা ধানে মইটা যাচ্ছে শ্বনি ?

প্রবীণ ভদ্রলোক বললেন, তা একট্র যাচ্ছে বৈকি! রাশিয়া হেরে

গেলে আর হিটলার ভারতে এলেই যদি স্বাধীন হয়ে যেতুম তাহতে মে টেই আপত্তি ছিল না। কিন্তু ভূলে গেলে চলবে কেন হিটলার ব্টাশেরই মাসতৃতো ভাই, আমাদের কেউই নয়!

বিজয় উল্লাসে কেমন যেন ভাঁটা পড়ে যায়। জনকয়েক বিরক্তিভরা দ্থিতৈ প্রবীণ ভদ্রলোকের দিকে বারেক চেয়ে অন্যদিকে মুখ ঘ্রিয়ে নেয়!

ওয়েলিংটনের মোড়। অমলের নামবার সময় হয়েছে। নামবার আগে আরও একবার সেই প্রবীণ ভদ্রলোকের ধীর গদভীর ম্বখানার দিকে চেয়ে দেখে। বাস থেকে নেমে পড়ে প্রস্থাবখানার দিকে যেতে গিয়ে সে থমকে দাঁড়িয়ে পড়ে। বিরাট দ্বই লাইন দিয়ে লোক দাঁড়িয়ে গেছে! য্দেরে দোলতে এ এক নতুন ৮৬ হয়েছে! সব কিছ্বর জনাই লাইন লাগাতে হয়! কিন্তু যতক্ষণে তার পালা আসবে ততক্ষণ অপেক্ষা করার মত অবস্থা তার নয়! অমল ভাবল, মাঠের মাঝখানে কাজটা সেরে নিলে কেমন হয়! রাকে-আউটের দোলতে কেউতো আর তাকে ওই দ্বুষ্কর্ম করতে দেখতে পাচ্ছে না।

পার্কের কোণে বক্সিং-স্ট্যাডিয়াম। ঢাকনি-ঢাকা আলোর তলায় দন্ধন তথন বক্সিং লড়ছে। অমল দাঁড়িয়ে পড়ল, বক্সিং দেখতে তার বেশ লাগে। এককালে তার শেখবার ঝোঁকও হয়েছিল! কিন্তু কি এমন প্রমার্থ লাভ হত! চাকরির বাজারে বক্সিংতো আর এডিশন্যাল কোয়ালিফিকেশন নয়!

আবার অমল হাঁটতে সর্ব করল। পশ্চিম-গেট দিয়ে চুকে থানিকটা এগিয়ে যেতেই তার মনে পড়ল, কাজটা এবার সেরে নিতে হবে। র্যাক-আউটের রাত, ঠুলি-লাগান আলোর তলায় সমসত মাঠটা কেমন যেন ধাঁধাল হয়ে উঠেছে। অমল এদিকগুদিক দেখে নিয়ে নিশ্চিন্ত মনে বসে পড়ে। কাজ সেরে উঠতে গিয়ে শ্বনতে পেল চুড়ির ঠুনিঠ্ন শব্দ! কান খাড়া করে চোথ কুণ্চকে সে মাঠময় খ্রুজতে লাগল। কিছু দ্বে যেন দ্বটো মান্য খ্ব কাছাকাছি বসে! কি তারা হতে পারে? স্বামী-স্বা! তাই যদি হবে তাহলে মাঠের মাঝে প্রেম করতে আসবে কেন! দ্বজনে রীতিমত জড়াজড়ি করে রয়েছে! আরও কিছুক্ষণ ওদের কার্য-

কলাপ জেখেতে ইচ্ছে করে কিন্তু হ্যাঙলার মত দাঁড়িয়ে থাকতেও সঞ্চোজাগে। ভাবল, বসেই পড়া যাক্। বিয়েবাড়ীর নেমন্তন্ন, এক-আধঘণ্টা দেরী হলেই বা কি! এতো আর চাকরির ইন্টারভিউ নয়!

আরও একট্র এগিরে গিরে অমল বসতে যাচ্ছিল। হঠাং মেয়েটী উঠে পড়ে হনহন করে গেটের দিকে চলতে থাকে আর তার পেছন পেছন স্মুটপরা একটী লোক লম্বা লম্বা পা ফেলে নাগাল ধরবার চেন্টা করে। অমল অন্তণত হয়ে ওঠে, সে-ই কি কোন ব্যাঘাত ঘটাল!

তার আর বসা হল না। আনমনা ভাবে চলতে চলতে হঠাৎ অমলের মনে হল, বিয়েতো তারও হতে পারত! সমীরণের যথন বিয়ে হচ্ছে তথন তারই বা হতে পারে না কেন? হাসিতে তার ঠোঁটের কোণটা কু'চকে ওঠে, বেকার ছেলের আবার বিয়ে!

বিয়েবাড়ীর কানাতের তলায় এক কুঞ্জবন, তার মধ্যে মথমল-মোড়া সিংহাসন! কুঞ্জবনের মধ্যে গাছপালা, লতাপাতা, ফলফ,ল, নদীপাহাড়, চাঁদতারা কিছুই বাদ পড়েনি! অমল ভাবছিল, সমীরণ যথন ওই সিংহাসনের ওপর বসেছিল তখন নিশ্চয়ই তাকে একটা রাজা-গজা ধরণের দেখাচ্ছিল!

কুঞ্জবনের সামনে নিমন্তিতদের আসর। আলো যাতে বাইরে খেতে না পারে তার জন্য সভাস্থল ডবল-তেরপলে মোড়া। বন্বন্ করে অনেক-গুলো পাথা ঘ্রছে! তব্ও একটা ভেপসা গরম দম বন্ধ করে আনে। নানান রকমের নিমন্তিত লোক, তাদের খাতিরের বছর দেখে বোঝা যায় কে কি দরের! ওরই মধ্যে কতকগুলো দল হয়ে গেছে আর সেখানে চলেছে তুমুল তর্ক।

কান পেতে অমল শ্নল, মদেকা মশ'ই কবে খতম হয়ে গেছে! খবর কি আর এখানে দেয় কিছ্ব! সঠিক খবর দিলে যে এখানে বিদ্রোহ স্বর্ হয়ে যাবে!

অমলের হঠাৎ মনে পড়ে যায় বাসের সেই প্রবীণ ভদ্রলোকের কথা। ওথান থেকে সরে গিয়ে সে অর এক পাশে বসল। সেখানে চলেছে জনচারেকের মধ্যে চাপা-গলায় আলোচনা। একজন বলছে, এই বেলা ধরে ফেলনে মনীই রেড! ধতো ধরতে পারবেন তত লাভ! অমল উঠে দাঁড়িয়ে বলল, দেখা যাক কতদরে কি করতে ৺ারি। এখন চলি তাহলে—রাততো অনেক হল।

নববধরে কাছে বিদায় নিতে গিয়ে দেখে, সে তারই মুখের দিকে চেয়ে আছে!

কেন যেন অমল একট্ব জোরেই হে°টে চলেছে! দেকায়ারের মধ্যে এসেই থমকে দাঁড়িয়ে পড়ল! সমস্ত মাঠটার ওপর বারেক চোখ ব্বলিয়ে নিয়ে আবার মন্থর গতিতে হাঁটতে থাকে। কাজলটানা নববধ্র চোখদ্টো যেন তার চোথের সামনে ভেসে বেড়াচ্ছে! আচ্ছা, অমন কবে তার মাথের পানে চেয়ে ছিল কেন!

কিন্তু সমীরণই বা তাকে মিলিটারীতে ঢোকার কথা বলল কেন! সে যা বলতে চায়. তার অর্থতো এই যুদেধর মধ্যে জড়িযে পড়া ছাড়া আর কোন উপায় নেই! কিন্তু কেন? কেন উপায় নেই! এই যুদেধর সঙ্গে তার সম্পর্ক কোথায়! হচ্ছে ব্টীশের সঙ্গে জার্মানি আর জাপানের যুদ্ধ, তার মধ্যে পরাধীন ভারতবাসীর কি স্বার্থ থাকতে পারে!

কিন্তু সমীরণইতো বলল, তারাও মিলিটারী-কন্ট্রাক্ট ধরতে স্ক্র্ করেছে। সমীরণের শ্বশ্র যুদ্ধের দৌলতে ব্যাক-মার্কেটে এত প্রসা করেছে যে টাকার ওপর তাঁর কোন দ্খ-দরদ নেই! সমীবণের বাবাতো এমন একজন লোকের সঙ্গে সম্পর্ক পাতাতে কুণ্ঠিত হননি! কিন্তু এই মিলিটারী-কন্ট্রাক্ট নেওয়া, ব্ল্যাক-মার্কেটওয়ালার সঙ্গে সম্পর্ক পাতান, এ তো ব্টেশিকেই সাহাষ্য করা!

ওরেলিংটনের মোড় একেবারে ফাঁকা। ট্রাম এনেকক্ষণ বন্ধ হয়ে গেছে, বাস অনেকক্ষণ পরে পরে ষাচ্ছে। র্য়াক-আউটের ঠ্রালর তলায় নির্জন নিথর রাস্তাটা ভূতুড়ে হয়ে উঠেছে! বাড়ীব দেয়ালগ্রলায় বড় বড় পোন্টারগ্রলা কেমন যেন চোখ-মিটকি মারছে। সন্দিশ দ্ভিতে অমল চেয়ে থাকে 'ভারতীয় সৈনিকদলে যোগ দিন' পোস্টারটার দিকে। এ পোস্টার সে অনেকদিন দেখেছে, কিন্তু আজ যেন সে নতুন চোঝে দেখছে! ওই মান্ষটীকে যেন তার খ্ব চেনা বলে মনে হচ্ছে আর শ্বনতে পাচ্ছে সমীরণের ফিসফিস শব্দ, লাখে লাখে তেলর মত লেখা-পড়া-জানা ছেলে মিলিটারীতে ভর্তি হয়েছে! এদের থেকে আলাদা

আর 💖 কি করবি ?

একা দাঁড়িয়ে থাকতে কেমন যেন ভয়ভয় করে। অমল হে'টে চলেছে এস্'প্লানেডের দিকে। ক্বচিং একটা ট্যাক্সি একদল বেসামাল এ্যাংলোইন্ডিয়ান মেয়েপ্রের্ষ নিয়ে ঝনঝানিয়ে চলে ষাচ্ছে! রিক্সায়-বসা মাতাল ষাত্রীটীর মাথা পেছনে কাং হয়ে পড়েছে! গাঁলর মোড়ে মোড়ে অন্ধকার যেন ওং পেতে রয়েছে! এ-আর-পি শেল্টারের নির্দেশগন্লা যেন পথ রুথে দাঁড়িয়ে আছে! ব্যাফল-ওয়ালের আড়ালে আড়ালে কারা যেন থাবা মেলে রয়েছে! স্যাল্ভেশন-আমি-হেডকোয়ার্টারের সি'ড়িতে কে যেন একটী মেয়েকে সশক্ষে চুন্বন করছে!

ফ্রী প্রুল প্রাটির মোড় বরাবর আসতেই একটা লোক সন্তর্পণে অমলের পাশে এসে চাপা গলায় বলে, ইয়ং গার্ল বাব,! এ্যাংলো-ইণ্ডিয়ান!

অমলের মনে হয়, ওই লোকটাই যেন দ্প্রেবেলায় হোয়াইটওয়ে-লেডল'র সামনে প্যারিস-পিকচার বিক্রী করে!

অমলদের সংসার ছোট কিন্তু তার আয়ের পরিধি আরও ছোট! কাজেই অভাব আর অনাটনের সংগ্য প্রতিপদে টানা-হে চড়া করে চলতে হয়। অমলের বাবা ননীগোপালবাব্ গরীব হয়ে পড়লেও দারিদ্রাকে স্বীকার করে নের্নান! তিনি বংশান্কামক জমিদার, জমিদারী তিনি অনেকদিন করেছেন! জমিদারী মেজাজ আজও তাঁর ছে ড়া-ধ্তি আর তালিমারা জামার ফাঁকে ফাঁকে উ কিঝ্লিক মারে! বংশগোরব আর ঐতিহাই হয়ে দাঁড়িয়েছে একমাত্র সান্থনা।

জিমদারীর পালা শেষ হয়ে এসেছে. কেবল বে°চে আছে তার ঠাটট্বুকু। আয়ের এক কপদক্তিও হাতে আসেনা কিন্তু মাঝে মাঝে মামলা মোকন্দমার থরচ ঠিকই জোগান দিতে হয়। ছেলেরা চোথে দেখে জোড়াতালি দিয়ে আভিজাত্য বজায় রাখার ব্যর্থ চেন্টা আর কানে শোনে জমিদার জীবনের দোদক্তি প্রতাপশালী দিনগুলির লোভনীয় কাহিনী।

ননীগোপালবাব্র তিনছেলে, দ্ইমেয়ে—স্ত্রী গত হয়েছেন, মা বর্তমান। বড়ছেলে বিমল ম্যাণ্ডিকের বেড়া টপকাতে পারেনি—সদাগরী অফিসের সরকার, মাহিনা বিশটাকা। মেজছেলে অমল ক্রিশ্রমান; তাই আই-এ পাশ করার পর তাকে চাকরি নিতে দেননি! তাঁব ভাঙা সংসারকে গড়ে তোলার আশায় বাজি ধরে বসেন তার ওপর। যশ ও অর্থ দ্বইয়েরই দাদন দেন অমলের মারফং! অমল যদি বি-এ পাশ করতে পারে তাহলে বংশের মুখ উজ্জ্বল হবে। আর বেশী পাশ করাব জন্য চাকরিতে মাইনের অংকটাও হবে মোটা! আর ছোটছেলে কমলকে সোজাস্ক্রিজ কেরাণীগিরি শিক্ষার জন্য কমার্স পড়াতে সূর্ব করেন।

বিমলের রোজগারে সংসার চলে না, তাই ননীগোপালবাব্যকে সঙ্গোপনে বড়লোক আত্মীয়দের কাছে হাত পাততে হয়। ভরসা এখন অমল। অন্তত একশটা টাকা সে যদি ঘরে আনতে পারে তাহলেই কিন্তিমাং! হাত পাতার দায় থেকে তিনি নিন্কৃতি পাবেন। তাবপব কমলের আয় যখন ঘরে উঠবে তখনতো হৃতগোবব প্রুমর্ম্ধারের দিকে মন দিতে পারবেন।

কিন্তু বাদ সাধল পোড়া যুন্ধ। বোমাতকে কলকাতা সহর উজাড হয়ে গেল! ফকির থেকে আমার পর্যন্ত লোটাকন্বল সম্বল করে হল সহরত্যাগী। ননীগোপালবাব্র সংসার অচল হযে পড়ছে। বডলোক আত্মীয়দের অনেকেই দেশত্যাগী হয়েছেন, কাজেই তাঁদেব অংশটাতো বাদ পড়ছেই, তার ওপর আবাব দিনের পব দিন জিনিসেব দাম চড়ছে। সংসার চালান শর্ম্ব দ্বেকর নয়, এক কথায় অসম্ভব হয়ে উঠছে। বি-এ পাশ করার পর তিনটী মাস কেটে গেছে, চাকবিতো দ্বের কথা অমল মাসে বিশ-প্রশিষ্টাকার বেশী সংসাবে দিতে পার্বেন। তদ্বর্পার ইভ্যাকুয়েশনেব ধান্ধায় তার দ্বটী ছাত সহব ছেডে চলে গেছে। তমলেব আয় একেবাবে বন্ধ।

সেদিন অমল সকাল সকাল খেতে বসেছে, কোথায় নাকি বন্ধদের সংগ বেড়াতে যাবে। ভাতের থালা এগিয়ে দিয়ে ঠাকুমা বললেন, হারীয় অমি, চাকরি-বাকরি কি তুই কববিনা নাকি? তিন-তিনটে পাশ করেছিস, তুইতো আর নির্বোধ ন'স!

অমল বলল, তিনটে পাশ কি বলছ ঠাকমা, কত ডজনখানেক পাশ-ওয়ালারাই ফ্যা-ফ্যা করে বেড়াচ্ছে! চাকরির দরকার থাকলেই তো আর চাক বিশাওয়া যায় না! চেন্টা করছি, যেদিন জ্বটবে সেদিন থেকেই করব।
ননীগোপালবাব্ব আড়াল থেকে ওদের কথাবার্তা শ্রনছিলেন।
অমলের উত্তর শ্রনে ঝড়ের বেগে একেবারে সামনে এসে বললেন, গায়ে
ফ্র' দিয়ে বেড়ালে কি আর চাকরি পাওয়া যায়! আছতো মজায়, দিবি
দ্বেলা পায়ের ওপর পা দিয়ে বসে অয় ধরংসাচ্ছ, লজ্জা করে না? আর
আমি কিনা লোকের দারে দারে ভিক্ষে করে বেড়াচ্ছি! এসব নবাবি
আর বেশী দিন চলবে না! এবার থেকে ভাতের বদলে ছাই বেড়ে
দেওয়া হবে—হনহন করে ঘরের মধ্যে গিয়ে তিনি গ্রম হয়ে বসে থাকেন।

কিছ্মদিন যাবৎ অমল দেখছে, তার সংগ্য ঠাকুমা কেমন যেন খোঁচা দিয়ে কথা বলছেন, কথায় কথায় চাকরির কথা তুলছেন আর তার উদা-সীনতার প্রতি কটাক্ষ করছেন! মিনি আর রিণি মাঝে মাঝে কি যেন বলতে গিয়েও ঢোঁক গিলে নিয়েছে। তাহলে আজকের ব্যাপারটা একটা বিচ্ছিন্ন ঘটনা নয়!

ভাতের থালা থেকে অমল হাত গ্রাটিয়ে নিল। চোখদ্টো তার জ্বালা করছে, ঠোঁটটা সে কামড়ে ধরেছে। হাতের গ্রাস থালার ওপর রেখে উঠে পড়ছিল, ঠাকুমা তার হাতটা চেপে ধরলেন, আমার মাথা খা অমি, বাড়া-ভাত ফেলে উঠে যাসনি, মা-নক্ষ্মি বির প হবেন!

মাথা গ;ঁজে অমল বাকী ভাতগ;লো শেষ করে ফেলল। জামাজ;তো পরে যখন সে বেরচ্ছে, মিনি দৌড়ে এসে তার হাতে স্পারি দিয়ে বলল, রাগ করনা মেজদা, বাবার শরীর আজকাল মোটেই ভাল নেই, তার ওপর সংসারের এই টানাটানি!

অমল কোন জবাব না দিয়ে স্পারিটা ম্থের মধ্যে ফেলে দিল। বারেক মিনির দিকে তাকিয়ে তার মনটা গজে উঠল, কেন, চাকরির চেন্টা কি সে করেনি, না করছে না! স্টেটস্ম্যানের ওয়ান্টেড-কলমে যত রক্ম চাকরির খবর থাকে তার কোনটাইতো সে এই তিনমাসে ঢ্ব-মেরে দেখতে কস্র করেনি। তব্ওতো সে চাকরি পার্যান! তার যে খ্বিটির জোর নেই! বড়লোক আত্মীয়েরা দশবিশ টাকা দিয়ে সাহায্য করতে পারেন কিন্তু তার হয়ে স্পারিশ করতে তাঁদের সম্মানে বাধে!

বাড়ীর চৌকাঠ পার হয়েই অমলের মনে হল, বাড়ীতে ফেরা আর

তার কোন মতেই চলতে পারে না! চাকরির একটা ব্যবস্থা দা করে এই কথার পর সে বাড়ীতে ফিরবে কোন মৃথে! কিন্তু এ কি জ্বলুম! তার নিজেরই নেই কোন ঠিক-ঠিকানা অথচ তারই ওপর এতবড় দায়ীত্ব! সে রোজগার করতে না পারলে এতগ্লো লোক না থেতে পেয়ে মরে বাবে!

রোদের তাপ বাড়ছে, রাস্তার পিচ গরম হয়ে উঠছে. হনহন করে অমল হে'টে চলেছে! গলগল করে তার শরীর দিয়ে ঘাম ঝরছে। সেজা গিয়ে উঠল সমীরণের বাড়ী। সমীরণ বেরিয়ে আসতেই প্রশন করল, হ্যাঁরে, সেই যে মিলিটারী চাকরির কথা বলেছিল তার জন্য কোথায় যেতে হবে, কাকে পাক্ডাও করতে হবে?

সমীরণ বলল, আরে চল, বর্সাব চল ঘরের মধ্যে। ভর্তি হওয়ার কথায়ই যে তোর মেজাজ মিলিটারী-মার্কা হয়ে গেছে!

অমল আর সমীরণ ঘরের মধ্যে গিয়ে বসল। সমীরণ পাথাটা চালিয়ে দিয়ে বলল, মিলিটারীতে ভর্তি হওয়া কি ঠিক করে ফেললি নাকি?

পাথার হাওয়া অমলকে যেন আরও ক্ষিপ্ত করে তুলছে। তার মনে হয়, এও যেন তার প্রতি বিদ্রুপ! ঠাকুমার ওই স্নেহের মতন! কিছ্কুণ সে গ্রুম হয়ে বসে থাকে। সমীরণ আবার বলে, তাহলে ঠিক করে ফেলেছিস্?

অমল ফেটে পড়ল, ঠিক আবার করব কি! আমকে ঘাড় ধরে টেনে নিয়ে চলেছে! কি আমি করব বল? যুদ্ধের মৌকায় তোমরা গভর্ণমেন্ট-কনট্রাক্ট ধরছ, ব্ল্যাক-মার্কেট করছ, তোমাদের দিনকালতো ভালই পড়েছে! কিন্তু আমরা?

ঠিকানা জেনে অমল যখন বেরিয়ে এল তখন মনটা তার গেছে দমে।
এতক্ষণ সে জানত, সাধারণ চাকরির মত তাকে তদ্বির করতে হবে,
উমেদার পাকড়াতে হবে, অনেক কাঠখড় পোড়াতে হবে! আর শেষ
পর্যানত যথারীতি চাকরি হবে না! সে-ও এই মারাত্মক স্থলন থেকে
বে'চে যাবে। কিন্তু মিলিটারী-চাকরির জন্য এর কিছ্ন্ই করতে হবে
না! গিয়ে দাঁড়ালেই চাকরি।

তক্ও অমল রাস্তায় রাস্তায় খানিকটা ঘোরাঘ্রির করে, করেকটা জারগায় শেববারের মত ঢাঁ মেরে দেখে। কিন্তু অবস্থার পরিবর্তন কোথাও হর্যান। 'নো ভেকান্সি'র বোর্ডগালো সেই একই উন্ধত দক্ষে দরজার দরজায় ঝুলছে, আর অফিসগালোর দেয়ালো-দেয়ালো সেই একটীমাত্র পোস্টার, ভারতীয় সৈনিকদলে যোগ দিন।

অবশেষে অমল ফিরে এল বেকার-বিশ্রামাগার কার্জন পার্কে। পড়ন্ত রোদকে আড়াল করে একটা গাছতলায় বসে পড়ল। তার মত আরও অনেকে এধারে-ওধারে ছড়িয়ে রয়েছে। বেকার ছেলেব দ্বপুর বেলায় বাড়ীতে থাকার অধিকার নেই! বাপ-মা সন্দেহ কববে 'পায়ের-ওপর-পা দিয়ে অল্ল ধ্বংসানর মতলব।'

আশপাশে দেখে নিয়ে অমল শ্বযে পডল। এতক্ষণে তার সমস্ত উত্তেজনা উবে গেছে। আর কিছ্ব তার করবার নেই, এইবার তাকে বাড়ী ফিরতে হবে। কিন্তু বাড়ী ফেরাব কথা মনে হতেই আতঙ্কে তার সমস্ত শরীরটা আড্ন্ট হয়ে ওঠে।

অমলের কাছ থেকে হাতচাবেক দ্রে দুটৌ ছেলে অনেকক্ষণ ধরে গল্প কর্বছিল। হঠাৎ তাদের মধ্যে একজন মাটি চাপড়ে বলে উঠল. আলবৎ আমি মিলিটারীতে ভতি হব!

অপর ছেলেটী বলল, কিন্তু দেশেব এই অবস্থায় মিলিটারীতে ভার্ত হওয়া মানে দেশের প্রতি বিশ্বাসঘাতকতা করা।

কিন্তু তোমবা কি করছ শ্নি? একক সত্যাগ্রহ! বিশ্বাস-ঘাতকতা যদি বল সে কাজ স্বর্ করেছ তোমরাই সবার আগে। আমাদের মত গরীবদের নিয়ে ছিনিমিনি খেলছ আব ভাইসরয়ের দরজায় ধর্ণা দিচ্ছ! খ্ব স্বাধীনতার লড়াই করছ। কেন, ডাক দাও বিশ্লবের, খতম কর ব্টীশের রাজত্ব, আমরাই রুখব জাপানিদের!

না না মাথা গরম করার সময় এটা নয়! হিংসাত্মক কোন পথ আমরা নিতে পারি না।

তা নেবে কেন! তাহলে যে জারিজনুরি সব ফাঁস হয়ে যাবে! দেখ দেশ-দেশ বলে খানিকটা ফাঁকা-বালি কপ্চিয়ো না। আমরাই যদি বাঁচতে না পারলাম ভবে দেশ তোমার স্বাধীন হবে কার জন্য শানি? এই আমার মত কত লক্ষ লক্ষ এরই মধ্যে মিলিটারীতে চুকে পড়েছে, তা জান ?

তারা ভুল করেছে!

এই মান্ষগ্লো তিলে তিলে মরলেই ব্ঝি তোমার দেশ স্বাধীন হয়ে যাবে? দেশকে যদি স্বাধীন করতে হয় তাহলে ওই ভিথাবীপণা ছেড়ে দিয়ে রীতিমত লড়াই করতে হবে! সেই লড়াইয়ে যদি তোমরা কোনদিন নাম, তাহলে দেখবে তোমাদের করও চেয়ে আমরা কম দেশভন্ত নই!

অমল ক্ষণেকের জন্য সেই ছেলেটীর মুখের দিকে চেয়ে থাকে। তার মনে হয়, এবার সে অনায়াসে বাড়ী ফিরতে পারে।

অমল ভেবেছিল ক্লাইভ স্ট্রীটে যারা ফ্যা-ফ্যা করে ঘ্রের বেড়ায় তারা সকলেই ব্রিঝ রিক্রটিং-অফিসের সামনে এসে ভীড় জমাবে। কিন্তু আশান্রপ্র ভীড় না দেখে কেমন যেন একট্র ছাবড়ে যায়!

একটী চৌকস-গোছের-ছেলে তখন আর একজনকে বোঝাছে, অভাবটা কি! মে রোডে রয়েছে সাংলাই, অর্ডনান্স! থিয়েটার রোডে হর্সপিট্যাল, পাইওনিয়ার! কিন্তু ওগ্লোতে কি ছাই কোন প্রস্পেক্ট আছে! এ তব্ও রেলের কাজ, একটা টেকনিক্যাল লাইন, শিক্ষিতদের তব্ব এখানে কিছুটো পোষায়!

অপর ছেলেটী বলল, তাই ব্রিঝ ভাদবলোকের ভীড়টাই এথানে বেশী!

সেতো হবেই, পেটে বিদ্যে থাকলে কি আর মাটি-কাটার জন্য সোলজার হতে যায়! তাদের জন্যতো রিক্র:টিং-সেন্টার পথেঘাটে খুলে বসে আছে।

অমল এতক্ষণে ব্যাপারটা আন্দাজ করতে পাবে। তা হলে এইটাই একমাত্র রিজ্বটিং-সেন্টার নয়। আরও অনেক আছে বেড়াজালের মত! এতক্ষণে যেন তার ভীড়টাকে লক্ষ্য করে দেখার মেজাজ ফিরে এল। সে হিসেবে লোক এমনই বা কম কি! অন্তত যাট-সন্তরপ্রনতো বটেই। হরেক রকমের লোক! ছোট ছোট কুণ্ডাল পাকিয়ে গম্পগ্রুজব করছে। সবকটা মিলে একটা ভীড় জমে উঠেছে!

সবচেয়ে চটপটে আর বচনবাগীশ যে দলটা তাদের অধিকাংশই স্ট্পরা। প্যান্ট আর সার্ট পরলে নাকি ভীষণ স্মার্ট দেখায়! স্তরাং যেমন-তেমন একটা প্যান্ট পরে তার তলায় সার্ট গর্লে দিয়ে তারা লম্বা লম্বা পা ফেলে চলাফেরা করছে! সিগারেট অলপবিস্তর সকলেরই ঠোঁটে লেগে রয়েছে। কথায় কথায় 'শালা' 'মাইরী' সহজভাবেই বলছে। বিদ্যের দৌড় ফোর্থ-থার্ড ক্লাসের এলেকায়, কিন্তু এরা বলে থাকে ননম্যান্ত্রিক! কারখানায় মজ্বর বা অফিসের পিওন-অর্ডারিল হওয়ার অবশ্যমভাবী পরিণতিকে আরও একপ্রেষের মত ম্লেতুবী রাখার উদ্দেশ্যে এ'দের এখানে আগমন!

বার একটা দল, তাদের মধ্যে বনেদী গন্ধ যেন এখনো কিছুটা রয়েছে! স্ট বা জামাকাপড় যা পরে এসেছে সেগ্রলা তাদের নিজেদেবই। জ্বতার নমনুনা অক্সফোর্ড-স্থিকে বিদ্যাসাগর-চটি পর্যক্ত। এদের অনেকেরই পিতা এখনও মাসে শ'-দ্বটাকা রোজগার করে থাকেন। উকিল, ডাক্তার, ব্যারিস্টার, পেটি-অফিসার, ছোট-খাট ব্যবসাদারের সন্তান এরা। ম্যাণ্ডিক, ইন্টারমিডিয়েট এমন কি অমলের মত গ্রাজ্বয়েটও ষে আরও দ্ব'একজন নেই এমন নয়! যুদ্ধের ঠেলার বেচারাদের অবস্থা দাঁড়িয়েছে সবচেয়ে শোচনীয়! পিঠছে ড়া-সাটের ওপর চটকদার-কোট পরে ইঙ্জং বাঁচান আর সম্ভব হচ্ছে না! লটারীর টিকিট কিনে জীবনের বাজেট ক্যার অবসর আর মিলছে না। তাই এরা এখানে এসেছে ভাগ্যের সন্থানে! সমস্ত ভাড়টার মধ্যে এরাই অস্বস্থিত ভোগ করছে সবচেয়ে বেশী। ঠিক সেই জাতের মেয়েদের মত যারা ঠেলাঠেলি করে বাসে ওঠে কিন্তু পাশে কোন প্রেয় বসলে সহ্য করতে পারে না!

বাকী দলটা নীচেরতলা সম্প্রদায়। ধোপদ্বকত জামাকাপড় তাদের জোটে না, জ্বতোর বালাই অনেকেরই নেই। ফেরীওয়ালা, রিক্সাওয়ালা, ছেকরাগাড়ীর গাড়োয়ান, রেস্তোরাঁর বয়, বাজারের ফড়ে, এমন কি পকেটমার-গাঁটকাটাও হয়তো দ্ব'একজন আছে! এদের কেউ কেউ নির্বিকার চিত্তে মাটির ওপর বসে আছে, কতক অসীম কোতুহলে স্কাব্দের কথাবাঁতা শ্বনছে আর কেউ অতি সন্তর্পণে অফিসঘরের

স্ইঙডোরটা একটা ফাঁক করে উর্ণকঝার মাবছে।

ভীড়ের মধ্যে নিছক দাঁড়িয়ে থেকে অনেকেই বিরম্ভ হয়ে উঠেছে।
কর্মাভাবে দু'তিনটে বিড়ি ফোঁকা হয়ে গেছে এখন গলা জনালা করতে
স্বর্ব করেছে। একজন বাব্দ্লাসের ছেলেতো রাগ করে চলেই গেল!
সে নাকি মজা দেখার জন্য ভার্ত হতে এসেছিল! আর একজন পেছন
থেকে তাকে ভেঙচে ওঠে, আরে, যাবে আর কোন চুলোয়! কালই আবার
স্কৃস্কৃ করে এসে হাজির হবে। দেখগে যা, বাছার হাঁড়িতে এতক্ষণে
ই'দুরে ডন্ মারছে!

আর একজন বলে উঠল, আমরা না হয় পেটের দায়ে এসেছি কিতৃ এ শালাদেরওতো রজি রক্ষের দায় আছে! তবে বাবা এত ন্যাজে-খেলানর দরকারটা কি! দেখন না মশাই, শালাদের বায়নাকা কত! একদিন গেল নাম লিখতে, একদিন ডান্ডারি করতে, আজ নাকি বশ্বে সই করতে হবে!

বন্ড আবার কিসের?

কে জানে মশাই অতশত!

অফিসঘর থেকে কেবাণীবাব্ বেরিয়ে এলেন। হাঁকডাক করে
সমসত ছেলেদের তিনভাগে ভাগ করে ফেললেন। প্রথমদল, মেডিক্যাল
এক্সামিন যাদের হয়ে গেছে। দিবতীয়দল, মেডিক্যাল এক্সামিন যাদের
হবে। তৃতীয়দল, নবাগত। তিনটী দল আলাদা আলাদা ভাবে আবাব
কথাবার্তা স্বর্ করে দিয়েছে। নবীন উৎসাহে কেউ কেউ আবার নতুন
করে বিভি ধরাতে স্বর্ কবেছে।

দ্বজনের মধ্যে কথাবাতা চলছিল, আপনার ম ইনে কত হল?

এখন দেবে একুশটাকা। আমি শিথব ফায়ারম্যানের কাজ, পাশ করলে আরও পাঁচটাকা বাড়বে। তাবপর মাইনে নাকি কেবল বাড়তেই থাকবে! হবে দৃশ, তিনশ! যেন ঠাকুমার ঝ্লির গল্প রে! অর্ধেক রাজস্ব আর রাজকন্যে দেবাব জন্য বসে আছে! শালাদের সব ধাণপাবাজি!

ধাপাবাজি জেনেও ভর্তি হলেন?

করব কি বলনে মশাই, পেটের জনালা বড় জনালা! কোন্ চুলোয়ইবা আর যাব! তব্ততো এরা দুবেলা দুমনুঠো খেতে দেবে কিন্তু ঘরে যে তাও জনুটছে না। দেশে-গ্রামে থাকি, মোটা ভাত-কাপড় হলেই চলে যায়। চাকরি আমার বাপ-দাদা-চোদ্দপ্রেষে কেউ কথনও করেনি। কিল্চু জিনিসের দাম ষেভাবে চড়ছে, তাতেতো মশাই আর দর্নিন বাদে না থেয়ে শ্রকিয়ে মরতে হবে। ব্রুলেন না ব্যাপারটা, এ ব্যাটারা ইচ্ছে করেই জিনিসের দাম চড়াচ্ছে! তাহলেই আমাদের মত গরীবেরা মিলিটারীতে চনুকতে বাধ্য হবে!

কেরাণীবাব, আবার হণ্ডদণ্ড হয়ে বেরিয়ে এলেন। বললেন, প্রত্যেক দল সিংগল্-লাইনে ফল্-ইন্—

ফল্-ইন্ কথাটার অর্থ যারা বোঝে না তারা কেরাণীবাব্র ম্থের দিকে ফ্যালফ্যাল করে চেয়ে থাকে। বিরক্তিতে নাক কুচকে কেরাণীবাব্ একের পেছনে আর এবজনকে দাঁড় করিয়ে দেন। একে একে তিনটী দলই অফিস্থরে ঢ্বুকতে থাকে।

নতুন যারা ভার্ত হবে তাদের এনরে।লমেন্ট-ফর্ম ভার্ত করা চলতে লাগল। নাম, ধাম, বর্ণ, গোত্র, জাতি, ধর্ম কিছুই বাদ পড়ল না। যারা চোথ কান ব্রজিয়ে টপাটপ না বলতে পারে সেথানে কেরাণীকাব্রই কলমের ডগায় যা আসে তাই বাসিয়ে দেন! সময় বড় কয়, তাড়াতাড়ি কাজ সারতে হয়! ফর্ম ভার্ত হলে সেই ফর্ম হাতে করে নবাগতের দল আর একটী ঘরের সুইঙ্জ-ডোরের সামনে আবার লাইন লাগায়।

আমল স্ইঙ-ডোরের সামনে যেতেই মিলিটারী উদিপিরা চাপরাশী নীরবে হাতটা তুলে ধরে। আমল দাঁড়িয়ে পড়ল। ট্রাফিক-পর্নিশি চঙে চাপবাশী হাতটা তুলেই রইল। ঘরের মধ্যে থেকে একটী ছেলে বিরিয়ে এল। সংগে সংগে ভেতর থেকে আওয়াজ এল, নেক্সট্—

ু চাপরাশী হাত নামিয়ে বলল, যাও, সাবকো সেলাম দেও।

ঘরে ত্বকে অমল হাতদ্টো জোড়া করে কপালে ঠেকাল। ক্যাপটেন সাহেব হাত বাড়িয়ে ফর্মটা নিয়ে বললেন, সিট্ ডাউন্ শিলজ।

অমল পাশের চেয়ারটায় যথাসম্ভব সহজ হয়ে বসবার চেষ্টা করে। তব্বও অম্বাস্তিতে তার সমসত শরীর ঘেমে ওঠে। অফিসার! তাঁর সামনে চেয়ারে বসাটাইতো ঔষ্ধতা! তার ওপর আরও অম্বাস্তি, সোলামের বদলে সে নমুকার করে ফেলেছে! ক্যাপটেন সাহেব জিজ্ঞেস করলেন, কতদ্রে পড়াশনো করেছেন ? অমল বলল, এই বছর বি-এ পাশ করেছি।

তাই নাকি! ক্যাপটেন সাহেব ঝট্ করে চেয়ারর ওপর সোজা হয়ে বসলেন। সামনের দিকে ঝাকে পড়ে বললেন, তাহলেতো আপনাকে ভাল একটা চাল্স দিতেই হবে! গানুনের কদর আমাদের ভিপাট মেন্ট পানুরোমান্তার করে। আচ্ছা, আপনি কি ধরনের কাজ পছল্দ করেন?

অমল বলল, রেলের কাজ সম্বন্ধে আমার কোন অভিজ্ঞতা নেই।
সেতো বটেই, তা তো থাকবার কথাই নয়। থাকলেতো আপনাকে
আমরা নিদেনপক্ষে ট্রাফিক-ইন্সপেক্টর করে ভর্তি করতুম। আপনার
দটার্টিং হত আড়াইশ টাকা। আমার মনে হয় গার্ডের কাজটাই আপনি
পছন্দ করবেন?

খ্ননীর আতিশযো অমল যেন হাঁপিয়ে ওঠে। এতবড় একজন আফসার, সাধারণ একটী রিক্রটের ওপর এত সহান্ত্তি! আর ওই কেরাণাগ্লো, ওরাই যেন এক-একটা অফিসার! অমল হাত কচলে বলল, আমার ওপর প্রেরা একটী ফ্যামিলি নির্ভার করছে স্যার। দয়া করে এমন একটা কাজে আমায় লাগিয়ে দিন যাতে স্টাটটো মোটামর্টি ভালই হয় আর উম্নতিরও স্কোপ থাকে।

ক্যাপটেন সাহেব অমলের কথ গ্লো যেন হাঁ করে গিলছিলেন। তার কথা শেষ হতেই টপ্ কবে একটা ঢোঁক গিলে বললেন, স্কোপ! আপনার জন্য রাস্তা একেবারে খোলা! গার্ড থেকে আপনি ট্রাফিক-ইন্সপেস্টর হতে পারবেন। তারপরই কিংস্-কমিশন। আর কিংস্-কমিশন পেলেই লেফটেনান্ট, ক্যাপটেন, মেজর, লেফটেনান্ট-কর্নেল, কর্নেল এয়ান্ড সো অন্—পথ একেবারে পরিষ্কার! ইট্ অল্ডিপেন্ডস্ অনু ইওর পেসেন্স এয়ান্ড এন্ডিওরেন্স!

অমলের চোখ ঝাপসা হরে আসে, তারই মাঝে দেখে স্বিস্তীর্ণ এক পথ তার কোথাও ব্রঝিবা কোন বাঁক নেই! ক্যাপটেন সাহেব ক্ষণেক অপেক্ষা করে বললেন, আর্পান কি বিবাহিত ?

অমল ঘাড় নেড়ে জানাল, না।

ক্যাপটেন সাহেব কাৎ হয়ে ব্লাক-বোর্ডের ওপর চোখিটা ব্রলিয়ে

বললেন্, আচ্ছা, আপনাকে আমি ডিরেক্ট থার্ড-গ্রেড্ গার্ডে ভর্তি করে নিল্ম, আর লিখে দিচ্ছি গার্ডি শিপ্ পাশ করলেই আপনি সেকেন্ড-গ্রেড পাবেন। লেখা শেষ করে ফর্মটা অমলের হাতে দিয়ে বললেন, পাশের ঘরে ক্লার্ককে এটা দিয়ে দিন আর জেনে যান আপনার নেক্সট্কাজ কি।

্রীঅমল কেরাণীবাব্র হাতে ফর্মটা দিয়ে জিজ্ঞেস করল, হাাঁ দাদা, থার্ডগ্রেড গার্ডের মাইনে কত?

কেরাণীবাব, মুখ না তুলেই বললেন, উপস্থিত ছাপ্পাল্ল, পরে আরও এলাওয়েন্স পাবেন যখন ওভারসীজ যাবেন।

আর সেকেন্ড-গ্রেড?

ভদ্রলোক খে⁴কিয়ে উঠলেন, কত আবার! লাখ-পঞ্চাশেক মনে করেছেন নাকি? এই একশ'র মত, আবার কত চান মশাই?

ঘর থেকে বাইরে যেতে যেতে অমল শ্নতে পেল, ব্ঝলেন হেমনত-বাব্, এইসব বাব্রা মনে করেছেন মিলিটারিতে ভর্তি হয়ে বর্মি গভমেশ্টের মাথা কিনছেন!

উত্তর এল, গভমেপ্টেরইতো বোকাম মশাই। এত মোটা মোটা মাইনে দেওয়ার কোনই দরকার ছিল না। দশবিশ টাকা দিলেও বাছাধনরা এমনই স্বড়স্বড় করে আসতেন। হাঁড়ি যে মশাই শিকের উঠেছে!

পর্যাদন মেডিক্যাল-এক্সামিন। অমল মেডিক্যাল-ইন্সপেক্শন্-র্মের বাইরে একটা বেণ্ডে হা-পিত্যেশে বসে আছে। ক্রমিক নন্বর অন্যায়ী ডাক পড়ছে। লাইনের শেষের দিক থেকে একটী ছেলে উঠে এসে জিজ্ঞেস করল, হ্যা মশাই, আমার বা-হাতটাতো ভাঙা, আমাকে নেবেতো?

রক্ষা মেজাজ একটী ছেলে মাঝখান থেকে টপ করে বলে উঠল, খাব নেবে মশাই, খাব নেবে! হাতভাঙা কি বলছেন! কয়েকটা কবন্ধ এনে দিন না তাও পার হয়ে যাবে!

হাতভাঙা ছেলেটী স্বস্থানে ফিরে গেল আর আশ্বাসদাতা ছেলেটী আপন মনে গঞ্জগজ করে চলল। অমলেরও চুপচাপ বোকার মত বসে থাকতে কেমন যেন খারাপ লাগে। পাশের ছেলেটীকে জিজ্জেস, করল, এখানে লোক নেওয়া হচ্ছে এ খবর পেলেন কোথায়?

ছেলেটী বলল, কেন, আমাদের গ্রামে যে আর কিছ্বদিন আগে ঢেড়। দিয়েছে।

ক্রমিকনম্বর এক জামার বোতাম আঁটতে আঁটতে বেরিয়ে এল। বয়স তার অন্তত পঞাশ, স্বাস্থ্য তালপাতার-সেপাই। অমল তাকে জিল্ডেস করল, পাশ হয়ে গেছেনতো ?

পাশ না হয়ে উপায় কি ভাই! তাই কিছ্ব দক্ষিণা দিতে হল। অমল সবিসময়ে প্রশ্ন করে, কেন!

আর কেন! ডান্ডারতো বলে দিল চোখ আমার খারাপ, আন্ফিট্
ফর্ ডেটশন-মান্টার! এখন আমি যাই কোথায়! একপাল ছেলেপিলে
নিয়ে কি পথে দাঁড়াব! তা দেখলমে ডান্ডার সাহেব সবল লোক আ
খাঁইও কম! এক টাকাতেই কার্যসিদ্ধি হল!

রুক্ষ্মমেজাজ ছেলেটী ফেটে পড়ল, ওরেঃ শালা, যে যার মৌকা নিছে! আমরা এসেছি পেটেব দায়ে আব এরা সেই স্ব্যোগে ট্র-পাইস করে নিছে! আমি কিছ্বতেই দেব না। দেখি শালাবা ভর্তি করে কিনা!

অমল ভাবনায় পড়ে গেল, তাব কাছেতো টাকা নেই! কিছুটা উসথুস করে, বারকয়েক গলা ঝেড়ে, কয়েকটা ঢোঁক গিলে পাশের ছেলেটীকে বলল, আপনার কাছে একটা টাকা বেশী হবে? তাড়াতাড়িতে টাকা নিয়ে বেরতে ভূলে গেছি। কালই আপনাকে দিয়ে দেব।

ছেলেটী কোঁচার খুট থেকে একটী টাকা বার কবে দিয়ে বলল, ভার্ত যখন হচ্ছি তখনতো একসঙ্গেই থাকতে হবে, তবে আর ভয়টা কি! কাল কিল্তু মনে করে আনতে ভূলবেন না যেন।

এম্-আই-র্ম্ থেকে ফিরে জানা গেল, লোক আমদানি বেড়ে গেছে, ভর্তির কাজ তাড়াতাড়ি সারতে হবে! স্তরাং মেডিক্যাল্-এক্সামিন আর বন্ডসই একই দিনে সারা হবে। ছেলের দল বাইরে অপেক্ষা করছে। বন্ড কথাটার মধ্যে এমন নিগ্রু একটা অর্থ আছে যে ছেলেরা সাধারণ-ভাবে একটা দুর্শিচন্তাগ্রন্ত হয়ে পড়েছে। একটী ছৈলে অমলকে জিন্তেস করল, হ্যা মশাই বণ্ড-ফণ্ড আবার কিসের! দাসথত্ **লিখিয়ে** নেবে নাকি?

তা বন্ড একটা নেবে বৈকি! আমাদেরতো আর এরা বিশ্বাস করে না।

র ক্মামেজাজ সেই ছেলেটী তেড়ে-ফ'রড়ে উঠল, মামার বাড়ী আর কি! চাকরি করতে এসেছি, চাকরির মত এ্যাপয়েণ্টমেণ্ট-লেটার চাই। বন্ডে সই করব কি জন্য?

অমল বলল, ডাক্টারকেতো টাকা দেবেন না বলেছিলেন কিন্তু দিতেতো হল। অযথা লম্ফ-ঝম্ফ করে লাভ কি বলুন?

ছেলেটী কেমন যেন মিইয়ে যায়! অভিমানভরে বলে, তা বলে যা খুশী তাই করবে?

কেরাণীবাব্ব বেরিয়ে এসে বললেন, আপনারা সি**ণ্গল-লাইনে আমার** পেছন পেছন আস্ক্রন।

অমলের ব্বকের মধ্যে কেমন যেন চিপচিপ করছে। বন্ডে সই করার কথাটা বারবার ঘ্রেফিরে মনটাকে বিরোধী করে তুলছে! তব্ও উপায় নেই! বন্ডে সই না দিলে এত স্বলভ মিলিটারী চাকরিও পাওয়া যাবে না!

ক্যাপটেন সাহেবের ঘরের মধ্যে ত্বেক ছেলেরা টেবিলের সামনে লাইন দিয়ে দাঁড়াল। আঙ্বল তুলে এক এক করে সকলকে গ্বেণ ক্যাপটেন সাহেব বললেন, গুন্লি নাইন! বন্ধ কম! কেরাণীবাব্বে নিদেশি দিলেন, ভাল করে পার্বালিসিটির ব্যবস্থা কর্ন, আমাদের সেণ্টারের কথা হয়তো লোকে জানতেই পারেনি!

কেরাণীবাব, চলে গেলেন। ক্যাপটেন সাহেবের মুখের ওপর বিরক্তির ছায়া কালো হয়ে উঠেছে। এনরোলমেণ্ট-ফর্মগালুলো নিয়ে নাড়াচাড়া করে পাশে সরিয়ে রেখে মুখ তুললেন। পেছনে একটা হেলে পড়ে বললেন, এনরোলমেণ্ট-ফর্মে একটা করে সই দিলেই আপনাদের ভর্তি হওয়ার কাজ শেষ।

রক্ষামেজ্বাজ সেই ছেলেটী বলল, কিন্তু কিসে আমরা সই দিছি সেটাতো আমাদের জানা দরকার। অফ কোর্স! ঝট করে ক্যাপটেন সাহেব সোজা হয়ে বসেন, বির্বন্তর ছায়া তাঁর মুখ থেকে চকিতে সরে যায়! হেসে সামনে ঝুকে বললেন, নিশ্চয়ই! সই করার আগে সর্তাগ্লো আপনাদের জানা এবং বোঝাও দরকার। সম্পূর্ণ সজ্ঞানে এবং খোলা মনেই আপনাদের সই দিতে হবে।

ছেলেরা নড়েচড়ে আবার সোজা হয়ে দাঁড়ায়! ক্যাপটেন সাহেব টোবলের ওপর হাতদ্বটো রেখে বলতে স্বর্ব করলেন, আপনারা ভার্ত হবেন ইণ্ডিয়ান-আমি-এায়্র অন্সারে। মনে রাখবেন জলপথ, প্থলপথ বা আকাশপথ, যে কোন পথে, যে কোন দেশে যখনই যাওয়ার হ্কুম হবে —তথনই সেই পথে, সেই দেশে, বিনা ওজরআপত্তিতে আপনাদের যেতে হবে। জাতিধর্ম নির্বিশেষে আপনাদের একসঙ্গে থাকতে ও খেতে হবে। ওপরওয়ালা অফিসারের আইনসঙ্গত হ্কুম বিনা বাক্যব্যয়ে মানতে হবে। চাকরিব মেয়াদ—যতদিন যুন্ধ চলবে ততদিন, তারপব আরও বারমাস—যদি ততদিন আপনাদের রাখা প্রয়োজন হয়।

বলা শেষ করে ক্যাপটেন সাহেব নীবব স্তব্ধ ছেলেদের প্রতিতী মৃথের ওপর চোথ বৃলিষে চললেন। কতকটা আশ্বস্ত হযে সেই রুক্ষ্ম-মেজাজ ছেলেটীকে বললেন, আব কিছু আপনাব জানবাব আছে?

যুদ্ধক্ষেত্রে যদি আমরা মারা পড়ি তাহলে আমাদেব বাডীর লোকের কি হবে?

সঙ্গে সঙ্গে ক্যাপটেন সাহেব উত্তব দিলেন, সেক্ষেত্রে গভর্ণমেণ্ট আপনার উত্তর্রাধিকারীকে আজীবন পেন্সন দেবে। ছেলেদের মুখ থেকে দুশিচনতার ছায়া সরে যায়, আশ্বনত হয়ে তাবা নড়েচড়ে দাঁড়ায়।

ক্যাপটেন সাহেব বললেন, আশা করি আর কিছু বে ধহয আপনাদেব বলবার নেই। সকলকে নীরব দেখে রিভলভিঙ চেয়ারে হেলান দিয়ে পেছনে কাং হয়ে আবাব স্রুর করলেন, আপনাদের মধ্যে থেকে কেউ কেউ হয়তো উচ্চশিক্ষা ছেড়ে এসে ভর্তি হচ্ছেন। মনে মনে হয়তো ভাবতে পারেন, আপনাদের ভবিষ্যং অন্ধকার হয়ে গেল। ধবল ম, আপনারা বি, এ, বা এম, এ, পাশ করলেন, তাতেই বা আপনাদের কি এমন বড় বড় চার্করি জুটত! বড়জার তি কিন্তুর স্কুলমান্টার না হয় চিল্লাশ

SIR BIKRAM

টাকার কেরাণী। জানেনতো তাদের অবস্থা! একশ' টাকার মুখ দেখতে তাদের চুল পেকে যায়! আর এখানে যা আপনারা স্বর্তেই পাচ্ছেন তা নিশ্চয়ই স্কুলমান্টার বা কেরাণীর চেয়ে খারাপ নয়। তার ওপর প্রত্যেকটা ক্যাটেগরীর আছে তিনটে করে গ্রেড। একটা গ্রেড থেকে আর একটা গ্রেডে গেলেই কুড়ি, রিশ থেকে নব্বইটাকা পর্যন্ত একবারেই বেড়ে যাবে। আর আপর্রেডিঙের জন্য আপনাদের মোটেই ভাবতে হবে না! আপর্য্রেডিঙ হবে অটোম্যাটিক্যালি। ট্রেণিংক্যাম্প থেকে যখন কোম্পানিতে পোন্টেড হবেন তখন হবে আপনাদের সেকেন্ডগ্রেড, আর ওভারসীজ্ব যখন যাবেন তখন হবে ফার্ন্টগ্রেড। বলা যায় না, হয়তো আর তিন-চার মাসের মধ্যেই আপনারা ফার্ন্টগ্রেড পেয়ে যেতে পারেন।

সন্মিত মুথে ছেলেদের মুথের গুপর আবার একবার চোখ বুলিয়ে নিয়ে বললেন, মনে রাখবেন, মাইনে হিসেবে যে টাকাটা হাতে পাবেন, ইচ্ছে করলে তার একটী পয়সা খরচ না-ও করতে পারেন। কারণ, মাইনে ছাড়াও গভর্ণমেন্ট আপনাদের খাওয়া, পরা, থাকা, চিকিৎসা, যাতায়াত, সমুস্ত খরচই দেবে।

অমল মনে মনে হিসেব করল, ছাপ্পান্নটাকা থেকে চল্লিশটাকা সে বাড়ীতে দেবে, দশটাকা পোষ্টঅফিসে জমাবে আর ছটাকায় হাত খরচ চালাবে।

শুধ্ তাই নয়, ক্যাপটেন সাহেব তাঁর বন্ধব্য তখনও শেষ করেননি, গভর্ণমেণ্ট আপনাদের ভবিষ্যাৎ সম্বন্ধেও চিন্তা করেছে। লড়াই আর কর্তাদন! বড়জোর দ্বছর কি তিনবছর। তারপর যখন বেরিয়ে আসবেন তখন গভর্ণমেণ্ট আপনাদের জন্য চাকরি রিজার্ভ করে রেখেছে! আপনারা আর্মির যে ডিপার্টমেণ্টে কাজ করবেন পোণ্ট-ওয়ার-লাইফে আপনাদের জন্য সেই সেই ডিপার্টমেণ্টে চাকরি রিজার্ভ রাখা হবে। এই যেমন আপনারা রেলের কাজে চ্বকেছেন রেলওয়েতেই আপনাদের জন্য চাকরি রিজার্ভ থাকরে।

অমলের কেমন যেন খটকা লাগল। মুখন্থ করা গৎ বলে মনে হচ্ছে! তার মনে পড়ল সেই ফায়ারম্যানটীর কথা, 'যেন অর্ধেক রাজত্ব আর রাজকণ্যে দেবার জন্য বসে আছে!'

ক্যাপটেন সাহেব উঠে বসে ঘণ্টি মারলেন। বেয়ারা এসে সেলাম করে দাঁড়াতে বললেন, এক গ্লাস ঠাণ্ডা পানি।

তারপর এক-একজনকে ডেকে এন্রোলমেণ্ট ফর্মের ওপর সই আর টিপসই করিয়ে নিলেন। সই করার কাজ শেষ হলে হাই তুলে আড়া-মোড়া ভেঙে জিজ্ঞেস করলেন, আপনারা সকলেই কি বাড়ীতে জানিয়েছেন?

দ্বজন বাদে আর সকলেই বাড়ীতে জানিয়েছে। তাদের দ্বজনকৈ আলাদা দাঁড়াতে বলে বাকী সকলকে অফিসঘরে যেতে বললেন। বেয়ারা এসে কাঁচের গ্লাসে বরফজল দিয়ে গেল। একচুম্বকে জলট্কু শেষ করে র্মালে ম্ব্র্য ম্ছতে ম্ছতে বাকী দ্বজনকে বললেন, তাহলেতো আপনাদের একদিন ছুটী দিতে হয় দেখছি! বাড়ীতে জানাতে হবে, তাছাড়া অন্য কোথাও মানভঞ্জনের পালাতো আছেই, কি বলেন?

আমুল দ্রাকু চকে অনুসন্ধিংসা, দ্র্থিতে ক্যাপটেন সাহেবের মুথের দিকে চাইল। লোকটা র্রাসকতা করছে নাকি!

ক্যাপটেন সাহেব সিগারেট কেসের ওপর সিগারেট ঠ্কতে ঠ্কতে দাঁত বার করে হেসে বললেন, তা দাওয়াই হিসেবে নিতান্ত মন্দ হবে না। বাঙলাদেশের মেয়েতো. মিলিটারীতে ভর্তি হওয়ার কথা শ্নলে একেবারে মূর্চ্ছা যাবে!

অমলের কান পর্যন্ত লাল হয়ে উঠেছে, ঘূণায় তার সমস্ত শরীরটা উঠেছে কুচকে। লোকটার সামনে থেকে বিদেয় হতে পারলে যেন বাঁচে!

ক্যাপটেন সাহেব দৃট্কুকরো কাগজের ওপর ছুটীর চিঠ লিখে তাদের দিকে এগিয়ে ধরে বললেন, সে আমরা ব্রুতে পারি। বহু ছেলেকেইতো এখান থেকে পার করল্ম! সকলেই কি আব পেটের দায়ে মিলিটারীতে ঢোকে! প্রেমের দায়েও বড় কম আসে না! হাউয়েভার, আই উইশ ইউ সাকসেস!

ক্যাপটেন সাহেবের হাত থেকে চিঠটা নিয়ে অমল টপ করে নমস্কার করল। ক্যাপটেন সাহেব হেসে বললেন, তা বেশ, শেষবারের মত করে নিন। এরপর থেকে কিন্তু স্যালিউট্। নাউ ইউ আর এ লোলজার! রাশ্তায় এসে দাঁড়িয়ে অমল ভীষণ ক্লান্ত বোধ করছে! মিলিটারীতে ভার্ত হওয়ার পর্ব শেষ! আর কি, সেতো এখন সৈনিক! এইবার বাড়ীতে জানাতে হবে। কিন্তু কথাটা স্ে পাড়বে কেমন করে! হঠাৎ তার চোয়ালটা শক্ত হয়ে ওঠে, দাঁতগালো কড়মড় করতে থাকে! বাড়ীর সকলে ব্যথিত হবে! সেতো কয়েকটা মাহতের জন্য! তারপর টাকা যখন হাতে পড়বে তখন সব ব্যথার উপশম হয়ে যাবে, স্নেহের চাপ যাবে বেড়ে! টাকার অৎক যত বাড়বে স্নেহের মাত্রাও সেই পরিমাণে বাড়তে থাকবে! তবে আর ভয়টা কিসের!

আচ্ছা, বাবা কি করবেন? রাগ! তাতেই বা কি এসে গেল। ছাই থেরেতো আর একটা মান্ধ বাঁচতে পারে না! হ'্যা সোজাস্কি এই কথাই সে বলবে। কাকেও সে ছেড়ে কথা কইবে না! স্নেহ ভালবাসার ম্থোস টেনে খুলে দেবে!

হে'টেই সে চলেছে। বাড়ীর যত কাছাকাছি এসে পর্ড়ছে ততই তার গতি মন্থর হয়ে আসছে। মনের কোন এক নিভৃত কোণে এই র্ঢ় চিন্তার পাশাপাশি অতি কোমল আবেগময় একটা চিন্তা দানা বে'ধে উঠছে! ক্রমেই যেন সে ভীর হয়ে পড়ছে। তার মিলিটারীতে ভর্তি হওয়ার খবরেতো বাড়ীতে মড়া-কাল্লা পড়ে যাবে!

কিন্তু সে-ই বা করবে কি! অতি সাধারণ একটা চাকরি জোগাড় করার জন্যতো সে অক্লান্ত চেন্টা করেছে! আফিসের দরজায় দরজায় ধ্বরেছে! আত্মীয়-অনাত্মীয়ের খোসামোদ করেছে! ঘ্র দিতে রাজি হয়েছে! তব্
ভবতা তার চাকরি হয়নি।

দেশের লোক তাকে বিশ্বাসঘাতক বলবে? তাতো বলবেই! কিন্তু কেবল তাকেই বলবে যেহেতু সে সাধারণ সৈনিক হয়ে চাকরি নিয়েছে! হত সে একটা বড় অফিসার লোকে তাকে খাতির করত! ব্টীশকে সে সাহায্য করছে? তাতো করছেই! কিন্তু যেহেতু তার অন্ন জ্বটছে না, তার বাড়ীতে হাঁড়ি শিকেয় উঠেছে তাই সে হল বিশ্বাসঘাতক! আর সমীরণেরা মিলিটারী-কন্ট্রাক্ট ধরেও দেশভন্ত রয়ে গেল! মান্যের জীবন নিয়ে যারা ছিনিমিনি খেলুছে তারা মহামানবই রয়ে গেল! বড়লাটের বাড়ী ধর্ণা দিয়ে যারা ভিথিৱীপণা করছে তারা হল জাতির

ভাগ্যনিয়ন্তা! আর বিশ্বাসঘাতকের তক্মা এ'টে দেওয়া হল তাদেরই গায়ে যারা হাভাতের দল!

বাড়ীর সামনে দাঁড়িয়ে কড়ায় হাত দিতেই অমলের বুকের মধোটা দ্রদ্র করে ওঠে। একট্ব ইতস্তত করে সে কড়া নাড়ল। ভেতর থেকে সাড়া দিল রিণি।

অমল চুপ করে দাঁড়িয়ে আছে। রিণি দরজা খুলে দিল। ভেতরে ঢুকে অমল দরজা বন্ধ করার সময়টাকু অপেক্ষা করে রইল। তারপর রিণির সংগ্য চলতে চলতে তার কাঁধের ওপর রাখল একটা হাত। অসহায় সে হাতের স্পর্শ রিণিকেও কাতর করে তোলে। বিষন্ন মুখে রিণি অমলের দিকে চোখ তুলে চায়।

জুতোজামা খুলে অমল রান্নাঘরেব দাওয়ায় এসে বসল। ঠ কুমা জপে বসেছেন। অমলকে দেখেই মালা ঘুরিয়ে কপালে ঠেকিয়ে বললেন, হুণারে কিছু হল নাকি? তোর বাপতো আব পেরে উঠছে না!

অমল বলল, হ'া ঠাকমা, হয়েছে একটা—পরশ, জয়েন করব। মালা নামিয়ে ঠাকুমা বলে উঠলেন, তাই নাকি! তাই বুঝি

মেজকর্তার আজ ঠাকমার কাছে বসবার ফ্রুসং হল ?

অমল বলল, খাবার-দাবার কিছ্ব আছে? বস্ত ক্ষিদে পেয়েছে।

ঠাকুমা তারস্বরে হে°কে উঠলেন, অরে অ মিনি রিণি, বলি তোরা গেলি কোথা! ছেলেটা তেতেপ,ড়ে এল, কোথায তাকে খাবার-দাবার দিবি, তা না ঘরের কোণে বসে দিনরাত ফ্রস্র-ফ্রস্র! কি যে তোদের এত কথা ব্রিঝ না বাবা!

অমলের ঠোঁটের কোণে মৃদ্ব একটা হার্মির রেখা ফ্রটে ৬ঠে। এইতো রঙ বদলাচ্ছে! ঠাকুমা একট্ব অপেক্ষা করে আবার হাকলেন, বলি অ মেয়েগ্রনো। বলি তোরা মরেছিস নাকি?

মিনি ঘর থেকে বেরিয়ে এসে ঝাঁঝিয়ে উঠল, বাবারে বাবা এমন চেটাও তুমি, কানের পোকা বেরিয়ে যায়! কি, হল কি?

ঠাকুমা অমলকে বললেন, দেখলিতো, আমাকে গেরাহাই করে না, আমি যেন বাড়ীর দাসী-বাঁদী কি একটা! এই যে এত প্রেণিচয়ে মলমম, তা কথাটা কানে তুলল না! ঠাকুমা অনুস্রল বকে চললেন।

মিনি অমলকে জিজেস করল, ব্রিড় কি বলছিল গো মেজদা? আমাকে খেতে দিতে।

ব্যাপার কি, তোমার ওপর যে দরদ উথ্লে উঠল!

আমায় কিছু, খেতে দে, বড় ক্ষিদে পেয়েছে।

অমলকে র্টী-তরকারি দিয়ে মিনি চায়ের জল চড়িয়ে দিল। ঠাকুনার মেজাজ ততক্ষণে ঠান্ডা হয়েছে। মিনিকে বললেন, শ্নেছিস. অমির চাকরি হয়েছে, পরশ্ব থেকে যাবে। এতদিনে ভগবান ব্রিঝ ম্থ তুলে চাইলেন। হ্যাঁরা অমি, মাইনে কত হল, পাকা চাকরি তো?

অমল বলল, উপস্থিত গোটা পঞ্চাশ! তা একরকম পাকা বৈকি। অমলের পাতের দিকে নজর পড়তে ঠাকুমা বললেন, হণারা, রুটী আর একখানা দেবে নাকি আর একটু পাটালি?

মিনি ঝঙকার দিয়ে উঠল, নাতির চাকরি হয়েছে শন্নে খাব যে খাতির করছ দেখছি আর এতদিন কি করতে একটা ভেবে দেখতো! ওঃ, তোমরা কি সাংঘাতিক মানুষ!

ঠাকুমা মুখ-ঝামটা দিয়ে উঠলেন, তা ছু ড়ি, আমায় বলছিস কেনরা।!
এই হচ্ছে সংসারের নিয়ম! যে গর্ন দুধ দেয় তার চাঁট লোকে সহা করে।
মিনি বলল, সেই জনাইতো বলছি। এখন থেকে মেজদাও দুধ
দেবে শুনে খুব যে তার খোসামোদ করতে সূত্র করেছ।

আমল ধমক দিয়ে উঠল, আঃ মিনি, কি হচ্ছে! কিন্তু তার গলাও কে'পে উঠল। তাড়াতাড়ি চা খাওয়া শেষ করে উঠে পড়ে। ঘরে গিয়ে তক্তাপোষের ওপর শরীরটাকে দেয় এলিয়ে। ওঃ তার সমস্ত শরীরটা যেন টনটন করছে!

রিণি অমলের মাথার কাছে বসে তার চুলের মধ্যে আঙ্কল চালিয়ে দিতে দিতে বলল, সত্যি মেজদা, তোমার চাকরি হয়েছে?

অমল বলল, হগারে হগা।

রিণি খ্শীতে হাততালি দিয়ে উঠল, তাহলে আর কেউ তোমায় বকবে না. না?

অমল বিশ্মিত দৃণ্টিতে রিণির মুখের দিকে চাইল! আটবছরের রিণির এই সরল প্রশেনর কি উত্তর দেবেঁ! গভীর কৃতজ্ঞতায় তার মনটা যেন কাণায় কাণায় ভরে ওঠে। এই তো রয়েছে সহান্ভৃতি আর বৃকভরা দরদ!

মিনি অমলের পাশে বসে বলল, কোথায় চাকরি হল মেজদা? অমল খুব হাল্কাভাবে উত্তর দেয় মিলিটারীতে।

মিনি বলে উঠল, কক্ষণো না। তুমি মিলিটারী হতেই পার না। মাগো! মিলিটারীতেতো যত সব ছোটলোক ভর্তি হয়!

কড়া নাড়ার শব্দ হল। রিণি চলে গেল দরজা খুলতে। মিনি উঠে পড়ে বলল, যাই, বাবার জন্যে চায়ের জল বসাইগে।

ননীগোপালবাব, জামা ছাড়ছেন। ঠাকুমা খবর পেয়েই হাঁকাহাঁকি স্বর, করে দিলেন, ওরে ননী, অমির চার্কার হয়েছে রে।

রাশ্লাঘরের দাওয়ায় রিণি একটা মোড়া পেতে দিল। ননীগোপাল-বাব, বসতে বসতে বললেন, না হওয়ারতো কিছ, নেই, চেণ্টা করলেই হবে।

ঠাকুমা রিণিকে বললেন, কই, ডাক না অমিকে।

রিণি দোড়ে গিয়ে অমলের হাতটা ধরে টানতে টানতে নিয়ে এল। অমল যেন আঁতকে ওঠে! মিলিটারীতে ভর্তি হওয়াকে কি এ'রা চাকরি বলে মেনে নিতে পারবেন!

ঠাকুমা হে'কে উঠলেন, কইরে, অমিকে একটা পি'ড়ি পেতে দে না।
অমল মাটীর ওপরই বসে পড়ল, রিণি বসল তার কোল ঘে'যে।
ননীগোপালবাব; বললেন, কবে জয়েন করতে হবে ?
পরশু; সকাল থেকে।

সকাল নাতো সন্ধ্যেবেলায় আবার কোন অফিস খোলে নাকি! কোথায় হল? এ্যাপয়েপ্টমেণ্ট-লেটার পেয়েছিস? মাইনে কত?

অমল উত্তর দিল, উপস্থিত ছাপ্পান্ন পরে আরও বাড়বে।

ননীগোপালবাব, ধমক দিয়ে উঠলেন, একজন গ্রাজ্যমেট হয়ে ছাম্পাল্ল টাকার চাকরি নিতে তোমার লঙ্জা করল না! আর ওই টাকাতে সংসারের কতট্কু স্বারাহা হবে?

আম্তা আম্তা করে অমল বল্ল, আমার জন্য সংসারে এক প্রসাও অরচ হবে না। থাকা খাওয়া পরা সমস্ত থরচই তারা দেবে। মাইনের টাকাটা প্রেরাই হাতে থাকবে।

ননীগোপালবাব; চোখ কুচকে অমলের দিকে চাইলেন, এ আবার কোন ধরণের চাকরি!

মরিয়া হয়ে অমল বলল, মিলিটারী চাকরি। তার মানে!

আমি মিলিটারীতে ভতি হয়েছি।

ননীগোপালবাব আঁতকে উঠলেন, মুখ দিয়ে তাঁর যন্ত্রণাকাতর এক গোঙানি বেরিয়ে এল! স্তম্ভিত হয়ে কিছ্মুমণ চুপ করে রইলেন। মৌন আশুকায় আর সকলে তাঁর মুখের দিকে চেয়ে রয়েছে।

জপতপের ফাঁকে ঠাকুমা সব কথা শ্নতে পাননি। রিণিকে জিজ্জেস করলেন, ননী ওরকম করছে কেন? অমির কোথায় চাকরি হয়েছে?

মিনি ঝণ্কার দিয়ে উঠল, কোথায় আবার—মিলিটারীতে! **এইবার** তোমাদের সাধ মিটেছে তো?

এনাঁ, কি বললি! ঠাকুমা উঠে এসে অমলকে ব্রকের মধ্যে জড়িরে ধরে ডকরে কে'দে উঠলেন, এ কি করলি দাদা।

পাশে দাঁড়িয়ে মিনি দাঁত দিয়ে ঠোঁট কামড়ে ধরেছে! তব্ও তার চোথ দিয়ে কয়েকফোঁটা জল গড়িয়ে পড়ল। রিণি এতক্ষণ সমস্ত ব্যাপারটা লক্ষ্য করছিল। হঠাৎ মিনিকে জড়িয়ে ধরে সে ফ্রিপরে উঠল।

ট্রেণিং-ক্যান্সের কাছাকাছি এসে অমল কেমন যেন একট্র ঘবড়ে গেল। বিরাট এলেকা নিয়ে ক্যাম্পচৌহদ্দি, চাবিদিকে বার ফুট উচ্চু কটিাতারের বেড়া, ভেতরে সারি সারি লাল রঙের ব্যাবাক্. মাঝখানে প্রকাশ্ড এক মাঠ। প্রথম দ্ভিতেই জেলখানা বলে মনে হয।

কাঁটাতারের বেড়ার ধাব ঘে'ষে পায়ে চলার পথ। সেই পথ ধরে অমল গেটের দিকে এগুছে, হাতে তার ছোটু একটী স্ট্কেশ। বেড়ার ধারে ছোট একটী দল মাটী কোপাছে, গাছের গোড়া খ্রুছে, চারা প্রতছে। তাদের সকলেরই পরণে মিলিটারী ইউনিফর্ম ! অমলকে দেখে সব কটাছেলে কাজ থামিয়ে তার দিকে চোখ পাকিষে লক্ষ্য করতে লাগল। অমল কেমন যেন অস্বাহ্ত বোধ করে, গ্রুহেত বাবেক নিজের জামালাপড় দেখে নিয়ে আবার তাদের দিকে তাকায়। তাদের মধ্যে থেকে এবজন হঠাৎ চে চিয়ে উঠল, ওরে, আরও একটা ভেড়া এসে জ্বটলবে—বাকী সকলে হো হো করে হেসে ওঠে।

অমলের মুখখানা লজ্জায় লাল হয়ে উঠল। কি অভদ্র ছেলেগ্রলো!
তাদের দিকে কটমট করে তাকিয়ে অমল হনহন করে হে°টে চলল। বিছম্
দ্রে গিয়ে দ্রটো ব্যাবাকের ফাঁক দিয়ে দেখল, প্রায় জনত্রিশ ছেলে মাথার
ওপর হাত তুলে দৌড়চ্ছে। তাদেব সামনে একটা লোক ছোটু একটা
ছাড় নেড়ে খ্র তান্বিগন্বি করছে, আ বে গিধধড, ঠিকসে কদম্ রাখ্ –
এদেরও পরণে মিলিটারী ইউনিফর্মণ!

অমল থমকে দাঁড়িয়ে পড়ে। কেমন যেন তাব সন্দেহ হয়, রেলওযে-ইউনিট বোধহয় এটা নয়! এদিকওদিক চাইতে চাইতে আবও খানিকটা এগিয়ে গিয়ে দেখল, একটী ছেলে লম্বা একটা লাঠি হাতে বেড়াব ধারে দাঁড়িয়ে আছে। তার দাঁড়ানর ভংগী দেখলেই বোঝা যায়, সে প্রহবী। অমল তাকে জিজ্জেস করল, মিলিটারী-বেলওয়ে-ইউনিটের ট্রেণিং-ক্যাম্প্রা কোন দিকে বল্তে পারেন?

প্রহরী বলল, এইটাই।

অমল বিস্ময়ে বেসামাল হয়ে পড়ে, এইটাই! হ্যা এইটাই! বাইরে থেকেই ঘাবড়ে গেলেন? এখনওতো ভেতরে ঢোকেননি!

অমল ফ্যালফ্যাল করে ছেলেটীর মুখের দিকে চেয়ে রইল। ছেলেটী একপা এগিয়ে এসে চাপা গলায় বলল, কেটে পড়ুন মশাই যদি প্রাণে বাঁচতে চান! এই খাঁচার মধ্যে ঢুকলে কিন্তু এক্কেবারে দফা শেষ!

ক্ষণেকের জন্য অমল দতদ্ভিত হয়ে দাঁড়িয়ে রইল। কোথায় সে পালিয়ে যাবে? বাড়ীতে! অসদ্ভব। গেটের দিকেই সে পা বাড়াল। প্রহরী বিড়বিড় করে উঠল, পিপীলিকার পাখা ওঠে মরিবার তরে! ক্যাদ্পের গেট। জনকুড়ি ছেলে বেল্চা-গাঁইতি নিয়ে বিরাট এক টিবি কেটে সমতল করছে। অমলকে দেখে জনকয়েক কাজ থামিয়ে চিংকার করে ওঠে, এসেছেন দাদা? আস্ক্র—আস্ক্র!

অমল থমকে যায়। তার আসার কথা কি এরা জানে নাকি! একজন বলে ওঠে, ওরেঃ বাবা, আর কত শালা আসবে রে!

সকলে যেখানে কাজ করছে তারই মধ্যে একজন প্রম নিশ্চিন্তে বসে গোঁফে তা দিচ্ছে! এতক্ষণে বোধহয় তার খেয়াল হল। হঠাং সে খেশিকয়ে উঠল, এইঃ, বকোয়াস্মং কর্! অমলের দিকে অঙ্গানি-সঙ্কেত করে বলল, এই বাব, ইধর আ!

সম্ভাষণটা অমলের কাছে মোটেই মনঃপত্ত হয়নি। ইচ্ছে করছিল, কান ধরে লোকটাকে শিখিয়ে দেয় ভন্দরলোকের সংগ্র কেমন করে কথা কইতে হয়। অমলের বিরক্তি দেখে একটী ছেলে বলে উঠল, চটে লাভ নেই দাদা, উনি হচ্ছেন হাবিলদার সাহেব। আমাদের দণ্ডম্পের বিধাতা!

স্টকেশটা নামিয়ে রেখে অমল হাবিলদার সাহেবের সামনে গিয়ে দাঁড়াল। হাবিলদার সাহেব বলল, ক্যা, রঙর্ট হো?

বিমৃত্ দ্ভিতৈ অমল হাবিলদার সাহেবের মৃথের দিকে চেয়ে রইল।

একজন বলে দিলে, রঙর্ট হচ্ছে রিকুট কথাটার মিলিটারী সংস্করণ।

যত্তো আকাট মৃথ্যুর পাল্লায় পড়ে ইংরেজী ভাষার এর্মান হাল হয়েছে!

অমল বললে, জী সাব্, দুরোজ স্থাগে ভর্তি হয়া হায়। রিকুটিং

অফিসারের চিঠটা হাবিলদার সাহেবের হাতে দিলে।

ছেলেদের মধ্যে থেকে একজন বলে উঠল, এই রে, ভাল বিপদ বাধিয়েছেন দাদা। কাগজটা হয়তো উল্টো করে ধরবে! ওসব চাষ-আবাদ কি বাছাধনদের আছে!

আর একজন বলে উঠল, ওরে রজত যা না বাপ_ন, কাগজটা একট**ু** ভিজিয়ে দে।

রজত অবশ্য বেরিয়ে এল না। অমল ভাবছিল, এমন নিরক্ষর একটা মান্ম এতগ্রেলা লোকের দণ্ডম্পের বিধাতা হল কেমন করে! কাগজটা নিয়ে কিছ্মুক্ষণ নাড়াচাড়া করে হাবিলদার সাহেব অমলকে বলল, ঠিক হ্যায়, রাহ্ধারী দণ্ডরমে দে দেও, ঔর্ তুম আজ আপনা সামান্বগেরা ঠিক কর্ লেও—একট্ব থেমে পাশে চেয়ে বলল, মুখার্জি, তুম্ ইস্বাব্কো আপনা ব্যারিকমে লে যাও, ঔর উধরই য়েক সীট্ ঠিক কর্দেও।

জনকয়েক কপালে হাত ঠেকিয়ে বলে উঠল, জয় মা ধান্যেশ্বরীর জয়! এলেম আছে তোর রজত!

রজত মুখার্জি বেরিয়ে এসেই টপ্ করে অমলের স্টকেশটা তুলে নিয়ে বলল, আসনে আমার সংগ্য।

চলতে স্বর্করে অমল বলল, আহা, তা আপনি কেন স্টকেশটা নিচ্ছেন! ওটা আমায় দিন।

রজত নির্বিকার, চলতে চলতে বলল, কেবলতো এই প্রথম দিনটার জন্য! এরপর আপনি মরে গেলেও কেউ আপনার দিকে ফিরে চাইবে না। কাকেও কোন সাহায্য করা ফৌজিশান্তে মহা অপরাধ।

মাঠের মধ্যে দিয়ে যেতে যেতে অমল বলল, আমাকে পেণছে দিযে আবার আপনি ফিরে যাবেন বোধহয়।

ক্ষেপেছেন নাকি! সারাদিনের মধ্যে আর ম্খটী বার করছি না। হাবিলদার যদি খোঁজাখাঁজি করে?

তা যাতে না করে সে ব্যবস্থাও করে রেখেছি। শ্নলেন না ওরা বললা, এলেম আছে তোর রজত।

অমল সপ্রশন দ্ভিটতে রজতুত্তর মুখের দিকে চাইল। রজত বলল,

ব্যাপার্টা ঠিক ব্রুথতে পারলেন না বোধহয়? একট্র থেমে স্রের্করল, তা কিছ্রিদন সময় লাগবে বৈকি। আমিও মশাই পারা একটি মাস হালে পানি পাইনি। তারপর না ঘাঁতঘোঁত সব বার করলম। ওই হাবিলদারটি হচ্ছে আমাদের ইমিডিয়েট বস, ওর ওপর আছে এক জমাদার, সে শালাতো কেবল ছোঁড়া-জোগাড়ের ধান্দায় থাকে! কাজেই হাবিলদারকে খ্না রাখতে পারলেই আমার পোয়াবার! মাঝে এক-আধ পাঁট খাওয়াই। দিনকাল আমার ভালই কাটছে।

ব্যারাকের মধ্যে ঢ্কে অমল চারিদিকে চেয়ে চেয়ে দেখছিল। হাসপাতালের ওয়ার্ডের মত দ্ব'সারিতে খাটিয়া, তার ওপর বিছানাগ্রলা একই কায়দায় সাজান। লম্বালম্বি একসারিতে কম্বলগ্রলো ভাঁজ করে রাখা, তার ওপর মশারী গোল করে পাকান, কম্বলের সামনে মগ আর শেলট। খাটিয়ার তলায় স্টেকেশ, ট্রাঙক, তার ওপর জতে।

আপন মনে অমল বলে ওঠে, বাঃ কেমন সন্দর! রজত বলল, কি?

বিছানা সাজানর কায়দাটা।

সত্যিই স্কুলর! কিন্তু এমনই মজা, আর দ্বাদন বাদে আপনিও ক্ষেপে উঠবেন।

স্বটকেশটা মেঝেয় রেখে অমল একটা খাটিয়ার ওপর বসল। রজত বলল, বসার আগে চল্বন কাজগুলো সেরে আসা যাক।

আবার কি কাজ!

তেমন মারাত্মক কিছ্ম নয়। অফিসে এ্যারাইভ্যাল-রিপোর্ট দিতে হবে আর ড্যোর থেকে কীট্ নিতে হবে। তাহলেই আজকের মত আপনার কাজ শেষ। সেই রোলকলের আগে আর কেউ আপনার খোঁজ করবে না।

অফিসের দিকে যেতে যেতে অমল রঞ্জতকে জিজ্ঞেস করল, আর্পনি এখানে কর্তদিন এসেছেন?

রজত বলল, আর বলবেন না দাদা, পরেনো পাপী! সেই প্রথম দিনকার ভর্তি। তা আজ মাসপাঁচেক হল বোধহয়।

তা হলেতো ভালই হল। আইনক । আপনি সবই জানেন, আমাকে

একট্র সাহায্য করবেন কিন্তু-

রজত হেসে উঠল, এখানে আইনও নেই আর কাননেও নেই! এখানকার আইন আর কাননে হল কর্তাদের খেয়াল আর মির্জা। একটি কথা সব সময়ে মনে রাখবেন, আর্পান হচ্ছেন একটি ভেড়া! ভীড় দেখলেই চোখ ব্রেজ ভীড়ে পড়বেন। ব্যাস, আপনাকে আর কোন মিয়া ধরে-ছুরে পাবে না।

অমল চমকে উঠল, তাহলে ছেলেগ,লো তাকে ভেড়া বলে নিছক রসিকতা করেনি!

অফিসঘরের রোয়াকে উঠে রজত হাঁক দিয়ে উঠল, ওহে মিত্তির, নাও হে তোমার আর একজন নতুন কয়েদী।

অমলের ব্রকের মধ্যেটা ছ্যাঁৎ করে ওঠে। কয়েদী! ক্যাম্পটা দেখে তারওতো মনে হরেছিল জেলখানা!

মিত্তির অফিসের হেডক্লার্ক, জানলা দিয়ে মুখ বাড়িয়ে ধমক দিয়ে উঠল, মনে ভেবেছিস কি রজত! এটা কি তোর হাবিলদার সাহেবের বর নাকি?

রজত চট করে যেন সপ্তমে চড়ে গেল, দেখ, সব সময়ে হাবিলদার হাবিলদার করিসনি। জানা আছে অমারও, কে কাকে কতথানি তেল মাখার! অার তুমিই বা কি করে জেমসখ্ডোর প্রিষ্যপ্রত্রেটী হয়েছ! কেন ক্ষেপাচ্ছিস মাইরি আমাকে, শেষকালে দেব হাটে হাঁড়ি ভেঙে!

অমলের দিকে নজর পড়তেই টপ করে পরের কথাগ্রলো গিলে নিল।
নরম হয়ে বলল, যাক, এর নামটা লিখে নাও, আর কীট-ইনভেন্টরীটা
দিয়ে দাও দেখি।

যথারীতি সইসাব্দ দিয়ে অমলেব ন'ম খাতায় উঠল। কীট-ইন-ভেন্টরী নিয়ে স্টোরের দিকে যেতে যেতে রজত হঠাৎ বলে উঠল, শালারা হিংসেয় মরে যাচ্ছে! আরে বাবা, এলেম যদি থাকে, তোরাও ব্যবস্থা করে নে না। আমি কি তোদের মাথার দিবিত দিয়েছি!

অমল ব্রুতে পারে রজতের মেজাজ বিগড়েছে। স্টোর থেকে কীট্ নেওয়া পর্যত অমল আর কোন কথা বলেনি। ব্যারাকে ফেরার পথে রজত বলল, আহা, তা আপনি গ্রেম মেরে গেলেন কেন? অমলেরও একেবারে চুপচাপ আর একটা মান,ষের পাশাপাশি চলতে কেমন বিন্ত্রী লাগছিল। রজতের মেজাজ পরিবর্তনের আঁচ পেরে সে আবার প্রশ্ন করল, আচ্ছা রজতবাব, ট্রেনিঙের কোর্স কর্তাদন?

রজত বলল, কোর্স-টোর্স বলে এখানে কিছ্ন নেই। প্রতিমাসে অবশ্য একবার করে ট্রেড-টেস্ট হয়। তেমন তাঁশ্বর যদি করতে পারেন তাহলে দর্শদিন ক্লাস-এ্যাটেন্ড করেও আপনি পরীক্ষা দিতে পারেন। আর পাশ করাতো পকেটের জোরের ওপর নির্ভর করে। যারা উন্নতি করার স্বপন দেখে তারা সাত-তাড়াতাড়ি টেস্ট দিয়ে কোম্পানিতে যায়! লাভের মধ্যে সেখানে দিনরাত রগড়ানি খায়।

কিন্তু কোম্পানিতে গেলেইতো সেকেন্ড-গ্রেড পায়?

ক্ষেপেছেন নাকি! ওসব ছেলে ভুলান ছড়া। রিক্র্নিটং-অফিসারের আর কি! একটি ছেলেকে ভর্তি করতে পারলেই তার পকেটে কর্করে তিন্টি টাকা। তাই দেখেন না, দয়ার অবতারটি সেজে বসে আছেন।

অমল থমকে দাঁড়িয়ে পড়ল, ওঃ কি সাংঘাতিক!

ব্যারাকে এসে অমল বোঁচকাটা খাটিয়ার ওপর ফেলতেই একরাশ ধ্লো উড়ে এল। পাশের সীট্ থেকে ছেলেটি তড়াক করে লাফিয়ে উঠে খেকিয়ে উঠল, আছ্বা লোকতো মশাই! একট্র কমনসেলও নেই!

লস্জায় অমলের মুখখানা রাঙা হয়ে উঠল। রঞ্জত রুখে দাঁড়িয়ে বলল, তুই থাম দিবাকর! ভারী আমার কমনসেন্সওয়ালারে! তোমার এট্রকু কমনসেন্স হল না যে, উনি একজন নতুন লোক, কেমন করে জানবেন, তোমাদের ওই কম্বলে দেড়মণ ধ্লো ভর্তি?

দিবাকর অমলের সামনে এসে বলল, কিছু মনে করবেন না মশাই, হঠাৎ মৃখ থেকে বেরিয়ে গেছে। রাগ কি আর সাধে হয়! শালারা মনে করে কি! ইন্ডিয়ানরা কি পরিজ্কার বিছানায়ও শুতে জানে না! খোঁজ নিয়ে দেখুন, ওই কম্বলটায় এর আগে অন্তত দৃশ-জন শুয়ে গেছে! কার কি ব্যামো ছিল কে জানে!

অমলের সমদত শরীরটা শিউরে ওঠে! হাতের ধ্লো ঝাড়তে ঝাড়তে চট্ করে থানিকটা পিছিয়ে গেল। দিবাকর কাঁধ কুচকে বলল, উপায় নেই মশাই, কোন উপায় নেই! এই হচ্ছে ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড! রজত অমলকে বলল, যাক, বিছানাটা লাগিয়ে ফেল্ন, তব্ও একট্র আরাম করে বসতে পারবেন। ঘণ্টাখানেকের মধ্যেই আমি ঘ্রের আসছি, তারপর ক্যানিটিনে খেয়ে নেব। এ বেলাটা এদের অল-ইন্ডিয়া-কারি আর ঘ্টটে-ব্যান্ড রুটী নাইবা খেলেন!

অমল তখনও কম্বলটার দিকে চেয়ে রয়েছে। ঘূণায় আর আতৎক তার শরীরে কাঁটা দিয়ে উঠেছে। দিবাকর তার পিঠের ওপর একটা হাত রেখে বলল, ব্রুলেন মশাই, এখানকার এই হল ব্যবস্থা আর এ ব্যবস্থা আমাদের মানতেই হবে।

অমল হঠাৎ উত্তেজিত হয়ে ওঠে, মানতেই হবে, এমন কোন বাধ্যবাধকতা নেই! এই রকম একটা অস্বাস্থ্যকর ব্যাপারের দিকে যদি আমরা অফিসারদের দৃষ্টি আকর্ষণ করি, তাহলে নিশ্চরই একটা বিহিত হবে।

রজত হো-হো করে হেসে উঠল, নতুন নতুন এই রকম মনে হবে অমলবাব; আর কিছু দিন যাক তথন দেখবেন বিহিত করার কথা মনের ধারে-কাছেও আসবে না! যাক্, আপনি আপনার কাজগ্বলো সেরে ফেল্বন, আমি আসছি ঘুরে।

রজত ব্যারাক থেকে বেরিয়ে গেল। দিবাকর আবার শুরে পড়ল তার খাটিয়ার ওপর লম্বা হয়ে। অমল তখনও সেই একইভাবে দাঁড়িয়ে আছে কম্বলটার দিকে চেয়ে।

ঘাড়টা কাং করে দিবাকর বলল, ব্রুলেন মশাই, এক কাজ কর্ন। কম্বলটা মাঠে নিয়ে গিয়ে বেশ করে ঝেড়ে ফেল্ন, তারপর ঘাসের ওপর পেতে দিন। ঘণ্টা তিন-চার কড়া রোদ পেলে ডিসিনফেকটেড হয়ে যাবে!

অমল যেন হাঁফ ছেড়ে বাঁচল। তখনই কম্বলটা নিয়ে বেরিয়ে গেল। ঝেড়েঝ্ড়ে রোদে দিয়ে আবার ফিরে এল। দিবাকর ইসারা করে অমলকে কাছে ডেকে বলল, আজ সকালে এসেছেন বর্মি?

অমল মাথা নেড়ে জানাল, হ্যাঁ।

তা ওই রজতটা আপনার সণ্ডেগ ভীড়ল কি করে?

সমস্ত ব্যাপারটা শ্বনে দিবাকর বলল, ওই চীজটির সঙ্গে একট্র সাবধানে চলাফেরা করবেন। কেন বলনেতো?

সে কথা ব্রঝতে আপনার খ্র বেশী দেরা লাগবে না। আপনাকে তো ক্যানটিনে নেমন্তয় করেছে। দেখ্র কোন দিক থেকে টোপ ফেলে!

ব্যারাকের দক্ষিণপ্রান্ত থেকে একটি ছেলে হাঁক পাড়ল, কিরে দিবাকর খেয়াল আছে কটা বাজল ?

দিবাকর আপনমনে বলে উঠল, কল্বর বলদের আবার খেয়াল থাকাথাকি কি! ঘানিতেতো জোতাই রয়েছি! ল্যাজমলা দিলেই চলতে স্বর্করব।

কয়েকটা আড়ামোড়া ভেঙে সে উঠে পড়ল। স্টকেশের চাবি খ্লতে খ্লতে অমলকে বলল, এমন আকালের জায়গা আর কোথাও পাবেন না মশাই, তেলের শিশি, দাঁতের মাজন, সাবান, এমন কি ট্থ-রাশটা পর্যান্ত বাইরে রাখার উপায় নেই!

তেল মেখে সাবান আর গামছা নিয়ে বলল, চল্বন স্নানটা সেরে আসা থাক। এখন তব্যও কলের টাটকা জল পাবেন!

অমল জামা ছেড়ে গেঞ্জিটা খ্লতে ইতস্তত করছে! দিবাকর তাড়া লাগাল, নিন মশাই তাড়াতাড়ি, আবারতো দশটায় ঘণ্টা পড়বে!

অমল জিজ্ঞেস করল, কিসের ঘণ্টা?

আর কিসের! খাওয়ার! থেয়েই ছোটো ক্লাসে। এগারটা থেকে চারটে পর্যন্ত ক্লাস। দেখনে না, সকালে একঘণ্টা পি-টি হওয়ার কথা, তার জায়গায় সাতটা থেকে ন'টা পর্যন্ত করাবে ফেটীগ।

বিদ্মিত কণ্ঠে অমল প্রদ্ন করে, ফেটীগ!

মাথার তালনুতে বাঁহাতের চেটো দিয়ে তেল ঘষতে ঘষতে দিবাকর বলল, হ্যা মশাই ফেটীগ! মিলিটারীতে এইতো মাত্র দন্নটি কাজ, প্যারেড আর ফেটীগ। বাঁধন ছিণ্ডে যাবে মশাই মাটি কাটতে কাটতে আর কুলির মত বস্তা বইতে বইতে! এরই নাম ফেটীগ।

অমল আর দিবাকর স্নানের জায়গায় এসে পে'ছিল। প্রকাণ্ড লম্বা হৌজ, ডজনখানেক কল দিয়ে তোড়ে জল পড়ছে, চারপাশে তার সিমেন্ট-বাঁধান চম্বর। ছেলেরা চারিদিক ঘিরে স্নান করছে। অমল দেখল সকলেই সাবান মাখছে, টুখুৱাশে দাঁত মাজছে! মনে পড়ল তার রিক্র্টিং অফিসের সামনে সেই ভীড়! সেখানে মান্যগন্লোকে কেমন আলাদা আলাদা চেনা গিয়েছিল! কিন্তু এখানে সব যেন মিলে মিশে একাকার হয়ে গেছে!

একটা রব উঠল, এইরে দেবদাস আসছে!

একটি বছর-বিশের য্বক ট্থেরাশ মুখে চৌবাচ্চার চাতালে এসে দাঁড়াল। অমল ভেবে পেল না এর আগমনটা হঠাৎ এমন উদ্বেগের স্যুষ্টি করল কেন!

দিবকের বলল, দোহাই দেবদাস, আমার স্নানটা হয়ে যাক। দেবদাস মুখততি ফেণা নিয়ে বলল, তুমি কি এমন যোলবছরের ছুইডিটি যে তোমার লংজা করবে?

দিবাকর তার চুলভরা বাকে সাবান ঘষতে ঘষতে বলল, কেন, লজ্জা-সরম বাঝি কেবল ছাঞ্চিদের বেলায় আর তুমি একটা বাড়োমন্দ এতগালো লোকের সামনে উলংগ হয়ে নাচবে, সেটা বাঝি খাব বাহাদারী!

দেবদাস ভারিক্কি গলায় ঘোষণা করল, এখানে যারা লঙ্জায়তী লতা আছে তারা চোখ বন্ধ কর।

অমল সবিস্ময়ে দেখল, দেবদাস সত্যিই উলংগ হয়ে মাথায় জল ঢালছে!

স্নান সেরে ব্যারাকে ফিরে দিবাকর মগ আর পেলট নিয়ে খেতে চলে গেল। অমল ভাবছিল, খাওয়াটা সেরে নিলেই হত। রজত সম্বন্ধে এই সময়ট্রকুর মধ্যে সে যতট্রকু জেনেছে তাতে তার সংগে এইট্রকু আলাপই যেন তাকে সংকুচিত করে তুলেছে।

খাওয়া সেরে ফিরে এসে দিবাকর ধারে ধারে ইউনিফর্ম পরল। কন্বলের ভাঁজের মধ্যে থেকে বার করল বইখাতা। যাওয়ার সময় অমলকে বলল, খেয়ে নিলেই পারতেন, রজতের কথাতো!

ধীরে ধীরে ব্যারাক থেকে সমসত ছেলেই বেরিয়ে গেল। কেবল একটি ছেলে আপাদমসতক কম্বল ঢাকা দিরে শুয়ে আছে। তার জরুর হয়েছে। অমল ভাবছিল, অসুখ-বিস্থ করলেও কি কেউ দেখেনা! তার ইচ্ছে হচ্ছিল ছেলেটির কাছে বসে তার একট্ব শুশুষা করে।

रन्डमन्ड रस तक्क वाहास्क प्रतक वनन, वन्न अमनवाद, थाउसावी

সেরে আসা যাক।

অমল বলল, म्नान সেরে নিন। নাঃ. সে না হয় বিকেলে করা যাবেখন।

ব্যারাক থেকে বেরিয়ে অমল বলল, আচ্ছা রজতবাব[া], ওই ষে ভদ্রলোকটির জবর হয়েছে, ও'কে দেখাশোনা করার কোন ব্যবস্থা নেই?

কেন, সিক্ এন্-সি-ও'তো সকালে ওষ্ধ দিয়ে গেছে! আবার ঠিক এগারটার সময় ভায়েট্ দিয়ে যাবে। সে বিষয়ে ভাববার কিচ্ছে, নেই! অনুষ্ঠানের বৃটী এখানে পাবেন না!

ক্যানটীনে ঢুকে ভাত আর ফাউলকারির অর্ডার দিয়ে রজত বলল, জানেন অমলবাব, শুধু এই ক্যানটীনটার জন্য আমাদের লংগরের রাহ্মা অত থারাপ! ক্যান্দেপর অর্ধেক ছেলে বোধহয় তাদের মাইনের সবটাই এখানে খরচ করে। আর মাইনেরতো ওই বহর! প'চিশ, তিরিশ, পঞাশ! তা থেকে আর বাড়ীতেই বা পাঠাবে কি?

অমল বলল, এটা কিল্তু ছেলেদের খুব অন্যায়।

আপনি তো বললেন অন্যায় কিন্তু তারাই বা করে কি? খাওয়ার জন্যইতো মিলিটারীতে ঢোকা! আর খেতেই যদি না পারল তাহলেতো মশাই বাড়ীতে পড়ে পড়ে মরতে পারত!

লংগরের রামা এত খারাপ হওয়ার কারণ?

কারণটা অতি সরল। একেবারে ত্রিশক্তি-অনাক্রমণ-চুক্তি! ক্যানটীনের মালিক টাকা খাওয়ায় ও-সি'কে খদের পাওয়ার জন্য। আবার
ওদিক থেকে লঙ্গারের কনষ্ট্রাক্টর খারাপ রামা চাল, রাখার জন্য টাকা
দেয় ও-সি'কে! আমাদের ও-সি দর্বদিক থেকে টাকা খেয়ে ছেলেদের
ডাণ্ডার ডগায় ঠাণ্ডা রেখেছেন! কেমন চমৎকার ব্যবস্থা বলনুনতা?

অমল আরও একবার আঁতকে উঠল, কি সাংঘাতিক!

মাংস আর ভাত দিয়ে গেল। আহা, মাংসের কি চেহারা! গন্ধেই জিভে জল আসে! রজত খেতে আরুভ করে বলল, আপনার ওসব চলে-টলে নাকি অমলবার;?

কি সব?°

এই একট্মআধট্ম তরল পদার্থ আর কি!

অমল শক্ত হয়ে ওঠে। ক্তজ্ঞচিত্তে দিবাকরকে সমরণ করে বলল, না। রক্তত কথার ওপর মোচড় দিয়ে বলল, আপনি যে দেখছি নিতাশ্তই বেরসিক মশাই! এটা না চলে, ডব্লিউ-স্কোয়ারের অপরটাতে নিশ্চরই আপত্তি হবে না?

বিরন্তির সনুরে অমল বলল, না আমার কোনটাই চলবে না।
এঃ এক্কেবারে নাবালক! নাঃ, আমাকেই দেখছি শেষ পর্যন্ত আপনাকে গড়েপিটে মানুষ করে নিতে হবে।

খাওয়ার স্পৃহা অমলের উবে গেছে। ভাতের শ্লেট থেকে ঝট করে হাত সরিয়ে নিয়ে বলল, তার মানে ?

রজত মৃচকে হেসে বলল, আপনিতো দেখছি আছ্ছা ছেলেমান্ষ!
রাগ না হয় আমার ওপর কর্ন, কিন্তু ভাতগ্বলো কি দোষ করল!
একট্ব থেমে কন্ইদ্বটো টেবিলের ওপর রেখে বলল, ব্যপারটা কি
জানেন? যদিমন্ দেশে যদাচারঃ। মিলিটারীতে ত্বকেছেন মিলিটারীই
আপনাকে হতে হবে। এখন না হয় ট্রেনিং-ক্যাম্পে আছেন, বেশ মজায়
আছেন! কিন্তু কোম্পানিতে যখন পোল্টেড্ হবেন, ওভারসীজ যখন
যাবেন তখনতো কেবল প্যারেড আর প্যারেড! উঠাও রাইফেল! নামাও
রাইফেল! বিদেশ-বিভূ'ই জায়গা, প্রাণটা যে হাঁপিয়ে উঠবে! ত'ই
ফ্বতি চাই, সৈনিকের জীবনে ফ্বতি চাই। কোম্পানিই আপনাকে মদ.
মাগি, সবই যোগাবে। তা না-হলে এই ক্রেদীর জীবন আর গর্বভার মত ব্যবহারে যে ক্ষেপে উঠবেন মশাই! সহ্য করতে পারবেন
না। কোন সহজ মান্বই পারে না। তখনতো ছ্টবেন বিহিত করতে?
ব্যাস, হয় ফাঁসিতে লটকে না-হয় গ্রেলি করে আপনার ভব্র্যক্রণা শেষ
করে দেবে!

অমলের সমসত শরীরটা ব.রকয়েক কে'পে ওঠে! চাপা একটা আর্তনাদ বেন ব্যকের মধ্যে আছাড়িপিছাড়ি থেতে থাকে! রজতের আবেগময় মুখখানার দিকে সে নির্ণিমেষ নয়নে চেয়ে থাকে।

রক্রত আবার বলতে আরম্ভ করে, মদ খাওয়ার অভ্যেস আমারও কোর্নাদন ছিল না। আরে মশাই বিড়ি খাওয়ার পয়সা জ্বটত না তা আবার মদ! কিন্তু এখানে খাঁসার মাসখানেকের মধোই মদ ধরেছি। বেড়ে আছি মশাই! সারাটা দিন ফাঁকিফা্কি দিয়ে কোনরকমে কাটিয়ে দিই। সম্পোর পর আপনারা যখন ওই মড়ার খাটগালোর ওপর শারে জাবর কাটেন, আমি তখন একটি পাঁট টেনে বাঁদ! তখন আমিই বা কে! আর শালা লাটসাহেবই বা কে!

অমলের কানদ্বটো ঝাঁ-ঝাঁ করছে। রঞ্জত যে ভাবে বলছে তাতে যেন লোভ লাগে!

রজত ঝ্রুকে পড়ে হঠাৎ এণ্টো হাতেই অমলের ডান হাতটা চেপে ধরল, চল্বন মাইরী, একটা দিন না-হয় চেথেই দেখনে! কোন রোগ যে হবে না সে বিষয়ে আমি গ্যারান্টি দিচ্ছি—রজতের চোখদ্টো ঘোলাটে হয়ে উঠেছে, মুখটা থুমুথুমু করছে, কথাও কেমন যেন জড়িয়ে গেছে!

অমল ঘেমে উঠেছে। তার রীতিমত ভয় করছে! ঝট করে উঠে পড়ে বলল, আমি চললমে রজ্বতবাব্ব—

বিকেল বেলা। টেকনিক্যাল-ক্লাস থেকে ছেলেরা ফিরে এসেছে। ব্যারাক আবার সরগরম! অসীম ব্যুস্ততার সঙ্গে জনকয়েক বিছানা পাতছে। কেউ কেউ স্নান সেরে ধ্বতি-পাঞ্জাবী পরছে। অমল দিবাকরকে জিঞ্জেস করল, এরা সব যাচ্ছে কোথায়?

দিবাকর বলল, নানান লোকের নানান যাওয়ার জায়গা। কেউ যাবে বাড়ী, যাদের বাড়ী কাছেই। কতক এমনি খানিকটা রাস্তায় রাস্তায় ঘ্রেফিরে বেড়াবে, হোটেল-রেন্ট্রেনেটে ম্থ-বদলে আসবে। কতক যাবে মদ আর মাগির সন্ধানে। আর কতক স্টেশনে বসে মেয়ে দেখবে।

जमन वनन, जार्भान य काथा (शालन ना?

নাঃ, বাস্তায় রাস্তায় ঘৢরতে ভাল লাগেনা। তাছাড়া বেরৄলেই তো পয়সা থরচ। আর 'ম'কার ব্যাধিটা এখনও ধরেনি! শনিবার দৄপৄরে ক্লাসের পর বাড়ী যাই আর সোমবার পি-টি'র সময় ফিরে আসি। আমি মশাই ছাপোষা মানুষ, মাগ-ছেলে নিয়ে ঘর করতে হয়, ওসব উড়ন-চড়েমি আমাদের মানায় না!

অমলের মনে হয়, দিবাকরের কথা বলার ধরণটাই কেমন যেন অশ্লীল! এরকম ভাষায় আলাপ করত্ত্বৈত তার কেমন যেন বাধ-বাধ ঠেকে। কিন্তু অনেকবার অনেকভাবে লক্ষ্য করে দ্বেখছে, নিছক অশ্লীলতা করার

জন্যতো দিবাকর এভাবে কথা বলেনা!

দিবাকর অমলের খাটের দিকে নজর করে বলল, কই অমলবাব, আপনার কদবল তুলে নিয়ে এলেন না?

অমল বলল, এই যাঃ, এক্কেবারে ভুলে গেছি!

তা ভালই হরেছে! বেশ গরম হয়েছে, শ্বের আজ আরাম পাবেন। রোজই ভাবি কম্বলটা রোদে দেব। তা কি ছাই দেওয়ার যো আছে! ড্রেসিঙের জন্য চব্বিশভাঁজ আপনাকে রোজ করতেই হবে?

অমল কম্বলটা তুলে এনে ভাঁজ করতে লাগল। দিবাকর বলল, ওরকম ভাঁজ করবেন না। প্রথমে চওড়া দিক থেকে দু'ভাঁজ করে ফেলুন তারপর লম্বালম্বি তিনভাঁজ। ব্যাস, এইভাবে পেতে রাতটা কোনমতে কাটিয়ে দিন। সকাল বেলায় উঠে ওটাকে আবার চারভাঁজ করে দেবেন, তাহলেই আপনার ড্রেসিঙের ভাঁজ হয়ে গেল!

দিবাকরের নিদেশিমত ভাঁজ করে কম্বলটা খাটিয়ার ওপর পেতে অমল বলল, এ যে অনেক ছোট হয়ে গেল, পা বেরিয়ে পড়বে যে!

তা একট্ব পড়বে বৈকি! রান্তিরে আর কতক্ষণইবা আরাম করে ঘ্রমোবেন! দ্বদিন অন্তর মাঝরাতে উঠে দ্বেদ্টা করে লাঠি ঘাড়ে টহল দিতেই হবে। তার ওপর কোয়ার্টার-গার্ড-ডিউটী আছে সপ্তাহে একদিন, সেদিনতো আপনার কোয়ার্টার-গার্ডেই রাহিবাস!

কম্বল পেতে কীটগুলো নাড়াচাড়া করে দেখল বিছানার সরঞ্জাম ওইখানেই শেষ! আর যা কিছু রয়েছে, সেতো জামাকাপড়! অমল বলল চাদর বালিশ আবার করে দেবে?

দিবাকর হো-হো করে হেসে উঠল, তব্ত ভাল যে শ্বং চাদর আর বালিশ ঢেয়েছেন! একটা বৌ যে চার্নান এই রক্ষে! তারে মশাই ওরা জানে আমরা লোটা-কম্বলওয়ালার জাত! তব্ত আমানের বরাত ভালই বলতে হবে যে, গান্ধিজীকে দেখে একটা করে ল্যাঙ্গোট দিয়েই পোষাক শেষ করেনি! চাদর, বালিশ আপনাকে বাড়ী থেকে আনতে হবে।

অমল হতভদ্ব হয়ে দিবাকরের দিকে চেয়ে আছে! শুখু একটা কদ্বলের ওপর একটা মানুষ শোবে, কি করে!

দিবাকর বলল, এক কাজ কর্ন, ফালতু জামাকাপড়গ,লো ভাজ

করে আর একটা জামার মধ্যে পাকিয়ে ফেলন্ন আর আপনার গামছাটা পেতে দিন কন্বলটার ওপর। ব্যাস, আপনার বালিশ আর চাদর দৃইই হয়ে গেল।

ব্যারাক প্রায় ফাঁকা হয়ে গেছে। বাকী যারা আছে তারা ছোট ছোট দলে নানান জায়গায় ছড়িরে আছে। কোথাও দুটো খাটিয়া জোড়া লাগিয়ে চলেছে তাস। কোথাও রাজনীতির তর্ক। কোথাও 'সপ্তায়তা' থেকে একজন কবিতা পড়ছে আর জন দুই-তিন গালে হাত দিয়ে বসে শুনছে। কোথাও কেউ নাতিউচ্চস্বরে গান ধরেছে আর বাকী সকলে দেশলাইয়ের খোলে আঙ্কুল ঠুকে তাল দিছে। কেউ লম্বা হয়ে শুয়ে আছে, কেউ খাটিয়ার ওপর উপাড় হয়ে পড়ে চিঠি লিখছে। অসমুস্থ সেই ছেলেটি মাখ থেকে কম্বলের ঢাকা সবিয়ে আর একটি ছেলের সঙ্গে গলপ করছে, অপর ছেলেটি তার মাথায় হাত বালিয়ে দিছেছে।

সংশ্যের অংধকার ঘনিয়ে আসছে। ব্যারাকেব ছোট্ট জানলাগ্রলো দিয়ে থানিকটা আলো এসে তখনও ব্যারাকের মধ্যে চ্বছে। আলো আর অংধকার পাশাপাশি যেন ব্যারাকের দেয়ালে দেয়ালে লাইন দিয়ে দাঁড়িয়েছে। ব্যারাকেব মধ্যেকার সবকটি ছেলেই প্রায় চুপ হয়ে গেছে। কেবল গায়ক সেই ছেলেটির গানের স্তিনিত স্ব তখনও ভনভন করছে। অমলের মনটা হয়ে উঠেছে ভারী। এই । বহাওয়ার বাইরে ছুটে যাওয়ার জন্য তার মনটা আকলিবিকলি করছে!

খনখন করে ঘণ্টা বেজে উঠল! অমল দিবাকরেব দিকে ফিরে চ.ইল। দিবাকর বলল, খাওয়ার ঘণ্টা।

এ দরলা, সে দবলা, ও দরজা দিয়ে অনেকগ্লো ছেলে হ্ভ্ম্ভ্ করে ব্যাবাকে এসে দ্বল। যার যার খাটিয়ার তলা থেকে মগ আর পেলট নিয়ে আবাব তারা তেমনি হ্ভ্ম্ভ্ করে বেরিয়ে গেল। দিবাকর মগ ভার্ত জল আব পেলটটা নিয়ে বলল, চল্ল অমলবাব্ দ্টী খেয়ে আসা ষাক। এ বেলাতো আর রজতের নেমন্তর নেই!

লম্জায় অমল ক্রিকে উঠল। রজতের নেমন্তন্ন-রহস্য দিবাকরও জানে নাকি! [©] কে জানে, হয়তো সে-ও একজন ভুক্তভোগী!

ওরা দ্বজনে লম্বা একটা লাইনের পেছনে গিয়ে দাঁড়িয়ে পড়ল। অমল

দেখল কিছ্বদ্রের আরও একটা লাইন। জিজ্ঞেস করল, ওদিকে সাবার লাইন দিয়েছে কারা?

ম্সলমানেরা। তাদের আলাদা লংগর কিনা।
কেন, ম্সলমানেরা বৃঝি আমাদের সঙ্গে খেতে চায় না?
মোটেই তা নয়! ওদের জাত আমাদের মত এত ঠুনকো নয়!
তবে যে আমরা বন্ডে সই করলাম জাতিধর্ম নিবিশেষে একই সঙ্গে

ব্ঝলেন না. ওটা হচ্ছে কর্তাদের স্বিধের জন্য। যতদিন ডাইনিং-হল তৈরী হয়নি ততদিন দিব্যি আমরা একই সপ্তে থেয়েছি! কিন্তু যেই ডাইনিং-হলটী তৈরী হল অমনি ধর্মের ওপর দরদ উথ্লে উঠল! জানেনতো এদের ডিভাইড-এ্যান্ড-বুল পলিসি!

একপা একপা করে ওরা এগিয়ে চলেছে। মাঝে মাঝে পাশে কাং হয়ে দেখে নিচ্ছে সামনে আর কতজন। দিবাকর ফোঁস করে উঠল, দেবেতো শালারা একচাঙড়া ভাত আর একহাতা কেলে ডাল!

অমল বলল, শুধু ডাল আর ভাত!

তা ছাড়া আর কি! কে আপনার কোলের মাগটী এখানে আছে যে তাপনার জন্যে পাঁচব্যাহ্মন ভাত বাঁধবে। তাও যদি আবার ডালভাতের চেহারা দেখেন আপনার অন্নপ্রাশনের ভাত পর্যন্ত উঠে আসবে!

অমল পরিবেশনকারীর সামনে এসে পড়েছে। পেলট পাততে বিরাট একডেলা ভাত একটা খেলতা করে তুলে তার ওপর ধপ করে ফেলে দিল। নিরেট ডেলাটা পেলটের একপাশে পড়তে পেলটটা বেসামাল হয়ে পড়ল। দ্বহাতে ধরে অমল সামলে নিল। পরিবেশনকারী খাকি করে উঠল. ক্যারে, বিলকুল নীয় রঙরুট হো?

ভাতের জন্য বিরাট এক বাথ-টাব আর টীনের ক্যানেস্তারাষ ডাল। ভাল-পরিবেশনকাবী গানের সংরে হাঁক পাড়ল—

> আরে আ যা রঙর্ট, ঘরমে মিল্তা শুখা চাপাটি, ফৌজমে মিলেগা ফ্রুবুট্, আরে আ যা রঙরাটুঁ!

অমল এগিয়ে গিয়ে ভাতশ্বন্ধ শেলটো পেতে ধরল। একহাতা ডাল শেলটের ওপর ঢেলে দিতেই খানিকটা উপছে পড়ল তার গায়ে। অমল ধমকে দাঁড়িয়ে পড়ল। তার মুখখানা রাগে থমথম করছে, সমসত শরীরটা কাঁপছে থরথর করে। দাঁতে দাঁত চেপে সে লোকটার মুখের দিকে কটমট করে চাইল। খোস মেজাজে পরিবেশনকারী ততক্ষণে তার পরের কলি ধরেছে—

> আরে আ যা রঙরুট. ঘরমে মিল্তা ফাট্রা কাপ্ড়া, ফোজমে মিলেগা স্ব-উ-ট্, আরে আ যা রঙরুট!

দিবাকর পেছন থেকে অমলকে আন্তে ঠেলা দিল। অমল গেল এগিয়ে। তখনও তার চোখদুটো ঝাপসা হয়ে রয়েছে। সে ভার্বাছল, দরিদ্রনারায়ণ সেবার নামে কাঙালাভোজন সে অনেক দেখেছে। কিন্তু এরা অম্ন বিতরণ করছে কাদের!

চমংকার সান্ত্রনা! অমল একথা এই একটী দিনের মধ্যে বহুবার শ্নেছে। মন বিরোধী হয়ে উঠলেও সে চুপ করে থকে।

দিবাকর বলে চলেছে, এই হল ইণ্ডিয়ান ষ্ট্যাণ্ডার্ড ! একজন ইণ্ডিয়ানের জন্য দৈনিক খাইখরচ বাবদ গভর্পমেন্ট বরান্দ করেছে পাঁচ-আনা। বেচারা কন্ট্রাক্টরতো আর অক্সছত্তর খুলে বর্সেনি !

ভাইনিং-হলে এসে ওরা ঢ্বকল। লম্বা একটা হল, সিমেন্ট-করা মেঝে। বসার বন্দোবদত ছেলেরা ইট কুড়িয়ে এনে নিজেরাই করে নিয়েছে। খাচ্ছে উব্ হয়ে বসে সামনে শ্লেট রেখে। দিবাকরকে দেখতে পেয়ে একটা কোণ থেকে একটী ছেলে হে'কে উঠল, এই দিবাকর, কাঁচা লঞ্চা আছে রে?

দিবাকর অন্ধলকে বলল, আস্কৃন ওইদিকে। হাফ-প্যান্টের পকেট থেকে একটা কাঁচালঙ্কা বার করে ছেলেটীর হাতে দিয়ে তার পাশের ইটটায় বসে পড়ল। দুরে একটা ইট ক্রিখিয়ে অমলকে বলল, ওইটা টেনে নিয়ে বসে পড়ন অমলবাব।

ইট না নিয়ে অমল এমনি উব্ হয়ে বসল। দিবাকর বলল, জানেন অমলবাব, এই সমর প্রথমদিন ভাতের পেলট ছুড়ে লাজ্যরীদের মেরেছিল! তার জন্য ওর শাস্তি হয়েছিল পিঠঠু-প্যারেড়।

অমল জিজ্জেস কবল, পিঠঠু-প্যারেডটা আবার কি জিনিষ?

দিবাকর বলল, জিনিষ অতি মনোহর। একটা প্যাকের মধ্যে অন্তত আধমণ ইউপাথর পানের পিঠের ওপর ঝালিয়ে দেবে। তারপর করাবে মার্চিং। প্রথমে কুইক-মার্চ, তারপর ডবল-মার্চ, তারপর মাথার ওপর দা্হাত তুলে ডবল-মার্চ! সমর বলেই তাই সামলাতে পেরেছিল। কত ছেলে যে মশাই লটকে পডে!

সমর বলে উঠল, কিন্তু ছেলেরা এ সব জ্বল্ম খ্ব বেশীদিন সহ্য করবে না। সহ্যেরওতো একটা সীমা আছে!

দিবাকর বলল, কি আর করবে! একট্ন ট্যাঁ-ফ্র্ল করলেইতো দেবে কোম্পানিতে চালান করে!

দ্ব'একজনেব বেলায় ওই রকমই হবে কিন্তু সব ছেলে মিলে একবার বে'কে দাঁড়ালেই বাছাধনরা ঠাওা!

ওই আনন্দেই থাক! তোমার বিশমণ তেলও পুড়েছে আর রাধাও নেচেছে! শালা কনট্রাক্টরতো জম দার, হ'বিলদার, আর তার লেজ,ড়দের জন্যে আলাদা রাহ্রা করে খাওয়াচ্ছে। তুমি ও-সির কাছে গিযে নালিশ করবে, খানা খারাপ—আব জমাদার, হাবিলদার গিয়ে বলবে, বহং আচ্ছা খানা স'ব, ঘরমেভি ঐসা নহি মিল্তা। ব্যাস তুমি হয়ে যাবে রিঙ্গাভাব! ও-সি দিবাচক্ষে দেখতে পাবে ক্যান্পের মধ্যে চলেছে কনস্পিরোস-ফর-মিউটিনি! অমনি তুমি চালান হয়ে যাবে ঠান্ডি-গারদ। আর আমরা বিজ্ঞের মত মাথা নেড়ে বলব সমরটার নিশ্চয়ই মাথা খারাপ —স্থান, ক.ল, পাত্তর বোঝেনা! আমিতো যা ব্রিঝ, ম্খটী ব্জেকানমতে দিনগত পাপক্ষয় করে যাও। আরে বাবা ব্রুলে না আপনি বাঁচলে বাপের নাম!

ভাতের প্লেট অমলের সামনৈ যেমনকে-তেমনি পড়ে রয়েছে। সে

কানে শ্নছে দিবাকরের কথা, আর চোখে দেখছে তার থেকে কিছুদ্রে একটী ছেলের কাণ্ড! ভাতের প্লেটটা উল্টে দিয়ে সে চিৎকার করছে, শালারা যদি আমাদের কয়েদী মনে করে থাকে তাহলেতো লপসী দিলেই পারে! ক্ষণেকের জন্য ছেলেটী তার চারপাশের ছেলেদের ম্থের দিকে তাকিয়ে থাকে। হঠাং সে একলাফে এগিয়ে যায় লংগরখানার দিকে, চিৎকার করে ওঠে, চল্, শালাদের লংগরে আজ আগ্নে ধরিয়ে দেব।

দিবাকর অমলকে ঠেলা দিয়ে বলল, খেয়ে নিন অমলবাব,। ও ব্যাপার এখনে হামেশা ঘটছে। লাভের মধ্যে ছোঁড়াটার আজ আর খাওয়া হলনা। খাওয়ার পালা শেষ করে সব ব্যারাকে ফিরেছে। আবার সব আপন আপন দলে ভাগ হয়ে আন্ডা জমিয়েছে। অমল আশ্চর্য হয়ে দেখে ব্যাবাকে ফেরার পর খানার কথা বোধহয় কারও একবর্ণ মনে নেই!

দিবাকর হাতম্থ মুছে গামছাটা মশারীর দড়ির ওপর মেলে দিয়ে বলল, এতেও শালাদের মন ভরেনা। এরপরও আবার রোল-কল! যেন খোঁরাড়ে গর্-গিণতি করবে!

দিব। কর আর অমলকে এক-একিখিলি পান দিয়ে সমর বলল, জানিস জগং সিংহিটা দেখি রেলওয়ে-কোয়ার্টারের রকে বসে রয়েছে।

দিবাকর বলল, টে'শো ছুইড়িগ্রলো নাকি সব ওর প্রেমে পড়ে গেছে! হ্যাঃ, আর লোক পেলেনা কিনা! কোনদিন মারধার খাবে আর কি! তা কি আর করবে বল। সাবাদিনটাতো কাটছে এদের হ্রুম তামিল করতে। যে সময়ট্রুকু ফাঁক পায় সে সময়টা নিয়ে কি করবে তাই বল? আমলেব দিকে ফিরে বলল, আছো অমলবাব্ আপনিই বল্বন, একটা জোয়ান-সোমন্ত প্রুষ-বাটোছেলে, তার মনের খোরাকতো কিছু চাই! কিন্তু এবা তার কোন ব্যবস্থাটা করেছে? তাই মন তাজা রাখার জন্য মদ, মাগি, গ্রন্ডাবাজি করে বেডায়!

আমল বলল, কেন, আমরা নিজেরাইতো একজাগায় বসে একট্র-আধট্য পড়াশ্না, গান-বাজনা, খেলাধ্লো করে সময় কাটাতে পারি।

আপনি যতটা সহজ করে বললেন অমলবাব, কাজটা কিন্তু অত সহজ নয়। ওরকম কিছ্ম একটা করতে পারলেতো আমরা মান্য হয়ে যেতুম—দিবাকর যেন ঝিমিয়ে যায় জ্বাপন মনেই বলতে থাকে, ব্রিথ. কাজগালো খ্বই খারাপ। আমি ওকে বারণও করেছি। কিন্তু বার-বার মনে হয় এই ছেলেগালোতো আগে এমন বদ ছিলনা! কিন্তু মিলি-টারীতে তাকেইবা এমন কেন হয়।

হুইসিল্ বেজে উঠল সঙ্গে সঙ্গে হাঁক, রুলকলকে লিয়ে ফল-ইন—ছেলেরা আড়ামোড়া ভেঙে মাথায় ফোরেজ-ক্যাপ লাগিয়ে গজগজ করতে করতে মাঠের দিকে চলল। একজন ল্যান্স-নায়েক ছড়ি ঘোরাতে ঘোরাতে ব্যারাকের এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত হে'কে চলল, ব্যারিকমে কোই নহি রহেগা, চলো সবকোই রুলকলমে—

রোল-কলে দাঁড়িয়ে অমল দেখল অনেক লোক, অন্তত পাঁচ-ছ'শতো বটেই! ব্যারাক ব্যারাক ভাগ হয়ে চতুজ্কোণ আকারে দাঁড়িয়েছে। হাবিলদার সাহেব হাঁকলেন, ঠিক্সে স্কের-ফরমেশনমে ফল্-ইন্—

দিবাকর অমলকে বলল, হাবিলদার কি বলল বল্নতো?

অমল বলল, ওই যে স্কের-ফরমেশন না কি যেন।

বলল স্কোয়ার ফরমেশন।

অমল খ্রুকখ্রক করে হেসে উঠল। দিবাকর বলল, সাবধান, ও বেটা যদি দেখতে পায় তাহলে আর রক্ষে রাখবে না।

বারকয়েক এরাটেনশান, জ্যান্ড-এরট-ইজ হওয়ার পর পার্ট-ওয়ান্
-অর্ডার পড়া স্বর্ হল। একটী লোক অন্যর্গল অন্ভূত একটা শব্দ করে
চলল। অমল ফিসফিস করে জিজ্ঞেস করল, কি ভাষা বলছে ?

पिताकत तलल, त्ताभान छेम्, ।

তারপর ব্যারাক-কমান্ডারদের রিপোর্ট। ব্যারাকের নম্বর ধরে হাবিল-দার ডাক দের আর ব্যারাক-কমান্ডাররা তড়বড় করে কি সব যেন বলে। অমল তার একবর্ণও ব্রুবতে না পেরে দিবাকরের স্মরণাপন্ন হল, কি বলছে ওরা?

দিবাকর বলল, ব্যারাকের লোকের হিসেব দিচ্ছে। ওই যে বলল, দো রাহধারী—তিন সিক—বাকী ঠিক, তার মানে দ্বজন ছন্টী নিয়ে বাইরে গেছে, তিনজনের অস্থ, বাকী সকলে রোল-কলে হাজির।

অমল বলল, কিন্তু বাইরে গেছেতো অনেকে!

দিবাকর হেসে উঠল, বুঝলেন না ব্যাপারটা, চোরেরাই যদি কনন্টেবল

হয় তাহলে আর চোর ধরবে কে!

রিংপার্টিভের পালা শেষ হলে হাবিলদার সাহেব কোথায় যেন গেলেন ! দিবাকর বলল, গেল জমাদার সাহেবের কাছে রিপোর্ট দিতে। তিনি হয়তো উপত্ত হয়ে পড়ে গা ডলাই-মলাই করাচ্ছেন! যাক্, সে শালা যে আর্সেনি সেই মণ্ডল! এলেইতো তাঁকে একটা সেলাম করতে হত!

অমল জিজ্ঞেস করল, আচ্ছা দিবাকরবাব, এই হাবিলদার জমাদাররাও কি রেলের কাজে ভর্তি হয়েছে?

দিবাকর বলল, মোটেই না, এরা হচ্ছে রেগ্লোর-ফোর্সের লোক। এদের এনেছে আমাদের মিলিটারী ট্রেণিং দিতে!

কিন্তু এরা যে একেবারে অশিক্ষিত।

সেই জনাইতো ডিসিপ্লিন এত ভালো রুত করতে পারে।

মিনিটখানেকের মধ্যেই হাবিলদার সাহেব ফিরে এসে হ্রুম দিলেন, র্লকল—ন্ট্যান্ড-এ্যাট-ইজ—ন্ট্যান্ড-ইজি। সবকটা লাইন থেকে জামার খসখস, গলাঝাড়া নাকঝাড়ার শব্দ একই সংগ্রুম মুখর হয়ে উঠল।

দিবাকর বলল, এইরে মেরেছে! এইবার শালার লেকচার সন্ব**্হবে।** অন্তত আধটী ঘন্টা গর্ভ-যন্ত্রণা!

হাবিলদার সাহেব গলা ঝেড়ে বললেন, শ্নেন জোয়ান্, ডিস্পিলিন্কা বারেমে লেচ্কর্। সির্ফ্ দো বাত্। পহেলি বাত্—
হ্কম্ মানো। হ্কম্ মান্নেকা তরিকা ক্যা হ্যায়? কান খ্লো—
মতলব্, গওরসে হ্কম্ শ্নেনা। আঁখ্ খ্লো—মতলব, আচ্ছাসে দেখ্কর্
আপনা কাম্ সমঝ্লেও। মৃহ্ মত্ খ্লো—মতলব্, কভি কোইভি
কাম্ ইন্কার মত করো।

অমলের পাশ থেকে চাপা গলায় কে যেন বলল, ডিসিপ্লিন সম্বন্ধে এমন টনটনে জ্ঞান না হলে আর তোমার মত মেড়াকে হাবিলদার বানিয়েছে! ছিলোতো যাদ্ব ঝাড়্বদার, হিটলারের দোলতে হয়েছ হাবিলদার!

দ্বস্রী বাত্--হাবিলদার সাহেব বারকয়েক পায়চারী করে বললেন, ফৌজমে কভি কিসিকি সাথ্ ভাই-বিন্দি মত্ করো।

আবার চাপা স্বর, তা করবে কেন! কেবল ছোঁড়ার তালে ঘোরো।
ক্যৌ কি ইসকা নতিজা বহুত্ বুরা হোতা হ্যায়—দাঁড়িয়ে পড়ে

হাবিলদার সাহেব বলে চললেন, তব্ শ্বনো য়েক্ কিস্সা-

চাপাস্বর সরব হয়ে উঠল, তোমার গ্রন্থির পিন্ডি! শালা কিস্সা বলার আর জায়গা পেলে না! ভেবেছ, দ্বনিয়াটা ব্রিঝ তোমারই মত আকাট!

কিস্সা স্র হল ঃ রাম সিং হিন্দ্স্তানী ফৌজকা য়েক্ সিপাহি। ছ্নিট্রপর যব্ ঘর্ গয়া, উস্কা ওয়াদিবিগেরা দেখকর্ উস্কা ভাই শ্যাম সিংকা বহত্ লালচ্ পড়া। য়োভি ফৌজমে ভাতি হোনেকে লিয়ে রাম সিংকা কহা। রাম সিং উস্কো বহত্ মানা কিয়া ঔর্ বহত্ কুছ্ সম্ঝায়া। শ্যাম সিং নহি মানা। রাম সিং ছ্রিট খতম্ হোনেকো বাদ্ উস্কোভি সাথ লায়া। শ্যাম সিং ফৌজমে দাখিল হো গয়া।

একট্ থেমে নীরব শ্রোতাদের ওপর চোথ বালিয়ে নিয়ে বলে চললেন, শ্যাম সিংকা বহত্ সরাপ পিনেকা আদত্ থা। য়েক্ রোজ শ্যাম সিংনে রাম সিংকো কহা, 'ভাইয়া, রাল্কল্মে মেরা হাজরী দে দেনা, ময়য় থোড়া দেরকে লিয়ে বহার যাউ৽গা।' রাম সিং ভাই-বিন্দিসে শ্যাম সিংকো হাজির কর্ দিয়া। উধর্ হায়া কয়া ? শয়ম সিং মাতোয়ালা হালত্ পর্ রেলমে কাট্ গয়া। সবেরে ও-সি সাবকে পাস রিপাট্ আয়া। রাম সিং ঝাটা হাজরী দেনেকো লিয়ে পকড় গয়া। উস্কা বহত্ শক্ত সাজা মিলা ওর সাথই সাথ নোক্রিসেভি বর্খাসত কর্ দিয়া—

করেকটী সরব দীর্ঘ*বাস পড়ল, তুমিওতো সরাপ-টরাপ খাও বাবা. তুমি কবে কাটা পড়বে ?

হাবিলদার সাহেব স্বরের পদ্ব আরও খানিকটা চড়িয়ে বললেন, আভি দেখো জোয়ান ভাই-বিশিকা ক্যা নতিজা হ্রা। রাদ্ রাখো, আইন্দা কভি কিসিকা সাথ ভাই-বিশি মত করো।

রোল-কল শেষ হলে ব্যারাকে ফিরে অমল খাটিয়ার ওপর বসে পড়ল।
শরীরটা বিষম ক্লান্তিতে ঘিরে ধরেছে, ইচ্ছে করছে শ্রেষ পড়তে। কিন্তু
গামছা-পাতা বিছানা দেখে তার সমসত মনটা বিষিয়ে ওঠে। ব্যারাকের
মধ্যে কর্মতিংপরতা আবার কিছুটা বেড়ে গেছে। জনকয়েক মশারী ফেলে
দিয়ে ছোট ছোট দলে কোথায় যেন বেরিয়ে গেল।

অমল জিল্লেস করল, এত রাতে আবার এরা কোথায় খাচ্ছে?

দ্বাকর বলল, কোথায় আর যাবে! শীকারের সন্ধানে। অমূলের মনটা বিগড়ে যায়। সব ছেলেই কি বেশ্যাবাড়ী যায়! না না, সকলেইতো যায় না, দিবাকর যায়নি, সমর যায়নি, আর ওরাওতো যায়নি। ঢাকনি-ঢাকা আলোর তলায় বসে কেমন স্কুদ্র তাস খেলছে!

দিবাকর অমলের কাঁধে একটা টোকা মেরে বলল, দেখতে যদি চান, দেখন ডানদিকের ওই কোনটায়।

সেদিকে চেয়ে দেখে অমল বলল, ওখানটাতো অন্ধকার!
চেয়ে থাকুন কিছুক্ষণ তবেতো দেখতে পাবেন।

অমল চেয়ে রইল। দেখল, ছোট্ট একটা লাল আলো ঘ্রুরে ঘ্রুরে দপ করে জ্যুলছে আর নিভছে! জিজ্ঞেস করল, ব্যাপারটা কি?

দিবাকর বলল, ওটা হল আমাদের ব্যারাকের আবগারী বিভাগ। এখন চলেছে গঞ্জিকাপর্ব !

অমল আঁতকে ওঠে. গাঁজা খাচ্ছে! এরা কারা?

এরা? এরা আপনার আমার মতই ভদ্রলোক।

অমলের যেন কথাটা বিশ্বাস হয় না। মনে পড়ে তার মিলিটারী চাকরি নেওয়ার কথায় মিনির মন্তব্য, মাগো, মিলিটারীতেতাে যত ছোট-লোক ভার্ত হয়। এইটাই কি সত্যি!

দিবাকর জামাকাপড় ছেড়ে ল্বজি পরে মশারীর মধ্যে **ঢ্বকতে ঢ্বকতে** বলল, নিন্, শ্রে পড়্ন অমলবাব্ব, খামখা বসে থেকে আর লাভ কি! এসব ব্যাপার যত দেখবেন ততই মন খারাপ হবে।

অমলও শ্রে পড়ল। হঠাৎ তার মনে হল, এ কোথার সে এল! দিবাকর ডাকল, অমলবাব;?

বল্ন-

আপনি কেন এখানে এলেন বলনেতো?

এ ছাড়া আর যে কোন রাস্তা খ'লে পাইনি!

বলেন কি! বি, এ, পাশ করেছেন তব্ও রাস্তা খ্রাজ পেলেন না! তাহলেতো আমার কথাই ওঠে না। চাকরি একটা করছিলাম বটে মার্চেন্ট আফিসে। চারবৃছর ধরে চাকরি করেছি একপরসাও ইনক্রীমেন্ট পাইনি। যে কুড়িটাকাতে সরুর, অনাদি অনন্তকাল ধরে সেই কুড়িটাকাই চলেছে।

জানেনতো বাঙালী বাড়ীর কারবার! থেতে পাও আর না পাও আগেভাগে বিয়েটী দেওয়া চাই। একুশবছর বয়সে বাবা আমার বিয়ে দিলেন।
তখন কিছ্ব কি আর ভাববার বা ব্রুঝবার সময় পেয়েছি। উঠতি ষৌবন,
রক্ত গরম! বিয়ে মানে, একটী মেয়ে আমার পাশে শোবে! ভাবতেই
গায়ে কাঁটা দিয়ে ওঠে! তার ওপর নতুন চাকরিতে ঢ্কেছি, কত আশা!
চারবছর কেটে গেছে, দ্টী ছেলেমেয়ে, একটী পয়সাও আয় বাড়েনি।
জিনিষপত্তর আক্রা হতে স্বর্হল, সংসার ক্রমেই অচল হয়ে পড়তে লাগল।
প্রথমে বড় মেয়েটার দ্ধ বন্ধ হল তারপর কচিটারও। তাতেও কি শানায়
মশাই! বাবা ঘ্যানর-ঘ্যানর স্বর্হ করলেন। সবই যেন আমার দোষ!
মাইনে বাড়ছেনা, তাও আমার দোষ! জিনিষপত্তরের দাম বাড়ছে, তাও
আমার দোষ! আর দ্টৌ সন্তানের জন্ম দিয়েছি, সেইটাই বোধহয় আমার
সবচেয়ে বড় দোষ! আমার মত অবস্থায় নিশ্চয়ই আপনি পড়েননি?

অমল বলল, না, আমার অব>থা একট্র অন্যরকম। কিন্তু আপনি বিবাহিত, ছেলেমেয়ে আছে, আপনাকে ্রুত বাধা দিলে না?

আরে মশাই হ্যাঃ! বাধা সব শালাই দেয়! বাধা দিয়ে কি তারা উপোষ করে থাকবে নাকি! উপায় নেই স্কুশাই! যুদ্ধের ঠেলায় মরতে আমাদের হবেই সে বাড়ীতে বসে উপোষ করেই হোক! আর লড়াইয়ের মাঠে গ্রনি খেয়েই হোক!

বাইরে থেকে সোরগোলের একটা শব্দ এল। ব্যারাক-সেন্ট্রী খুব কড়া মেজাজে কাকে যেন ধমক দিচ্ছে। একট্র পরেই গোঙানির একটা শব্দ বারান্দা থেকে ছিটকে এল, কোন শালা বলে আমি মাতাল!

ব্যারাক-সেন্দ্রী হাঁক পাড়ল, যাও চুপ করে শ্ব্রে পড়, মাতলাম করার জায়গা এটা নয় রজত।

দিবাকর বলল, এই হল এখানকার রাতের জীবন অমলবাব্। রক্ষতটা রোজ মদ গিলে আসবে আর এমনি হল্লা করবে। এরপর জগৎ সিংহিটার পালা। তার সে প্রেমকাহিনী শ্বনতে শ্বনতে কান ঝালাপালা হয়ে যাবে। তারপর এ লাইনেও নিতানতুন রঙর্টতো আছেই! তাদের কেউ এসে হড়হড় করে বমি করবে! কেউ পায়খানা-পেচ্ছাব করবে! কেউ ফ্রপিয়ে ফ্রপিয়ে কাঁদবে!় কেউ হাঃ-হাঃ করে হাসবে! সে যেন

এক আজব ব্যাপার স্বর্ হয়ে যাবে!

জনুকয়েক রজতকে ধরাধরি করে নিয়ে আসছে। রজত ধৃতাধািত করছে আর পরিত্রাহি চে'চাচ্ছে। দিবাকর বলল, ওদিকে কান দেবেন না অমলবাব, আপনি ঘ্রমিয়ে পড়ুন।

চোখ বন্ধ করতেই অমলের মুখ দিয়ে বেরিয়ে পড়ল, ওঃ—মাঃ—

সংতাহখানেক কেটে গেছে...

সকালের ফেটিগ শেষ হয়েছে, ছেলেরা একে একে ব্যারাকে ফিরছে। দিবাকর আর অর্ণ কথা কইতে কইতে দরজা দিয়ে ঢ্কল। দিবাকর বলে উঠল, দেখলেতো রজত শালা কতবড় হারামি!

অর্ণ বলল, হারামির আর কি হল! বল, কেমন ওচ্তাদ! নিজের কাজটি কেমন গ্রেছিয়ে নিল।

দিবাকরের কথা শ্বেন অমল ভেবেই পেল না রজত ল্যান্স-নায়েক হওয়ায় দিবাকর হঠাং এমন ক্ষেপে উঠল কেন! দিবাকরইতো তাকে কতবার মতলব দিয়েছে দরখাসত লেখার জন্য টাকা নিতে। দিবাকর বলেছে, 'কেন নেবেন না মশাই! অন্য কেউ হলেতো নিত। অফিসের হেডক্লাক' মিত্তিরতো শ্ব্যু দরখাসত পেশ করার জন্যই সিকিটা, আধ্লিটা নেয়। আরে মশাই, আপনিতো আর দেশের কাজ করার জন্য এখানে আসেননি, এসেছেন ট্বু-পাইস্ করতে।'—তবে রজতের বেলাতেই তার এত রাগ কেন!

সমর দিবাকরের কাঁধ ধরে একটা ঝাঁকানি দিয়ে বলল, শুধু রজতের দোষ দিলে চলবে কেন দিবাকর, দোষ হচ্ছে আমাদের এই মধ্যবিত্ত জাতটার! আমরা যে কুত্তার জাত!

অর্ণ সমরের দিকে তেড়ে গেল, কুন্তার জাত মানে? খবরদার জাত তুলে কথা বলবেন না।

সমর বলল, নিশ্চয়ই, আমাদের জাতটারই দোষ। আজ আমি রজতের মত বাগাতে পারিনি বলেই হিংসেয় তাকে গাল দিচ্ছি। আপনি কি বলতে পারেন বুজতের রাস্তা ধরতে আপনার ইচ্ছে করছে না?

অর্ণ পা ঠাকে বলল, কক্ষণো না! আপনার মত ইতর আমি নই।

সমর হেসে উঠল, এইতো মশাই, সত্যি কথাটাও স্বীকার করতে সাহস হল না!

অর্পের হাঁক-ভাক একট্র জোরই হয়েছিল। ঝগড়া মনে করে অনেকে এসে ঘিরে দাঁড়িয়ে মজা দেখছে। কোথা থেকে রজত ভীড় ঠেলে একেবারে মাঝখানে এসে বলল, আমি বারণ কবে দিচ্ছি, এসব আলে।চনা যেন আর কোন্দন আমার কানে না আসে!

রজতের কথা শ্বনে অমল তার ম্থের দিকে ফ্যালফ্যাল করে তাকিয়ে রইল। রজতের ডানহাতে নতুন দ্বীইপটা ঝকমক করছে।

দিবাকর বলল, তুই থাম রজত, ষ্ট্রাইপতো একট লাগিযে নিয়েছিস! তোরতো কেল্লা ফতে!

রক্ত দিব।করকে লক্ষ্য না করে সমরকে বলল, আমার সম্বশ্থে কেউ কোন আলোচনা করতে পারবে না. এ আমি সাফ বলে দিচ্ছি।

অমল খাটিয়া ছেড়ে উঠে দাঁড়াল। একটা মানুৰ এত অলপ সময়ের মধ্যে এমন সাংঘাতিক বদলে যায় কেমন করে। রজতকে আবও কাছ থেকে দেখার জন্য ভীড ঘোষে দাঁডাল।

সমর বলল, চোখ রাঙিয়ে মুখ বন্ধ করবে নাকি ই রক্ত চিৎকার করে উঠল, আলবং

অমল ফস কবে বলে ফেলল এতখানি ক্ষমতা একজন ল্যান্স-নায়েককে দেওয়া হয়নি!

দিবাকর বলে উঠল, দ্যাথ রজত তোর কেন্নার্মাত জানতে আর বাকী নেই। যে উপায়ে তুই ল্যান্স-নায়েক হর্মোছস সেই উপায়ে তুই হাবিল-দারও হবি! সেই ব্যবস্থাই কর্মে যা!

বজত হ**ু**ওকার দিয়ে উঠল, দিবাকর খুব বেশী বাডাবাড়ি করছ। বলে দিছি, তোমার মুখ থেকে যেন আর একটা কথাও না শুনি।

দিবাকর থতমত খেয়ে গেল। আজ প্রায় তিনমাস সে মিলিটারীতে ভার্ত হয়েছে। মিলিটারী আইন ও শ্তখলার যেট্কু নম্না সে এই সময়ের মধ্যে দেখেছে তাতে এরপর আর একইণ্ডিও এগোন চলে না।

বজত ভীড় ফাক করে অমলের মুখোম্খি দাঁড়িয়ে বলল, এখানে একজন গ্রাজ্যেটের কদর একটা মোড়ুদার বা লাণগরীর চেয়ে এক কাণা- কড়িও বেশী নয়! এখানে কদর হচ্ছে এই ফিতের! ব্রুবলেন?

অর্ণ এতক্ষণ সিগারেট ধবিয়ে রিঙ-প্রাকটিশ করছিল। রক্ষতের কথাটা তার মনঃপত্ত হওয়ায় খ্কেখ্ন করে হেসে উঠল। আর জনকরেক অধীর আগ্রহে অমলের মুখের দিকে রইল চেয়ে।

আমলের মুখখানা রাঙা হয়ে উঠেছে। রজতকে সে বলল, গ্রাজ্ব-য়েটের কদর মানুষের কাছেই হয়, মদের বোতল আর বেশ্যাবাড়ীতে নয়!

রজত মারম্বেথা হয়ে অমলের দিকে একপা এগিয়ে গেল। অন্য সকলের খ্শীতে-ফেটে-পড়া হাসির চোটে সে থমকে দাঁড়িয়ে পড়ল। একট্ ইতস্তত করে বলল, আচ্ছা, সে মীমাংসা এখনই হয়ে য়বে—হনহন করে সে বেরিয়ে গেল।

একটী ছেলে দে**নৈড়ে** এসে অমলের হাতটা ধরে ঝাঁকানি দিয়ে বলল, বড় জব্দর বলেছেন দাদ,—বাকী ছেলেরা ব্যাপারগতিক দেখে সন্ড্সন্ড করে ছড়িয়ে পড়ল!

দিবাকর বলল, তাইতো ব্যাপারটা বড় গেলমেলে হরে গেল! অমলের হাতটা ধরে তাকে টেনে এনে নিজের খাটিয়ার ওপর বসিয়ে দিয়ে বলল, আপনি কেন কথা কইতে গেলেন বলনেতো।

অমল বলল, সকলেব কথার মধ্যে আমিও কথা বলেছি, হঠাৎ আমার ওপর ক্ষেপে ওঠার কারণ কি!

সে আপনি ব্ৰুবেন না অমলবাব্। একজন গ্ৰাজ্বযেট হয়ে কেন যে আপনি মিলিটারীতে ত্ৰুলেন!

সমর এসে দিবাকরের খাটিয়ায় বসল। দিবাকর বলল, কি করা যায় বলতে সমর?

সমর বলল, দ্যাথ দিবাকর, যা করলে অমলবাব, শাস্তি থেকে রেহাই পেতে পারেন সে কাজ আমি ও'কে করতে বলতে পাবব না। তার চেয়ে আমি বলব শাস্তি মাথা পেতে নিতে।

অমল আঁতকে উঠল, তাহলে তার শাহ্নিত হবেই! কি শাহ্নিত হতে পারে? পিঠঠন প্যারেড! বনুকের মধ্যেটা তার চিপচিপ করে উঠল। ক্যাম্পশন্ম্প ছেলৈ তাকে দেখবে পিঠঠন প্যারেড করতে! ওই অর্ণ আর তার দল তাকে টিটকিরি দেবে! আর রজত প্রাণখনলে তার ওপর মাতব্বরী করবে! হঠাৎ অমল উঠে দাঁড়াল। নাঃ, এখনই সে রজতের সঙ্গে একটা বোঝাপড়া করে ফেলবে! না-হয় সে ক্ষমাই চাইবে! কিন্তু পিঠঠু প্যারেড! না, না, তা সে কিছুতেই পারবে না!

সমর আর দিবাকর একই সঙ্গে অমলের মুখের দিকে চাইল। অমল দেখল বিষয় মুখে সমর তার মুখের দিকে চেয়ে রয়েছে আর দিবাকরের মুখখানা ব্যথায় দ্লান হয়ে গেছে। অমল ধপ করে বসে পড়ল। অন্তত এই দ্বজন সমব্যথির সামনে দিয়ে সে কাপ্রুর্ষের মত রজতের কাছে গিয়ে ঘাড় হেট করে দাঁড়াতে পারবে না।

দিবাকর বলল, আমার আজ হঠাৎ কেমন মেজাজটা চড়ে গেল। নিজেদের মধ্যে যা ইচ্ছে করনা কেন আমি সইতে রাজি আছি। কিন্তু বিভীষণদের আমি বরদাসত করতে রাজি নই।

অমল খাটিয়ার ওপর চিং হয়ে শ্রেরে পড়ল পা'দ্রটো তার ঝ্লছে. সমস্ত শরীরটা থরথর কবে কাঁপছে। কি তার ভাগ্যে ঘটতে চলেছে সে কিছুই আন্দাজ করতে পাবছে না।

দিবাকর বলে উঠল, বোধহয এযাত্রা আপনার ফাঁডা কাটল অমলবাব;। জেমস খুড়োতো গাড়ীতে স্টার্ট দিচ্ছে।

সমর আড়ামোড়া ভেঙে অমলকে একটা ঠেলা দিযে বলল, উঠ্ন অমলবাব,, স্নানটা সেবে আসা যাক। জেমস স'হেব যখন চলেই গেল তথন নিশ্চয়ই রজতটা তেমন সূত্রিধে করতে পারেনি।

সমর উঠে গেল। দিবাকর উঠে তেল মাখতে স্বর্ব ববেছে। অমল উঠি-উঠি করেও যেন উঠতে পারছে না! মাথায় তেল ঘষতে ঘষতে দিবাকর বলে উঠল, ও মশাই, জ্ল্লাদ ব্যাটা যে এইদিকেই আসছে।

জন্লাদটী হল রেল কোম্পানির ওয়াচ্-এ্যান্ড-ওয়ার্ড ডিপার্টমেন্টের সেপাই, করে ট্রেণিং-ক্যাম্পের দারোয়ানী, তার উপরি কাজ হল পিঠঠ্ প্যারেড করান। এ বিষয়ে সে এমনই কর্তব্যপরায়ণ যে ছেলেরা তার পিকৃদত্ত নামটাকে সংশোধন করে নিয়েছে!

জ্ঞাদ বাইরে থেকে হাঁকল, অমলবাব, মিত্তিরবাব, সেলাম দিয়া।
দিবাকর খি'চিয়ে উঠল, সেলাম কেন বলছ বাবা, বল বাঁশ দিয়া!
মাঠের ওপর দিয়ে যেতে যেতে অমল ভাবছিল, কি হতে পারে!

শাস্তি যদি কিছ্ম হত তাহলেতো জেমস সাহেব নিশ্চয়ই ডেকে পাঠাতেন। অফিসম্বরের জানলা দিয়ে অমল মূখ বাড়াল, বুকটা তার দুরদুর করছে।

মিত্তির অমলকে দেখেই তেড়ে উঠল, মনে করেছেন কি আপনারা ? অমলের কান ঝাঁ-ঝাঁ করছে, দাঁত দিয়ে সে ঠোঁট কামড়ে ধরেছে। মিত্তির বলল, এরকম ছেলেমান্যি করলেন কেন বলন্নতো ?

বিস্মিত দ্ভিতৈ অমল মিভিরের মুখভাব যাচাই করতে থাকে! তার স্বরে যেন সহানুভূতির ছোঁয়াচ! অমল বলল, ছেলেমানিষ মানে!

হ্যাঁ হ্যাঁ, ছেলেমানবি! এখানে ওসব চলে না। এখানে গ্রেরে কদর নেই মশাই! এখানে কদর তাদেরই যারা কুকুরের মত প্রভুভক্ত।

অমল বলল, কিন্তু আমিতো কোন অন্যায় করিনি। রজতবাব্র সঞ্জে খানিকটা বচসা হয়েছে. সেটাতো আমাদের ব্যক্তিগত ব্যাপার!

মিত্তির বলল, ব্যক্তি-ফ্যক্তি এখানে কিছ্ব নেই মশাই। এখানে একদল হ্বকুম করে আর অপর দল মৃথ বুজে হ্বকুম তামিল করে। রজত এখানকার হালচাল সুন্দর বুঝেছে কিন্তু আপনি কিছুই বোঝেননি!

অমল মাথা নীচু করল। তার মুখখানা থমথম করছে।

মিত্তির বলল, যাক, অলেপর ওপর দিয়েই আপনার ফাঁড়া কেটেছে। আপনার সবচেয়ে বড় দোষ কি জানেন? আপনার ওই ডিগ্রী। একে আপনি বাঙালী তায় আবার গ্রাজ্বয়েট! আপনিতো মশাই মারাত্মক জীব! যাক, শেষ পর্যন্ত আপনাকে কেবল কোম্পানিতে পোষ্ট করেছে।

অমলের চোথ কপালে উঠে গেছে! ম্থটা হাঁ হয়ে গেছে! অস্ফ্রট একটা শব্দ তার মুখ দিয়ে বেরিয়ে এল, আমার বিচার হয়ে গেছে!

মিত্তির অমলের কাঁধে হাত রেথে বলল. হ্যাঁ অমলবাব, এখানকার র্নীতিই এই। রজত যে ল্যান্স-নায়েক, তার কথার আবার যাচাই কি!

ক্যাম্প থেকে বেরিয়ে অমল সোজা বাড়ীর পথ ধরল।
কোম্পানিতে পোণ্ট হওয়া মানেইতো লড়াইয়ের মাঠে যাওয়া!
অমলের মন দমে গেছে। বাড়ীর সকলকে মনে পড়ছে, চেনাজানা সকলেই
যেন তার সামনে ভীড় করে দাঁড়িয়েছে! আরতো এদের সঙ্গে দেখা
হবে না!

অন্যমন্দকভাবে অমল এগিয়ে চলেছে। পথে শ্চনা এক ভদ্রলোকের সংগে দেখা। অমল আঁতকে ওঠে, গ্রন্থে নিশ্ব ভানাকাপড় দেখে নিয়ে যেন আশ্বদত হয়। ভাগ্যে সে মিলিটারী পোষাকে রাদতায় বেরোয়নি! তাহলে হয়তো এই ভদ্রলোক তার সংগ্যে কথাই বলতেন না! মিলিটারী পোষাকে দেখলে কি আর তিনি ভাবতেন না যে, সে-ও একটি লম্পট, মাতাল, গ্রন্ডা! এইতো দিনকয়েক অংগে তার ব্যারাকেব জনকরেক ছেলে সন্ধ্যের অন্থকারে একটি মেয়ের ঘরে জ্যের করে চ্বেকছিল। মেয়েটি ভয় পেরে চেচিয়ে ওঠে। বা-তর লোক জমা হয়ে ছেলেগ্রলোকে আছ্ছা করে মার লাগায়। এতে নাকি তাঁদের সৈনিকোচিত মর্যাদা ক্ষরে হয়! তাবা ক্যাম্পে ফিরে দল পাকিয়ে সেই বিদিত আক্রমণ করে। রীতিমত মারামারি হয়, জনকয়েক জথমও হয়। একথা কি আর কলকাতা সহরে জানাজানি হয়ে যায়নি।

ভদলোক জিজ্জেস করলেন, কি অমল, কি কবছ এখন ^২ অমল বলল, এই রেলের একটা কাজ।

ভদুলোক খুশী হযে বললেন, তা বেশ, তা বেশ। যা হোক্ একটা কাজে লেগে পড়া ভাল। আর আমার ছেলেটা এতদিন বসে বসে আছা দিয়ে এখন গিয়ে ঢ্কেছে মিলিটাবীতে। ছি ছি, কি কংড বলতে! লোকের কাছে মুখ দেখাতে পারি না! তাছাড়া সে কি আব বেচেফরবে! যদি একান্তই বাঁচে, তখন কি আর ভদু সমাজেব যে গ্য থাকবে! কি করব বাবা, যার যেমন কপাল—ভদুলোকের চোখদ্টো ছলছল কয়ে উঠল। অমলের মাথায় হাত বেথে আশীবাদ কয়ে বললেন, মানুষ হও বাবা, বাপের মুখ উজ্জবল কব।

অমলের ইচ্ছে করে ছুটে পালিয়ে যেতে। ঢোঁক গিলে, ফ্যাকাশে মুখে ভদলোকের কাছে বিদায় নিয়ে সে হনহন করে হাঁটতে থাকে।

বাড়ী পেণছৈ কড়া নাড়তে, বিণি দরজা খুলে দিল। অমলকে দেখে ক্ষেত্রটা পলকের জন্য রিণি স্তম্ভিত হয়ে তার মুখের দিকে চেয়ে থাকে। তারপর দোড়ে খানিকটা ভেতরে গিয়ে চিংকার কবে উঠল, ও বাবা, মেজদা এসেছে— মাঝপথে থমকে দাঁড়িয়ে পড়ে, ছুটে এসে অমলকে জড়িয়ে ধরে কে'দে ওঠে।

অমল রিণিকে কোলের মধ্যে টেনে নিয়ে বলল, কিরে, ভেরেছিলি ব্যথি মেজদা মরেই গেছে।

রিণি চোথ মূছে বলল, ধ্যাং— তবে যে কে'দে ফেললি?

কে'দেছি ব্রঝি! অমলের হাতটাকে ব্রকের মধ্যে জড়িয়ে ধরে রিণি ঘরের দিকে চলতে থাকে।

রিণির হাঁকডাকে সকলেই উঠে এসেছেন। ঠাকুমা বললেন, কই, দাদার আমার ধড়াচুড়ো কই? এযে দেখছি ভদরলোকের পোষাক!

কেন, মিলিটারী পোষাকে ব্রঝি ভন্দরলোকের মত দেখায় না ?

ও বাবা, গোরাপল্টনের নামে আমরা মঞ্চা যেতাম!

অমল ব্রুল, মিলিটারী সম্বন্ধে ধারণা, তার ব,বা, ঠাকুমা, পিতৃবন্ধরু আর মিনি সকলেরই এক! বোধহয় তার নিজেরও ওই একই ধারণা! সৈনিকের স্বপক্ষে বলার মত প্রবৃত্তি তারও মনে জাগে না।

ননীগোপালবাব্ বললেন, তা এখন বাড়ী এলি ষে! আজ ছুটী নাকি?

না, আজ ছন্টী নিয়েছি, কালকে কোম্পানিতে বদলি হচ্ছি কিনা!
এইতো কদিন মাত্র ভার্ত হাল, এরই মধ্যে বদলি করছে যে?
কাজ শিখে নিয়েছি কিনা, তাই বোধহয় কোম্পানিতে পাঠাচছে।
ননীগোপালবাবন ধমক দিয়ে উঠলেন, বোধহয় মানে কি? তোকে
বদলি করছে, আর তুই জানবি না, বদলি করার কারণটা কি!

ক্ষণেকের জন্য অমল দমে গেল। মনে পড়ল তার এই কদিনের সৈনিক জীবনের অভিজ্ঞতা আর আজকের ব্যাপার! এই র্ড় সত্যকে আর যেন সে চেপে রাখতে পারে না, বলল, মিলিটারীতে কাজ চলে হাকুমের ওপর। কারণ তারা জানায় না।

তাহলে মাইনেও নিশ্চয়ই বাড়বে ? তার কোন ঠিক নেই।

রামাঘর থেকে ঠাকুমা ননীগোপালবাব কে ভাকলেন ৷ যাওয়ার জন্য উঠে ননীগোপীলবাব বললেন, কিছ্ইতো দেখছি তুমি ভান না! তুমি কি তবে নিজেকে বিকিয়ে দিয়েছ নাঞ্ছি! মিনি চা নিয়ে এল, রিণি এসে অমলের গা ঘে'ষে দাঁড়াল। চায়ে চুম্ক দিয়ে অমল রিণিকে বলল, অমন চোখ পাকিয়ে কি দেখছিসরে?

রিণি চাপা গলায় যথাসম্ভব অমলের কানের কাছে মুখ নিয়ে বলল, আচ্ছা মেজদা, মিলিটারীতে ঢ্কলে মান্য নাকি খারাপ হয়ে যায়? কে বলল?

আমরা শুনেছি। বলনা?

অমল ভাবছিল, কি কৈফিয়ং সে দেবে! আজতো আর সে আলাদা একটা মান্য নয়, আজ সে সমুহত সৈনিকের প্রতিনিধি! কৈফিয়ং তাকে একটা দিতেই হবে। জিজ্ঞেস করল, কি রকম খারাপ শ্নি।

तिर्गि भिनित्क रोला पिरा वलन, जुरे वल पिपि।

र्मिन काथ नामित्र वनन, जाता मकत्नरे नाकि मन थाय ?

অমল মিনির গাশ্ভীর্য দেখে হেসে ফেলল, দ্র বোকা! সকলে মদ খেতে যাবে কেন? যাদের ইচ্ছে হয় খায়, তাবার আমার মত আরও অনেকে আছে, যারা মদ খায় না।

রিণি হাততালি দিয়ে নেচে উঠল, দেখলিতো, আমি বলেছিল্ম। মিনি বলল, আমিওতো বলেছিল্ম!

পাশের ঘর থেকে ঠাকুমা ডাকলেন. অরে অ অমি, বলি শোননা এদিকে, তোর মিলিটারীর গলপ শানি। অমল এলে বললেন, হাাঁরা. তোদের খেতে দের কেমনরে?

ক্ষণেকের জন্য অমল ইতস্তত করে, তারপর বলে যায়, থাওয়া? অটেল! রোজ মাংস. তরিতরকারি প্রচুর. সকাল-বিকেল জলখাবার! ঠাকুমা বললেন, কিল্তু তোর শ্রীরতো খারাপ হয়ে গেছে! ভীষণ খাটনি কিনা!

ঠাকুমা রাল্লাঘরের দিকে যেতে যেতে বললেন, কি কি খাবি বল ? তোর বাপ বাজারে গেছে মাছ আনতে।

অমল বলল, জিনিষ অঢ়েল হলে কি হবে, রাঁধতে কি আর তারা জানে! তুমি যা রে'ধে দেবে, তাই ভাল লাগবে ঠাকুমা।

মার্চেণ্ট অফিসের কেরাণী বিমল বাড়ী ফিরল সন্থ্যে উৎরে। এরকম সন্থ্যে তার প্রায়ই হয়। সে কাড়ীতে ফিরলেই মিনি রিণির মুখ যায় শর্কিয়ে। একে তার মাইনে কম, তায় আবার খাট্রনি বেশী! কাজেই তার মেঁজাজটা খিট্খিটে। অমলকে জিজেন করল, কতক্ষণ এলিরে?

অমল বলল, তা প্রায় ঘণ্টাদ্রয়েক হল।

আজ থাকবি, না আবার চলে যাবি?

नाः, थ्यारप्राप्तराष्ट्रे हत्न याव।

বিমল জামাকাপড় ছাড়তে চলে গেল। অমল উঠে এসে বসল রাম্লাঘরের দাওয়ায়। তার কেমন যেন অস্বৃহ্নিত লাগছে! সকলেরই ব্যবহারের মধ্যে কেমন যেন একটা ছাড়া-ছাড়া ভাব! কোথা দিয়ে কেমন ভাবে যেন একটা ব্যবধান গড়ে উঠেছে!

জামাকাপড় ছেড়ে, ল্বিংগ পরে বিমল অমলের কাছে এসে বসল। জিজ্ঞেস করল, হ্যাঁরে তোর মাইনে কত তারিখে দেয়?

শ্বনেছিতো তিন-চার তারিখ।

তাহলে টাকাটা বাড়ী পাঠাবার কি ব্যবস্থা করবি?

নিজেই এসে দিয়ে যাব, এখনতো কাছাকাছি রয়েছি। আর যদি একান্তই না আসতে পারি, তাহলে মণি-অর্ডার করে দেব।

না না, মণি-অর্ডার করতে হবে না। আমি না হয় নিজেই গিয়ে— বিমলকে কথা শেষ করতে না দিয়েই অমল বলল, না না, তোমার যেতে হবে না। হয়তো আমার সঙ্গে দেখাই করতে দেবে না!

দেখা করতে দেবেনা মানে? আন্দার নাকি! সোলজার হয়েছিস বলেতো আর স্লেভ হয়ে যাসনি?

অমল চমকে উঠল, সোলজার আর স্লেভ! এই দ্বয়ের মধ্যে যে পার্থক্য থাকা উচিত, তা কি আছে তাদের মধ্যে!

বিমল আবার জিজ্জেস করল, তোদেরতো ওভারসীজ যেতে হবে ? তাতো হবেই।

তাহলে এইবেলা একটা ইন্সিওর করে ফ্যাল।

ইন্সিওর! আমি করব! তার কি দরকার পড়ছে?

বিমল গশ্ভীর হয়ে গেল। কিছ্মুক্ষণ চুপ করে থেকে বারকয়েক কেশে বলল, ভেবেছিল্ম, কথাটা তুমি ব্রুবে। তোমার ওপরই ছিল আমাদের ভরসা সবচেয়ে বেশী। কিন্তু তুমি যথন মিলিটারীতে ঢ্কেছ তখনতো আর ভরসা করা যায় না। এখন যদি তোমার একটা ভাল-মন্দ কিছ হয় তাহলেতো সংসারটা যাবে ভেসে! ইন্সিওর একটা করা থাকলে তব্ও দুটোদিন যোঝা যাবে!

এ কথার পর বিমল উঠে ঘরের মধ্যে চলে গেল। অমল একা বাইরে বসে আছে। অনেক কথাই সে এতাদিন ভেবেছে। মিলিটারীতে ভর্তি হওরার আগে থেকে আজকের দুটেবি পর্যক্ত! কিল্কু মৃত্যু যে তার এত কাছে একথাতো কোর্নদিন মনে হয় নি!

ঠাকুমাকে তাড়া দিয়ে অমল খেতে বসল। আর যেন সে পারছে না এই বাড়ীর মধ্যে থাকতে! অমলের খাওয়ার মাঝামাঝি কমল ছেলে পাড়িরে ফিরে এল। জকেতা খলেই খাওয়ার জায়গায় এসে অমলকে বলল, তুমি কিন্তু ভীষণ ভুল করেছ মেজদা! অনায়াসে কিংস-কমিশন পেতে পারতে।

ঠাকুমা জিজ্জেস করলেন, সেটা অবার কি?

কমল বলল, মিলিটারী-চাকরী, তবে অফিসার হয়ে। স্টাটিঙিই হত সাড়ে তিনশ! আমিতো ভাবছি, ত্বকে পড়ব!

হাতের ভাত অমলের হাতেই রয়ে গেল। চমকে উঠে সে কমলের দিকে চাইল। তার ইচ্ছে হল প্রাণপণে চিংকার করে ওঠে, না না কমল মিলিটারীর মধ্যে তুই কিছাতেই ঢাকিসনি! আমার মতন করে তুই নিজেকে বিকিয়ে দিসনি! শাধ্ব দ্বাঠো ভাতের জন্য তুই শেলভ হতে যাসনি!

কিন্তু গলা দিয়ে তার একটি কথাও বেরিয়ে এল না। কেবল আতথ্কিত দ্বিউতে সে কমলের মুখের দিকে ফ্যালফ্যাল করে চেয়ে রইল!

তিন

সন্ট্রেশ সাজিয়ে অমল আবার তার অভিযানের জন্য তৈরী হল।
মন্তমেন্ট-অর্ডারটা আর একবার দেখে নিয়ে সযঙ্গে পকেটের মধ্যে রাখল।
ব্যারাকটার একপ্রান্ত থেকে অপরপ্রান্ত আরও একবার চেয়ে চেয়ে দেখল।
তার মনে হল, সৈনিকের জীবনটাই বৃত্তিবা যাযাবরের জীবীন!

করে মাঠটা প্রদক্ষিণ করছে। অমল চোথ কু'চকে দেখল, দিবাকর তার মধ্যে আছে কিনা। বারবার তার দিবাকরের কথা মনে পড়ছে। কিন্তু আর কি কোনদিন দিবাকরের সংগ্য দেখা হবে! সতিটে এই ট্রেনিং সেন্টারটা একটা সরাইখানা! মনটা তার হাঁপিয়ে ওঠে। ক্যান্দেপর ওই কাঁটাতারের বেড়ার মধ্যে যেন তার দম আটকে আসছে। জার কদমে সে গেটের দিকে এগিয়ে চলল। একটি ছেলে হনহন করে হে'টে যাছিল, বারেক থমকে দাঁড়িয়ে জিজ্জেস করল, কি দাদা চললেন? কোথায় যাছে, কেন যাছে, সেকথা জানার জন্য সে অপেক্ষাও করল না! বোধহয় তারা সকলেই জানে এই ট্রেনিং-সেন্টার থেকে মানুষগ্রলো কোথায় যায়!

চলেছে এগিয়ে গেটের দিকে, গতি তার মন্থর হয়ে গেছে। গেটের কাছাকাছি সড়কের দুইপাশে গুটীকয়েক ছেলে ইট বসাছে। তাদের মধ্যে থেকে একজন বলে উঠল, চললেনতো দাদা স্লাটার-হাউসে?

অমল থমকে দাঁড়িয়ে পড়ল। তার ইচ্ছে হল, ছেলেটীর কাছে কৈফিরং চায়, কেন সে কোম্পানিকে স্লটার-হাউস বলল! কিন্তু উপায় নেই। তাদের সামনে এক ল্যান্স-নায়েক ছড়ি হাতে দাঁড়িয়ে।

ক্যাম্প এলেকার বাইরে এসে স্টেকেশটা নামিয়ে অমল রেললাইনের ওপর বসল। তার মনের মধ্যে ওই একটা কথা বারবার ঘোরাফেরা করছে। স্লটার-হাউস! এই কথাটার সঙ্গে সঙ্গে একটি দৃশ্য তার চোখের ওপর ভেসে ওঠে। একটি লোক একপাল ছাগল-ভেড়া তাড়িয়ে নিয়ে চলেছে। পর্রাদন সকালে সেগ্লোকে কেটে, ছাড়িয়ে, 'ফার্ড্ট-ক্লাশ' ছাপ মেরে ঝ্রালিয়ে রাখবে মাংসের দোকানে। মাংসাশী মান্বেয়র দল ভীড় করে দাঁড়াবে সেগ্লোকে ঘিরে। অকসমাং তার মনটা সন্দিশ্ধ হয়ে ওঠে। আত্থেক তার সমস্ত শরীর শিরশির করতে থাকে। সাত্যইতো স্লটার-হাউস! যুদ্ধের ময়দানে যাওয়া মানেইতো মৃত্যু!

মনে পড়ে প্রথমদিনে সেই প্রহরীর সাবধান-বাণী, 'এখনো পালিয়ে বাঁচতে পারেন!' কিন্তু কোথায়! পালানর কথা ভাবতে ভাবতে অমল আবার চলতে লাগল। কিছু দুরেই দেখা গেল রেল-কোম্পানির মাঠ লোহার রেলিং •িদয়ে ঘেরা। তার ভেতরে সার-সার তাঁব্, দুরে থেকে কেমন যেন রহসাময় মনে হয়। দেখুত দেখতে অমল গেটের দিকে

এগোচ্ছিল। মাঠের মধ্যে চলেছে প্যারেড, ছোট ছোট অনেকগ্রলো দল একই তালে পা ফেলে, হাত দ্বলিয়ে, একই সঙ্গে ডাইনে-বাঁয়ে, সামনে-পেছনে যাচ্ছে আসছে! সকলেরই পরণে মিলিটারী পোষাক, থাকি প্যান্ট, সার্ট, মাথায় শোলার হ্যাউ—একেবারে পাকা পণ্টন!

रलप्-र, कामन् प्रशात-

অমল আঁতকে পেছনে সরে যেতে গিয়ে প্রায় পড়ে গিয়েছিল আর কি! ব্বেকর ভেতরটা তার ধড়াস-ধড়াস করছে! তার ব্বকের ওপর সভিগন উ'চনো! রাইফেলধারী লোকটি তার ব্বকের মধ্যে সভিগনটাকে বসিয়ে দেওয়ার জন্য একেবারে তৈরী!

সেন্দ্রী হ্রজ্কার দিল, বোলো, কোন হ্যায়?

গেটের পাশ থেকে একজন নায়েক বেরিয়ে এল। সেন্ট্রীর উদ্যত রাই ফেলটা এক ঝট্কায় নামিয়ে দিয়ে খের্কিয়ে উঠল, খ্ব বাহাদ্রী হয়েছে দিনদ্পুরে হ্ব কামস্ দেয়ার! কেন, চোখের মাথা খেয়েছ নাকি?

সেন্দ্রী জিভকেটে সোজা হয়ে দাড়িয়ে বলল, এই যাঃ, আমি এক্কে-বারে ভূলে গেছি!

নায়েক সাহেব খি°চিয়ে উঠল, তা যাবেনা, তা না হলে আমার পাছায় বাঁশটা যাবে কি করে! তোমার এই কীর্তি যদি কোন অফিসারের চোধে পড়ত, তাহলে এতক্ষণে এই ফিতেদ্বটো খ্বলে রাইফেলটি ঘাড়ে নিয়ে তোমার মত দারোয়ানী করতে হত।

সেম্ব্রী মরমে মরে গিয়ে ক্ষমা প্রার্থনা করল। নায়েক সাহেব অমলের। সামনে এসে বলল, আপনার কি দরকার মশাই এখানে?

অমল বলল, আমি এই কোম্পানিতে পোণ্টেড হয়েছি—ম্ভমেন্ট অর্জারটা তার হাতে দিল।

মুভ্মেন্ট-অর্ডার দেখে নিয়ে নায়েক সাহেব বলল, আসনুন আমার সঙ্গে।

গেটের মধ্যে ঢুকে কয়েকটা তাঁব্ব পাশ কাটিয়ে একটা তাঁব্র সামনে গিয়ে ওরা দাঁড়াল। নায়েক সাহেব অমলকে অপেক্ষা করতে বলে ভেতা চলে গেল। একট্ব পরেই বেরিয়ে এসে বলল, আস্ক্র, ক্লমাদার সাহেশ ডাকছেন।

তাঁবর মধ্যে ঢ্রকতেই জমাদার সাহেব খের্কিয়ে উঠলেন, স্টুকেশ্টী বাইরে রেখে এস। তোমার ওই মহামূল্য রত্ন কেউ চুরি করবে না।

অমলের সমসত শরীরে যেন বিষ ছড়িয়ে দিল। স্টকেশটা বাইরে রেখে আবার তাঁব্র মধ্যে ঢ্রুল। জমাদার সাহেব হাতছানি দিয়ে তাকে কাচে ডাকলেন। টেবিলের সামনে গিয়ে অমল হাত তুলে নমস্কার করল।

জমাদার সাহেব তাড়া দিয়ে উঠলেন, ওসব সিভিলিয়ানী কায়দা এখানে চলে না, ব্বুঝলে? বারকয়েক অমলের আপাদমস্তক দেখে নিয়ে বললেন, তা বাব্বুর চেহারাটীতো দেখছি বেশ নাড়্বগোপালের মত! আর সাজপোষাকটীও একেবারে লক্কাপায়রা-মাক্র! কিন্তু ওসবতো এখানে কান কাজে লাগবে না।

বিস্ফাবিত চোখে অমল জমাদার সাহেবকে দেখতে থাকে!

জমাদার সাহেব অমলের চোথের উপব চোখ রেখে বললেন, বিষ েহলে একট্র-আধট্র আছে দেখছি! আচ্ছা, বিষদাঁত ভাঙার বন্দোবস্তও এখানে আছে। তোমার ওই কাকেববাসাব মত চুলে আজই কদমছাঁট দতে হবে, ব্রুবলে?

অমলের পাশে দাঁড়িরে নায়েক সাহেব হাসি চাপবার চেষ্টা করছিল।
মল বারান্তরে জমাদার সাহেব আর নায়েক সাহেবের ম্থের দিকে ফিরে
ফরে চাইছিল। এটা রসিকতা না অন্য কিছু।

জমাদার সাহেব বললেন, চাট্যয়ে, তোমার ওপর ভার রইল, এর চুল এন আজই কাটা হয়।

নায়েক চাট্রয্যে বলল, আমি যে স্যার আজ গার্ড-কমান্ডার।

কুছ পরোয়া নেই, অর্ডারলি এন-সি-ও'কে বলে দেবে এটা আমার ,কুম। আর একে অর্ডারলি এন-সি-ও'র কাছে হ্যান্ডওভার করে দাও।

অর্ডারলি এন-সি-ও'র কাছে অমলকে হ্যান্ডওভার করে দিয়ে নায়েক সাট্বয়ে বলল, তুমি যেন আবার এ'র ওপর দরদ দেখাতে যেও না। কেন শ্বাইপটা ঘোচাবে! জানইতো এখানকার হালচাল!

ল্যান্স-নায়েক দত্ত অমলকে বলল, চল্ন, একে একে কাজগ্বলো সেরে ফেশা যাক—চলত্বে চলতে অমলের বিমর্ষ ম্থখানার দিকে তাকিয়ে বলল, খ্ব খাবড়ে গেছেন বোধহয়? সদাসত হয়ে উঠে অমল বলল, না না, ঘাবড়াবার কি আছে!
আছে বৈকি। যেখানে মান্য নিয়ে কারবার অথচ মন্যাড়ের নামশীশ্ও নেই সেখানে যে কোন মান্য নিশ্চয়ই ঘাবড়ে যাবে।

বিস্মিত দ্থিতৈ অমল ল্যান্স-নায়েক দত্তর মুখের দিকে তাকিরে তাকিরে দেখে। ভাবে, এওতো একজন ল্যান্স-নায়েক, তবে!

ল্যান্স-নায়েক দত্ত বলল, জমাদার দাসগ্রুতটী একটি অপুর্ব চীজ! লোকটার মন এত নোঙরা যে আমারতো সন্দেহ হয় ও কোনদিন কোন ভদ্রপরিবারে মানুষ হয়েছে কিনা!

অমল তখনও নিজেকে সামলাচ্ছে, ভাবপ্রবণ হওয়ার জায়গা এটা নয়! নিছক ভদ্রতার খাতিরে বলল, এতটা রুচু হবেন না।

ল্যান্স-নায়েক দত্ত হেসে বলল, ঠিকই বলেছেন। এতটা রুড় বোধহয় হওয়া উচিত নয়। কিন্তু প্রতি পদে পদে রুড় ব্যবহার সহ্য করে আর বুড়ে ব্যবহার করার শিক্ষা পেয়ে মনটা সত্যিই অনেক রুড় হয়ে গেছে।

কোম্পানি-অফিসে নামধাম লেখান হল। কীটস নেওয়া শেষ হলে ল্যান্স-নায়েক দত্ত বলল, চলান, আপনার সীটটা দেখিয়ে দিই—

লম্বা লম্বা সারিতে তাঁব, খাটান। তারই একটার সামনে দাঁড়িয়ে ল্যান্স-নায়েক দত্ত বলল, উপস্থিত আপনি এই তাঁব,তে থাকুন, অন্য তাঁব,গুলো সবই ভর্তি।

একশআশি পাউণ্ড তাঁব্। তার মধ্যে লম্বালম্বি দ্বলাইনে আটখানি খাটিয়া। ছ'টা সীটে বিছানা ড্রেসিং করা রয়েছে, কারদাটা সেই ট্রেণিং-ক্যাম্পের ছকেই। একটা খালি খাটিয়ার ওপর কীটসের বোঁচকাটা নামিয়ে রেখে অমল বলল, আপনার নামটা জানতে পারি কি?

ল্যান্স-নায়েক দত্ত বলল, জেনে বিশেষ লাভ নেই, দুদিন পরেই আবার ভুলে যাবেন। ল্যান্স-নায়েক দত্ত বলেইতো আমাকে ডাকতে হবে। নাম ধরে ডেকে বন্ধুত্ব করা এখানে চলবে না!

অমল বলল, তাহলে এখন আমাকে কি করতে হবে?

আপনাকে কিচ্ছা করতে হবে না। এই আমাদের দিয়ে আপনাদের ঘাড়ে ধরে সর্বাকছা করিয়ে নেবে। সেইজনাইতো এই ফিতেটী দিয়ে দাটি টাকা বেশী দেয়—ডানহাঢ়ের ফিতেটাকে দেখিয়ে বলল, আর এই-

টিকৈ বজায় রাখবার জন্য আমাকে দেখাতে হবে যে আমি খুব সুখে আছি! আর করতে হবে আপনাদের সঙ্গে কুকুর বেড়ালের মত ব্যবহার। অমল বলল, তবে ওই ল্যান্স-নায়েকগিরি ছেড়ে দিলেইতো পারেন?

ওরে বাবা, তাহলে কি আর রক্ষে থাকবে! কুক্রের মত এদের পারের তলায় পড়ে ল্যাজ নাড়ন, আপনার দ্ব'শ থাতির! কিন্তু মান্বের মত মাথা উ'চু করার চেচ্টা যদি করেছেন অমনি বাবের মত ঘাড়ের ওপর ঝাঁপিয়ে পড়বে—উত্তেজনায় ল্যান্স-নায়েক দত্ত পায়চারী করতে থাকে। হঠাৎ দাঁড়িয়ে পড়ে কি একটা বলতে গিয়ে সে থমকে গেল। একটী ছেলেকে ওইদিকে আসতে দেখে গলাটা নামিয়ে বলল, আমার আবার এসব কথা আপনাদের সঙ্গে কইতে নেই। যাক, একট্র সাবধান হয়ে কথাবার্তা কইবেন। জমাদার সাহেবের চরেরা কিন্তু তাঁব্রর মধ্যে টিকটিকির মত ওৎ পেতে থাকে!

অমল কম্বলে বাঁধা বোঁচকাটা খুলে বসল। কম্বল দুখানা ভাঁজ করে পাশে রাখল। মশারীটা মাথায় প্রায় ওরই সমান উচ্চু। এইরকম ঢাল, তাঁব্র মধ্যে টাঙাবে কি করে! আবার ভাবল, অন্য ছেলেরা যা কবে সে-ও তাই করবে। ব্টজোড়া তুলে ধরে সে হেসে ফেলল, দুটোর ওজন বোধহয় পাঁচসের! তার ওপর আবার বলে দিয়েছে, তলায় কাঁটা বসাতে। ওঃ সে কি বিশ্রী শব্দ হবে! ঠিক যেন পাহারাওয়ালাদের মত। গরম মোজা, গরম হোসটপ, গরম পট্টি—এই দার্ণ রোদ্বরেও পায় জড়িয়ে রাখতে হবে! কিল্ডু এইতো, ল্যাল্স-নায়েক দত্তইতো কেমন সহজভাবে ঘুরে ফিরে বেডাচ্ছে!

খাকি সেল্লার সার্টদ্টো তাকে বেশ ফিট করেছে। কিল্তু প্যাণ্টদ্টো যে অল্ভুত! না ফ্ল, না হাফ! ন্টোরের অর্ডার্রালটী বেশ বলেছে, দেড়তলা প্যাণ্ট! এ প্যাণ্ট নাকি মর্ভুমি এলাকার সৈনিকদের জন্য। কিল্তু ন্টোর-হাবিলদার যে বলল, কেটে হাফ-প্যাণ্ট বানিয়ে নিতে। তবে কি তারা ওভারসীজ ষাচ্ছে না! গোঞ্জদ্টো পারতাল্পিশ নম্বর! পরলেতো হাঁট্ প্র্যান্ত ঢাকা পড়ে ষাবে! অমলের হাসি পেল, ঠিক যেন মেয়েদের সেমিজ! প্যারেড ভাঙার সংগ সংগ্র ছেলেরা তাঁব,তে ফিরল। অমলদের তাঁব,র ছ'জনের মধ্যে পাঁচজন যুবক আর একজন প্রোঢ়। প্রোঢ় আর চারজন তথনই মগ আর পেলট নিয়ে ছুটল। অবশিষ্ট ছেলেটি, রসিদ, অমলকে বলল, আজ এলেন বৃঝি?

অমল বলল, হ্যা।

রসিদ মাথা থেকে হ্যাটটা খুলে বিছানার ওপর ছুুুুুুুুু দিয়ে প্যাণ্টের ভেতর থেকে সার্টটা টেনে টেনে বার করতে লাগল। অমল রসিদের হাফ-প্যাণ্টার দিকে নজর করে দেখে বলল, আপনার প্যাণ্টটাতো দেখছি বেশ ফিট করেছে।

ফিট কি আর সাধে করেছে! এক একটী প্যাণ্টের পেছনে লেগেছে দেড়টী টাকা।

কিন্তু এই গোঞ্জগুলোও কি ফিট করাতে হবে?

কি দরকার পড়ছে! ওগুলোতো আর প্যারেড-ইন্সপেকশনের সময দেখা যাবে না—একট্ব থেমে আবাব বলল, তাছাড়া ওগুলো বড় হওয়ায ভারী একটা স্ক্রবিধে হয়েছে। এই দেখ্ন না—প্যান্টটা একেবারে খ্বলে ফেলে বলল, ইচ্ছে করলে শ্বধ্ব এই গোঞ্জটা পরে সমস্ত ক্যাম্পটা ঘ্ববে আসতে পারেন!

अभन दरत्र छेठेन, ठा या वरनएहन।

রাসদ খাটিয়ার ওপর বসে বটে মোজা খ্লে পট্টিটা পাকাতে পাকতে বলল, আপনি খেয়েছেন ?

ना।

তাহলে আর একট্ব অপেক্ষা কর্ন, আমি চট করে গোসল সেরে আসছি। আর এখন গিয়েই বা লাভ কি, অন্তত আধঘণ্টা লাইন দিয়ে দাঁড়িয়ে থাকতে হবে—তাঁব্র পর্দাটা সরিয়ে সে ইনার-ফ্লাপের মধ্যে থেকে বার করল ল্থিগ, গামছা আর তেলের শিশি। অবাক হয়ে অমল রসিদের কার্য কলাপ দেখছিল!

রসিদ বলল, কি করি বলনে, শালাদের সাফাইয়ের যা বহর! এসব জিনিস বাইরে রাখার উপায় নেই, তাহলেই টেনে নিয়ে য়ৃাবে, আর ফেবং চাইতে গেলেই চার্জ-সীট!

স্নান সেরে ফিরে রসিদ অমলকে বলল, ওসব এখন **ভূলে** রাখ**ুন,** আমি সব ঠিক করে দেবখন।

খাওয়ার জায়গায় গিয়ে অমল দেখল সে আর রসিদ একই লাইনে দাঁড়িয়েছে। জিজ্জেস করল, এখানে বর্ঝি একটা লংগর?

র্নাসদ বলল, দুটো আর করবে কেমন করে! লাজ্গরীতো মোটে ছ'টা। অমল যথন পেলট পাতল তথন সে একট্ব আশ্চর্যাই হয়েছিল। দেখল লাম্স-নায়েক দত্ত আর একটী ছেলে পরিবেশন করছে! অমলের প্লেটে তরকারি দিয়ে ল্যাম্স-নায়ক দত্ত রাসদকে বলল, এই ভন্দরলোককে একট্ব দেখ রাসদ, উনি আজ নতুন এসেছেন।

খাওয়া সেরে অমল আর রসিদ তাঁব্তে ফিরে দেখে তাঁব্র দরজা ফেলা। রসিদ বলল, স্বর্ হয়ে গেছে। অমল সপ্রশ্ন দ্ণিটতে ফিরে চাইল। রসিদ বলল, খাওয়ার পর ছোটকক্ষে চলেছে!

ধোঁয়ায় ভর্তি তাঁবন্টার মধ্যে চনকতেই দর্গাদ্ধে অম্প্রেক্ট্র'গা-বমি করে উঠল। পাঁচজনে দর্খানা খাটিয়ার ওপর মন্থামর্ন্থ বসেছে। প্রোচ্ লোকটী তখন টান দিছেন আর বাকী ছেলেরা মন্থ দ্বিউতে সেই বিপ্রেল টানের দিকে চেয়ে আছে! টান ব্দিধর সঙ্গে সঙ্গে প্রোচ্যের দেহটা সোজা হয়ে উঠছে। অমল কেমন যেন অস্বস্থিত বোধ করে। একেবারে তার চোখের ওপর বসে গাঁজা খেতে সে আর কখনও দেখেনি!

কাতরঙ্গবের একজন বলে উঠল, আর না দাদা কল্কেটা যে ফেটে যাবে। বোধহয় শিষ্যের কাতর প্রার্থনায় দাদার মন দ্রব হয়েছিল! টান চরমে ওঠার আগেই থেমে গিয়ে কল্কেটা সেই ছেলেটীর হাতে দিয়ে বললেন, নেঃ তোর কথায় এবারকার মত ছেড়ে দিলুম—

অমলের দিকে নজর পড়তে বললেন, কি ভাই চলে-টলে নাকি? অমল কু'চকে গিয়ে বলল, আজে না।

কি জানি ভাই! নতুন এসেছ, জিজ্ঞেন করা আমার কর্তব্য। এটা না চলে অন্যরকম যদি চলেতো বল ভাই, সবরকম ব্যবস্থাই আমার কাছে আছে।

र्तामन প্রোচ্চুকে বলল, এবার দাদা দরজাটা তুলে দিই? দে-না ভাই, তোদের বস্ত কণ্ট হচ্ছে, না? রসিদ তাঁব্রে দরজা তুলে দিয়ে শ্রেয়ে পড়ল। অমলকে জিজ্ঞেস করল আপনার ক্যাটাগরী কি?

গার্ড ।

আমি মনে করেছিলাম লোকো।

কেন!

ট্রাফিকের লোকেরা সব ভদ্দরমান্য, আমাদের সঙ্গে মেশেই না। উল্টো সারি থেকে নাকডাকার শব্দ শোনা গেল। রিস্দ বলল, এখন এগালো মড়ার মত ঘ্নোবে। ক্লাসের হাইসিল পড়লে আবার ওদের ডেকে নিয়ে যেতে হবে। ঘুম কি আর ওদের সহজে ভাঙবে!

অমলের কেমন যেন আশ্চর্য ঠেকছিল। রসিদতো গাঁজা খায়না! কিন্তু গাঁজাখোর ওই লোকগুলোর ওপব তার কত দবদ। রসিদ আবার জিজ্ঞেস করল, আপনি কতাদিন ভার্তা হয়েছেন?

অমল বলল, এইতো, বড়জোর দিন দশ-বার।

আর আমি, তিনটী মাস দেখতে দেখতে কেটে গেল। কত ঝামেলা যে আমার ওপর দিয়ে গেল।

কি বক্ম?

তাহলে শ্নুন্ন সেই প্যলা থেকে। আমার ভর্তি হওয়ার দিন পনের আগে একদল মানুষ আমাদের গ্রামে গিয়ে ঢেড়া পিটিয়ে হাতচিঠি বিলাতে স্বর্ব করে। বেলের কাজে লোক নেবে। খাওয়া-পরা ষাবতীয় খরচা গবরমেন্ট দেবে, এর ওপর আবার মোটা মোটা মাইনে। কাজ জানাব দরকার নেই, গবরমেন্টই শিখিয়ে নেবে।

একট্ব থেমে একটা বিজি ধরিয়ে নিয়ে বিছানার ওপর কাং হয়ে শ্রের রিসদ বলে চলল, আমাদের হাল তখন বেজায় খারাপ। আমাদের পাঁচবিঘে জমির একটা মৌজা তখন মহাজন পাঁচু শার কাছে বন্ধক পড়েছে। স্বদের প্রথম কিস্তি আমরা দিতে পারিনি। আমার বাপ ঠিক করেছিল নতুন ধান উঠলে স্বদে আসলে সবই শ্বেধে দেবে। ফসল কাটতে গিয়ে লাগল হাঙ্গামা। পাঁচু শা তার লোক-লম্কর দিয়ে জমি ঘিরে রাখল, বলল টাকা আগে না দিলে ফসল কাটতে দেবে না। বাপ অনেক মিনতি করল, কিন্তু শোনে কে! বাড়ী ফিরে বাপ মতলব করল,

রাতারাতি ফসল কেটে খরে তুলবে। সারারাত ধরে ফসল কেটে খরে তুললাম। ফজরে পাঁচু শা'র লোকজন এসে বাড়ী ঘেরাও করল। তারা শাসাচ্ছে, হয় তারা সমস্ত ধান নিয়ে যাবে নয়তো ঘরে আগনে লাগিয়ে দেবে। বাপ আমার বাঘের বাচ্চা। বাপ লাঠি ধরল, আমার হাতেও লাঠি দিল, বলল, 'জান দেব—তব্ধান দেবনা।' আমার মা আর বোনেরা বর্ণটি, ঝাঁটা নিয়ে উঠানে এসে দাঁড়াল। আমার লাঠিতে একজন জখম হল।

রসিদের চোখদুটো জবলজবল করছে। বিডিতে জ্বোর দুটো টান দিয়ে আবার বলতে সূত্র, করল, এই না দেখে বাপ ওই ঢেড়াওয়ালাদের একটা হাতচিঠি আমার হাতে দিয়ে বলল, পর্বালশ আসার আগেই সদরে চলে যা, আর নাম ভাঁডিয়ে মিলিটারীতে ভার্ত হয়ে যা। আমিও ভার্ত श्लाम। अता वलल, आमात मारेटन विभागेका। अमत व्यक्त भारिता मिल কলকাতার ট্রেণিং-ক্যান্সে। কাজ শিথলাম মাসথানেক, তারপর এলাম এখানে। ট্রেণিং-ক্যাম্পে বলে দিল, কোম্পানিতে সব মাইনে পাবে। আর কোম্পানিতে বলল, ট্রেণিং-ক্যাম্পের মাইনের কথা আমরা কিচ্ছ, জানি না. মাস শেষ হলে এখানকার মাইনে পাবে। আমার হাতে একটা পয়সা নেই, কারও কাছে কর্জ করতে পাবি না! সে প্রায় একটা মাস আমার कि कप्छे क्टिएंट, जा जात कि वनव! भामकावादत मार्टेस निरंज राजाम. मिटल भटनत्रोका! लाइम मार्ट्य भाइरन मिछ्ल, ठोकागाला रोविरलत উপর রেখে বললাম, আমি কি তোমার ঘরের চাকর, পনেরটাকা মাইনে দিচ্ছ? তিরিশটাকা হিসাবে দুমাসে ষাট্টাকার একআধলা কম নেব না। লুইস সাহেবতো আমার কথা ব্রুল না, সুবেদার সাহেব আমার কথা रैश्दर्शाक्षरा प्रतिवास मिला। स्मर्टे कथा ना मन्द्रान नार्टेम मार्ट्य क्रियात ছেড়ে লাফিয়ে উঠে আমার গালে একটা চড় বসিয়ে দিল। আমিও ঘুরে দাঁড়ালাম, ওসব সাহেব-টাহেব ডবাই না। সুবেদার সাহেব খপ করে আমাকে ধরে ফেলল। আমি সংবেদার সাহেবকে বললাম, আমাকে ছেড়ে দাও, তোমাদের কাছে এমন চাকরি আমি করব না।

র্রাসদ বিছ্বানার ওপর উঠে বসল। তার শরীরটা যেন ফে'পে উঠেছে, চোখদ্বটো লাল টক্টক্ করছে! নিভে ষাওয়া বিড়িটা ছব্ডে ফেলে দিয়ে বলল, হায় খোদা, কোথায় কি সক্ষাটার-গার্ড থেকে দ্বন্ধন সেপ্ট্রী এসে আমার দুটোহাত চেপে ধরল আর পেছন থেকে গার্ড'-কমান্ডার আমাকে গলাধাক্কা দিতে দিতে কোয়ার্টার-গার্ডে নিয়ে গেল। সেথানে নিয়ে গিয়ে আমার হাতে হাতকড়া লাগিয়ে দিল। এমন জ্বলুমের রাজকে কি আর আমি করব, বসে বসে কাঁদতে লাগলাম। সবই আমার নাঁসবের ফের! খানিক পরে এল জমাদার সাহেব। কোন কথা না বলে দমাদম কিল ঘুষি মারতে লাগল। আমি কি করব বলুন, পিছমোড়া করে আমার দুইহাতে হাতকড়া লাগিয়ে রেখেছে! এরপর এল মেজর সাহেব। সেটা করল কি, আমাকে দাঁড় করিয়ে দিয়ে আমার পেটে মারল একটা ঘুষি! দম্বন্ধ হয়ে আমি মাটীতে পড়ে গেলাম। মেজর সাহেব বুট দিয়ে আমাকে একটা লাথি লাগিয়ে চলে গেল।

অমলের দৃণ্টি ক্রমে ঝাপসা হয়ে আসছে। সমস্ত শরীরটার মধ্যে দিরে শিরশির করে একটা কাঁপ্যনি খেলে চলেছে। রাসদের মুখখানা সে স্পন্ট দেখতে পাচ্ছে না, কেবল শ্বনতে পাচ্ছে, রাসদ তারপরও বলে চলেছে, এত করেও শালারা সন্তুষ্ট হল না। পর্বাদন আমার সালিশ বসল। আমি নাকি লুইস সাহেবকে মারতে গোছি! সরমের কথা আর বলব কি, আমাদের দেশী মান্য ওই স্ববেদার সাহেব আমার খেলাফ সাক্ষী দিল। আমাব আঠাশদিন কয়েদ হল।

গভীর একটা দীর্ঘ শ্বাস ফেলে রাসিদ চুপ করল। চোখদ্টো তার জলে ভরে উঠেছে। ব্রুজে-আসা গলায় রাসদ বলল, তারপর থেকে জমাদার সাহেবের ওই টিক্টিকিগ,লো সারাক্ষণ আমার পেছনে লেগে রয়েছে। যেন আমি একটা দাগী আসামী!

ক্লাসের হাইসিল পড়াব সঙ্গে সঙ্গে রসিদ আর অন্য সকলে চলে গেছে। তারপব অমল একটা ঘ্নমোবার চেন্টা করেছে কিন্তু ঘ্নম তার আসেনি। ভয়ে সে কেমন জডসড হয়ে উঠেছে।

কি অমলবাব, ঘ্রমাচ্ছেন নাকি? ল্যান্স-নায়েক দত্ত তাঁব্তে ঢ্কল।
ধড়মড় করে উঠে বসে অমল বলল, না, একট্ন শ্রেছিলুন্ম। আস্না!
ল্যান্স-নায়েক দত্ত অমলের পাশে বসে বলল, আমি কিন্তু গল্প করতে
আসিনি। এসেছি কর্তব্য পাহন করতে। ষ্ট্যাডিং অর্ডার শোনাতে।

অমল তার ম্থের দিকে চাইল, ল্যান্স-নায়েক দত্ত বলতে স্বর্ করল, 'আজ থেকে আপনার রীতিমত সৈনিকজীবন স্বর্ হল। ট্রেলিং-ক্যাম্পতো মশাই শ্বশ্ববাড়ী! এখন থেকে আপনার চলাফেরা, ওঠা-বসা, সব কিছুই এই ষ্ট্যাডিং অর্ডার মোতাবিক্ করতে হবে।

এখানকার প্রোগ্রাম হল, সকাল পাঁচটায় রিভেলী অর্থাৎ ঘ্রম থেকে ওঠা। এরপর পাবেন একঘন্টা সময়; তার মধ্যে পায়খানা, মৃখ ধোয়া, চা খাওয়া, বিছানা-ড্রেসিং সেরে পি-টি'র জন্য তৈরী হয়ে নিতে হবে। ছ'টা থেকে সাতটা পি-টি। তারপর আধঘন্টা রেক-অফফ, তার মধ্যে আপনাকে ইউনিফর্ম পরে নিতে হবে। সাড়েসাতটা থেকে এগারটা প্যারেড। তারপর খানা আর রেন্ট। ফের একটা থেকে সাড়েতিনটে টেকনিক্যাল-ক্লাস। সাড়েতিনটে থেকে চারটে টিফিন অর্থাৎ আপনি পাবেন এক কাপ চা। চারটে থেকে পাঁচটা গেমস। সাতটায় রাতের খাওয়া, ন'টায় রোল-কল। দশ্টা-পনের মিনিটে লাইট-আউট অর্থাৎ আলো নিভিয়ে আপনাকে শ্রেষ পড়তে হবে।

অমল বলল, তাহলে একট্বআধট্ব ঘোরাফেরার কোন উাপায় নেই?
আছে বৈকি! সংতাহে কেবল একদিন বেলা একটা থেকে রাত
আটটা পর্যন্ত ছব্টী পাবেন। ফ্বল-ইউনিফর্মে বেলা এগারটার সময়
আপনাকে কোম্পানি অফিসের সামনে ফল-ইন করতে হবে। স্ববেদার
সাহেবের ইন্সপেকশনে যদি উত্তীর্ণ হতে পারেন তবেই ছব্টী পাবেন।
তারপর?

ল্যান্স-নায়েক দত্ত একথানা খাতার পাতা খালে বলতে লাগল, এই হাকুমের কোন রদবদল না হওয়া পর্যন্ত এই দ্যাণিডং অর্ডার আপনাকে মেনে চলতে হবে। প্রথমদফা হচ্ছে আউট-অফ-বাউপ্ডস্, ক্যান্সের আশপাশের বৃদ্তি, সহরের সমস্ত বেশ্যালয় আর সিভিলিয়ান্কোয়ার্টার।

তাহলে কি আমার নিজের বাড়ীতেও যেতে পারবনা?

হুকুম শোনান আমার কাজ, তাৎপর্য ব্যাখ্যা করা আমার কাজ নর! দিবতীয়দফা হচ্ছে ক্যাম্প-ডিসিম্পিন, সর্বদা ইউনিফর্ম পরে থাকতে হবে, মাধার সব সময়ে হ্যাট রাখতে হবে, সকল অফিসারকে সকল সময়ে সেলাম করতে হবে।

অমল আবার প্রশ্ন করল, একই অফিসারকে একই দিনে যতবার দেখব ততবারই সেলাম করব ?

এইতো, একট্ব একট্ব ব্রতে পারছেন দেখছি! তারপর তৃতীয়দফা—ক্যাম্পের মধ্যে মাদক দ্রব্য আন্ বা রাখা নিষিষ্ধ। মদ খাওয়া
মঞ্জব্ব কিন্তু মাতাল হওয়া দণ্ডনীয়।

অমল বিসময়ে ফেটে পড়ল, মদ খেতে পারবে অথচ মাতাল হতে পারবে না. এ আবার কি রকম হকুম!

ল্যান্স-নায়েক দত্ত বলল, একেই বলে মিলিটারী-হ্রকুম। যাক, চল্বন আমার সংগে, পায়খানা, প্রস্লাবখানা, বাথর্ম, সেল্বন ক্যান্টীন্, অফিস, সব আপনাকে চিনিয়ে দিই।

সমস্ত ক্যাম্পটা ঘারে ঘারে আনকে দেখিয়ে আবার তাঁবাতে ফিরে ল্যান্স-নায়েক দত্ত বলল, চুলটা কিন্তু গেমসের আগেই কেটে নেবেন। বার্মলেন না, ওই খেকি কুকুরটাকে ঘাঁটিয়ে লাভ নেই!

টেক্নিক্যাল-ক্লাস শেষ হলে রসিদ ছাপাছাপি একমণ চা নিয়ে তাঁবুতে ঢুকে অমলকে বলল, নিন, মগটা পাতৃন, আপনার জন্যও এনেছি।

খাটিয়ায় বসে চায়ে কয়েকটা চুম্বক দিয়ে বলল, আপনার প্যান্টদ্বটো আজই দরজীকে দিয়ে আসতে হবে। আপনি না-হয় দ্ব-একটা দিন ত্যামার একটা প্যান্ট পরে কাজ চালিয়ে দেবেন।

অমলের চোখদ্বটো যেন জবালা করে ওঠে! তাকিয়ে তোকিয়ে সের্রাসদকে দেখে আর বারবার তার মনে পড়ে দিবাকরের কথা! এইতোরয়েছে কত মান্ষ যাদের মধ্যে আছে ব্রক্তরা দরদ আর গভীর সহান্তিতি!

অমল বলল, আমি কি করে দবজীর দোকানে যাব?

কেন! ল্যান্স-নায়েক দত্তকে দিয়ে একটা পার্রামট করিয়ে নিননা। কিন্তু আমাকে যে আবার চুল কাটতে হবে, জমাদার সাহেবের হ্রুম। আর ল্যান্স-নায়েক দত্ত যে বলল গেমসে ফলইন করতে!

রসিদের ম্থখানা মৃহ্তে শ্লান হয়ে গেল, এরই মধ্যে জমাদার সাহেবের নেকনজরে পড়েছেন!

চা খাওয়া শেষ করে অমল ব্লুন কাটতে গেল সেল্লে। দেখল, সে

ছাড়াও খন্দের আরও জনকয়েক রয়েছে। একজন খালি গায়ে একখানা ইটের ওপর বসে চুল কাটছে। তাঁব্র মধ্যেকার ভেপসা গরমে তার গা দিয়ে অঝারে ঘাম ঝরছে আর কাটা চুলগ্লো তার সর্বাঙ্গে লেপটে যাছে। একের পর এক ক্রমিকনাবর অন্যায়ী চুল কেটে উঠে যাছে। চুল কাটার ব্যাপারটাও এখানে অনেক সরল! ঘাড় আর মাথার দ্বপাশে ক্রিপ্ চালিয়ে প্রথমদফায় মাথার শাঁস বার করে দেওয়া তারপর একট্ব-আধট্ব কাঁচির ছাঁট!

অবশেষে অমলের পালা এল। ইটের ওপর বসে অমল মাথাটা পেতে দিল। সেইক্ষণে চকিতের জন্য তার মনে হল, সে হাড়িকাঠে মাথা পেতে দিয়েছে!

হঠাৎ আর একজন তার পাশে বসে পড়ে বলল, তালকেদার আমারটা ঝটপট সেরে দাওতো! ছ'টাব শো'য়ে জমাদার সাহেবের সজ্গে সিনেমায় যাব।

তাল্বকদার অমলের মাথা থেকে হাতটা সরিয়ে নিয়ে বলল, আগ থোড়া ঠাড় যাইয়ে, হাবিলদার সাবকো পাঁচমিনিটমে হো যায়গা।

অমল দেখল হাবিলদার সাহেবের চুল কাটার পন্ধতীটা কিন্তু অন্য রকমেব। চামড়ার একটা ব্যাগ থেকে আরও একটা ক্লিপ আর রকমারি কাঁচি-চির্ণীও বার হল, আর তার সব কটারই ব্যবহার হতে থাকল! তাল্কদারের হাত কিন্তু এখন আর ঝড়ের বেগে চলছে না! অবশেষে হাবিলদার সাহেবের মাথাটা নিয়ে কিছ্কেণ মালিশও হল! গায়ের চুল ঝেড়ে হাবিলদার সাহেব যখন উঠে দাঁড়ালেন তখন অমল সবিসময়ে দেখল, তাল্কদার চুল ভালই কাটে! তবে, সেটা কি শ্ধ্ব হাবিলদার সাহেব বলেই!

চুল ছে'টে তাঁব,তে ফিরে অমল সাবান আর গামছা নেওয়ার জন্য সবেমাত্র স্টকেশটা খ্লে বসেছে এমন সময় হুইসিল্ বেজে উঠল. আর সঙ্গে সঙ্গে হাঁক, গেমসকে লিয়ে ফল-ইন—

'অমলকে এসে পাকড়াও করলেন এক নায়েক সাহেব, এইঃ, চলো ময়দানমে।

অমল বলল, এইমাত্র আমি চুল কেই আসছি।

তবে আর কি, আমার মাথা রক্ষে করেছ! চুল কেটেছ বলে যদি থেলতে না চাও তাহলে আজ খাওয়াটাও বন্ধ রেথ!

অমল মুখ ফিরিয়ে নায়েক সাহেবের আপাদমস্তক দেখে নিয়ে ঝনাৎ করে সুটকেশের ঢাকনাটা ফেলে দিয়ে হনহন করে মাঠে বেরিয়ে গেল।

খেলা স্ব; হল। নিম্পৃহ থাকার সম্কল্প নিয়েও অমল বেশীক্ষণ উদাসীন থাকতে পারল না। খেলার মাঝে সে-ও মেতে উঠল। দ্'-একজন ভাল খেলোয়াড়ও আছে। খেলা বেশ জমে উঠল!

খেলা শেষ হলে অপর দলের লেফট-ইনকে দেখিয়ে অমল তার দলের হাফ-ব্যাককৈ বলল, ও ভদ্দরলোকতো বেশ খেলেন।

হাফ-ব্যাক আঁতকে উঠল, ভন্দরলোক কি মশাই! উনি যে স্ববেদার সাহেব। আপনার সাহসতো কম নয়! খ্বতো চার্জ করছিলেন!

প্রায় ঘন্টাখানেক মাঠময় দোড়দোড়ি, দাপাদাপি করে অমলের মনটা যেন অনেক হাল্কা হয়ে উঠেছিল। মৃহ'্রতে মুখখানা ফ্যাকাশে হয়ে গেল, খেলার আনন্দট্যুকু গেল উবে! তবে কি এবার তাব স্ববেদার সাহেবের কাছে ভাক পডবে!

স্নান সেরে তাঁব্তে ফিবে অমল দেখল রাসিদ তার মশারীটা খাটিয়ে দিচ্ছে। তাকে দেখেই রাসিদ বলল, নিন, চল্বন তাড়াতাড়ি। আপনার পার্রামট আমি ল্যান্স-নায়েক দত্তর কাছ থেকে এনে রেখেছি।

অমল বলল, আর আপনার

আমার জন্য পার্বামট লাগবে না— অমলের আরও কাছ ঘে'ষে এসে চাপা গলায় বলল, পারথানার বোতল হাতে থাকলেই ক্যাম্পের গেট এক্কেবারে খোলা। যাওয়ার সময় বোতলটাকে এক জায়গায় ল্বিক্য়েরেথে যাব আর ফেরার সময় বোতলটা হাতে করে চুকে পড়ব।

বিস্মিত দ্বিটতে অমল রসিদের মুখের দিকে তাকাল। রসিদ ম্লান কপ্টে বলল, এখানে এসে পর্যন্ত যেন একটা চোর ব'নে গেছি। কোন কাজ সিধাসিধি করবার উপায় নেই! এমন কি কারও সংগ্রে দিল খুলে দুটো কথা কইবারও উপায় নেই!

যা বলেছিস মাইরী, বলতে বলতে একটী ছেলে তাঁব,র মধ্যে চনুকল। রসিদের মন্থ্যানা যেন ফর্নিগশে হয়ে গেল! আগন্তুক শিবদাস বলল, আমারতো মাইরী এখানে থাকতেই ইচ্ছে করে না।

অমল রসিদের দিকে তাকিয়ে দেখল, রসিদের চোয়ালদ্টো শক্ত হয়ে উঠেছে।

রসিদ বলল, ভদ্দরলোকের ছেলে হরে যে কান্ধটা আপনি করছেন তার জন্য সরম লাগেনা? আমাকে আবার কোয়ার্টার-গার্ডে প্রুরতে পারলে জমাদার সাহেব বর্ণিঝ আপনাকে ল্যান্স-নায়েক বানিয়ে দেবেন?

শিবদাস আমতা আমতা করে উঠল, যাঃ মাইরী, কি সব বলছিস!
আমি কি তাই বলেছি নাকি—বলতে বলতে সে সরে পড়ল।

রাসদ বলল, লোকটাকে চিনে রাখন, জমাদার সাহেবের টিক্টিকি।
ক্যাম্প থেকে বেরিয়ে রেলের ইয়ার্ড পার হয়ে ওরা সদর রাস্তায়
এসে পড়েছে। রাস্তার একধারে বিস্তর সারি আর অপরধারে বাগানবাড়ীর ছ্যাতলাধরা পাঁচিল। রাস্তাটা সর্ হলেও পিচ-ঢালা।
ইলেকট্রিক যদিও নেই কিন্তু ঠ্লি-লাগান গ্যাসগ্লো জেবলে দিয়েছে।
দ্বেপাশে কাঁচা নর্দমা পাঁকে ভার্তে, সব্জ আচ্ছাদনের ওপর বড় বড়
ফোস্কা ফ্টে রয়েছে! তার ওপর কিঞ্চ-দিয়ে-বোনা সেতু, বিস্ততে
যাতায়াতের রাস্তা!

রাদতার আবহাওরাটাই কেমন রহসাময়। অমলের গা ছমছম করে। নানান জাতের লোক রাদতা দিয়ে চলাফেরা করছে, তাদের মধ্যে অনেকেই অপ্রকৃতিস্থ! একটা গ্যাসের তলায় অনেকগর্বল মেয়ে সেজেগর্জে গোল হয়ে বসে আছে, তাদের মধ্যে কেউ কেউ সিগারেট টানছে! এদের প্রেছনে ফেলে ওবা এগিয়ে চলেছে।

কিছ্মদ্র গিয়ে ওরা একটা দরজীর দোকানে ঢ্কল। রিসদ হাত বাড়িয়ে প্যান্টদ্রটো দিতেই দরজী কল থামিয়ে উঠে এসে অমলের মাপ নিতে স্বর্ করল। রিসদ চাটাইটার ওপর চেপে বসে আর একজনের সঙ্গে গল্প জ্বড়ে দিল। মাপ দেওয়া হয়ে য়েতেই অমল রিসদকে বলল, চলান, আবার বসলেন কেন! হয়তো খাওয়ার ঘণ্টা পড়ে য়াবে!

तिमम रामा अकरें हा थारवन ना ?

নাঃ. ফিরেইতো আবার ভাত খেতে ২য়ব।

র্রাসদ উঠে দাঁড়িয়ে দরজীকে বলল, আজ তাহলে থাক ওস্তাগর সাহেব, আর একদিন না হয় আসা যাবেখন!

দরজী বলল, তা কেমন করে হয় মিয়াঁ! তোমার কথায় সে এতক্ষণ কোন বাবু বসায়নি! তারতো তবে লোকসান হয়ে গেল!

একটা টাকা দরজীর হাতে দিয়ে রসিদ অমলকে বলল, চলন্ন—

ক্যান্দেপর দিকে তারা ফিরছে। রসিদ চুপ করে আছে, অমল কেমন যেন অস্বস্থিত বোধ করছে! আবছায়া অন্ধকাব রাস্তায় পাশের লে'কের মুখ্টাও পরিষ্কার দেখা যায় না। কিছ্মুদ্র চলাব পর হঠাৎ রসিদ বলল, আমি মাঝে মাঝে আসি!

রসিদের দিকে চকিতে একবার চেয়ে অমল ভাবল, এ কথার পিঠে সে কিইবা বলবে! কোথায় আসে, কেন আসে, রসিদ সে সম্বন্ধে কিছ্ম না বললেও সমসত ব্যাপারটা সে জলের মত ব্যুঝতে পারছে।

আবার রসিদ তেমনি হঠাৎ প্রশ্ন কবল, আপনি পছন্দ করেন না, না ? অমল বলল, না।

সে আমি ব্ৰতে পেরেছিলাম বলেই আজ গেলাম না।
অমল বিস্মিত হয়ে ভাবছিল, রজতও একদিন তার কাছে এই একই
প্রস্তাব করেছিল! কিন্তু এ দুয়ের মধ্যে কি দুস্তর প্রভেদ!

ক্যান্দেপ ফিরে খাওয়া শেষ করে অমল আব রসিদ তাদের তাবনুব সামনে বসেছে। বোল-কলের তখনও কিছন্টা দেবী। সারা মাঠময় লোক রয়েছে ছড়িয়ে, অন্ধকারে তাদের দেখা যায় না কেবল চোখে পড়ে সিগারেট-বিভির আগন্ন।

রিসদ বলল, এই সময়টায় টিকটিকিগুলোর ভারী স্কবিধে! অমল বলল, থাক তবে, ওসব আলাপ আব করে দরকার নেই!

রোল-কলের হ্ইসিল্ পড়ল। সিগারেট-বিড়ির আগ্নুনগ্লো ধীরে ধীবে মাঠের মাঝে জমা হচ্ছে। কিছ্মুক্ষণের মধ্যেই সমস্ত অন্ধবার। স্বর্হল রোল-কল। সমস্ত কোম্পানিটা দাঁড়িয়েছে দ্ভাগে ভাগ হয়ে—লোকো আর ট্রাফিক্। হাবিলদার-মেজর নিচ্ছেন রোল-কল। বেশ তাড়াতাড়িই শেষ হল! হ্কুম মানার উপদেশ আর ভাই-বিন্দর কিসসার উপদ্রব নেই! পর্রুদ্নের প্রোগ্রাম—র্ট-মার্চ, তারই টাইম- টেবল আর পোষাকের বিবরণ।

রোল-কল শেষ হতে রসিদ অমলের সংগ কিছ্ক্কণ বসে থেকে তাঁব্র মুখ্যে চলে গেল। অমল উঠি উঠি করেও যেন উঠতে পারে না। ফাঁকা মাঠ, নিকষ কালো অন্থকার, তার মাঝে বিড়ি-সিগারেটগুলো জোনাকির মত জন্লছে আর নিভছে। হাওয়া দিচ্ছে ম্দুম্দু। শুকুনো ঘাসের ওপর শুয়ে পড়তে ইচ্ছে করে। অমল ভাবছে তার ফেলে-আসা জীবনের কথা! একটা অবলম্বন সে খুল্লছে যাকে সে তার সৈনিক-জীবনের অবসর মুহুর্তগুলোতে আঁকড়ে ধরবে। কিন্তু কিছুইতো তার নেই! যা আছে তা কেবল সম্ভাবনা! সুযোগ পেলে সে কি হতে পারত! পয়সা থাকলে সে কি করতে পারত!

তাঁব্র মধ্যে থেকে হাসির হর্রা ভেসে আসে। অমলের চিন্তার জাল ছিল্লভিন্ন হয়ে যায়। সে সৈনিক, এই রুঢ় বাস্তব তাকে স্মরণ করিয়ে দেয়. পর্রাদন সকালে রুট-মার্চ, সকাল সকাল উঠতে হবে!

তাঁবরে পর্দা সরিয়ে মাথাটা গালিয়ে দিতেই এ্যালকোহলের তীর গল্পে অমলের মাথাটা ঝিমঝিম করে ওঠে। বারেক মাথাটা টেনে নিয়েই আবার সে তাঁবরে মধ্যে ত্বকে পড়ে। সীটে পেশছতে পেশছতে মাথাটা তার ভারী হয়ে আসে। হামাগ্রভি দিয়ে সে বিছানার মধ্যে ত্বকে পড়ল।

এक है। एड विनन, अक हो। तमान शल्य छाड़ मामा।

দাদা বললেন, দূরে এমন মৌজের সময় কি বকবক করে!

না দাদা, তোমার মুখে একটা গণ্প না শুনলে যে ঘুমই আসবে না।
দাদার গণ্প স্বর্ হল। সে এক র্পকথা! বিকৃত মনের কামনাবাসনার বিকারগ্রুসত অভিব্যক্তি! ইনিয়ে-বিনিয়ে চলল নারীদেহের
প্রথান্প্রথ বর্ণনা, রতিক্রীয়ার মানস-মৈথ্ন!

শ্নতে শ্নতে অমলের শরীর কু কড়ে উঠছে, অস্বচিততে সে পাশ ফিরে শ্লা! গলপ চলেছে চোঁয়া-ঢে কুরের মত জনালাময়! তার সমস্ত শরীরে জনালা ধরে গেছে, চামড়ার তলে তলে আগন্ন উঠেছে জনলে! থাবা মেলে অমল কন্বলটা চেপে ধরল।

জোর গ্রুজব কোম্পানি শিগগীরই মৃভ করছে!

কিন্তু কোথায়! জন্পনাকল্পনার অন্ত নেই। ইরাক, ইরাণ, চীন, উত্তর-আফ্রিকা, এমন কি রাশিয়ার নামটাও বাদ পড়েনি!

খবরের সন্ধানে অমলও ঘ্রের ঘ্রের বেড়ায়। কিন্তু খবরগর্লো এতই সচল যে কোনটা সবচেয়ে তাজা তার হাদসই পাওয়া যায় না! অমল ভাবে লেনিনগ্রাড বা মস্কো কোনটাইতো ফল করল না! তবে আর কবে জার্মানী আসবে ভারতবর্ষে! জার্মানী না এলে কি ব্টীশের হাত থেকে কোর্নিন মৃত্তি পাওয়া যাবে।

ছোট একটা দল এক জায়গায় গোল হয়ে আন্তা জমিয়েছে। অমল ধীরে ধীরে সেইদিকেই চলেছে। মুভের খবরটা সকলকেই যেন বেশ চাংগা করে তুলেছে। কিংতু যেখানেই তারা যাক না কেন সেটাতো লড়াইয়ের মাঠ! তার মানে মৃত্যুর দিকে আরও খানিকটা এগিয়ে যাওয়া! তব্তুতো মনটা খুশী হয়ে উঠছে এই ভেবে যে, একঘে'রে এই জীবনের মধ্যে আসবে একটা পরিবর্তন!

আন্ডাটার কাছাকাছি এসে শ্বনল থগেনের কথা, কিন্তু যাই বল ভাই, ফ্রন্টে যাওয়া মোটেই স্বথের খবর নয়! শেষ পর্যন্ত বেঘোরে প্রাণটা দিতে হবেতো!

মৃগাঙ্ক বলল, দরে ক্যাবলা, আমরা প্রাণ দিতে যাব কেন! আমরাতো আর রেগনুলার-ফোর্স নই যে রাইফেল ঘাড়ে করে ট্রেণ্ডে নেমে লড়াই করব! আমরা চালাব রেল, থাকব ফ্রন্ট-লাইন থেকে বহু দ্রে।

পাঁচকড়ি খেণিকয়ে উঠল, তোমায় বলেছে! রোজ যদি অন্তত খবর-কাগজটাও পড়তে। আরে বাবা রেলওয়ে হল আসল রাস্তা! ওই পথ দিয়েইতো লড়াইয়ের সমস্ত রসদ যাতায়াত করে। দেখনা, রাশিয়াতে রোজই একটা-না-একটা রেল-জংশন বারকয়েক হাতবদল হচ্ছেই!

হঠাৎ নজরটা ঘ্রুরে যায়। কোম্পানি-অফিসের অর্ডারলি সোহরাব ওইদিকেই আসছে। মৃগাৎক বলল, সোহরাবকে চেপে ধরলে হয়তো একটা হদিস পাওয়া যেতে পারে!

ম্গাঙ্কর পেছন পেছন সকলেই গিয়ে সোহরাবকে ঘিরে ধরল। ম্গাঙ্ক জিল্ডেস করল, হ্যাঁরে, কোম্পানি নাকি শিগগীরই মৃভ করছে? সোহরাব নিতান্ত নিম্পৃহভাবে বলল, শ্নুনছিতো রোজই। স্বধেন্দ্র একেবারে সামনে এগিয়ে গেল, কি শ্যনেছিস রে? বলে কি আমি কোয়ার্টার-গার্ডে যাব নাকি?

পাঁচকড়ি আশ্বাস দেয়, আমাদের কাছে বলতে ভয়টা কিসের? আমরাতো আর জমাদার সাহেবের কাছে গিয়ে চুক্লি করব না।

সোহরাব যেন একট্ব নরম হল, বলল, সব কথা কি আর ব্বুঝতে পারি ছাই! ইংরেজিতে কত কথাই বলে! এইতো আজও হেডক্লার্ককে বলছিল। হেডক্লার্ক আমাকে পাঠিয়েছে কোয়ার্টার-মাষ্টারের কাছে প্যাকিং-বক্সের স্টক জানতে। এইতো এই কাগজ্টায় লিখে দিয়েছে।

ম্গাঙ্ক ছোঁ মেরে সোহবাবের হাত থেকে কাগজটা নিয়ে নিল! সঙ্গে সঙ্গে সোহরাব ম্গাঙ্কর হাত চেপে ধরে বলল, ও কাগজ পড়লেই আমি এ্যাডজ্টান্ট সাহেবকে বলে দেব! ভাল চানতো ফিরিয়ে দিন বলছি!

অনেক কাকুতি মিনতি মূগাঙ্ক করল কিল্তু সোহরাব কোন কথা শ্বনল না। কাগজটা নিয়ে সে স্টোরের দিকে চলে গেল।

ম্গাৎক আপন মনেই গর্জে উঠল, করেতো অর্ডারলির কাজ, তার ডাঁট দেখনা! যেন ও নিজেই একটা এ্যাডজ্বটান্ট!

ভীড়টা পাতলা হয়ে যায়। ছোট ছোট দলে কিছু কিছু এদিক-সেদিক চলে গেল। প্যাকিং-বক্সের হিসেব! এইটাইতো বিরাট খবর! খগেন বলল, আরে বাবা যেখানেই যাও না কেন, মরতেতো হবেই! ম্গাঙ্ক বলল, আমিতো জানি, কেবল একবার মিলিয়ে দেখছিল্ম। স্থেন্দ্ বলে উঠল, তবে বাছাধন ন্যাজে খেলাচ্ছ কেন? বলেই ফেলনা!

বলতে আর আমার কি আপত্তি কিন্তু একজন যে মারা পড়বে!
কেন? একদিনতো আমরা সেখানে যাবই। আর দ্বদিন আগে
জানলেই মহাভারত অশ্বন্ধ হয়ে যাবে?

ম্গাঙ্ক খেণিকয়ে উঠল, ব্যাপারটা অত সহজ নয়রে! জানিস সিকিউরিটী কাকে বলে?

পাঁচকড়ি বলল, কেন শ্ব্ধ শ্বধ গ্লে মারছিস মাইরী। ওসব ব্কনি ছেড়ে দিয়ে দ্বা জানিস তাই বল! না-হয় একপ্যাকেট উড্বাইন খাওয়াবখন। নাঃ, তোরা এক্কেবারে গে'য়ো ভূত, কিচ্ছ; জানিস না! সিকিউরিটী হচ্ছে মিলিটারীর সব চেয়ে বড় অস্ত্র! জান্ যাবে তব্ মুখ খ্লবে না! তুমি যদি কোন খবর জানতে পার তাহলে সে খবর দ্বিতীয় কাকেও জানাবে না। যদি জানাও তাহলেই শত্রপক্ষ জানতে পারবে আর আমাদের সমসত প্ল্যান বানচাল করে দেবে।

শ্রোতার দল বিস্ময়ে নির্বাক হয়ে গেছে। তাদের বৃদ্ধির পরি-ধির মধ্যে মৃগাঙ্কর অকাট্য যুক্তিকে খাপ খাওয়াতে পারছে না। মিলিটারীতে কি সবই আজব! তব্ ও খগেন বলল, যে জায়গায় আর দুদিন বাদে আমরা সশরীরে হাজির হব সেই জায়গাটার নাম জানাতে এদের এতই ভয়! আমাদের এতই অবিশ্বাস! কেন, আমরা জানতে পারলো বৃত্তি জামানিদের কানে কানে বলে আসব?

ম্গাঙ্ক বলল, জার্মানদের চেয়ে জাপানীরাই এখন অনেক কাছে এসে পড়েছে আর ভয় এখন তাদেরই বেশী! তুই-ই যে জাপানীদের কাছে বলবি সে কথা আমি বলছি না; কিন্তু আমাদেরই মধ্যে এমন লোক রয়েছে যারা একাজ করছে! বলতে পাবিস জি-পি-ও'র রং বদলানর সঙ্গে সঙ্গে সেই দিনই টোকিও-রেডিয়ো থেকে সে খবর দেয় কি করে?

দলটার মধ্যে থমথমে একটা ভাব ঘনিয়ে আসে। সন্তুম্ত দ্বিউতে প্রত্যেকে প্রত্যেকের দিকে কেমন যেন সন্দিশ্ধভাবে তাকিয়ে তাকিয়ে দেখে। সতিইতো এ সব খবর দেয় কে!

পাঁচকড়ি বলে উঠল, যা যা, তোকে আর বলতে হবে না। ঢের কেরামতি হয়েছে!

ম্গাঙ্ক বলল, বললে আর আমার কি ক্ষতি! কিন্তু বেচারা মজ্মদার মশাই যে কোর্ট-মার্শালে চড়বে!

কোর্ট-মার্শাল!

হাাঁরে হাাঁ। এ খবর যদি ক্যাম্পময় জানাজানি হয়ে যায় তাহলে
মজনুমদার মশায়ের নির্ঘাত কোট-মার্শাল। জানিস, আফসের প্রত্যেকটী
স্টাফকে অফিসিয়াল-সিক্রেটস-এ্যাক্ট অন্যায়ী বন্ড দৈতে হয়েছে!
কোম্পানির কোন গা্বত খবর যদি বেরিয়ের পড়ে তাহলে তিনবছর থেকে

চোষ্ণবছর পর্যন্ত জেল দিতে পারে, ফাঁসিতে লটকাতে পারে, গ্রাল করে মারতে পারে!

ধৈষেঁর বাঁধ খানখান হয়ে গেছে ! গজগজ করতে করতে অনেকেই এদিকওদিক চলে গেল। যে চার-পাঁচজন রইল তাদের আরও কাছে ডেকে ম্গাণ্ক ফিস্ফিস্ করে বলল, আমরা যাচ্ছি নর্থ-আফ্রিকায়! এই সংতাহেই আমরা মৃভ করছি। এখান থেকে রওনা হয়ে বদ্বে, বদ্বে থেকে জাহাজে বেন্গাজি।

সেদিন রাতে রোল-কলের পর রিসদ অমলকে আড়ালে ডেকে জি**জ্ঞেস** করল, বেনগাজি কোথায় অমলবাব, ?

অমল বিস্মিত হয়ে বলল, কেন!

আমরা নাকি কালই সেখানে যাচ্ছি! সত্যি নাকি অমলবাব;? তা আমি কেমন করে জানব বল।

আপনি কিছু শোনেননি?

হ্যাঁ, শ্নছিতো অনেক কিছ্ই। তা মিলিটারীতে যখন ঢুকেছি তখন যেখানেই এদের দরকার সেখানে নিয়ে যাবে।

রসিদ কেমন যেন মনমরা হয়ে গেছে! কি যেন সে ভাবছে! কিছ্ফাণ চুপ করে থেকে হঠাৎ বলল, আপনার বাপ-মা এ-খবর শ্নেলে কি করবেন একবার ভাবনেতো!

কিন্তু সেকথাতো আর চলেনা রসিদ! আমরা যে বন্ডে সই করেছি! রসিদ কিছ্কেণ অমলের মুখেব দিকে চেয়ে থাকে। কি যেন সে অমলেব মুখের মধ্যে খ্রুতে থাকে। বন্ডে সই করার তাৎপর্য সে বোঝে না, আইনের বাঁধন তার সরল মনের ট্রাট চেপে ধরতে পারে না। সোজাস্বাজি সে অমলকে প্রশ্ন করে, আপনি তাহলে যাবেন?

দিশেহারা হয়ে অমল বলল, না গিয়ে যে উপায় নেই রসিদ!

রসিদ আর কোন কথা না বলে হনহন করে তাঁব্র মধ্যে চলে যায়।
আমলের মনে হল, রসিদের সঙ্গে তার সমস্ত সম্পর্ক যেন শেষ হয়ে
গেল। কিছ্ক্লেণের জনা স্তম্ভিত হয়ে সে চুপচাপ দাঁড়িয়ে রইল।
রসিদের তুলনায় গনিজেকে যেন তার বড়ই দ্বর্ণল মনে হয়। একবার
ইচ্ছে হয় রসিদকে জিজ্ঞেস করে, সে কি করবে ঠিক করেছে!

তাঁব,গ্লোর ধার ঘে'বে অমল ছোট ছোট ধাপ ফেলে এগিয়ে চলেছে, মাথাটা তার ঝ্লে পড়েছে ব্কের ওপর। প্রত্যেক তাঁব্র আশেপাশে ছোট ছোট দলে জটলা চলেছে। সেই বেনগাজি! তার মানে স্লটার-হাউস্! যেখানে তাদের একটি মাত্র কাজ হচ্ছে চোখকান ব্রজে মরা! তাঁব্তে ফেরার পথে অমল শ্নতে পেল, আরে, জার্মানরা ইণ্ডিয়ান্দের কিচ্ছ্র বলবে না! আর বেগতিক দেখলে হাত তুলে দাঁড়িয়ে যাব! অমল থমকে দাঁড়িয়ে পড়ে। হাত তুলে দাঁড়ালেই বাঁচতে পারবে! জার্মানরা ভারতীয়দের কিচ্ছ্র বলবে না! অথচ পোল্যাণ্ডে, ফ্রান্সে তবে এমন বর্বর অত্যাচার চালাচ্ছে কেন?

পা চালিয়ে এসে অমল তাঁব্র মধ্যে ঢ্বেল পড়ে। রািসদ শ্রের পড়েছে। সািতাই যেন রািসদ বস্ভ বেশা ভয় পেয়েছে! একেবারে ম্বড়ে পড়েছে! জামাকাপড় বদলে অমল মশারাীর মধ্যে ঢ্বেল পড়ল। বেনগাজি অভিযানের ওপর মনটাকে নিবদ্ধ করার চেন্টা করে। কিন্তু তাঁব্টার আবহাওয়াই অন্যরকম! রািসদ যে ঘ্রমাচ্ছে না একথা সহজেই বাঝা যায়! তব্বও তাকে ভাকতে কেমন যেন সভেনাচ লাগে!

দাদার মদগেলা বোধহয় শেষ হল। নবীন আর স্বরেশও শ্রেষ্থ পড়েছে। হঠাৎ অমল সজাগ হয়ে উঠল, এইবার দাদার গম্প স্বর্ব হবে! স্বরেশ বলল, হ্যাঁ দাদা, বেনগাজি গেলে তোম র কি উপায় হবে? উপায় একটা হবেই! ব্রুলি না, যে খায় চিনি যোগান চিন্তামাণ! নবীন বলল, সে না হয় হল। কিন্তু বৌদির কি বন্দোবদত করছ? কেন ভাই, তোমার বৌদিকেতো বলে দিয়েছি যে-ক'দিন আমি মিলিটারীতে আছি সে-ক'দিনের জন্য যেন একটা জোগাড় করে নেয়।

বল কি দাদা! তুমি যে দেখছি একেবারে মহারাজ পান্তু!

কেন, তোমার বৌদি বৃঝি একটা মানুষ নয়! তার বৃঝি আর রক্তমাংসের শরীর নয়! এখানেতো আমি বেপরোয়া মজা লাটছি! আর তোমার বৌদি বৃঝি বছরের-পর-বছর সংযম-সাধনা করবে! অত স্বার্থ-পর আমি নই ভাই!

বাইরে থেকে নাইট-পিকেট হাঁক পাড়ল, এই, বাক্ত বন্দ! লাইট-আউট হো গয়া! পর্নাদন পি-টিতৈ পাঁচজন গর্হাজির। সেক্সন্-ক্মান্ডাররা প্রচ্রে হাঁকডাক করল, লোক পাঠিয়ে তাঁব্ পায়খানা তন্নতন্ন করে খোঁজা হল। কিল্কু কাঁকেও পাওয়া গেল না! প্যারেড ফল-ইনের সময় সকলেই শঙ্কিত সল্ফত! পাঁচ-পাঁচজন লোক পালিয়েছে, ব্যাপারটা তেমন সহজ নয়!

প্যারেড স্বর্ হওয়ার আগেই স্বেদার সাহেব তেড়েফ্র্ড়ে এসে বললেন, যে যে তাঁব্য থেকে লোক পালিয়েছে তারা আলাদা ফল-ইন।

জড়সড় অবস্থায় কাঁপতে কাঁপতে তিনটী তাঁবুর লোকেরা বেরিয়ে এল। প্রথমদলের সামনে গিয়ে স্ববেদার সাহেব হে°কে উঠলেন, তোমাদের কতজন?

ছেলেরা নিজেদের মধ্যে মুখ চাওয়াচাওরি করতে থাকে। কে জবাব দেবে! তাদের মধ্যে একজন ল্যান্স-নায়েকও নেই! সকলেই এ্যাটেনশন অবস্থায় আড়ণ্ট হয়ে দাঁড়িয়ে আছে। স্বেদার সাহেব এক কদম এগিয়ে এসে পা ঠাকে একজনের নাকের ডগায় আঙ্বল নেড়ে চিংকার করে উঠলেন, বাতাও, কেত্না আদমী?

সংগে সংগে ছেলেটী বলে উঠল, একজন স্যার।

কিধর্ গয়া ?

कानिना जात।

রাডি তুম কোাঁ নহি জান্তা?

ছেলেটীর মুখ ফ্যাকাশে হয়ে গেছে, গলাটা দপদপ করছে, কপাল ঘেমে উঠেছে! বারকয়েক ঢোঁক গিলে বলল, আজ্ঞে স্যার! আমিতো স্যার! ঘুমোচ্ছিলাম স্যার!

তবে আর কি আমার মাথা রক্ষে করেছ! খেণিকয়ে উঠে স্বেদার সাহেব দ্বিতীয়দলের সামনে গিয়ে বললেন, তোমাদের কজন?

একসংখ্য তিন-চারজন বলে উঠল, তিনজন স্যার।

স্বেদার সাহেব বোমার মত ফেটে পড়লেন, হোয়াট! চোখদ্টো কপালে তুলে বললেন, ব্লাডি, তুমলোগ মর্ গয়া থা?

এদিকগুদিক, দেখে নিয়ে একজন উত্তর দিল, না স্যার! না স্যার! দেন হোয়াট দি ব্লাডি হেল ইউ ওয়াার ডুইঙ? আজ্ঞে স্যার, ঘুমোবার আগে পর্যন্ত দেখেছি সকলেই বিছানায় ছিল স্যার! ওদের মধ্যে কথাবার্তা হচ্ছিল স্যার!

স্বেদার সাহেব আঙ্বল নেড়ে ছেলেটীকে ডাকলেন, তুমি শোন— একট্ব তফাতে ডেকে বললেন, বল কি কথাবার্তা হচ্ছিল?

কথাবার্তা সারে ?

হ্যাঁ হ্যাঁ, এই যে বললে তোমার সংগে কথাব।ত'। হয়েছিল।
না স্যার্, আমিতো ওদের সংগে কথাবাত'। বলিনি স্যার্। ওরা
সকলে স্যার, খারাপ গলপ বলাবলি করছিল!

কটমট কবে ছেলেটির দিকে তাকিয়ে বললেন, যাও, ফল-ইন—
তৃতীয়দলের সামনে স্ববেদার সাহেব এসে দাঁড়াতেই অমলের মাথাটা
ঘ্রের উঠল। চোথের দ্রণ্টি তার ঝাপসা হয়ে উঠেছে। র্রাসদ পালিয়েছে!
কিন্তু রসিদ যে তার সংখ্য একট্য বেশী মেলামেশা করত।

স্বেদার সাহেবেব স্বর কিন্তু মোলায়েম হযে গেছে! সহজভাবে জিজ্জেস করলেন তোমাদের তাঁব্ব থেকে কেবল রসিদ ব্রিঝ

मामा वनलान, आख्व शाँ भाव।

আর কিছু না বলে স্বেদার সাহেব চলে গেলেন অফিসের দিকে।
যথারীতি প্যাবেড স্ব্হল। কোন সেকসনে রাইফেল, কোন
সেকসনে রেনগান, আর বাকী সকলেব সেবাযাড-ড্রিল। সেকসনকমান্ডাররা তটপথ হয়ে উঠেছে। স্কোয়াড-ড্রিলেব হাবিলদার একটানা
চেচিয়ের চলেছে, লেফট—বাইট—লেফট। রেন-গান-ইন্সট্রাক্টর ছেলেদের
বসতে না দিয়ে দাঁড করিয়ে রেখেছে। যদিও অন্যদিন ছেলেরা রেনগানটাকে ঘিরে বসে। কিন্তু আজকের অবস্থা সম্প্র্ণ আলাদা।
রাইফেল-ইন্সট্রাক্টর ছেলেদের দাঁড় করিয়ে রেখেও মনে যথেণ্ট ভরসা
পাচ্ছে না। অকারণে প্রত্যেককে রাইফেল দ্হাতে মাথার ওপর তুলে
খানিকটা দৌড় করাছে।

ছেলেবা ব্রুতে পারছে তাদের ওপর অহেতুক অত্যাচার হচ্ছে! রামের অপরাধে শ্যামেব মাধায় লাঠি পড়ছে। তব্তু তারা প্রতিবাদ করছে না। অনাগত এক দুদৈবির আতৎেক তারা বিহরল হয়ে পড়েছে। গভীর উৎকণ্ঠার অপেক্ষা করছে কখন মেজর সাহেব প্যারেড-গ্রাউপ্তে আসবেন! তারপর যা হবার তা হয়ে যাক্!

কিন্তু প্যারেডের সময়টা নিবি'ঘে। কেটে গেল। মেজর সাহেব অবশ্য আসেননি কিন্তু অন্যান্য অফিসাররা যথারীতি এসে প্যারেজ-পরিদর্শন করে গেছেন। অভাবনীয় কিছুই ঘটেনি!

বিকেলের দিকে ক্যান্সের চেহারা গেল বদলে। দুজনের জারগার ছ'জন রাইফেল-সেন্ট্রী বেরনেট লাগিয়ে দাঁড়িয়েছে ক্যান্সের চারকেরে আর দুইগেটে! ছ'জন ডা'ডা-সেন্ট্রী মোতায়েন হয়ে গেছে পারখানায়, প্রস্রাবখানায়, বাথর্মে, লখগরখানায় পেছনে আর ভাখ্যা বেড়ার সামনে! লাইন-সেন্ট্রীর ডিউটী স্বর্ হবে সন্থে থেকে! তারা সমস্ত ক্যান্সটা ঘ্রের ঘ্রের পাহারা দেবে। নাইট-পিকেটের ডিউটী স্বর্ হবে লাইট-আউটের সময় থেকে। আর সবার অলক্ষ্যে সক্রিয় হয়ে উঠেছে জমাদার দাসগ্র্শতর ইন্টেলিজেন্স-স্কোয়াড! তাঁব্র আড়ালে-আবডালে তারা ওৎ পেতে আছে! যেখানেই গ্রেটীকয়েক ছেলে বসে গল্পগ্রুজব করছে সেখানেই তারা নিঃসাড়ে ভীড়ে পড়েছে!

ক্যাম্প-চৌহণ্দির বাইরে যাওয়া একেবারে নিষিম্ধ। বিজিসিগারেটের অভাবে ধ্মপানকারীদের পেট ফে'পে উঠছে, তব্তু তারা ছ্টি চাইতে সাহস পাচ্ছে না! হয়তো তাকেই চেপে ধরবে পালানর ফিকির মনে করে! বেড়ার দশহাতের মধ্যে যাওয়ার উপায় নেই তাহলেই কোন-না-কোন সেণ্ট্রী হাঁক পাড়বে। পায়খানায় যাওয়ার সময় একজন ডাণ্ডা-সেন্ট্রী ডাণ্ডা উ'চিয়ে পেছন পেছন যাবে, কর্মসমাপনান্তে ডাণ্ডার ডগায় তাকে আবার ক্যাম্প-চোহণ্দির মধ্যে ঢ্বিয়ে দেবে। গার্ডার্মের খাতায় প্রত্যেকের বাইরে যাওয়া ও ফিরে আসার সময় নাট করা হচ্ছে।

রোল-কলের হুকুম শানে ছেলেরা ব্রুল আশুক্র তাদের অম্লক নয়! প্রদিন সমস্ত কোম্পানির ফেটীগ!

কিছ্কণ পরে মেজর সাহেব স্বয়ং এসে দাঁড়ালেন রোল-কলে। তাঁর আবিভালে ছেলেদের হাত-পা যেন পেটের মধ্যে ঢ্কে যায়! নিঃ*বাস বন্ধ করে কাণ্ঠবং তারা দাঁড়িয়ে থাকে। মেজর সাহেব বললেন, তোমরা বসে পড়। তোমাদের নিশ্চয়ই ৽খবে কন্ট হচ্ছে? মেজর সাহেবের স্বর কোম্পানির প্রত্যেকটী ছেলেই চেনে কিন্তু এমন মোলায়েম স্বরতো কখনো শোনেনি! সত্যিই ইনি মেজর রায়তো। চোথ পিটপিট করে তারা মেজর সাহেবের মুখখানা দেখবার চেন্টা করে।

মেজর সাহেব উপবিষ্ট ছেলেদের আবও কাছ ঘে'সে দাঁড়িয়ে বলতে সন্বন্ন করলেন, তোমাদের কাছে আজ এমন একটা খবর এনেছি যা শন্নলে তোমরা সকলেই খ্শী হবে। আমরা কাল এখান থেকে মৃভ করছি! তোমাদের নিশ্চয়ই জানতে ইচ্ছে করছে কোথায় আমরা যাচছি? কিন্তু আমিও তোমাদের মতই এর বেশী আর কিছ; জানি না। মিলিটারীতে সৈন্য চলাচল হচ্ছে সবচেয়ে গোপনীয় ব্যাপার!

একট্ব থেমে পাইপটাকে ধরিয়ে নিয়ে আবার বলতে স্বর্করলেন, কাল সকাল থেকেই আমাদের কাজ স্বর্করতে হবে। অনেক কাজ আমাদের। এই ক্যাম্পেব প্রতিটী জিনিষ আমাদের সংগ্রু করে নিয়ে ষেতে হবে। আমি দেখতে চাই, তোমরা প্রত্যেকে হাসি মুখে কাঁধে কাঁধ মিলিয়ে তোমাদের কাজ হাসিল কবেছ।

মেজর সাহেব থামলেন। স্বেদাব সাহেব মেজর সাহেবের কানে কানে কি যেন বললেন। মেজর সাহেব ঘ্রে দাঁডিয়ে আবার বলে চললেন, তোমর, সকলেই আমার ছেলে। তোমাদেব মত আমারও একটীছেলে মিলিটারীতে রয়েছে। ভতি হওযার পব থেবে কোথায় যে সেঅ ছে তা আজও আমি জানি না। তাই তোমাদেব মধ্যেই আমি তাকে দেখতে পাই। তে,মাদের কোন কণ্ট হলে সে কণ্ট আমাকেই বেশী বাজে। কিন্তু সৈনিকের জীবনই হল কন্টের জীবন। আব কণ্টকে যে ভয় পায় না সে-ই হল প্রকৃত সৈনিক। আমার কোম্পানিব পাঁচটিছেলে পালিয়ে গেছে! তারা যে আমার মনে কত কণ্ট দিয়ে গেছে সে-কথা তোমরা ব্রুতে পারবে না। তোমাদের সকলকেই আমি বলছি, তোমাদের যদি কেনে কণ্ট হয় আমাকে জানাও, আমি সে কণ্ট দ্রু করব। আব তা যদি না পারি আমি নিজেই তোমাদের ছেড়ে দেব। কিন্তু এভাবে তেমবা পালিও না! পালিয়ে তোমরা বাঁচতে পারবে না। প্রিলশে তোমাদের খ্রে বার করবেই! মিলিটারী আইনে পলাতকের জন্য যে শাস্তিত তে অমানুষিক! সে শাস্তিত আমি কাকেও দিতে চাইনা।

ছেলেরা স্বৃহিতর নিঃশ্বাস ফেলে ভাবছে, যাক বাবা, সারাদিন ধে একপারে দাঁড় করিয়ে রাখেনি, সে-ই তাদের জোরবরাং!

মেজর সাহেবের লেকচারের পর মন সকলের হাল্কা হয়ে গেছে। ছেলেরা আবার ছোট ছোট দলে আন্ডা জমিয়েছে। সারাদিনের চাপা-পড়া সমস্ত কথা যেন তুর্বাড়ির মত ঠেলে বেরিয়ে আসছে।

অমল অস্থির ভাবে মাঠমর পায়চারী করে বেড়াচ্ছে। অনেক কথা ঝাঁকবে ধে তার মনের মধ্যে থেকে বেরিয়ে আসতে চাইছে। তাহলে সতিটেই মৃভ করতে হবে? সে যেন কিছ্বতেই খ্নী হতে পারছে না। এ্যাডভেণ্ডার আর রোমাণ্ডকতার আকাঙ্খা এই একমাসের সৈনিকজীবনে তার মধ্যে থেকে উবে গেছে!

এই যাওয়াকে কি কোন ভাবেই এড়ান যায় না! মনে পড়ল রসিদের কথা। রসিদতো নিজেই নিজের ব্যবস্থা করে নিয়েছে! মেজর সাহেবের কর্না আর মিলিটারী আইনের ফাঁকের জন্য অপেক্ষা করেনি! কিন্তু রসিদ পালাল কেন? নিছক মরণের ভয়! না না রসিদ কাপ্রের্য নয়। সে মার খেতে পারে আবার লাগাতেও পারে! তব্ততো রসিদ পালাল!

রসিদের অভাবে অমলের কেমন যেন ফাঁকা-ফাঁকা ঠেকে ! রোল-কলের পর রোজই তারা খানিকটা গলপগ্নজব করত। রসিদ বলত তার কৃষক-জাঁবনের কথা, তার পারিবারিক আচারব্যবহারের কথা, তাদের গ্রাম্যসমাজের কথা, জমিদার-মহাজনের জ্বল্ম-অত্যাচারের কথা। সে অবাক হয়ে শ্ননেছে আর ভেবেছে এতবড় একটা জগৎ তার কাছে এমন ভাবে অজানা ছিল কেমন করে!

রিসদ তার পারিবারিক জীবনের কথা কত নিঃসঙ্কোচে বলে গেছে! করেকদিন আগে বলেছিল এক আকাল-বছরের কথা। সে বছরে মরেছিল বহুলোক কেবল খেতে না পেয়ে। রিসদ তখন ছেট। কত আবেগ ঢেলে আর গর্বভিরে রিসদ বলেছে. কেমন করে তার বাবা, মা, ভাই, বোন সকলে গঞ্জে গিয়ে মোট বহে, লোকের বাড়ী-বাড়ী জন-খেটে কোন রকমে দ্বমুঠো খেয়ে প্রাণটাকে বাঁচিয়ে রেখেছিল!

অমল ভাবতে চেষ্টা করেছে, এমন অবস্থায় তার বাড়ীর লোকেরা কি করত! তার বাবা, মা. ভাই. বেন্ন, রাস্তায় বার হয়ে গতরে খেটে অন্নসংস্থান করকে এ কথা ভাবতেই তার মন কু'কড়ে উঠেছে! কিন্তু রসিদের সমাজের মত সহজ সমাধানও সে খ'লে পার্যান।

রসিদের কাছে অমল তার পারিবারিক জীবনের কথা বলতে কেমন যেন সঞ্চোচ বোধ করেছে। তাদের বাড়ীর মেয়েরা যে কতথানি অসহায় সে তুলনা তাকে ব্যথিত করেছে। তাদের সমাজের এই পণ্ণাছ তাকে রসিদের কাছে অনেক ছোট করে ফেলেছে! তাই সে রসিদের কাছে ঘরের কথা এড়িয়ে গিয়ে বলেছে দেশবিদেশের কথা, তার বইয়ে-পড়া মুখপ্থ-করা পরীক্ষার-খাতায়-উগরে-দেওয়া বড় বড় গালভরা কথা!

হঠাৎ অমলের মনে হল সে-ওতো পারে রসিদের মত পালিয়ে যেতে! থমকে সে দাঁড়িয়ে পড়ল। না, তা সে কিছুতেই পারবে না। পলাতক হয়ে কাপ্রেমের মত মাথা নীচু করে তার বাড়ীতে, তার বন্ধ্বান্ধবদের সামনে গিয়ে দাঁড়াতে পারবে না। তারা তার সামর্থের, তার ব্যক্তিম্বের মাপে তাকে বিচার করে না। তারা তাকে বিচার করে তাদের প্রত্যাশার মাপকাঠিতে! সেই প্রত্যাশার একতিল এদিকওদিক হলে তারা তাকে তাচ্ছিল্য করবে, নস্যাৎ করে দেবে!

আধ-অন্ধকারে তাঁবনুর আশপাশ দিয়ে বেড়াতে বেড়াতে অমল যেন আর নিজেকে বিশ্বাস করতে পারছে না। তার অজান্তেই সে কখন লক্ষ্য করতে সনুর্ করেছে কোনখানটায় ডাণ্ডা-সেন্ট্রী নেই, কোনখানটায় বেড়া ভাঙা, কোনখান দিয়ে সবচেয়ে তাড়াতাড়ি রাস্তায় পেণছান যায়।

তাড়াতাড়ি অমল মাঠের মধ্যে চলে এল। এক জায়গায় জনকয়েক তুম্বল তক' জনুড়ে দিয়েছে। অমল দাঁড়িয়ে পড়ল।

পাঁচকড়ি বলছে, আল্বং দেবতা. যে কথা আজ রোল-কলে বলেছেন সে কথা নিজের বাপেও বলে না!

অমল দলটার ওপর চোখ বুলিয়ে নিল। একের পর এক প্রত্যেককে লক্ষ্য করতে গিয়ে তার চোখদ্বটো আটকে গেল শিবদাসের ওপর। কয়েক-পা অমল এগিয়ে গেল। ওদের সাবধান করে দেওয়া দরকার!

অননত বলল, দেবতা কি ভূত তাতে আমাদের লাভ কি পাঁচকড়ি! আমরা হচ্ছি স্যাপারমান্য, ওসব হোম্রাচোমরা নিয়ে মাথা ঘামানর দরকার কি বাপ:। খেগেন বলল, তাবলে একটা মান্য ভাল হলে তাকে ভাল বলব না?' জয়শ্ত বলল, এখানেতো মান্যের কথা হচ্ছে না! হচ্ছে অফিসারের কথা। তোমার কি আরও অনেক অফিসার দেখা আছে নাকি?

অমলের মনে হল, আলোচনার ধারাটা যেন ঘ্রের যাচ্ছে! সে অস্থির হয়ে ওঠে! শিবদাস যে ওদের মধ্যে পরম নির্বিকারভাবে বসে রয়েছে! খগেন বলল, আমার এক মামাতোভাইরের মুখে শ্রনেছি, তাদের কোম্পানির অফিসাররা 'ব্লাডি বাষ্টার্ড' ছাড়া কথাই বলে না!

পাঁচকড়ি বলে উঠল, আরে বাবা, শিকারী বেড়ালের গোঁফ দেখলেই চেনা যায়। হাজার হোক মেজর রায় হচ্ছেন একজন বাঙালী, তার শিক্ষাদীক্ষাই আলাদা!

খণেন বলল, শুধু তাই নয়, তার ওপর বিরাট জমিদার, একটা বনেদী: বংশের ছেলে! বিলেতেই নাকি ছিলেন বারবছর!

অনন্ত বলল, তোমরা যা যা বললে তা না-ও হতে পারে। জানইতো, অফিসারদের একদল মোসাহেব থাকে তাঁদের গ্লেকীর্তন করার জন্য।

খণেন রুখে উঠল, মোসাহেবের গুণকীতান মানে! এ কথাতো সাত্যি, তাঁর মত দিল্দরিয়া মেজাজের লোক কোম্পানিতে আর একটীও নেই, বিপদেআপদে তাঁর কাছে গেলে কখনো খালি হাতে ফিরতে হয় না!

জয়নত হঠাং ফেটে পড়ল, তোমাদের মনটা সতি ই কুকুরের মতন! মেজর সাহেব মোলায়েম স্বরে দ্বটোকথা বলেছে আর তোমরাও কুত্তার মতন তার পায়ের তলায় লন্টিয়ে পড়ে ল্যাজ নাড়তে স্বর্ করেছ! আশ্চর্য! রসিদের কোয়ার্টার-গার্ডের কথা কি এরই মধ্যে ভুলে গেলে?

অমল আতৎেক নীল হয়ে গেছে! শিবদাস কই! শিবদাস উঠে চুপিচুপি যেন কোথায় যাচ্ছে!

খগেন জের টেনে চলেছে, আমার মনে হয় মেজর সাহেব সমস্ত খবর ঠিকভাবে পান না। সেই জনাইতো বললেন, তাকে সমস্ত জানাতে। দেখনা, এইবার সব মিয়া ঠান্ডা!

জয়ন্ত বললা, আর একটা, সজাগ হতে শেখ খণেন। একদল লোক আছে যারা চোরকে বলে চুরি করতে আবার গেরস্তকে বলে সজাগ থাকতে! মেজর সাহেবের চালটা হচ্ছে ঠিক ওই জাতের! অমলের চে.খ রয়েছে শিবদাসের ওপর। করেকটা তাঁব্ পর্যন্ত শিবদাস পা টিপেটিপে গিয়ে তারপর দৌড়তে স্বর্ করেছে! এদৈরতো কোন খেয়ালই নেই! নিজেদের কথায় সব মশগলে! কিন্তু শিবদাসতো এতক্ষণে জমাদার সাহেবের কাছে পেণছে গেছে। তাহলে উপায়! জয়ন্তকে সমস্ত কথা বলে ওখান থেকে সরে পড়তে বলবে? তাতেই বা কি লাভ হবে! শিবদাসতো সবই নিজের কানে শ্নে গেছে। আর শিবদাস যা বলবে তার ওপরতো আর যাচাই চলবে না!

দলটার দিকে কয়েক-পা এগিয়ে গিযে অমল থমকে দাঁড়িয়ে পড়ল। ওর মধ্যে গিয়ে আর লাভ কি! জয়ন্তকেতো আর সে বাঁচাতে পারবে না, মাঝখান থেকে নিজেও হয়তো জড়িয়ে পড়বে। মনে পড়ল ট্রোণং-ক্যাম্পের কথা। ওঃ, সেদিন সে ভুল না করলে, আজ তার সেকেও-গ্রেড্ ম বে কে। আজ তার মাইনে হত একশ'টাকা।

তখনও ওদের মধ্যে সেই কথারই জের চলেছে। পাঁচকড়ি বলছে, মদ খেলেই মানুষ বদ হয়ে যায় না!

অমল পেছিয়ে যাচ্ছে। আপন মনেই সে বলে ওঠে, নাঃ, ওসব ঝামেলার মধ্যে গিয়ে কাজ নেই!

আরও কয়েক-পা পেছিথে গিয়ে মুখ ফেরাতেই সে স্তাম্ভিত হযে গেল। একেবারে মেজর সাহেব স্বয়ং! ব্যাপ বটা কি এতই গ্রুতর । মেজর সাহেব এত জাবে হে'টে আসছেন যে জমাদাব দাসগ্রুত মাঝেমাঝে দৌড়েও তাল রাখতে পরছে না! দলটাব সামনে এসে মেজর সাহেব দাঁডিযে পড়লেন।

জমাদার সাহেব এগিয়ে এসে জয়ন্তকে দেখিয়ে দিলেন বিস্মযাবিম দ লটার বিস্ফারিত চোখের ওপর জয়ন্তকে সাটের কলার্ ধরে এক হেচকায় টেনে তুললেন মেজর সাহেব। বিবর্ণমন্থে জয়ন্ত তাঁর মন্থেব দিকে ফ্যালফাল করে চেয়ে আছে। দ্বে দাডিয়ে অমল অন্ভব কবতে পারেছ, পাদন্টো তাব ঠকঠক করে কাঁপছে।

জয়ন্তকে একটা ঝাঁকানি দিয়ে মেজর সাহেব বললেন। কি হে জাপানী
সপাই! জাপানের কাছ থেকে কৃত মাইনে পাচ্ছ?

জয়ত নীরব। বাকী ছেলেরা পেছন দিকে হেলে পডেছে!

মেজর সাহেব বললেন, ফিফ্থ্-কলাম্নিণ্টদের জন্য কি ব্যবস্থা জান?

চোথ তুলে জয়নত মেজর সাহেবের লাল লাল চোথ দ্টোর দিকে তাকিয়ে রয়েছে। সেই উদ্যত মুখের ওপর মেজর সাহেব একটী ঘ্র্ষ জমিয়ে দিলেন!

জয়ন্তর মৃথ থেকে এক ঝলক রক্ত গড়িয়ে পড়ল গালের কষ বেয়ে, সংগ্য সংগ্য তার মাথাটা ঝুলে পড়ল বুকের ওপর।

বাকী ছেলেদের দিকে চোখ রাঙিয়ে মেজর সাহেব বললেন, আমার কোম্পানিতে কোন জাপানী-চর আমি বরদাস্ত করব না।

জয়•তর সাটের কলারটা তিনি ছেড়ে দিলেন। তার শরীরটা ঘাড়-মাথা গ'রজে মাটীর ওপর ধপ করে পড়ে গেল। মেজর সাহেব হাঁকলেন, দাসগা্বত ?

ইয়েস স্যার।

ফার্ড্ট-এইড দেওয়ার ব্যবস্থা কর।

ठाब

অমলেব ঘ্রম ভেঙে গেল দাদার গলাফাটা চিৎকারে! ধড়মড় করে বিছানার ওপর উঠে বসে চোখ রগড়ে চাইল দাদার খাটিয়ার দিকে। গলা সপতমে চড়িয়ে দাদা বলছেন, কি? মনে করেছ কি তোমরা? আমাদের কি কযেদী পেয়েছ নাকি?

लान्म-नारसक पछ वलल, कि कत्रव पापा, अभवअसानात र्क्सा।

দাদা আরও জোরে চিংকার করে উঠলেন, ওপরওয়ালার হ্রকুম! এইতো রাত বারটার সময় বিছানা থেকে টেনে নিয়ে গিয়ে মাঠে দাঁড় করালে। কি? না, রোলকল! বেশ বাবা তাই! আবার এসেছ এই মাঝরাত্তিরে!

লান্স-নায়েক দত্ত ব্ঝাবার চেষ্টা করল, ব্ঝলেন না দাদা, ষেমন হ্নুকুম তেমন কাচ্ছ! চারঘন্টা অন্তর অন্তর রোলকল করতে হবে। আমি কি আর সাধ করে আপনার ঘুম ভাঙাতে এসেছি।

দাদা খেণিকয়ে উঠলেন, বলে দাওগে তোমার হ্রকুমওয়ালাদের, ওসব

হ্রকুম চলবে না আমাদের ওপর। যারা পালিয়েছে তাদের ধরে আনবার মুরোদ নেই, যত জুলুম আমাদের ওপর! কেন রে বাবা!

কিন্তু না গোলে যে জন্ম আরও বাড়বে দাদা! জানেনতো সবই। আমি যাব না। সাফ কথা বলে দিচ্ছি, কিছনতেই যাব না। তোমরা আমায় ফাঁসি দাও, গন্লি করে মেরে ফেল, সেওবি আচ্ছা! আমি যাব না! কক্ষনো না!

হঠাৎ টার্চের আলোর তাঁব্যশ্বেধ লোক চমকে উঠল! দাদা ছাড়া আর সকলেই তৈরী হয়ে নিয়েছে। সকলের মুখেব ওপর ঘ্রের ঘ্রের টার্চের আলোটা থেমে গেল লান্স-নায়েক দত্তর মুখের ওপর।

আমি ঠিকই আন্দাজ কবেছিল্ম—তাঁব্র ভেতবে ঢ্কতে ঢ্কতে জমাদার দাসগৃহত বললেন, লান্স-নায়েক দত্ত ছাডা এমন প্রেমের ঠাকুরটী আর কে! দেখ দত্ত, এটা দাদা-ভাই করবার জাযগা নয়! মিলিটারীতে কেউ কারও দাদাও নয় ভাইও নয়! তুমি এন-সি-ও, তুমি হুকুম করবে আর ওরা স্যাপাব, ওরা হুকুম তামিল করবে। যদি ওই হাতের ফিতেটা বজায় রাখতে চাও, তাহলে প্রেম না বিলিযে ব্রটের ঠোক্কর দিযে কাজ আদায় করতে শেখ, বুঝলে ব

লান্স-নায়েক দন্ত মাথা নীচু করল। স্ববেশ আর নবীন ঠকঠক কবে কাঁপছে। অমলের মনে পড়ছে, গতরাত্রে জয়ন্তর অবস্থাব কথা! আর ভাবছে, দাদা কি এখনও নেশার ঝোঁকে আছে!

জমাদার সাহেব বললেন, কে ওটা চে'চাচ্ছিল। মাতাল বাঁড়্যোটা না। লান্স-নায়েক দত্ত বলল, হাাঁ স্যাব।

এই দেখ, এইসব কুকুরদের কেমন করে সাযেস্তা করতে হয়।

সংগে সংগে একলাফে দাদার খাটিযাব সামনে গিয়ে মশারীটা তাল-গোল পাকিয়ে টেনেহি চড়ে খুলে ফেললেন। দাদার চুলেব মুঠি ধরে হিড়হিড় কবে টেনে মাটিতে নামালেন। গোটাকয়েক ঝাঁকানি দিয়ে বললেন, তোমার মত কুকুরকে ফাঁসিও দিতে হয় না আর গুর্নিও করতে হয় না! কেবল একটা লাখিই যথেষ্ট!

দাদার পাছায় বৃটেশ্বন্থ এক লাখি মেরে বললেন, যাও—সোজা রোল-কলে নাহয় কোয়ার্টার-গার্ডে। হুমড়ি থেরে পড়তে পড়তে দাদা অমলকে সামনে পেরে জড়িরে ধরলেন। অমল দাদাকে ব্কের মধ্যে টেনে নিয়ে কোমরটা শক্ত করে জড়িরে ধরল। দাদা মাতাল, লম্পট, সবই অমলের মনে পড়ে! তব্ও সে দাদাকৈ গভীর আবেগে নিজের দেহের সঙ্গে আঁকড়ে ধরে। বারবার তার মনে হয়, দাদাতে আক্ষভাতে কোন প্রভেদ নেই! তারা দ্জনেই স্যাপার!

সাবেদার সাহেব রোল-কল নিচ্ছেন। অধ্ধকার আকাশের তলায় মাঠের ওপর পাঁচশ লোকের বিরক্তির গাঞ্জন ভনভন করছে। সাবেদার সাহেব হাঁকলেন, রোল-কল, এ্যাটেন—শান—

সমস্ত গর্প্তান মর্হ্রতে মরে গেল। সেকসন-হাবিলদাররা হ্যারিকেন ল•ঠন নিয়ে নমিন্যাল-রোল দেখে নাম ডেকে চলেছে। ছৈলেরা হাজিরা হে কৈ চলেছে।

নামডাকা শেষ হলে স্বেদার সাহেব বললেন, আমি জানি, তোমাদের খ্ব কণ্ট হচ্ছে, কিন্তু আমি কি করতে পারি বল! তোমরাই তোমাদের কণ্ট ডেকে এনেছ। তোমাদের মধ্যে থেকে কয়েকটা শয়তান পালিয়ে গিয়ে তোমাদের ওপর এই তকলিফ চাপিয়ে দিয়ে গেছে! এখন থেকে তোমাদেরই নজর রাখতে হবে কে পালাবার মতলব করছে। যাকেই সন্দেহ হবে, সোজা তাকে আমার কাছে ধরে নিয়ে আসবে।

রোল-কল ডিসমিস হলে খগেন অমলকে বলল, চলনুন আপনার সংগে একট্র গলপ করা যাক। আরতো শোয়া চলবে না, ভোরতো হয়ে এল!

অমল সন্দ্রস্ত হয়ে ওঠে। গল্প করা মানেই একটা বিপদ ডেকে আনা! তাঁব,তে ঢুকে অমল মশারী খুলে ফেলল। খাটিয়ার ওপর বসে মাধাটা দ্র' হাঁটুর মধ্যে চেপে ধরল, মাথার মধ্যে এখনও দপদপ করছে!

থগেন একটা বিভি ধরিয়ে বলল, জানেন অমলবাব, কাল আমার চোথ ফ্টেছে। এইবার আমি ব্রুতে পেরেছি—

কথা শেষ করতে না দিয়েই অমল খগেনের হাতটা চেপে ধরে বলল, থাক খগেনবাব, এআর ওসব কথায় কাজ নেই!

খগেন বলল, ঠিক বলেছেন অমলবাব, আপনি ঠিকই বলেছেন!

চোথদনটো তার স্থির হয়ে গেছে, মাথাটা ঈষং দলছে, অমলের মন্থের পানে শ্নাদ্যিত মেলে ধরে তথনো বলছে, তাই ঠিক!

হঠাৎ যেন সে চমক ভেঙে বলে ওঠে, তবে কি আমরা বোবা হয়ে যাব। তাহলে বোধহয় আদর্শ সৈনিক হতে পারতাম!

रठा९ रकांभानित भक्त भूतन अता ठमरक उर्छ। मामा कांमरहन!

অমল আর খগেন দাদার মাথার কাছে এসে দাঁড়াল। দাদা শুরের আছেন উপ্রুড় হয়ে বালিশের মধ্যে মাথা গর্ভা। চাপাকারায় সমসত শরীরটা তাঁর থেকে থেকে ঝাঁকানি দিয়ে উঠছে। দাদা কাঁদছেন! প্রায় পাঁরতাল্লিশ বছরের এক প্রোট় ছোটু একটি ছেলের মত ফ্রাঁপিয়ে ফ্রাঁপিয়ে কাঁদছে! যে প্রুষ্মান্য বালকত্বের সীমানা পার হয়ে কারাকে মেয়েলিপণা বলে ভ্রুকুটী করে, সেই কঠিন প্রুষ্থ আজ কারায় ফেটে পড়ছে।

খণেন দাদার গায়ে হাত রেখে বলল, ছিঃ দাদা, কাঁদবেন না!

দাদা কান্নায় ভেঙে পড়লেন, আমাব যদি ছেলে থাকত, সে আজ ওই জমাদারের মতই বড় হত। যে আমার ছেলেব মতন সে কিনা আমায লাথি মারল! এ কোথায় আমরা এসেছি! এখানে মানুষ বলে কি কিছুই নেই!

অমল ধীরে ধীরে তাঁব থেকে বেবিয়ে গেল। সে অন্ভব করতে পারছে, রক্ত তার গরম হয়ে উঠছে। সংঘাতিক একটা প্রতিজ্ঞা গ্রহণের জন্য হাতদুটো মুঠি বেংধে উঠছে। দাঁতের ওপর দাঁত বসছে চেপে!

বাইরে আকাশের তলায় এসে অমল ধীরে অতি ধীরে একটা দীর্ঘ-শ্বাস ফেলল। প্রের আকাশ থেকে আলোর জোয়ার পশ্চিমের দিকে গাড়িরে চলেছে। হ,ল্কা বাতাস ঝিরঝির করে বইছে। অমল তার দ্বটী-হাত মাথার ওপর রাখল! ধীবে ধীরে চুলগন্লো ধরল মনুঠো করে চেপে!

সকাল সাতটা থেকে ফেটীগ।

ল্টোরের মধ্যে রাজ্যের লোহালকড় বোঝাই, সেগ্লোকে প্যাকিং-বক্সে বেশ্বাই করে ওয়াগনে তুলতে হবে। সমসত তাঁব, খ্লো, পাকিয়ে, বেশ্বে, সমসত কোম্পানিটাকে গ্রিটিয়ে নিয়ে রেলে চালান দেওয়া—এই হল ম্ভের ফেটীগ! এইসব কাজের জন্য দশজন করে লোক আর একজন করে এন-সি-ও নিয়ে এক একটা স্কোয়াড।

জনহুয়েক ছেলে আড়াইমণি একটা র্যাম্প দড়িতে বে'ধে, বাঁশে ঝ্লিয়ে নিয়ে চলেছে; তাদের পেছন পেছন চলেছে ছড়ি-হাতে এন-সি-ও! বেচারীদের কাঁধ যথন জ্বালা করতে শ্রুর করেছে তখন তারা বোঝাটিকে মাটিতে নামিয়েছে একটা বিশ্রাম নেওয়ার জন্য। পেছন থেকে ছড়ি-হাতে এন-সি-ও টিটকিরি দিয়ে উঠল, ব্যাস এতনাহি! দোকদম যাকেই খতম! সরকার ক্যা ফালতু তুমলোগোঁকো খিলাতা-পিলাতা!

এ সব মন্তব্য গা-সহা হয়ে গেছে! কিন্তু মন যাদের এখনো নরম তারা চট করে গরম হয়ে ওঠে। রাগের মাথায় উত্তর দিয়ে বসে, কুলিকা কাম করনেকে লিয়ে সরকার মুঝকো শ'রুপেয়া তলব নহি দেতা!

এন-সি-ও ক্ষেপে ওঠে, ক্যা, মুহ পর বাত! করো ডবল—

মিনিটদশেক ডবলমার্চ করার পর সেকেন্ড-গ্রেড স্যাপার-গার্ডের যথন জিভ বেরিয়ে আসে তখন সে ব্রুমতে পারে মিলিটারী ডিসিন্সিনর প্রাথমিক শিক্ষা, 'আঁখ খ্লো, কান খ্লো, মৃহ মত খ্লো' নিছক কথার কথা নয়! এরই ওপর ভিত্তি করে মিলিটারী ডিসিন্সিনের বিনিয়াদ মজব্বত রাখা হয়েছে!

সেকেন্ড-গ্রেড গার্ড যখন হাঁপাতে হাঁপাতে আবার বাঁশটী কাঁধে তুলে নেয় তখন একহিশটাকা মাইনের প্রেল্টসম্যান এন-সি-ও খ্শীতে ফেটে পড়ে। রেলের আইন অনুযায়ী গার্ডের সে অধস্তন। কিল্তু যখন তারা সৈনিক তখন তফাং কেবল র্যাঙেকর। মাইনের দিন সে পায় তিনখানা নোট, আর তার চোখের ওপর দিয়ে স্যাপার-গার্ড দশখানা নোট গ্লতে গ্লতে চলে যায়! পদমর্যাদার উচ্চতা আর অর্থনৈতিক দীনতা, এই দ্যের মিলে প্রেল্টসম্যান এন-সি-ও'কে করে তোলে একটি হিংল্ল জীব! মেজর রায় এই বৈষম্যের কথা ভালভাবেই জানেন।

সমস্ত দিন ধরে চলে ফেটীগ। স্যাপারের দল বোঝা বহেছে, তাঁব্ খুলেছে, ওয়াগন বোঝাই করেছে! ধুলোয় আর ঘামে মিশে গিয়ে চেহারাগুলো তাদের কদাকার হয়ে উঠেছে! এন-সি-ওরা যথাসম্ভব ধুলো এড়িয়ে, প্যাণ্টের ক্লীজ বাঁচিয়ে, সম্তর্পণে ঘুরেফিরে লোক- স্থাটিরেছে। কাজ শেষ হওরার পর বাহবা পেয়েছে তারাই! পদোমতির প্রতিশ্রুতিও পেয়েছে জনকয়েকে!

অফিসারদের এসব ব্যাপারে মাথা ঘামাতে হয়নি। তাঁরা আফসার্স-মেসে বসে 'কলকাতায় শেষ দিন' যাপন করেছেন। মেজর রায়ের মেম-মার্কা বাঙালী স্থ্রী এসেছেন, অন্যান্য অফিসাররাও সণিগানী ভাড়া করে এনেছেন! গ্রামোফোনে দম দিছে আর রেকর্ড চাপাছে মেস-হাবিলদার চক্রবর্তী। মদের গলাসের ঠুণঠুণ শব্দে, কাঁটা-চামচের খুটখাট আওয়াজে আর সশব্দ চুন্দ্রনের মাত্রাধিক্যে অফিসার্স-মেস সরগরম। যে ছেলেদের ওপর অফিসার্স-মেসের তাঁব্ খুলে প্যাক করার ভার পড়েছে তারা বৃভুক্ষ্ম্ব দুন্তিতৈ তাকিয়ে আছে অফিসারদের নির্লভ্জ কামোন্মন্ততার পানে!

বেলা তিনটের সময় ফেটীগ শেষ হল। বেলা চারটের সময় আবার রোল-কল। রোল-কলের শেষে স্বেদার সাহেব ভারী গলায় বললেন, আমাদের মিলিটারী জীবন সার্থক হতে চলেছে! আমরা চলেছি লড়াইয়ের মাঠে। আমি চাই, প্রত্যেকটি ছেলে ডিসিপ্লিন মেনে চলবে আর ফর্যুর্ভতি থাকবে।

রোল-কল ভাঙার সংগ্য সংগ্য মোচাকে ঢিল মারার মত গ্রেঞ্জন ধীরে ধীরে কলরবে পরিণত হল। খগেন অমলের ম্বের সামনে হাত নেড়ে চে'চিয়ে উঠল, ফুর্তিতে থাকতে হবে! এটাও কি হুকুম নাকি?

অমল থগেনের উত্তেজিত ম্থখানার দিকে চেয়ে বলল, হয়তো তাই!
মন খারাপ হলে হয়তো কোয়ার্টার-গার্ডও হতে পারে!

খালেন ক্ষিপ্তের মত ফেটে পড়ল, ফর্তিও কি এদের স্যাপার নাকি? অমল খালেনের কাঁধে হাত রেখে বলল, আঃ খালেনবাব্, কি ছেলে-মান্ষি করছেন!

পলকের মধ্যে খগেন শাদত হয়ে গেল. সদ্যুস্ত দৃষ্টিতে আশপাশ দেখে নিয়ে নিজেকে সামলে নিল। কৃতজ্ঞ দৃষ্টিতে আমলের দিকে চেয়ে সারা মাঠটার ওপর একবার চোখ বুলিয়ে নিল। সমস্ত মাঠটা ফাঁকা, কেবল জায়গায় জায়গায় ছেলেরা বিস্তারা-বোটি নিয়ে গোল হয়ে বসে জটলা করছে। তারা এই মাঠ ছেড়ে গেলে তাদের কেন চিহ্নও থাকবে না! সমস্ত মাঠ থেকে প্রতিটি জঞ্জাল কুড়িয়ে পুরুড়িয়ে দিয়েছে। রোল-কল ভাঙার দশমিনিটের মধ্যে আবার হুইশিল পড়ল, তখনও পাঁচটা বাজতে সাতমিনিট বাকী। ছেলেরা কোনরকমে ওয়েব্-ইকুইপ-মেণ্ট দর্হাতের মধ্যে গলিয়ে, বেল্ট এণ্টে, বিছানা টানতে টানতে ফল-ইন হতে চলল। পাঁচকড়ি আর কিছ্বতেই ওয়েব-ইকুইপমেণ্টটা বাগে আনতে পার্রাছল না। একটি ছেলেকে বলল, দাওতো ভাই লাগামটা চড়িয়ে!

পরিয়ে দিতে দিতে ছেলেটি বলল, তা ষা বলেছেন! ঘোড়ার মতইতো সারাদিন আমাদের দুঠ্যাঙে দাঁড় করিয়ে রেখেছে!

ধড়াচ্ড়া পরে ছলের দল বিছানা কাঁধে গজগজ করতে করতে ফল-ইন করছে। লাইনের মধ্যে থেকে কে যেন চিংকার করে উঠল, শালারা কি আমাদের ঘোড়া পেয়েছে নাকি?

কলরব আর থ.মতে চায় না। সারাদিনের চাপা রাগ ব্রিঝবা তখনই বেরিয়ে পড়তে চায়! ছেলেরা যেন মরিয়া হয়ে উঠেছে! তারা যে এরকম ব্যবস্থা পছন্দ করছে না সেটা তখনই জানিয়ে দিতে চায়। এক-জন চেণিচয়ে উঠল, আমরা মানুষ না কি!

কে একজন পাশ থেকে বলে উঠল, মানুষ হলে কি আর সারাদিন ঘোড়ার মত দাঁড় করিয়ে রাখে! মানুষ ছিলে মিলিটারীতে ঢোকার আগে!

সেকসন-কমাণ্ডাররা হাঁকডাক স্বর্ করে দিয়েছে, ডবল-আপ'এর ভয় দেখাছে, তব্তু তারা থামতে চায় না। স্বেদার সাহেব দোড়ে এসে চিংকার করে উঠলেন, ক্যা হ্য়া ক্যা? কাম্ অন্, প্রা কোম্পানি ডবল-আপ! করো ডবল!

ছেলেরা ভাবে, এটা বোধহয় নিছক ভর্ণসনা! তাই তারা চুপ করে দাঁড়িয়েই থাকে। স্বেদার সাহেব তেড়ে গিয়ে লাইনের সামনের ছেলেটির হাঁট্তে ছাফ দিয়ে এক-ঘা বসিয়ে দিলেন। ছেলেটি আর্তনাদ করে মাটিতে পড়ে গেল। বাকী ছেলেরা দোঁড়তে স্বর্ করল। খানিকটা দোঁড়ের পর সকলে যখন আবার ষথাস্থানে এসে দাঁড়িয়েছে, তখন জমাদার সাহেব ধবধবে সাদ্ধা দাঁতগালো বার করে বললেন, এই হচ্ছে তোমাদের ঠিক দাওয়াই! কথায় বলে না, ষেমন কুকুর—তেমনি ম্গরে!

সমস্ত কোম্পানিটা দাঁড়িয়েছে পাঁচজাগে ভাগ হয়ে।

প্রথমভাগে এ্যাংলো-ইণ্ডিয়ানের দল। মিলিটারীতে ঢ্বেক এরা হয়েছে বি-ও-আর অর্থাৎ ব্টীশ-আদার-র্যাঞ্চস! আইনগতভাবে ভারতীয়দের সঙ্গে এদের কোন পার্থক্য নেই। তব্তু এদের 'ব্টীশ' আখ্যা দেওয়ায় এরাও ভারতীয়দের 'বাছ্যার্ড' ইণ্ডিয়ান' বলে থাকে। এদের বেলায় র্যাঞ্চের প্রশন ওঠে না, বি-ও-আর মানেই উচ্চতর শ্রেণী! ফেটীগ এদের খাটতে হয় না, বাইরে থেকে কুলি এনে মোট বহায়! স্বেদার, জমাদার ভারতীয় হওয়ায় এদের ওপর তাঁদের হক্ম খাটে না!

দ্বিতীয়ভাগে হেড-কোয়ার্টার-ন্টাফ অর্থাৎ অফিস বা ন্টোরের কেরাণী থেকে অর্ডারলি পর্যাত। কোম্পানির সাধারণ ছেলেরা এদের পদবীর সংগে একটা 'সাহেব' যোগ করে ডেকে থাকে। অফিসারদের সংগে কাজ করতে করতে এরা অফিসারী চালচলন নকল করতে শিথেছে! গালিগালাজ হজম করতে করতে সেগ্লো প্রয়োগও করতে শিথেছে! আফসের কাজে উঠতে-বসতে যদিও এরা অফিসারদের কাছে কেবল ঠোকরই থেয়ে থাকে, তব্ও সাধারণ ছেলেদের কাছে অফিসারদের স্ক্বিচার, স্ব্যুভি আর স্মাতির উপাখ্যানই আওড়ে চলে। মাইনে বেচারীদের বড়ই কম, তাই কর্তারা হাবিলদার র্যাংক দিয়ে এদের ক্ষেদ মিটিয়ে দিয়েছেন।

তৃতীয়ভাগে ট্রাফিক-ন্টাফ। এদের মধ্যে বেশীর ভাগই শিক্ষিত, যেহেতু এদের মধ্যে রয়েছে গার্ড, ন্টেশন-মান্টার, সিগন্যালার, টালি-ক্লার্ক ইত্যাদি। সেই জনাই এরা আলাদা একটা স্তর আদায় করবার আপ্রাণ চেন্টা করে বারন্বার আঘাত খেয়ে অন্য সকলের সংগ্র ধীরে ধীরে মিশে যাচ্ছে! মাইনে এদের বেশী, তার ওপর আবার লেখাপড়া জানা! মেজর সাহেব থেকে লংগর-ক্মান্ডার সকলেরই রোখা এদের ওপর!

চতুর্থভাগে লোকো-ন্টাফ। এরা সাধারণত মেহনতকারী মান্ষ। শিক্ষার দৌড় এদের খ্বই কম। ড্রাইভার, ফায়ারম্যান থেকে আনন্দিকলড-স্যাপার পর্যন্ত এই দলভুক্ত। এরা গতরে খাটে, আগন্ন তাতে পোড়ে, তাই বিশ্রামের সময় একট্যাধট্য নেশাভাগ্ত করে শরীর ঝালিয়ে নেয়।

পঞ্চমভাগে ফলোয়াররা। রস্কুই, জলবাহক, মর্চুচ, মেথর, ধোপা, নাপিত ইত্যাদি। এরা সাধারণত স্ব স্ব জাতব্যবসাতেই বহাল আছে বলে বথাসম্ভব নিষ্ঠার সংগে ভাজ করে। অফিসার মোট পাঁচজন। তাঁদের প্রত্যেকেরই এক একটা বিশেষ কাজ আছে। মেজর রায় হলেন অফিসার-কর্মান্ডিং। ক্যাপ্টেন সাহেব সেকেন্ড-ইন-কমান্ড। তিনজন লেফটেনান্টের মধ্যে একজন এ্যাডজ্টান্ট, একজন ট্রাফিক-ইন-চার্জ আর একজন লোকো-ইন-চার্জ। অফিসারেরা এক জায়গায় গোল হয়ে দাঁড়িয়ে হাসিখুশী মুখে গলপগ্রেব করছেন।

হাবিলদার-মেজর এ্যাটেনশান হয়ে ছ্যাফ্টা বাঁ-বগলে চেপে ধরে হাঁকলেন, কোম্পানি, এ্যাটেন—শান—

নিশ্চুপ নিশ্চল পাঁচশ মান্বের পা একটিমাত্র আওয়াজ করে গোড়ালিতে গোড়ালিতে জরুড়ে গেল।

হাবিলদার-মেজর কাণ্ঠমাতির মত অনড় অটল থেকে কেবলমান্র চোখটাকে ঘারিয়ে ফিরিয়ে পর্যবেক্ষণ করে হঠাৎ ধমকের সারে হে'কে উঠলেন, সামনে দেখা—মত হিলা!

আরও কিছ্কেণ সেই অবস্থায় অপেক্ষা করে ডানহাতে তাফটা নিয়ে এ্যাবাউট-টার্ন করে চলতে স্বর্কু করলেন। জমাদার সাহেবের সামনে গিয়ে ডান-পা ঠুকে হল্ট করে, বাঁ-বগলে তাফটা চেপে ধরে সেলাম করলেন। জমাদার সাহেবও এ্যাটেনশান হয়ে বাঁ-বগলে তাফটা নিয়ে প্রত্যাভিবাদন জানালেন। হাবিলদার-মেজর রিপোর্ট দিলেন, জমাদার সাহেব শ্বনলেন। তারপর হাবিলদার-মেজর আবার সেলাম করে, ডানহাতে তাফ নিয়ে, লম্বা হাত দ্বলিয়ে স্বস্থানে ফিরে এসে এ্যাটেনশান হয়ে দাঁডালেন।

পাঁচশ ছেলে আড়ণ্ট হ্য়ে কাঠের প্রতুলের মত দাঁড়িয়ে আছে, পাছা শক্ত করে, ব্রুক চিতিয়ে, দুর্শ'গজ দুরে চোথ রেখে, দেহের দুর'পাশে হাত দুটোকে চেপে ধরে। গোড়ালি থেকে মাথার তাল্য টনটন করছে!

জমাদার সাহেব হাঁকলেন, কো-ম্পা-নি, ত্যাত্ড-এ্যাট-ইজ—

ঝপ করে এক শব্দে ডানপায়ের গে:ড়ালিগ্রেলা একফর্ট ফাঁক হয়ে গেল, হাতদ্রটো চলে গেল পেছনে। একট্র অপেক্ষা করে জমাদার সংহেব আবার হাঁকলেনে কো-ম্পা-নি, এ্যাটেন—শান—

তারপর জমাদার সাহেব সেই একই থাল্যিক রীতিতে রিপোর্টিং করলেন স্ববেদার সাহেবের কাছে। স্ববেদার সংহেব রিপোর্ট দিলেন এ্যাডজ্বটান্টের কাছে, এ্যাডজ্বটান্ট সেকেন্ড-ইন-কমান্ডের কাছে আর সেকেন্ড-ইন-কমান্ড অফিসার-কর্মান্ডিঙের কাছে। একই ছকে-ঢালা ফান্তিক প্রক্রিয়া প্রত্যেকে করে চললেন একের-পর-এক!

পাঁচশ' ছেলের শরীর দিয়ে অঝোরে ঘাম ঝরছে, সমস্ত শরীর টনটন করছে, মাথা ঝিমঝিম করছে!

মেজর সাহেব হাঁকলেন, বি-ও'জ, ফল-ইন-

ট্রাফিক আর লোকো-অফিসার আপন আপন সেকসনের সামনে সুবেদার সাহেবকে পেছনে রেখে দুর্নিকে দুক্তন দাঁড়ালেন।

মেজর সাহেব হাঁকলেন, কো-ম্পা-নি, ষ্ট্যান্ড-এ্যাট-ইজ-

তারপর তিনি সৈনিকদের উদ্দেশে বললেন, সৈনিকনের জীবন একটা আদর্শ মান্বের জীবন। সে তার দেশের মণ্গলের জন্য দূর্বলিকে রক্ষা করার জন্য, অত্যাচারীকে দমন করার জন্য নিজের জীবনকে উৎসর্গ করেছে। সে ভবেনা নিজের কথা! সে ভাবে মাত্র দ্বিট কথা. শত্র্কে হঠাতেই হবে আর দেশে শান্তি ফিরিয়ে আনতেই হবে। কন্ট! সৈনিকের জীবনে কন্ট বলে কিছ্ব নেই! যে নিজের জীবনকে উৎসর্গ করে দিয়েছে, যে মৃত্যুর মুখে বুক ফ্লিয়ে এগিয়ে গেছে, তার কাছে কন্ট বলে কিছ্ব থাকতে পারে না!

অমলের মাথা বিমবিম করছে, সমস্ত শরীর ঠকঠক করে কাঁপছে, চোখের দৃষ্টি ঝাপসা হযে আসছে। মেজর সাহেবের কথাগুলো যেন ত র কানের বাইরে ভনভন করছে। তাব পাশে দাঁড়িয়ে থগেন আপন মনে বিড়বিড় করছে, এবা মানুষ না কি! সারাদিন ধরে গাধার খাটুনি খাটিয়ে এখন চালাচ্ছে পাঁয়তারা! একবার কি এদের মনেও হয় না, আমরা মানুষ! অমরা বক্ত নই! ওঃ, মা—

অমল শ্বনতে পেল তার পাশেই ঝপ করে একটা শব্দ! অতি সাবধানে ধীরে ধীরে মাথাটা ঘ্রিরয়ে আড়চোখে চেয়ে দেখে খগেন ঘাড়-মাথা গ্র্মেলে মাটিতে পড়ে রয়েছে! তাড়াতাড়ি বসে পড়ে সে খগেনের মাথাটা তুলে ধরতে যায়!

মেজর সাহেব হাঁক পাড়লেন, ইউ রাডি ফ্লে, ডোপ্ট মৃভ!
সমল উঠে দাঁড়াল। স্থাপ ছেলেরা একট্বসাধট্ব ঘাড় বেশিকয়ে

দেখবার চেন্টা করে। মেজর সাহেব আবার তাড় দেন, ন্ট্যান্ড ন্টিল— ছেলেরা আবার আড়ন্ট হয়ে ব্বক চিতিয়ে দাঁড়ায়। অব্যক্ত একটা অভিশম্পাত তাদের ব্বকের মধ্যে গর্জে ওঠে।

মেজর সাহেব হাঁকলেন, কোম্পানি উইল মুভ ইন কলাম অফ রুট —বি-ও-আরস লিডিং—কো-ম্পা-নি, রাইট টার্ণ—

পাঁচশ' ছেলে একই সংগে ডাইনে ঘ্ররে দাঁড়াল। অফিসাররা মার্চ করে গিয়ে নিজেদের সেকসনের সামনে দাঁড়িয়ে একের-পর-এক হে'কে চললেন, বাই-দি-রাইট, কুইক—মার্চ—

ঝপঝপ করে একই তালে পা ফেলে এগিয়ে চলে পাঁচশ' ছেলে। এতক্ষণের অনড় স্তশ্বতা গলে গলে চু'ইয়ে পড়ে! ধারা হয়ে বহে চলে ঝপঝপ শন্দের স্রোতে! জ্ঞানহারা খগেনের বৃকের ওপর দিয়ে ডিঙিয়ে যাওয়ার সময় বারেক ফিরে চায় তার দিকে! যালিক গতির তাল পলকের তরে কেটে যায় তব্ও উপায় নেই! তাদেরই একজনের জন্য ক্ষণিক বিরতির! দানবীয় এক শক্তির তাড়নায় তারা এগিয়ে চলে, কটো-তালকে মিলিয়ে নিয়ে, একই তালে পা ফেলে, ঝপ—ঝপ—ঝপ—

क्राम्भ थ्रारक एप्टेमन काम्भानि मार्च करत हरलए ।

অমলের মনে পড়ে সিনেমায় দেখা একটা দৃশ্য! সোভিয়েট বাশিয়ার লাল-ফৌজ মার্চ করে চলেছে সহবের সদর রাস্তা দিয়ে। রাস্তার দুধারে আবাল-বৃশ্ধ-বনিতা ভীড় করে ভেঙে পড়েছে। হাজারে হাজারে র্মাল উড়ছে পতপত করে! তর্ণীরা ফ্লের গা্ছে গা্জে দিছে সৈনিকদের ব্কে। কত রকমের খাবার এনে দিছে মায়ের দল! প্র্যেরা করমর্দনি করে জানাছে অভিনন্দন! বাড়ীগ্লোর ছাদ-বারান্দা থেকে অঝারে ফ্লেছ ড়িয়ে দিছে সৈনিকদের মাথার ওপর!

অমল ভাবে, কিন্তু ত.দের বেলায় কি দ্মতব প্রভেদ! তারাওতো মার্চ করে চলেছে ফ্রণ্ট-লাইনের দিকে! কই কারও মৃথে বেদনার কোন চিহ্নতো ফ্রটে প্রঠেনি! অভিনন্দন জানানর কথা বোধহয় কেউ কল্পনাও করেনি! আশপাশের বাড়ীগ্রলার বারান্দায় বা জানলায় একটি মেয়ের-ওতো মুখ দেখা যাচ্ছে না! লাল-ফেনজ বদি রাশিয়ার লোকের প্রাণের প্রতাল হতে পারে তবে বাঙালী-সৈনিক হিসাবে বাঙলা দেশের লোকের কাছে তারা কি?

পাশের ছেলেটি দীর্ঘশ্বাস ফেলে বলে, আমরা কি এদের কেউ নই! আমরা চলেছি যুম্পক্ষেত্রে প্রাণ দিতে, সেতো এদেরই বাঁচাতে!

অমল বলল, সে ভরসা এরা আমাদের ওপর রাখে না। এরা জানে বুটীশের রাজত্ব বাঁচাতেই আমরা সৈনাদলে ভতি হরেছি।

তা না-হয় হল। কিন্তু জাপান যখন দেশ আক্রমণ করবে তখনতো আমরাই তাদের র খব ?

জাপানকে রুখে আমাদের লাভ?

তা বলে জাপানকেও ঘরে ডেকে আনব নাকি!

সামনে একটা বাঁক! হাবিলদার-মেজর স্টেপিং দিয়ে চলেছেন, লেফট—রাইট—লেফট—

ষ্টেশনের বাইরে সাইডিং-লাইনে কোম্পানির জন্য দেপ্শ্যাল-ট্রেণ শ্লেস হয়েছে। সৈন্য-চলাচল নাকি লোকচক্ষ্মর অন্তরালেই সারতে হয়! সিকিউরিনীর রাতিতে প্রতিটী মানুষই অবিশ্বাস্য।

কোম্পানি মার্চ করে এসে ট্রেণটার পাশে হল্ট করল। এইবার গড়ীতে ওঠার পালা। প্রতি কামরার গায়ে খড়ি দিয়ে লেখা কোন গাড়ীতে কোন ক্যাটোগরী আর কতজন। অফিসারদের জন্য ফার্ডে-ক্রাস, বি-ও-আর আর ভি-সি-ও'দের জন্য সেকেন্ড-ক্রাস, হেড-কোয়াটার-ছ্টাফের জন্য ইণ্টার-ক্রাস আর বাকী সকলের থার্ড-ক্রাস। রেকভ্যানের সঙ্গে ইণ্টার-ক্রাস কামরায় হয়েছে কেয়াটার-গাড়া। তার সামনে খান-পাঁচেক ওয়াগন, চারখানায় মালপত্তর আর একটাতে লখ্যর।

ছেলেরা বোঁচকাব্রাচিক ঘাড়ে করে দাঁড়িয়ে আছে। বি-ও-আর'রা রাজার জাত, তারা আগেভাগে গাড়ীতে উঠে বসেছে। মেজর সাহেব তাদের কামরার একটা জানলায় দাঁড়িয়ে হাসাহাসি করছেন। কিন্তু যত বিপদ ভারতীয়দের নিয়ে; তাদের বসবার হ্কুম দিলে সিভিলিয়ানদের মনে সৈনিক সম্বন্ধে ভীতি ও শ্রন্থা কমে যেতে পারে! দৈনিক ক্লান্ত হয় না, সব অবস্থায় তেজি-ঘোড়ার মত ছ্বটে চলে, এইটাই প্রামাণা বিষয়!

হিসেবপত্ত গোণাগিনতি আবার স্বর্হল। বি-ও-আর'রা পেয়েছে

মাথাপিছ, একটা বার্থ'! হেড-কোয়ার্টার-ন্টাফ বরিশজনের কামরার কুড়িজন! আর স্যাপারদের জন্য যত সীটের কামরা লটবহর-শৃদ্ধ তত-জন করে লোক!

গাড়ীতে ওঠার পালা শেষ হল। কামরার মধ্যে কোনমতে জায়গা করে নিয়ে পাঁচকাড় বুট খুলতে স্রু করেছে। অমল বলল, বুট খুলে কি আবার বিপদে পড়বেন পাঁচকড়িবাবু! হয়তো এখনই রোল-কলের হুইসিল পড়বে!

পাঁচকড়ি থেমে পড়ে বলল, আর পারছি না মশাই. প্রাণ আমার বিরিয়ে যাচ্ছে! খগেনটা দেখছি অজ্ঞান হয়ে তব্ খানিকক্ষণ রেষ্ট পেল কিন্তু আমরা কি না মরলে আর রেষ্ট পাব না!

খগেন ফিরে এসেছে। সে সম্পথ হয়ে উঠেছে, কিন্তু এখনও বড় কাহিল। পাঁচকড়ি তার বিছানা পেতে দিল জানলার ধারে অমলের ঠিক পাশেই। অমল নিজের জায়গাটা কমিয়ে নিয়ে খগেনের বিছানাটা বড় করে দিল। খগেন শানুয়ে পড়ল। অমলের ইচ্ছে হল খগেনের মাথায় একটা হাত বালিয়ে দেয়।

ছ'টায় চা দেওয়ার কথা. আটটার সময় খনা. ন'টা পণ্ডান্ন মিনিটে ট্রেণ ছাড়বে। অননত মগ হাতে করে ছোঁকছোঁক করে বেড়াচ্ছে, দরজায় দাঁড়িয়ে হা-পিত্যেশে স্ল্যাটফরমের দিকে চেয়ে আছে। হঠাৎ সে চেচিয়ে উঠল, ওরে, মেজর সাহেবের বোধহয় মতিগতি ফিরেছে রে! তা না-হলে কামরায় কামরায় চা দেওয়ার বলেবহত!

শিবেন বলল, ও কি আর আমাদের স্ক্রবিধের জন্য! পাছে কেউ চা নেওয়ার ফাঁকে কেটে পড়ে সেই ভয়ে!

ক্যাম্প-কেটল্ করে কামরায় কামরায় চা দিয়ে গেল। চায়ের মগে চুমুক দিয়ে আবার যেন সকলে তাজা হয়ে উঠছে। খগেন উঠে বসেছে. অনন্ত তাকে একমগ চা এনে দিয়েছে। পাঁচকড়ি জানলা দিয়ে বাইরে বর্গকে আছে। শিবেন সিগারেটের টিন কাটছে। মন্ হ্যাভার-স্যাক্থিকে সমন্ত্রিক্তি একখানা শ্বকনো র্টী বার করছে! আর সকলে সেই-দিকে লোল্প দ্ভিটতে তাকিয়ে আছে!

চায়ের সঙ্গে সিগারেট-বিভিন্ন ধের্ণয়ায় কামরার আবহাওয়াটা ধীরে

ধীরে হাল্কা হয়ে উঠছে। ছেলেরা নিজেদের মধ্যে হাসি-ঠাট্টা স্বর্করেছে। অমল চুপচাপ কোণে ঠেস দিয়ে বসে আছে। চায়ের মগটা উর্ব ওপর রেখে সে ভাবছে। মনটা তার উতলা হয়ে উঠেছে বাড়ীর জন্য। ল্কিয়ে সে বাড়ীতে একখানা পোষ্টকার্ডা লিখেছে তার নির্দেশযাত্রার কথা জানিয়ে। এতক্ষণে বোধহয় সে চিঠি পেণছে গেছে! আচ্ছা,
ঠাকমা কি করছে? বাবা কি ভাবছেন! মিনি আর রিণিটা কি কাদছে!

পাঁচকড়ি প্রশ্ন করল, আচ্ছা, আমরা কোথায় যাচ্ছি বলানতো?

অমল কাঁধ কু'চকে অসহায়-ভগ্গী করল। থগেন বলে উঠল, কোথায় আবার! যমের দক্ষিণ দোরে—আপন মনেই সে গজগজ করে চলল, বাড়ীতে লিখে দিল্ম, আজ আমরা যাচ্ছি। তা একজনও এসে দেখা করতে পারলেন না! আর কি কোন্দিন দেখা হবে!

পাঁচকড়ি বলল, এসেই বা তাঁরা করবেন কি! তোমার সংশ্যে কি আর দেখা করতে দেবে ?

হঠাং স্বরাজ চিংকার করে উঠল, ওরে শিবে, দেখবিতো আয়! চে'খ সার্থক হবে মাইরী!

অনন্ত এগিয়ে যায়, কিরে, কি মাইরী!

হ্র্ডম্ব্ করে কামরাশ্বেধ ছেলে জানলার ওপর হ্র্মাড় থেয়ে পড়ল। অননত আক্ষেপ করে, অভাগা, দ্বিনয়ায় কি কেবল আমরাই বাবা! পাঁচকডি তারিফ করে, খাসা মাল মাইরী!

খগেন বলল, ডেকে জিজ্জেস করব নাকি, কাকে খুলছে?

স্বরাজ খেণিকয়ে ওঠে, তাতে আর লাভটা কি ' আর যাকেই খ্রুজ্ক আমাদের নিশ্চয়ই নয়!

শিবেন মন্তব্য করল, হ্যাঃ, আমরা হচ্ছি গ্যালারীর লোক, আমাদের ওই দেখাট্যুকুই লাভ! দেখ, হয়তো মেজর সাহেবের ইয়ে—

পাঁচকড়ি বলে ওঠে, দ,র, এ যে অনেক ছেলেমান্ষ! ওই ব্ডোম্ডার সজ্যে পট খাবে কেন!

শিবেন জাের দিয়ে বলে, হ্যাঃ, মেয়েদের আবার পট্ খাওয়া! পয়সা থাকলে আশি বছরের বুড়োর গলায়ও লটকে পড়ে!

পाँচकीं इं वनन, कक्करना ना! जाता निर्देश भए ना, जाएनत निर्देश

দেওয়া হয়! এই থেমন আমরা মিলিটারীতে ঢ্কেছি! লোকে মনে করে মজা লাটবার জন্যই আমরা সোলজার হয়েছি! কিন্তু আমাদের জালা আমরাই জানি!

মেয়েদ ি ধীরে ধীরে দ ি দর্শির বাইরে চলে গেল। আবার সকলে ফিরে গেল যে যার সীটে। অননত বলল, যাক, আমাদের যাত্রটো বোধ-হয় শুভ হবে। হয়তো বে চেও ফিরতে পারি!

অমল এসব কথাবার্তায় যোগ দেয়নি। এ জাতীয় আলোচনা তার বিশ্রী লাগে। কিন্তু সে-ও মেয়েদ্রটির দিক থেকে চোথ ফেরাতে পারেনি। তাদের মুখের দিকে নিন্পলক দ্ভিতৈ চেয়ে চেয়ে ভেবেছে তার অসার্থক জীবনের কথা, তার প্রবিশুত পৌরুষের কথা! তার একুশবছর জীবনের মধ্যে সে কোন মেয়ের সংস্পর্শে আসেনি! এমন কি সামান্য একটী চুম্বন, একট্র নিবিড় স্পর্শ, দুটো ভালবাসার কথা, কিছুই তার জীবনে দগুয় নেই! তার জীবনে কিছু নেই!

ট্রেণ ছাড়ল ন'টা পঞ্চান্ন মিনিটে। গাড়ীর মধ্যে বসে দুর্শিচনতায় মাথা ভারী হয়ে উঠেছে, ক্লান্তিতে অনেকেই ঘুর্মিয়ে পড়েছে। ইঞ্জিনের প্রথম হে চনায় সকলেই ধড়মড় করে উঠে বসল। যারা বাঙ্কের ওপর ছিল তারাও নেমে এসে বাইরের দিকে চেয়ে রইল।

গড়িয়ে গড়িয়ে ট্রেণ এগিয়ে চলেছে। অমল দেখল, ঠুলি-লাগান একটা আলোর তলায় সেই মেয়েদ্বটী দাঁড়িয়ে। তাদেরই উদ্দেশ করে কে যেন কোথা থেকে বলে উঠল, চললাম দিদি—

মেয়েদ্টোও হাত উচ্চু করে র্মাল নাড্ছে! অমলের মনে হল, তাদের চোথের কোলে যেন খানিকটা জল চকচক করছে!

থগেন অমলের কাঁধের ওপর হাত রেখে বলল, তাহলে সত্যিই **স্থামরা** চললমে অমলবাব: আর কোনদিন এখানে ফিরব কিনা কে জানে!

অমল চমকে খগেনের মুখের দিকে তাকাল! তার মনে হল, খগেনের গলার স্বরে চাপা-কান্নার গুমরানি থেকে থেকে কে'পে উঠছে!

জ্ঞাপন যে তারা কার কাছে করে চলেছে তা তারা নিজেরাই জানে না। তারা শা্ধ্য জানে এখনও তারা বে'চে আছে! তারই সাক্ষ্য তারা রেখে যেতে চায় আকাশ-বাতাস, গাছপালা, যা কিছ্য তাদের দ্বচোখের ওপর পড়ছে তাদেরই কাছে!

গাড়ীর গতি বেড়ে উঠেছে। ছেলেরা জানলা থেকে ধীরে ধীরে মুখ সরিরে নিয়েছে, আবার সকলে নিজের নিজের জায়গায় গিয়ে শায়ের পড়েছে। অমল তখনো নিম্পলক দ্ছিতে বাইরের দিকে চেয়ে আছে। তার চোখের ওপর দিয়ে দায়নত গতিতে পিছিয়ে পড়ছে কলকাতা সহর, তাদের কলেজবিল্ডিং, তাদের বাড়ীর গলিটা, তারই মোড়ে বকাটে ছেলেদের আন্ডা, রাল্লাঘরের দাওয়ায় ঠাকুমার জপতপ, মিনি রিণির গৃহকাজ, বাবার হিসাবলেখা, বিমলের ঝাল্লাড়া, কমলের ডাম্প-মারা ..

ফ্রফ্র করে অমলের মাথায় হাওয়া লাগছে, তার শ্রালত অবসন শরীরটাকে ঘ্রমে ঘিরে ধরেছে। চোখদ্রটো সে বাবেকের তরে বন্ধ করল। একফোঁটা জল গড়িয়ে পড়ল তার গালের ওপর! চোখ খ্রলে আবার সে বাইরের দিকে তাকাল। কি একটা ছোটু ভেটশনকে শ্রুক্ষেপ না করে ট্রেণটা উধর্বশ্বাসে ছ্রটে চলেছে। তার চোখের ওপব ভেসে উঠেছে সমীরণের বিয়েবাড়ী, সেই বিরাট সিংহাসন, ফ্রল-লতাপাতা আর আলোর বাহার! সমীরণের নববধ্রে সেই গ্রুণিতত দ্বিট যেন তাকে হাতছানি দিছে। আচন্দিবতে তার মনে হল, ওই মেয়েটীর সঙ্গে তারও তো বিয়ে হতে পারত!

অমলের মুখের পেশীগুলো শক্ত হয়ে উঠেছে। বুকের মধোটা তাব ম্চেড়ে দুমড়ে কুকড়ে গেছে! চুইয়ে চুইয়ে অরও কয়েক ফোঁটা জল বৈরিয়ে এল তার চোখ থেকে!

আব ষেন অমল নিজেবে সামলাতে পরে ন:। বাইরে থেকে চোথ সরিয়ে সে ভেতরে তাকাল। নিষ্প্রদীপ ট্রেণেব মধ্যে চাঁদের আলো এসে টেরচা ভাবে পড়েছে। সব ছেলের শোয়ার জ্বারগা নৃষ্কুলান হয়নি, অনেকে মেঝের ওপর বিছানা পেতে শ্রেয়েছে। অমলও দেহটাকে এলিয়ে দিল। শোয়ার জায়গা তারও হর্মন, থগেনকে অনেকথানি জায়গা ছেড়ে দিতে হয়েছে। কামরার মধ্যে বোধহয় সে ছাড়া আর সকলেই ঘ্যোচ্ছে। নাকডাকাুর মিশ্রিত শব্দে কামরাটা মূখর হয়ে উঠেছে।

হঠা পাশের কামরা থেকে জনকয়েক গেয়ে উঠল—
ব্ইড়া কালে ন্পার দিছি পার!
মাগো মা, ঝিগো ঝি,
কই গোলগো বোন দিদি,
দ্যাখতে আমার ক্যামন দ্যাহা যায়!

ঘ্রিরের ফিরিয়ে গাইছে বারবার গাইছে, ক্রমেই যেন সার জমে উঠছে! জনকয়েক বাট ঠাকে তাল দিতে সারা করেছে। কে একজন তংকে উঠল, লেফট—রাইট—লেফট—

হোগল কুস্ম ফ্ইট্যা রইছে,

যম্নার জল উজান বইছে,

এমন চাঁদিনি রাতে পরাণডা মোর কিডা চার!

দ্যাথতে আমায় ক্যামন দ্যাহা যায়!

উদান্ত হয়ে উঠেছে গানের স্ব । ব্টের তালে-তালে, স্টেপিঙের হাঁকে-হাঁকে স্ব যেন প্রাণবনত হয়ে উঠেছে। অমল ভাবে. এই গানের কথার সংগ আর তার নতুন এই জীবনের সংগে কোথায় যেন একটা মিল রয়েছে! ঠিক যেন সে ব্যুবতে পারছে না, কোথা দিয়ে কেমন করে একটা অসংগতি তার জীবনের মধ্যে সেগদিয়ে পড়েছে ঠিক ওই ব্যুড়ো-বয়ুসে নৃপুর পরার মত!

মাথাটা অমল কামরার দেয়ালে এলিয়ে দিল, এইবার সে ঘুমোবে। চোথদুটো সে ব্রিজয়েছে। কিন্তু খ্ব কাছাকাছি কেথায় যেন একটা চাপা শব্দ গুমুরে গুমুরে উঠছে? অমল কান খাড়া করল।

হ্যাঁ, কে যেন ফ'প্লিয়ে ফ'লিয়ে কাঁদছে তাদেরই কামরার মধ্যে...

পাঁচ

সকাল হল পার্বতিপরে জংশনে।

ঘ্রম থেকে উঠে আড়ণ্ট দেহটার ওপর আড়ামোড়া ভেঙে ছেলেরা শরীরটা ঝালিয়ে নিচ্ছে। খগেন পাশ ফিরে শা্রে বলল, মন্দ কি! এভাবে দ্বেণে দ্বেণে কিছ্ম্পিন কাটাতে পারলে একট্ম আরাম পাওয়া যাবে! পি-টি. প্যারেডতো আর করতে হবে না।

স্বরাজ জানলার ওপর হ্মড়ি খেয়ে গ্লাটফরমের হালচলে লক্ষ্য কর্মছল। হঠাৎ বলে উঠল, ওরে, ট্রেণ-পিকেটরা গাড়ীতে গাড়ীতে কি যেন বলছে!

শিবেন বলল, বলবে আর কি! পি-টি'র জন্য তৈরী হয়ে নাও! অনত হেসে ওঠে. দূর. পি-টি এখানে হতেই পারে না।

পাঁচকড়ি খে কিয়ে উঠল, তা পারবে কেন! ট্রেণ-পিকেটরা এসে তোমার গা মালিশ করে দিয়ে যাবে! মে ট বহে বাছার গায়ে বড় ব্যথা হয়েছে কিনা!

খণেন বলল, আহা পি-টি করানর অস্বিধেটা কে থ র! প্ল্যাট-ফরমের ওপর দাঁড় করিয়ে দিয়ে বলবেখন, 'মেবে লিয়ে হ্রকুম, তেরে লিয়ে কাম, ওই কাম বিগিন'—ব্যাস, তোমরা নাচতে থাক, ওরা তাল দিতে থাকুক, আর স্টেশনশৃদ্ধ লোক বাঁদর-নাচ দেখুক!

ট্রেণ-পিকেট কামর র মধ্যে মুখ গলিয়ে বলে গেল, উর আধাঘণ্টা বাদ রুল-কল, দো হুইসিলকে সাথ সাথ পুরা ওয়াদিন্দে ফল-ইন—

শিবেন বলল, নাও, সামলাও! পি-টি না হয় বে'ল-কল! ব ণিং-ট্রেণ থেকেও কি লোক পালিয়েছে নাকি!

স্বরাজ বলল, আরে বাবা, যে পালাবে সে রাণিং কেন ফ্রাইং-ট্রেণ থেকেও পালাবে। সকলেইতো আর আমাদের মত ভেড়া নয়!

দ্ব হাইসিল পড়ল। ছেলেরা কামরা থেকে নেমে প্লা উফরমে দড়ি। । একজন লাস্স-নায়েক তাড়া দিল, এই, ঠিকসে ইন-থ্রিজমে ফল-ইন হো।

শিবেন গজগজ করতে থাকে, শালা পয়েন্টসম্যান, চল একবার বেনুগাজি, কাপলিং টাইট করতে করতে হাতের ছালচামড়া উঠে যাবে!

স্বরাজ বলল, ঠিক বলেছিস মাইরী, আমরাতো তখন গার্ড সাহেব. তখন এই শালা এন-সি-ও'গুলোকে দিয়ে 'লাইন বক্স' বহাব।

তথন এই শালা এন-সি-ও'গ্নলোকে দিয়ে 'লাইন বক্স' বহাব। যথারীতি নাম ডাকাডাকি গোণাগিনতি সূত্র হল্প। ক্যাম্প থেকে

যথারীতি নাম ডাকাডাকি গোণাগিলতি স্ব্র্ হল্প। ক্যাম্প থেকে ষ্টেশনে আসার পথে দ্বলন, আর সাম্ভাহার ষ্টেশনে একজন, মোট অ'রও তিনজন পালিয়েছে! খগেন বলল, সাবাস, একেই বলে বাপকো বেটা। পাঁচকড়ি সমসত রোল-কলটা লক্ষ্য করে বলল, কেন! বি-ও-আর'দের রোল-কল মাফ কেন?

অনন্ত ফিসফিস করে বলল, বি-ও-আর'দের অনেকেই যে মেজর সাহেবের টেন্সোরারী শ্যালক!

তার মানে!

মানে অতি সরল। মেজর রায় হচ্ছেন রেলের একজন বড় অফিসার আর এই এ্যাংলোগ্নলো হচ্ছে সেই রেলেরই লোক। তাঁর দৌলতে কেউ হয়েছে ক্লিনার থেকে ড্রাইভার অ র কেউ কেউ হয়েছে চেকার থেকে গার্ড! মেজর রায় দক্ষিণাটী নগদ না নিয়ে গার্য়-গায়ে উশ্বল করেছেন!

রোল-কলের শেষে চা। চা দেওয়ার সঙ্গে সঙ্গে হ**ুকুম জারি হয়ে** গেল, চা খাওয়ার সময়ট৾ৢকু সকলকে পায়চারী করে বেড়াতে হবে! আধ-ঘণ্টা বাদে হুইসিল পড়বে, তখন আবার কামরায় গিয়ে বসবে।

চারের সঙ্গে বিশ্বিটও দেওয়া হয়েছে। অনন্ত আশপাশে দেখে নিয়ে বলল, জানিস, এগুলো হচ্ছে ডগবিশ্বিট!

পাঁচকড়ি বলল, যাঃ!

শ্বর জ বলল, তা ঠিকই হয়েছে! আমরাতো ওই পদেরই জীব! হ্নুকুম-মোতাবিক ছেলেরা পারচারী করতে করতে চা খাচ্ছে। 'ল্যাট-ফরমের রেলিঙের ধারে ধারে সবক'টী সেন্দ্রী রাইফেল বাগিয়ে দাঁড়িয়ে পড়েছে। ট্রেল-পিকেটরা সমস্ত 'ল্যাটফরমটার ওপর ঘ্রপন্ক খাচ্ছে। মেজর সাহেব থেকে ল.ন্স-নায়েক সকলেই তটস্থ! এই কড়া পাহারার ব্যহ ভেদ করে আর যেন কেউ পালাতে না পারে!

চা-পান এবং পদচারণা সমাপত হল। এক হুইসিলের সপ্তে সকলেই যে-যার কামর য় গিয়ে উঠে বসল। বিজি, সিগারেট ধরিয়ে আব:র তারা ভাবতে থাকে, এর পর কি! নীরব সবকয়িট ছেলের মধ্যে থেকে হঠাং অমল প্রশ্ন করে, আচ্ছা, বলতে পার, আমরা কি?

প্রশেনর আকৃষ্মিকতার সকলে অমলের মুখের দিকে ফ্যালফ্যাল করে চেয়ে থাকে। অফুল বলল, আমি জিল্জেস করছি, এই যে বাবহার আমরা পেরে চলেছি এমন ব্যবহার কারা পেরে থাকে?

थरान वलल. ७. ठारे वल! प्रकल्प थरारानत मन्यत पिरक ठारेल।

খণেন বলতে লাগল, আমরা হচ্ছি কয়েদী। কয়েদীদের হাতে-পায়ে বেড়ি দিয়ে রাখে আর আমাদের রেখেছে বেয়নেটের ডগায়।

অনন্ত বলল, ঠিক বলেছিস মাইরী! তার ওপর জেল-মেট'এর মত এন-সি-ও'গুলো সবসময়ে পেছনে লেগেই আছে!

খগেন অনতকে থামিয়ে দিয়ে বলতে লাগল, তারপর, হ্কুম ছাড়া একপা চলার অধিকার আমাদেরও নেই! একটা সামান্য ব্যাপার বললেই ব্রুতে পারবে। কয়েদীরা স্নান করবে: মেট এসে হ্রুকুম দেবে, 'কয়েদী, থালা বাটি হাত'। কয়েদীরা থালা আর বাটি হ'তে লাইন দিয়ে দাঁড়াবে। মেট তাদের স্নানের জায়গায় নিয়ে গিয়ে জলের সামনে লাইন দিয়ে বসিয়ে দেবে। তারপর হ্রুকুম দেবে, 'তোল বাটি'—কয়েদীবা জল তুলবে। মেট বলবে, 'ঢাল বাটি'—কয়েদীরা মাথায় জল ঢালবে। মেটের মিজমি ফিক বারকয়েক 'তোল বাটি—ঢ'ল বাটি' করেই তাদের স্নান সারতে হবে! তাতে তাদের গা ভিজ্বক আর নাই ভিজ্বক। বলতে পার, এই ক্রেদীদের সঙ্গে আমাদের তফাণ্টা কোথায়?

শিবেন বলল, তফাং আর কোথার! আজ যে ভাবে চা খাইরেছে, তাতে হুবহু মিলে যাচ্ছে।

পাঁচকাড় বলল, আমার মনে হয়, আমাদেব সংগ্য গরুর অবস্থাটা আরও ভাল খাপ খায়! সকালবেলায় পাঁচন হ তে সোয়াল থেকে গব্গ্লেলেকে বার করে নিয়ে গেল। গব্;গ্লেলো সারাদিন মাঠে মাঠে চরে
বেড়াল। সন্ধ্যেবেলা গ্লেগেটে গরু;গ্লোকে আবার খোঁয়াড়ে দিল
প্রে। সারাদিন ধরে যা খেয়েছে, গরু;গ্লো রাতেব বেলায় তারই জাবর
কেটে চলল। তেমনি আমরাও সকালে পি-টি থেকে স্বর্কর করে রাতে
রোল-কল পর্যন্ত মাঠে মাঠে ঘ্রলাম, পাঁচন-হাতে আমাদের তাড়িয়ে
নিয়ে বেড়াল মেজর সাহেব থেকে লান্স-নায়েকেব দল। রোল-কলের
পর বিছানায় শ্রে আমরাও জাবর কাটি, সারাদিন ধরে যত লাথি-ঝাঁটা
খেয়েছি, তারই!

সকলেই চুপ! মুখগুলো সব থমথম করছে। ১ নিজেদের যথার্থ রুপটাকে খুজে বার করার চেন্টায় হাততে চলেছে দুনিয়ার গভীর কালো গহরটা! নীরবতা ভংগ করল অননত, আপনার কি মনে হয় অমলবাব;?

অমল চমকে ওঠে। তার গ্রেড-প্রমোশনের আশা, তার জীবনের উন্নতি, তার সমসত আশা-আকাজ্ফা হুর্মাড় থেয়ে চোথের সামনে ভীড় করে দাঁড়িয়েছে! মর্হুতের জন্য ইতস্তত করে অমল বলতে সর্ব, করে, খগেনবাব্র আর পাঁচকড়িবাব্র যা বলেছেন, সে দ্বটোই আমাদের বেলার সমান খাটে। কিন্তু আমার মনে হয়, কোনটাতেই আমাদের সম্পূর্ণ ছবিটা ফর্টে ওঠেনি। আমাদের অবস্থাটা দাঁড়িয়েছে কতকগ্রলো মান্যকে পশ্র বানিয়ে ফেলার মত। মান্য আর পশ্রতে মিশিয়ে এমন অভ্তুত একটি জীব আমাদের বানাচ্ছে যাতে শিকল-ছেওার কথা কোন-দিন মনেও না আসে!

অন•ত বলল, ঠিক বলেছেন, আমাদের এর৷ মান্বতো মনে করেই না, আবার পশ্বও মনে করে না!

পাঁচকড়ি বলল, তবে আমরা কি?

সকলের দিকে চোখ তুলে অমল বলল, আমরা ক্রীতদাস!

ক্ষণেকের জন্য সকলেই বিমৃত্ হয়ে পড়ে। স্তম্পতায় জায়গাটা গম-গম করে ওঠে। হঠাং খগেন সেই স্তম্পতাকে বিদাণি করে স্তেচিয়ে ওঠে. শালারা আমাদের শেলভ বানিয়ে রেখেছে!

অমল বলল, হ্যাঁ, ঠিক তাই। শিবেন প্রশ্ন করে, কিন্ত কেন?

অমল বলল, এদের রাজত্ব বাঁচাবার জন্য। এদেরই হাতে যে আমাদের গ্রাসাচ্ছাদন, জীবনধারণের চাবিকাঠি! তাই বেকারের সংখ্যা বাড়িয়ে, জিনিসপত্রের দাম চড়িয়ে যে ফাঁদ এরা স্থিট করেছে, আমরা পেটের দায়ে সেই ফাঁদের মধ্যে এসে পড়তে বাধা! দিনের-পর-দিন প্রতিটি কাজে, কথায়, চিন্তায় হ্রুম মানার ছাঁচে আমাদের ঢালাই করে ফেলছে, পাছে আমরা কোনদিন এই ফাঁদ ক্সটার চেন্টা করি! শ্বধ্ব দ্বম্বটো খেতে দেওয়ার বিনিময়ে আমাদের ক্লীতদাস বানিয়ে ফেলছে। কিন্তু এমনই এদের কলকাঠি মৃন, আমরা নিজেরা এসে মিলিটারীতে ভর্তি হয়েছি! কনিস্ক্রপশন করে আমাদের ধরে আনেনি!

সকলেই স্তান্ভিত হয়ে গেছে। বিস্ফারিত চোখে অমলের মুখের

প্রপর চোখ মেলে রয়েছে। কি এক বিরাট ষড়যন্ত্র যেন ধীরে ধীরে তাদের চোখের ওপর ফাঁস হয়ে যাছে। খগেন উঠে পড়ে অস্থিরভাবে পারচারী করছে! পাঁচকড়ি দাঁত দিয়ে ঠোঁট কামড়ে ধরেছে! শিবেন আসত সিগারেটটা আছড়ে ফেলে দিয়েছে! আর অনন্ত চোখ কুঠিকে অমলের মুখের দিকে চেয়ে রয়েছে!

বেলা দশটায় দ্ব্হ্ইসিল পড়ল। ফেটীগের জন্য প্রা-কোম্পানি ফল-ইন, অবশ্য বি-ও-আর'রা বাদে।

শ্ল্যাটফরমে নেমে ছেলেরা দেখল, তাদের ট্রেণ থেকে ব্রেকভ্যান আর ওয়াগনগুলো কেটে দু'নন্দ্রর শ্ল্যাটফরমে শ্লেস করা হয়েছে। তিননন্দ্রর শ্ল্যাটফরম মিটার গেজ লাইনের, সেখানে একখানা রেক দাঁড়িয়ে।

সমস্ত ব্যাপারটা কেমন যেন বিসময়কর ঠেকে। যেন একটা অদৃশ্য হুস্ত অলক্ষ্যে বসে সূতো ধরে টানছে, আর তারা প্রভুল-নাচ নেচে চলেদে

একনম্বর থেকে মার্চ করে দ্বান্স্বর পলা,টফরমে উঠল। ওয় গ্রুলোর সবকটারই দরজা খোলা। হাবিলদার-মেজর বললেন, বড় গাড়ীসে সম্কা সামান ছোটা গাড়ীমে লেনে হোগা। সিরফ এতনা কাম! যেতনা জলদি খতম করনে সেকেগা ওতনা জলদি ছুটি!

কে যেন কথা তুলল, তাহলে আমরা যাচ্ছি কে:থার! আর একজন উত্তর দিল, মনে হচ্ছে যেন আসামে!

কেন! কাটিহার দিয়েওতো পশ্চিমের দিকে যাওয়া যায়!

পশ্চিমে কি হাওয়া থেতে যাবে নাকি! লড় ই চলেছে বর্মায়, সেই-খানেই আম দের নিয়ে চলেছে। কেন, শিয়ালদা ডেশনে বর্মা-ইভ্যাকুরীদের ভাড় দেখনি বর্ঝি! যত শালা লালমর্থো সর্ড়সর্ড় করে পালিয়ে আসছে!

তাহলে বেনগাজির কথা ভূয়ো!

তাতে আর কি এসে গেল! মরতে যখন হবেই তখন জার্মান আর জাপানীতে তফাণটা কি!

সমদত শরীরে কাঁটা দিয়ে ওঠে। জাপানীদের মুখেমর্থি হতে? দুর্ভেদ্য সিংগাপুর যারা ফুংকারে দখল করেছে! প্রিন্স-অফ-ওয়েলস

মার রিপালসের মত জাহাজকে যারা পাথরবাটির মত ডুবিয়ে দিয়েছে! শাসে যারা মালয় থেকে বর্মা দখল করেছে! যাদের হাতে ব্টিশের মাড়াইল্লেফ্ল সৈন্য বন্দী!

বুকের মধ্যে ধড়াসধড়াস করতে থাকে। সেই জাপান, যে আজ ছ'

হর ধরে নিরীহ চীনের ওপর তাশ্ডব চালাচ্ছে! চীনা বন্দীদের ডামি

্রা করে বেয়নেট-ফাইটিং প্রাকটিস করছে! বুলেট খরচ বাঁচানর জন্য

হাজারে হাজারে চীনাকে তলোয়ার দিয়ে বলি দিছে!

সহরে নিরাপদ আশ্রয়ে বসে খবর-কাগজের পাতায় জাপানীদের বীরত্বে মৃশ্ব হওয়া চলে! জাপানীদের জয়ে উৎসাহিত হয়ে তাদের জন্য মপেক্ষা করা চলে! কিন্তু জীবন বিপন্ন হওয়ার সীমানায় দাঁড়িয়ে মাক্রমণকারী জাপানকে বন্ধ্য ভাবতে মন দমে যায়, বুকে ভরসা জাগে না!

মৃত্যুর বিভীষিকা চোথের ওপর ভেসে বেড়াতে স্বর্করে! ডাক ছড়ে তাদের কাঁদতে ইচ্ছে করে! কী এমন মহাপাতক তারা করেছে বে, ্রিল্লছাড়া আর তাদের গত্যন্তর নেই! কাঁধের বোঝা মাটিতে নামিয়ে কি দ্বিতিত তারা পালানর উপযোগী একটা স্কুণ্গ খ্রুতে থাকে!

কাজ শেষ হওয়ার সংগ্য সংগ্য ছন্টীর প্রতিশ্রতিতেও কাজে উৎসাহ সেনা। তবন্ত কাজ শেষ হয় এন-সি-ও'দের তাড়ায় আর খি'চুনিতে। জে শেষ হলে হাবিলদার-মেজর আবার তাদের মার্চ করিয়ে এনে কামরায় নেব দেন। আবার ট্রেণ-পিকেটরা ব্যাটন দুলিয়ে টহল দিতে থাকে।

খগেন বলল, জানিস আমরা মণিপুর যাচিছ!

অনন্ত বলল, শেষ পর্যন্ত জাপানীদের হাতেই মরতে হবে!

পাঁচকড়ি বলল, জাপানীরা বাঙালীদের কিছু বলে না। জানিস, মুভাষ বোসতো এখন জাপানেই আছেন।

অন-ত বলল, যাওয়ার সময় বৃঝি তে র সঙ্গে দেখা করেছিলেন?

না না, ঠাট্টা নয়! রাসবিহারী বোস নিজে এসে নিয়ে গেছেন। স্ভাষবাব্র বাড়ীর সামনে চোদ্দজন করে সি-আই-ডি বসে থাকত! তব্ও তাদের চোশুে ধ্লো দিয়ে গেছেন!

হঠাৎ একটা হৈ-চৈ শব্দে ষ্টেশন গরম হয়ে উঠল। কামরা থেকে ছেলেরা জানলার ওপর হ্মড়ি থেয়ে পড়ল। জমাদার সাহেব একটি ছেলেকে সার্টের কলার ধরে টানতে টানতে দন্দবর প্ল্যাটফরমে তুললেন। তারপর চলল তার ওপর চড়চাপড়, ঘুমি, কিল!

মেজর সাহেবকে একজন এন-সি-ও ডেকে নিয়ে এল। / জমাদার সাহেব নিরুত হয়ে ছেলেটিকে মেজর সাহেবের সামনে খাড়া করে দিলেন। মেজর সাহেব তার চুলের ঝুটি ধরে গোটাকয়েক ঝাঁকানি দিয়ে বললেন, মিলিটারীতে ঢোকার সময় মনে ছিল না? এখন ব্লাভি চোরকা মাফিক ভাগতা হ্যায়! ঘরমে ক্যা বহুং রুপেয়া জমা হো গয়া?

ছেলোট মেজর সাহেবের পা জড়িয়ে ধরে বলল, আমাকে ছেড়ে দাও সাহেব, তোমার বহুং ভাল হবে! আমার বড় ডর লাগছে!

মেজর সাহেব ঝটকা মেরে পা ছাড়িয়ে নিয়ে বললেন, আঠাশদিন কয়েদ খাটলে সমস্ত ভয়ঙর কেটে যাবে—তারপর হ্নুকুম দিলেন টোর্যোণ্ট-এইট ডেজ আর-আই আর খুব হার্ড ফেটীগ।

ছেলেটী তথনও মাটির ওপর উপত্ত হয়ে পড়ে কাঁদছে। দত্তক সেন্দ্রী তার পিঠের ওপর হাত রেখে বলল, চল ভাই!

জমাদার সাহেব খি চিয়ে উঠলেন, ওইসা নহি! এইসা বলেই তিনি ছেলেটির জামার কলার ধরে হে চড়াতে হে চড়াতে টেনে নিয়ে চললেন। ছেলেটী তখনও একটানা চে চিয়ে চলেছে, আমাকে ছেড়ে দাও সাহেব! তোমার বহুং ভাল হবে!

খগেন বলল, তব্তু শালাবা আশা করে জাপানীদের বির্দেধ লড়াই করে আমরা ওদের জেতাব!

পাঁচকড়ি বলল, এবার আর বাছ।ধনদের জিততে হচ্ছে না। সাধে কি আর কলকাতার লোকে এ-আর-পি কথাটার মানে করেছে, এবার রশে পরাজয়! আমিতো বে°টে মামাদের দেখলেই হাত তলে দাঁডাব।

অনন্ত বলল, সেই ভাল। রামে মারলেও মারবে আর রাবণে মারলেও মারবে! এ শালারা মারবে তিলে তিলে আর জাপানীরা মারবে এক-কোপে! সে হিসেবে জাপানীরাই ভাল!

অমল গ্রম হয়ে বলে আছে, তার মুখখানা থমথম করছে। শিবেন তাকে একটা ঠেলা দিয়ে বলল, কি অমলবাব, অত ভাবছেন কি?

অমল চমকে উঠে বলল, আমি! আমি ভাবছিলমে, মেজর সাহেবের

সেদিনকার রাতের লেকচারের কথা! উনি বলেছিলেন, কেউ র্যাদ থাকতে না পারে উনি নিজেই তাকে ছেড়ে দেবেন। অথচ এখনই চোখের ওপর দৈখিয়ে দিলেন ছেড়ে দেওয়ার নম্না। তাই ভাবছিল্ম, যারা মিলিটারীতে থাকতে চায় না, তাদের কেন এরা জাের করে ধরে রাখে!

লালমণিরহাটে ট্রেন ইন করল, বেলা তখন প্রায় সাড়েচারটে। ট্রেন-পিকেট অনিল কামরার জানালায় এসে দাঁড়াতেই পাঁচকড়ি বলে উঠল, কিহে, আবার ফেটীগ হবে নাকি?

অনিল বলল, কেন আমি বৃঝি কেবল ফেটীগের খবরই আনি? তাছাড়ো আর কি কম্মোটা করছ শুনি?

অনিল অভিমানের স্বরে বলল, যা যা, তোদের সঙ্গে আর কথাই বলব না। ভাবছিস বর্মি এই ব্যাটন-হাতে দারোয়ানী করতে আমার খ্ব ভাল লাগছে? তোরাতো তব্ব দশজন এক জায়গায় বসে গলপগ্লেব কর্ছিসা! আর আমি?

পাঁচকড়ি অনিলের কাঁধে একটা হাত রেখে বলল, নারে না, রাগ করছিস কেন শ্বেশ্বে। ওই ডিউটীতে যতক্ষণ আছিস ততক্ষণই তুই শন্তব্ব! তারপরতো তোর আমার একই হাল! যাক, কোথায় নিয়ে চলেছে কিছ্ম জানিস নাকি! তোরাতো এখন হাই-কমান্ড মহলে ঘোরাফেরা কর্নছিস!

সেই কথাইতো বলতে এসেছিলাম।

আরেঃ তাই নাকি? আয় আয়, ভেতরে এসে বস্। ওরে শিবে, অনিলকে একটা সিগারেট দেরে!

নারে না, ভেতরে যাব না। ওই শালা বে'টে-থচ্চরটাতো পেছনে লেগেই আছে!

কে? জমাদার সাহেব?

তাছাড়া এমন গ্র্ণধরটী আর কে!

অনত উঠে এসে অনিলের কানের কাছে মৃথ এনে বলল, দে না অন্ধকারের মধ্যে শালার মাথায় একঘা ব্যাটন কযিয়ে! যেই শালা অজ্ঞান হয়ে পড়বে অমনি দিবি শালাকে চাকার তলায় ফেলে। অনিল দীর্ঘ শ্বাস ফেলে বলল, সে হয়নারে অননত। ইচ্ছে কি আর হয়না! কিন্তু আমার যে শতেক জন্মলা!

তোর আবার কি জনলা হল?

সে আর শ্নে কি করবি! সে সব কথা আর লোকালয়ে বলবার মত নয়! মনে হলেই আমার মাথা খারাপ হয়ে যায়।

মনের মধ্যে কথা কখনও চেপে রাখতে নেই, তাহলেই অশান্তি বাড়ে। খোলসা করে বলে ফেল মন হাল্কা হয়ে যাবে।

তা যথন বললি, তবে শোন্। লোকের একটা বিয়েই হয় না আর আমার কপালে দ্ব'দ্বটো! আর দ্বটোই রয়েছে বে'চে!

স্বরাজ বলে উঠল, বলিস কিরে, একেই বলে ছপ্পড়-ফ্র্রুড়ে পাওয়া! আর আমরা শালা রাস্তায়ঘাটে প্রেমের-পিত্যেশ-পরদেশী হয়ে ঘ্রুরে বৈড়াচ্ছি! কিন্তু এমনই ফাটা কপাল, আজও মাইরী একটা বিয়ে হল না।

অন-ত স্বরাজকে থামিয়ে দিয়ে বলল, সব কথায় ঠাট্রা-ইয়ার্কি চলে না স্বরাজ, মানুষের মন বুঝে কথা কইতে হয়। যাক্, তুই বল অনিল।

অনিল বলতে লাগল, বছরখানেক আগে আমার প্রথম বিয়ে হয়। বাবার সঙ্গে শ্বশ্রমশাইয়ের লাগে অটাখটি পাওনা-থোওনা নিয়ে। বাবাতো রেগে গিয়ে বৌটাকে দিয়ে এলেন তার বাপের বাড়ী! তারপর দ্বম.স বাদে আবার আমার বিয়ে দিলেন। আর আমায় হ্বকুম দিলেন, প্রথম বৌয়ের কথা একেবারে ভুলে য়েতে। আছো বলতো, একি কোন মান্বে পারে। মন্তর পড়ে অগ্নি সাক্ষী করে যাকে বিয়ে করেছি তাকে ভুলে গেলে যে নরকেও আমার প্রান হবে না! সে বৌটা এখনও আমাকে লাকিয়ে চিঠি লেখে কিন্তু আমি কি যে করব ভেবে কুল-কিনারা পাই না!

অননত বিষণ্ণ স্বরে বলল, কি আর করবি বল, যা হবার তাতো হয়ে গেছে। বাবা মারা গেলে তাকেও ঘরে নিয়ে আর্সবি। তাড়িয়ে দিলেইতো আর দায়ীত্ব চলে যায় না! সেতো আর তোকে ছেড়ে যার্মন!

শিবেন বলল, ঠিক বলেছিস অনন্ত, বাপের প্রায়শ্চিত্ত ছেলেকেই করতে হবে! এ নিয়ে আর মন খারাপ করিসনি খনিল। যাক্, কি বলতে এসেছিলি, তাই বল।

কথা বলতে গিয়ে অনিলের 'গলাটা কে'পে ওঠে। পকেট থেকে রুমাল

বার করে মুখ মুছতে মুছতে সে চোখটাও মুছে নেয়। তারপর বলে, আমাদের কোম্পানি বোধহয় এখানেই নামধে।

কি করে ব্রুঞ্জি?

মেজর সাহেব, ক্যাপটেন, এ্যাডজনুটান্ট আর সনুবেদার সাহেব গেছেন ন্টেশনে। কি একটা জর্বী মেসেজ এসেছে! আচ্ছা, আমি চলি ভাই— স্বরাজ বলল, তা মন্দ হয় না। জায়গাটাতো বেশ ভাল বলেই মনে হচ্ছে। এত বড় একটা জংশন-ভেটশন, বেশ কাজটাজ শেখা যাবে।

পাঁচকড়ি বলল, ক্যাম্পও তাহলে নিশ্চয়ই ন্টেশনের কাছে পড়বে? স্বরাজ বলল, সেতো বটেই, আর রেলওয়ে কলোনিওতো একটা দেখলুম। দিনকাল দেখছি ভালই যাবে!

পাঁচক ড়ি বলল, মাল-ঝাল এক আধটা নজরে পড়ল নাকি?

চোখেতো পড়েনি! তবে শাড়ীটাড়ী কয়েকটা শ্কোতে দেখেছি।

ব্যাস্, তাহলেই হল। শাড়ী যখন আছে তখন তা পরবার লোকও
নিশ্চয়ই আছে, কি বল?

দ্বনম্বর প্ল্যাটফরমে একটা ট্রেণ এসে দাঁড়াল। তার কামরাগ্রলোতে গাদ।গাদি করে লোক বসেছে। একই কামরায় মেয়ে, প্রুর্ম, সাহেব, মেম, ব চাকাচ্চা সবই আছে। গাড়ীটা দাঁড়াতেই কেউ ডাক ছেড়ে কে'দে উঠল, কেউ ককিয়ে উঠল, ঝচ্চকাচ্চার দল চ্যাঁ-ভ্যাঁ স্বুর্করে দিল! রেলওয়ে প্র্লিশ এসে প্রত্যেকটা কামরার দরজায় দাঁডিয়ে পড়ল!

পাঁচকড়ি বলে উঠল, এ আবার কি ট্রেণ! সিভিলিয়ানদের পাহারা দেয় কেনরে বাবা!

শ্বরাজ চে'চিয়ে ও-গাড়ীর একজনকে জিজ্ঞেস করল, ও দাদা, শ্বনছেন, আপনারা কোথা থেকে আসছেন?

উত্তর এল, বর্মা থেকে! জাপানীরা বর্মি এসে পড়েছে? কচু-কাটা করছে!

পাঁচকড়িদের সামনাসামনি কামরা থেকে মাথা বাড়িয়ে এক বৃদ্ধ বাম করতে সূর্ করেছে আর এক মহিলা তাঁর মাথায় জল ঢালছে। খণেন বলল, দেখন অমলবাব, একবার কান্ডটা! যুদ্ধের দৌলতে তাহলে শ্ব্ব যে আমরা মরব, তা নয়! সিভিলিয়ানরাও বাদ ষাবে না!

মেজর সাহেব ডেশনে ফিরেই দেখেন, কামরার মধ্যে বসেই ছেলেরা চিৎকার করে বর্মা-ইভাাকুয়ী-ট্রেণের খবরাখবর জানছে। তিনি নিজেই দ্ংহ্ইসিল বাজিয়ে দিলেন। ছেলেরা লাফাতে লাফাতে স্ল্যাটফরমে নামছে! তাদের ধারণা লালমণিরহাটে ক্যাম্প করার জনাই এই হ্ইসিল! ট্রেণ-পিকেটদের কুপায় সংসমাচারটী থেকে কেউই বণ্ডিত হর্মন।

মেজর সাহেব স্ববেদার নন্দীকে বললেন, ঘন্টাখানেক এদের র্ট-মার্চ করিয়ে আন। ততক্ষণে নিশ্চয়ই ওই ইভ্যাকুয়ী-ট্রেণটা চলে যাবে!

রিগ্গয়া জংশন পার হওয়ার পরই দেশের চেহার। যেন বদলে যেতে থাকে! মেঘলা আকাশ। চারিদিকেই জল থৈ-থৈ করছে। লাইনের দ্বারে নামাল জমিগ্নলো জলে ভর্তি আর তার ব্রুক ফ্রুড়ে গজিয়ে উঠেছে সব্রুজ ঘাস, মাথা চাড়া মেরে জলের ব্রুক চিরে বেরিয়ে এসেছে! দ্রে পাহাড়ের মাথায় মাথায় মেঘগর্লো যেন থমকে দাঁড়িয়ে আছে, তার মধ্যে দিয়ে এসে পড়ছে রোদ্রুর, যেন পালকের মত হালকা! উচুনীচু মাঠের মাঝে কোথাও চাষীরা টোকা মাথায় লাণ্গল দিছে, কোথাও কয়েকটা ছোট ছেলেমেয়ে ছিপ ফেলে ঘাড় বেণিকয়ে দাঁড়িয়ে আছে! আর কোথাও মেছো বক লম্বা ঠাঙি ফেলে চলেছে শ্রুচিবায়্গ্রুসত গ্রামারাজাণের মত!

অমল জানলার ধারে বসে আছে। সারারাত তার ঘ্ম হয়নি, কেবল মাঝে মাঝে ঢ্লোছে। কি এক অজানিত ভয়ে তার গায়ে কাঁটা দিয়ে উঠেছে! ভেবেছে তার ফেলে-আসা জীবনের কথা আর অনাগত মৃত্যুর কথা! ভোরের আলো, মেঘলা আক'শের ধ্সর রোদ আর লাইনের দ্ধরে সব্জের সমারোহ আবার যেন তাকে সজীব চণ্ডল করে তুলছে। জানলার ওপর থাতনিটা রেখে সে বাইরের দিকে চেয়ে আছে।

একটা বাঁকের মুখে ট্রেণখানা বে'কে যেন ধন্কের মত হয়ে বায়।
মিটার গেজের ট্রেণ, গাড়ীগন্লো মনে হয় যেন দেশলাইয়ের বাক্স! কিশ্তু
লাইন আর গাড়ী ছোট বলে ট্রেণ্টা দৈর্ঘেতো কম নয়! অমলের বিসময়
জাগে, এত সর্ব লাইনের ওপুর দিয়ে এত লম্বা একটা ট্রেণ এত জােরে

চলছে কি করে! কিন্তু ট্রেণতো চলেছে, অবিরাম চলেছে! তিনদিনতো কেটে গেল, তব[্]ও এ চলার কি শেষ নেই!

ট্রেণটা হঠাৎ খনখন ঝনঝন করে একটা ক্রসিং পার হয়ে চলল। তার-পর চলেছে একটা ইয়ার্ডের মধ্যে দিয়ে! গতি ক্রমেই মন্থর হয়ে আসছে। ট্রেণের দ্বারে অগনন লাইন, এ'কেবে'কে এদিকর্সেদিক কোন দিকে যে চলে গেছে তার যেন আর হিদস্পাওয়া ষায় না! অমল ঝ'কে পড়ে দেখতে দেখতে বলল, আমরা বোধহয় এসে পড়লাম।

পাঁচকড়ি জিজ্ঞেস করল, কোথায়!

খগেন বলল, কোথায় আবার! জাহান্নমে।

কাঁচা একটা লাইনের ওপর দিয়ে ট্রেণটা ধিকিধিকি গড়িয়ে চলেছে। অনন্ত বলল, এতো বাবা নতুন তৈরী ইয়ার্ড, এর মধ্যে ঢোকাচ্ছে কেন। তবে কি এখানেই নামাবে নাকি!

ট্রেণটা যেখানে গিয়ে থামল সে লাইনটা একেবারে রক্ষপন্তের পাড়ের ওপর। সীট ছেড়ে ছেলেরা নদীর দিকে গিয়ে বসল। ভরাভর্তি নদ, স্রোতের টানে কচুরীপানা ভেসে চলেছে সাঁইসাঁই করে। দ্পারে কত যে ফিমার বোট আর ফেরী তার যেন আর ইয়ন্তা নেই! ট্রেণে বসেই নদের অপর পার দেখা যায়. পাহাড়ের ঢল নেমে এসেছে নদের ব্রকে!ছেলেরা ম্বর্ণ দ্ভিটতে নদীর ওই দ্বর্ণার স্রোতের দিকে চেয়ে থাকে। ব্রকের মধ্যে ছোটু একটা নিঃশ্বাস ফ্রলে ফে'পে ধীরে ধীরে বেরিয়ে আসে! ভারাও ব্রঝিবা এমনিভাবে কেবল চলবে আর চলবে! জীবন তাদের হঠাৎ একদিন থেমে যাবে না! আশা আকাঙ্থার স্বিকছ্ই হঠাৎ শেষ হয়ে যাবে না.....

ভুর

আমিনগাঁও রেলওয়ে-ইন্ছিটিউটের মাঠে কোম্পানির তাঁব্ব পড়ল। মাঠের সামনে পিঁচঢালা রাস্তা, তার অপর পারেই ব্রহ্মপত্রের পাড়। মাঠটা ছোট, তাই তার বেড়া ঘে'ষে তাঁব্ব ফেলেও সবকটা তাঁব্ব খাটান ষার্মনি। লোকের অনুপাতে তাঁব্ব কম, তাঁই একই তাঁব্বতে আঠার থেকে

কুড়িজন করে থাকার হ্রকুম। বি-ও-আর'দের জন্য ব্যবস্থা হল ইন্ডি-টিউটের পাকা দালানে!

মাঠের চারিধার ঘিরে তাঁব্ পড়েছে। মাঝখানে একটা চালা আগে হতেই ছিল, সেইখানে হল লংগর। অফিস, ন্টোর, অফিসাব আর ভিস-ও'দের তাঁব্ পড়ল রাস্তার ধারে, একেবারে নদীর কিনারে। কোয়ার্টার-গার্ডের তাঁব্ পড়ল মাঠের গেটে। সন্ধ্যে হওয়া প্র্যব্ত ছেলেরা মাঠেব চারধারে কাঁটাতারের বেড়া লাগাল।

আমিনগাঁও একটা টার্মিনাস-ছেইশন। ওথানকার আবহাওয়াটাই জমজমাট! একেবারে যে একটা জজ্গলে এসে পড়েনি একথা ভেবেছেলেরা খুশী। কেউ খুশী, নতুন জায়গায় নতুন মানুষের সজ্গে মেলামেশা করতে পারবে বলে, আবার কেউ খুশী সৈনিকজীবনের ফ্রতির খোরাক মদ আর মেয়েমানুষ স্বলভ হওয়ার সম্ভাবনায়। সামাজিক জীবের খোরাক রয়েছে ইন্ছিটিউটের লাইরেরী, ফ্রী-রিভিং-র্ম, মাঝে মাঝে গানের জলসা, থিয়েটাবের রিহার্সাল আর সিভিলিয়ান পরিবার-গ্রেলা। আর সৈনিকের খোরাক রয়েছে বিরাট ধাজ্গড়বিস্ত, দেশীমদ সেখানে প্রচুর পাওয়া য়য়। আর মেয়েমানুষ স্বলভ হওয়ার কারণ, ওই অঞ্চলের নীচেরতলার মানুষের অসীম দারিদ্র।

ক্যান্প হওয়ার তৃতীয়দিনে ছে ট ছোট দলে ভাগ হয়ে চলল ভৌশন মান্টার, সিগ্ন্যালার আর পয়েন্টস্ম্যান রভিগয়া, সরভোগ আর বরপেটা ভৌশনে। সেখানে তারা হাতেনাতে কাজ শিখবে, দরকার পড়লে ন্ব ধীন ভাবেও কাজ করবে! বারজন গার্ড বৃক্ করা হয়েছে আমিনগাঁও থেকে লালমিণিরহাট সেকসনে রান্তা চিনতে। আমিনগাঁও লোকে শেডে কাজে লেগে গেল শেড-ভটাফেরা। ড্রাইভার আর ফায়ারম্যানরা ক'জ নিল ইয়ার্ড পাইলটে। নতুন ধরণের এক কমব্যিন্ততা সমন্ত কোম্পানিটাকে পেয়ে বসেছে। ছেলেরা নিজের নিজের ক্যাটেগরীতে কাজ করতে পেয়ে আর পি-টি, প্যারেড থেকে রেহাই পেয়ে অসীম উৎসাহে মেতে উঠেছে।

টেকনিক্যাল-ডিউটী যাদের কপালে জোটোন তারা বৃষ্টি না হলে পি-টি, প্যারেড করে, যত রকমের ফেটীগ দরকার হয় সব তারাই করে, কোয়ার্টার-গার্ড ডিউটীও তারো দেয়! তব্তু এই শিথিল আবহাওয়ার মধ্যে ছিদ্র খংজে নিয়ে বিকেলে নদীর ধারে ধারে খানিকটা ঘ্রের ফিরে বেড়ায়, চোখে ধ্লো দিতে পারলে বাজারটাও একপাক দিয়ে আসে!

ডিউটীতে ব্রুক করার সময় প্রথম স্থোগ পেয়েছে বি-ও-আর'রা, তার পর স্বেদার জমাদার সাহেবের পেয়ারের লোকেরা! কাজেই অ্বমল, অন•ত, পাঁচকড়ি প্রভৃতির আর লাইনে বার হওয়ার সৌভাগ্য হয় নি! অর্বাশণ্ট ছেলেদের মধ্যে তারাই উচ্চবেতন আর শিক্ষিত সম্প্রদায়, তাই চোট এসে পড়ছে তাদেরই ওপর বেশী।

খেগেন তাঁব,তে ঢুকে বলল, একটা স্থবর দেব, কে কি খাওয়াবে বল ? অনন্ত বলল, খবর যদি সাচ্চা হয় একডোজ দিশা খাইয়ে দেব! না ভাই, ও যেন পোষ য় না! বড় গলা-ব্যক জ্বালা করে! ব্যকে যাদের আগ্রন জ্বলে তারাই ওই জ্বালায় আনন্দ পায়! পাঁচকড়ি বলল, তোর ব্যকে ব্যি আগ্রন জ্বলে অনন্ত? কিসের আগ্রন বাবা! বেশতো চ্যুকুচুকু চালাও দেখি মাঝে মাঝে!

অনন্ত সন্দ্রুত দ্বিউতে অমলের দিকে চাইল। অমল পাঁচকড়িকে বলল, যেতে দাও অনন্তর কথা। খগেন যা বলছিল সেইটাই শোনা যাক। খগেন বলল, শ্বনে এলাম, গৌহাটীতে একটা ডিট্যাচমেন্ট শিগগীরই থেলা হবে। সেখানে গার্ড আর ডেইশন-মান্টার জনকয়েক দরকার হবে।

পাঁচকড়ি লাফিয়ে উঠল, আমি যাব মাইরী। তুই পিটার সাহেবকে বলে-কয়ে করিয়ে দে, তার একরাতের ফ্বতির খরচ আমি দেব! আর পারছি না মাইরী! দিনরাত মুটেমজ্বরের মত বস্তা বহা আর রাইফেল ঘাড়ে দারোয়ানী করা! সত্যি বলছি, আমি এবার সুইসাইড করব!

খণেন বলল, অমল, তুমি?

যেতে আমার খ্বই ইচ্ছে আছে কিন্তু ঘ্র আমি দিতে পারব না।
তবেই হয়েছে! জানইতো, পিটার সাহেব হচ্ছে মেজর সাহেবের
ডানহাত! সেতো ভাই ট্র-পাইস না নিয়ে কাজ করবে না।

পাঁচকড়ির কোয়ার্টার-গার্ড ডিউটী, সে চলে গেল গাড় রুমে। খণেন বলল, যাক্, সে না হয় দেখা যাবেখন। চল, এখন একট্ম ঘ্রের আসি । ক্যাম্প থেকে বেরিয়ে অফিসার্স-মেন্তের কাছাকাছি এসে ওরা দেখে তাঁব্র বাইরে অফিসাররা সকলেই বসে আছেন। টেবিলের ওপর দ্টো হুইদ্বির বোতল আর সকলেরই হাতে গ্লাস।

অমল দাঁড়িয়ে পড়ে বলল, না ভাই, ওদের সামনে দিয়ে গিয়ে কাজ নেই। নেশার ঝোঁকে হয়তো সবশুদ্ধ কোয়ার্টার-গার্ডে পুরে দেবে!

খগেন বলল, দরে বোকা, সব কাজেরই ট্যাকটিকস আছে। জানইতো ও শালারা সেলামের কাঙাল! আমরা করব কি, ওদের সামনে দিয়ে পাস করার সময় তিনজনেই একসঙ্গে বকায়দা সেলাম ঠাকে দেব! দেখবে, কোন শালা আর একটী কথাও বলবে না।

দ্র্দ্র্র্ ব্বে ওরা এগিয়ে চলল। অফিসারদের কাছ বরাবর এসে খগেন দাঁতে দাঁত চেপে বলল, আপ—ওরা তিনজনেই বাঁয়ে ঘাড় ঘ্রিয়ে ৰুপালে হাত তুলে ছ'কদম এগিয়ে গেল। মেজর সাহেব মদের 'লাসশ্ব্ধ হাত তুলে সেলাম গ্রহণ করলেন।

অমল বলল, বাপস্, যেন আগ্রনের ওপর দিয়ে হে'টে এল ম !

খণেন বলল, কায়দাগ্বলো শিখে নাও, না হলে মরে যাবে। ফাঁকি ষদি না দিতে পার তাহলে ও শালারা দ্বিদনে সাবড়ে দেবে! হাাঁ, তবে ফাঁকি দিতে হবে ব্বিশ্ব খরচ করে। এই যে আমরা স্যালিউট করে বেরিয়ে এলাম, ও ব্যাটারা ভাবছে আমরা ব্রব্যি ডিউটীতে চলেছি!

ফেরীঘাটের কাছাকাছি এসে অমল বলল, নদী পার হলেইতো গোহাটী যাওয়া যায়। একদিন থেতে হবে বেডাতে, কি বল অননত?

খণেন বলে ওঠে, কোথায়? তিননম্বর গেটে নাকি?

অমল বলল, কিসের তিননম্বর গেট!

খেগেন অনন্তর দিকে চেয়ে ম্চকে হেসে বলল গেটওয়ে-ট্র-হেভেনস!
অমলের মুখখানা রাঙা হয়ে ওঠে। এতক্ষণে অনন্ত মুখ খেলে, না
ভাই অমল, যদি সম্ভব হয় ওই হেভেনসের গেটে কেনদিন যেয়ে।না।

খাগেন ঝঙকার দিয়ে উঠল, বলিস কিরে! তুই যে ভোল পালটাচ্ছিস? অনন্ত কোন উত্তর দেয় না। অমল অনন্তর বিষণ্ণ মনুখখানার দিকে চেয়ে বলল, তোমার কি হল অনন্ত, হঠাৎ এত মুষড়ে পড়লে কেন!

অমলের একটা হাত চেপে ধরে অনন্ত বলল, সে অনেক কথা, এক দিন তোমায় সব বলব অমল! ওরা সবেমার ফেরীঘাটের পাড়ে গিয়ে দাঁড়িয়েছে এমন সময় একটা ফাীমার এসে আমিনগাঁওর জেটীতে ভীড়ল। ফীমার ভার্ত সৈনিক। অমল জিজ্ঞেস করল, এত মিলিটারী আসছে কোথা থেকে!

খেগেন বলল, আর কোথা থেকে! বর্মা থেকে ল্যাজ গ্রিটরে বীরত্বের সহিত পশ্চাদপদ হচ্ছেন!

অননত বলল, কাল কাগজে দেখলমে মণিপুরে জাপানীরা বিদ্বং করেছে, অবশ্য ক্ষতি কিছ্ই হয়নি! কিন্তু এখনতো দেখছি সৈনিকরাই বা পালিয়ে আসছে!

খণেন অমলকে ঠেলা দিয়ে বলল, দেখ দেখ, অফিসারগন্নো যে সব পাদ্রীসাহেব হয়ে গেছে হে! লম্বা লম্বা দাড়ি, ছে'ড়া জামা আর খালি পা! আহা শ্রুকিয়ে বাছারা চামচিকে হয়ে গেছে!

ফেরী থেকে নেমে খানিকটা বালি ভেঙে পাড়ে উঠতে হয়। পাড় থেকে খানিকটা দ্রেই ভেটশন। ভেটশনের মুখে বিরাট দ্বই ড্রামে চা আর কয়েকটিন বিস্কিট নিয়ে জনকয়েক লোক বসে আছে। আর-টি-ও'র একজন লেফটেনান্ট সেখানে দাঁড়িয়ে অফিসারদের বিবরণ লিখে নিচ্ছে।

একভাঁড় চা আর একপ্যাকেট বিহ্নিট নিয়ে অফিসাররা বালির ওপর বসে পড়ছে। চারের ভাঁড়ের দিকে তাকাতেই চোখণালো তাদের চকচক করে উঠছে! একটা বিহ্নিটের সমস্তটাই একবারে মুখে পুরে দিচ্ছে!

অমল বলল, খাওয়ার ধরণ দেখ! কতদিন যেন খেতে পার্যান!

অনন্ত বলল, তা ছাড়া আবার কি! সেদিন একটা অফিসার বলছিল, চোরিশদিন ধরে সে হাঁটতে হাঁটতে এসেছে স্লেফ চাল চিবিয়ে! ডিমা-প্রের পোছে চেণ্টা-চরিত্তির করলে নাকি খাওয়া যায়। কিন্তু সেখানে বসে ক্লেছে ল্বটের কারবার! একটা খানা খেতে গেলে লাগবে বস্তা বস্তা টাকা! একবাণ্ডিল বিভির দাম উঠেছে পাঁচসিকে!

খণেন বলল, আরে. জানিস না বৃঝি? দিনদুই আগে একটা জফিসার, রীতিমৃত হোমরাচোমরা, কর্ণেল না ব্রিগেডিয়ার কি ষেন, সোরাবজীর রেণ্ট্রেলেট এয়সা খাওয়া খেয়েছে যে, তখ্নি বিম করতে করতে পটল তুলেছে! সেই থেকে আর-টি-ও কোন ইভ্যাকুয়ী-অফিসারকে আর ওখানে খেতে দেয় না!

অফিসারদের নামার পালা শেষ হলে সাধারণ সৈনিকরা নামতে স্ব্র্ করল। নামছে তারা অসীম উৎসাহে কিন্তু চলার ক্ষমতা নেই! শরীরের সমস্ত রস শ্বিকেরে গেছে! নামছে ধরাধরি করে আর কেউ নামছে অপরের কাঁধে ভর দিয়ে। কদম রাখার বালাই নেই! ড্রেসিঙের দিকে তাকাবার অবসর নেই! কর্কশ কপ্টে হ্রকুম দেওয়ারও কেউ নেই! সব আজ বাঁচার তাগিদে আপনসর্বন্ব!

চায়ের জায়গায় এসে জম। হচ্ছে। যার যতট্বকু শক্তি অবশিষ্ট আছে তারই জােরে তারা অন্যকে ঠেলে এগিয়ে চলেছে। যারা মাটির ওপর বসে পড়েছে তারা হামাগর্বাড় দিয়ে এগিয়ে যাচ্ছে। চা নিয়ে কেউ সবটাই একবারে মুখের মধ্যে ঢেলে দিচ্ছে! তাড় তাডি শেষ করতে পারলে যদি আরও একবার পাওয়া যায়! কতক লােক বাম করতে স্বর্ব করেছে! বহুদিনেব অনশনক্রিষ্ট জঠরে গরম চা দুষ্পাচ্য হয়ে উঠেছে!

অমল বলল, আর কি খেতে দেওয়ার জিনিষ পেল না!

অনন্ত ধলল, খেতে দেওয়ার জন্য কি আর দিয়েছে! তাহলে চেয়ে দেখ যারা চা দিচ্ছে ত'দের পেছনে ওই সাইনবোর্ডখানা!

বোর্ড থানিতে আঁকা—একজন ভারতীয় সৈনিক খুসীতে-ফেটে-পড়ে ধ্মায়িত চায়ের কাপে চুমুক দিছেে! বিজ্ঞাপন দিচ্ছেন ইণ্ডিয়ান টী মার্কেট এক্সপ্যানসান বোর্ড!

খণেন আঁতকে উঠল, ওঃ, কি সাংঘাতিক! একেই বলে ব্যবসাদার! মৌকা পেয়েছেতো অর্মান বিজ্ঞাপন চালাচ্ছে। কিন্তু এই লোকগ্লো কি স্বর্গে গিয়ে ওদের চায়ের বাজার বাড়াবে!

তখনও সৈনিকরা নামছে। বাকী মাত্র আব কয়েকজন, তারা দল্ ছাড়া হয়ে পড়েছে! তাদের কেউ নামিয়ে আনার চেন্টা করেনি, তব্ব তার। নেমে আসছে টলতে টলতে। পারঘাটার পাটাতনের দড়ি, ধরে একপা একপা করে এগিয়ে অসছে! একজন দড়ির শেষপ্রান্তে এসে থমকে দাঁড়িয়ে পড়েছে, এর পর কি অবলম্বন করে সে পাড়ে উঠবে! সবশেষের লোকটী আর চলতে পারে না, দড়িটাকে দ্বাতে চেপে ধরে এলিয়ে পড়ল পাটাতনের ওপর!

অমল থগেন আর অনন্ত ওই লোকদ্টীকেই লক্ষ্য করছিল। **অমল** বলল, চল আমরা ওদের একট্র সাহায্য করি।

নেমে এল ওরা পাটাতনের ওপর। যে লোকটী পাটাতনের শেষ-প্রান্তে থমকে দাঁড়িয়েছিল, সে খগেনের জামাটা চেপে ধরল। খগেন বলল, আমি একে নিয়ে যাচ্ছি, তোমরা ওকে নিয়ে এস।

খগেন লোকটীর কোমর জড়িয়ে ধরে তার বাঁহাতটা নিজের গলায় জড়িয়ে নিল। একপা একপা করে তারা পাড়ে উঠছে। খগেনের দম বন্ধ হয়ে আসছে! ওঃ কি বিকট দুর্গন্ধ লোকটার গায়ে! আর জামা-গুলোয় পোকা কিলবিল করছে! লোকটীর কোমর থেকে খগেন হাতটা সরিয়ে নিল। সংগে সংগে লোকটী খগেনের গলাটা আরও জোরে আঁকড়ে ধরল! তাগত্যা খগেন তাকে জড়িয়ে ধরে ওপরে উঠতে থাকে।

্রমল আর অনন্ত পাটাতনের ওপর পড়ে-যাওয়া লোকটীর পাশে এসে বসল। অমল লোকটীর মাথা তুলে নিল তার উর্ব ওপর, ডাকল তাকে অনেক ভাবে কিন্তু কোন সাড়া নেই! চোখের পাতা টেনে দেখে অমল বলল, দ্প্রেচার না হলেতো একে ওপরে নিয়ে যাওয়া যাবে না! এখনও বোধহয় সময় আছে!

অনন্ত বলল, একে শান্তিতে মরতে দাও অমল! আর টানাহে চড়া করে কাজ নেই। এমন কত হাজারে-হাজারে বর্মার রাস্তায় বিছিয়ে রয়েছে, তাদের আজ চিলে শকুণে ছি ডে খাচ্ছে!

অমল বলল, না অনন্ত, নিছক অদ্ণেটর দোহাই দিয়ে একে মরতে দেব না। আজ ব্রুতে পারছি, আম.দেরও এই একই পরিণতি! তব্তুও আমরা বাঁচবার চেণ্টা করব! অদ্ভেটর হাতে ছেড়ে দিয়ে মরতে যাব না!

অনন্ত চলে গেল ভেঁশনে। অমল ঝ্কৈ পড়ে লোকটির মুদিত চোখের দিকে চেয়ে তার কপালে একটী হাত রাখল। ফেরীঘাঁট জনশন্ন্য হয়ে গেছে। টী মাকেটি এক্সপ্যানসন বোর্ড বিনাম্ল্যে চা বিতরণ করে, চা-পানরত সৈনিকদের ফটো তুলে নিয়ে চলে গেছে! নদীর ব্কে ধীরে ধীরে নেমে আসছে সন্ধ্যা। অমলের গা ছমছম করছে। সে ভাবছে, কে এই লোকটি! কোন দেশে এর বাড়ী! এর বাড়ীতেই বা আছে কে কে! কেনই বা মরতে এসেছিল এইভাবে? কিন্তু মরার জন্যতো

লোকটি এখানে আর্সেনি! এসেছিল বে°চে থাকার আশায় চাকরি করতে! মরণকে এড়াতে গিয়ে এ কি শোচনীয় মৃত্যুকে সে বরণ করল!

সন্থ্যে উৎরে গেছে, অন্ধকার জমাট বে'ধে উঠেছে। পাড়ের ওপর থেকে দ্'একটা আলোর রেখা ঠিকরে এসে পড়ছে চোখে। ব্রহ্মপ্তের অবিরাম স্রোত জেটীর গায়ে ছলাৎ ছলাৎ করে ধারূর খাছে। নদীর বৃক্তে শ্বা অন্ধকার, নিক্ষ কালো অন্ধকার! অমলের সত্যিই ভয় করছে। এতক্ষণে সে বৃঝতে পেরেছে, লোকটী আর বে'চে নেই! তার ইচ্ছে হয়, লোকটির মাথা কোল থেকে নামিয়ে দিয়ে ছৢটে পালিয়ে য়য়। কিন্তু অনন্ত এত দেরী করছে কেন! চোথ কু'চকে সে তাকাল পাড়ের দিকে। জনকয়ের লোক যেন নেমে আসছে! কথাবাতার শব্দও আসছে যেন! এইবার তাহলে সে লোকটীর বৃক্তের ওপর কান রেখে দেখতে পারে সত্যিই বে'চে আছে কিনা!

অনন্ত, খণেন আর দ্বুজন সৈনিক অমলের সামনে এসে বসল। খণেন জিজ্জেস করল, আছে, না শেষ হয়ে গেছে ? অমলের গলা কে'পে উঠল, নাঃ, নেই!

একজন সৈনিক বলল, থাকবার কথাও নয়। মাটীতে যে একবার পড়ে সে আর ওঠেনা! তার বৃকের ওপর পা রেখে আমরা হেণ্টে এসেছি! অমল হঠাং ফেটে পড়ে, কিন্তু কেন?

সেই কথাটা আমরাও ভাবি! আমরা কি শব্ধ মরার জনাই মিলিটারীতে ভার্ত হয়েছিলাম! সামনে এগিয়েও মরেছি! পেছ হঠতে গিয়েও মরেছি! আমরা কেবল মরেছি, মরছি, পরেও হয়তো মরব!

অনন্ত বলল, জান অমল, বর্মায় এ'রা ছিলেন আড়াইহাজার লোক। আর আজ এ'রা ফিরে এসেছেন বড়জোর শ'পাঁচেক!

সৈনিক দ্বজন উঠে দাঁড়াল। দেখাদেখি ওরা তিনজনও উঠে গাঁড়াল। আকাশে অসংখ্য তারা ফ্রটে উঠেছে, তারই আলোয় ব্রহ্মপ্রের ব্রকটা চিকচিক করছে! শিরশির করে হাওয়া দিচ্ছে! অ'পর পারের ফেরীঘাট থেকে অস্ফুট গ্রন্থণ ভেসে আসছে!

সৈনিকটী বলল, তাহলে আমরা চলি। অমল লাশটীকে দেখিয়ে বলল, আর একে— ওঃ, বলে সৈনিকটী তার সাথীকে ডাকল, আয়রে—
দ্ব'জনে নীচু হয়ে লাশটাকে টেনে ফেলে দিল। ব্রহ্মপ্তের জলে
কবল ঝপাং করে একটা শব্দ হল্!

ইভ্যাকুয়ীর ভীড় বেড়েই চলেছে, প্রতিদিনই আসছে দলে দলে! এসে জমা হচ্ছে ডেগৈনে, ওয়েটীং-র্মের চালার তলায়, বাজারের আনাচে-কানাচে, কোন একট্ব আচ্ছাদুনবিশিষ্ট জায়গার রশ্বের রশ্বে। এসে জমা হচ্ছে আবর্জনার সত্পের মত! ভীড় যত বাড়ছে মৃত্যুর সংখ্যা ততই বাড়ছে! মৃতদেহ যখন দ্'চারটে হত তখন ডেগৈনের ধাণ্গড়-মেথর সেগ্লোকে টেনে নদীতে ফেলে দিত। মৃত্যুর সংখ্যা যখন দিনপ্রতির সংখ্যা ছেড়ে ঘন্টাপ্রতির সংখ্যায় দাঁড়িয়েছে তখন ধাণ্গড়-মেথরের দল উধাও হয়ে গেছে! ঝাঁটপাট দেওয়ার জায়গা নেই, পরিষ্কার করার মত পরিসর নেই! কাজেই তাদের ছন্টী। মরা-মান্স ছড়িয়ে রয়েছে যেখানেসেখানে, তার ওপর বৃষ্টি পড়ছে, রোদ লাগছে, ফ্লেল ফে'পে উঠছে! প্রথম প্রথম চিল শকুণ জীবনত মান্বের কাছাকাছি আসতে ভয় পেত কিন্তু এখন তারা নিভ্রেম্ব এসে ভোজে বসে যায়!

কোম্পানি-অর্ডারে হ্রকুম জারি হয়েছে, চেইশন বাজার আর ফেরীঘাট আউট-অফ-বাউন্ডস্! ইভ্যাকুয়ীদের মধ্যে কলেরা লেগেছে। কোম্পানির ছেলেদের ওই এলাকায় যাওয়া, ওখান থেকে কোন জিনিষ কিনে খাওয়া একেবারে নিষিম্ধ। বেলা তিনটের সময় ইনঅকুলেশন প্যারেড! ক্যাম্পের প্রত্যেকটী ছেলেকে এ্যান্টি-কলেরা ইনজেকশন নিতে হবে।

অমল কিন্তু ভেবেছিল অন্যরকম। তার মনে হয়েছিল কোম্পানির প্রতিটী দেপয়ার ছেলে যদি ফেরীঘাট আর ছেটশনে গিয়ে ইভ্যাকুয়ীদের জিমার থেকে নামতে আর ট্রেণে উঠতে সাহায্য করে তাহলে বোধহয় নিছক ঠেলাঠোল আর দৌড়দৌড়ি করে মরার হাত থেকে অনেকগ্রলো মান্বকে বাঁচাতে পারে! औর সেইটাইতো সৈনিকের কাজ!

কোম্পানি-অর্প্তার শানে অমলের মন বিদ্রোহী হয়ে ওঠে। তেঁশনে সে যাবেই তাতে তার যাই হোক্! দন্দশা আর মৃত্যুর বির্দেধ মান্ধের এই সংগ্রাম তার কাছে নতুন এক দনিয়াকে মেলে ধরেছে। সে কেবল দেখছে মান্ষ! এত রকমের এত বিভিন্ন ধরণের মান্ষ সে আর কখনো দেখেনি! তার কলেজী শিক্ষার ছকে-ঢালা মান্ষ এরা নয়! এরা জীবনত, এরা গতিশীল! সে আরও দেখছে, এই মান্ষগ্লো কেমন করে বাঁচে! আঘাতে আঘাতে চ্রমার হয়ে গিয়েও এরা মরেনা, মরতে জানেনা! কিন্তু কোথায় এদের প্রাণশক্তি!

ওয়েটীঙ রুমের চালার মধ্যে ঘুরতে ঘুরতে অমল ছোট একটী দলের সামনে দাঁড়িয়ে পড়ে। একজন মধ্যবয়সী ভদুলোক, একজন সধ্বা মহিলা, একজন প্রোঢ়া বিধবা আর ছোট একটি মেয়ে! অমল আন্দাজ করে নেয়, কে কি—ভদুলোক, তাঁর স্ত্রী, তাঁর মা আর তাঁর মেয়ে। বাঃ, এমন সম্পূর্ণ একটা পরিবার এ-ক'দিনের মধ্যে তার চোথে পড়েনি! সব সময়েই সে দেখেছে, ভাঙাভাঙা, টুকরোটুকরো ছল্লছাড়া সংসার!

ভদ্রলোক বলছেন, দুখ! তুমি কি ক্ষেপে গেলে নাকি? এক ফোঁটা খাবার জল ষেখানে পাওয়া যায় না সেখানে দুধ কোথায় পাব?

সধবা মহিলা মেয়েটীকৈ কোলের ওপর টেনে নিয়ে তার চুলের মধ্যে আঙ্কুল চাল:তে চালাতে বললেন, কিন্তু মেয়েটাকে বাঁচাতে হবেতো! রাস্তা থেকে কুড়িয়ে যখন এনেছি তখন খ্যে কোন উপায়েই হোক ওকে বাঁচাতেই হবে! না হলে মিন্বু আমার স্বর্গে গিয়েও শান্তি পাবেনা!

অমল কথাগ্নলো সবই শোনে। কোন কিছ্ব না ভেবে ভদ্রলোকের কাছে গিয়ে বলল, একট্ব যদি অপেক্ষা করেন আমি কিছ্ব টীনের দ্বধ এনে দিতে পারি।

চমকে উঠে ভদ্রলোক অমলের একটা হাত খপ করে চেপে ধরলেন, এত জােরে যে অমলের হাতটা টনটন করে উঠল। অমল বলল, বেশতাে, আপনিও চলনে আমার সংগে।

ভদুলোক থতমত থেয়ে বললেন, शां शां, তाই চল্ন!

ছোট মেয়েটী হঠাৎ দাঁড়িয়ে উঠে চিৎকার করে উঠল, না কিছ্বতেই যেয়োনা। ওদের মিথো কথা!

অমল মেয়েটীর দিকে ফিরে চায়! কোল ছেড়ে গ্রৈ উঠে দাঁড়িয়েছে, তার কোটরে-ঢোকা চোখগনুলো যেন ঠেলে বেরিয়ে আসছে, নাকটা উঠেছে ফুলে! ভদ্রমহিলা তাকে টেনে,বসাতে চেষ্টা করছেন।

ভদ্রলোক অমলের পিঠের ওপর হাত রেখে বললেন, কিছ্মনে করবেন না ওর কথায়। বছরদশেক বয়স, কি দ্বর্ভাগ্যের মধ্যে দিয়ে যে ওর জীবন চলেছে সে বোধহয় আপনি কল্পনাও করতে পারবেন না! মান্বের দেনহ, ভালবাসার ওপর ওর আর একতিলও বিশ্বাস নেই!

অমলেরও একথা বহুবার মনে হয়েছে। সে দেখেছে স্নেহ, প্রেম, ভালবাসা বলে কোন প্রবৃত্তি যেন এই জগণটায় নেই! সে সব যেন বইয়ে পড়া নিছক নীতিবাকা! সেই বর্বরযুগের বাঁচার প্রেরণা নিয়ে কতকগুলো আদিম মানব যেন আজ এক জায়গায় জড় হয়েছে! সে দেখেছে কত মতুা, কত কণ্ট! তবুতো কারও চোখে কাল্লা আসেনা! মানুষ বুনিবা কাঁদতে ভুলে গেছে! প্র্যাটফরমে যথন গাড়ী লাগে, ইভ্যাকুয়ীর দল সেখানে হুমড়ি খেয়ে পড়ে। স্বামীকে ফেলে স্থ্রী আগেভাগে উঠে বসে! মাকে ফেলে ছেলে নিজের জায়গা করে নেয়! সন্তানকে ফেলে মা-বাপ জায়গা খুজে নেয়! কারও জন্য কারও দায়ীত্ব নেই! নিজেকে ছেড়ে অন্য কারও কথা চিন্তা করার অবসর নেই! শুধু বেন্চ থাকা! যে কোন উপায়েই হোক প্রাণটাকে ধরে রাখা!

অমল জিজেস করল, মেয়েটীকে কোথায় কুড়িয়ে পেলেন?

না না কুড়িরে পাইনি, ভগবান ওকে দিরেছেন! আমরা মহা ভাগ্যবান মশাই! ওঃ, সে এক বিরাট কাহিনী!

ভেদন ছেড়ে বাজারের মধ্যে দিয়ে ক্যাম্পের দিকে ওরা চলেছে।
ভদ্রলোক গ্নম হয়ে আছেন। অমল বারকয়েক তাঁর দিকে ফিরে চাইল।
কয়েকটা ঢে ক গিলে ভদ্রলোক বলতে স্বর্করকেনে, ২৩শে ভিসেম্বর
রেগগ্লে বোমা পড়ল! শ্র্য্ববোমা নয়, তার ওপর আবার মেশিন-গান।
বহুলোক মারা গেল। আমার ছোটভাই কাজ করত একটা ব্যাঞ্কে,
হতভাগ্য বোমার আওয়াজে বাইরে বেরিয়ে পড়ে রাস্তায় ছুটোছুটি করতে
করতে মেশিন-গানের গ্লিতে প্রাণ হারাল! বেচারা বোধহয় আমারই
থোঁজে বেরিয়েছিল। তার লাশ আমি পেয়েছিলাম। কিন্তু ছেলেদ্টো
সেই যে স্কুলে গেল্প আর ফিরলনা। আটবছর আর বারবছরের দ্টী
ছেলে স্কুল-বিলিডং চাপা পড়ে মরল।

—वाफ़ीरा कामाकां पि अरफ़ राम । अथनर वर्मा स्थरक शामिस हम!

বিরাট কাঠের কারবার ফে'দেছিলাম, অগাধ পয়সা করেছিলাম, তাই ফেলে আর আসতে পারছিলাম না! আরও দিনকয়েক না দেখে চলে আসতে মন সর্রাছল না। ভাবলাম, ব্টীশ জাত যার রাজত্বে স্থা অসত যায় না, সে কি আর বর্মা রক্ষে করতে পারবে না! বিশ্বাস ছিল বন্দোবস্ত একটা হবেই। কিন্তু কোথায় কি! এই শ্নলাম জাপানীরা টেনাসেরিমে নেমেছে তারপরই শ্নি ট্যাভয় দথল করেছে! হ্-হ্ন করে এগিয়ে আসছে মোলিমনের দিকে! আটকাবার কোন ব্যবস্থাই নেই, তার ওপর আবার মিলিটারী সরিয়ে নেওয়া হচ্ছে! জাপানীরা যখনতখন যেখানেসেখানে বোমা ফেলছে, একেবারে ছাদ পর্যন্ত নেমে এসে মেশিন-গান্ চালাচ্ছে! মান্ম মরছে ঝাঁকেঝাঁকে! রেগ্ন্ণ সহর লণ্ডভণ্ড হয়ে গেল! আমার কাঠের গোলাতেও আগন্ন লাগল!

—ভেবেছিলাম শেষ দেখে যাব। অনেক কণ্টে মানুষ হয়েছিলাম। তাই ঠিক করেছিলাম, অমন ফলাও কারবার ফেলে পালাব না। আসুক জাপানীরা, তাদের রাজত্বেই বাস করব। অমাদের কাছে ব্টীশ আর জাপানীতে তফাংটা কোথায়! আমার কারবারটা চাল্ম থাকলেই হল। ভাবতাম, দুটোছেলে মরেছে তাতে কি হয়েছে! আরও দুটো কেন দশটাও হতে পারবে! বয়স আমার এমন কিছ্ম বেশী নয়! কিল্তু অমন কারবার কি আর কোর্নাদন ফাদতে পারব! কিল্তু সে কারবারও গেল, একেবারে পথের ভিথিরী হল ম।

—রেণ্গর্ণ থেকে কিছ্,দ্রে আসার পর ট্রেণের ওপর বোমা পড়ল। যথাসর্বাস্ব ট্রেণের মধ্যে ফেলে রেখে কেবল গহনা আর নগদ টাকা কোঁচড়ে বে'ধে রাস্তার নামলাম। তথন আমরা চারজন—আমি, মা, আমার স্থা আর মিন্র, আমার ছ'বছরের মেয়ে। রাস্তা হাঁটতে স্বর্ করলাম। ট্রেণে বোমা পড়ার পরও যারা মরেনি তাদের সপ্তো হে'টে এসে সদর রাস্তার উঠলাম। সেখানে দেখি, যতদ্র চোখ যায় কেবল মান্থের মাথা! মনে বল পেলাম, এত লোক যখন হটিছে তখন আমার্থাইবা পারব না কেন! হাঁটছিতো হাঁটছিই—রাস্তার দ্ব্ধারে কেবল মড়া আছা দ্বর্গব্ধ! চলতে চলতে একটা গ্রামের ধারে এসে ভাবলাম, গ্রামে দ্বেক একট্ব বিশ্রাম করব। কিন্তু বিমির্রা অস্ক্রশস্থা নিয়ে গ্রামের রাস্তা পাহারা দিছে! গ্রামের ম্ব

ছেড়ে আরও এগিয়ে ষাওয়ার পর বির্মা-ডাকাতরা আমাদের ওপর হামলা করল। আমার স্থী গহনার পট্টোলটা তাদের হাতে তুলে দিলেন! অনতত দশ-বারহাজার টাকার গহনা!

—ডাকাতের খপ্পরে যারা পড়ল তাদের অনেকেই খুনজখম হল. আর আমরা পাশ কাটিয়ে চলে এলাম। মাঝে মাঝে জাপানী পেলনের থাঁক উড়ে আসে, খুব নীচে নেমে এসে মেশিন-গান থেকে কয়েকপশলা গ ्रीन हानाय। याद्यत शास्त्र शास्त्र शास्त्र शास्त्र । যারা অক্ষত থাকে তারা মাটি থেকে উঠে গা-ঝেড়ে আবার হাঁটতে সুরু করে। আর্টাদন ধরে পথ হাঁটার পর মান্দালয়ে এসে পে⁴ছলাম। সেখানেও ওই একই অবস্থা! বিশ্রাম আর নেওয়া হলনা। পথে খাওয়া वरल किছ्न्ट रहानि, भारय भारय काँठा ठाल ठिविरहाँ । नालानम् भा **थरक** জল খেরে তেণ্টা মিটিয়েছি। ঘুম যে কি জিনিষ তা প্রায় ভূলে গেছি! মিনুর পেট ন মাল, ধীরে ধীরে সে দুর্বল হয়ে পড়তে লাগল। মাটীতে নামিয়ে দিলেই তার পা কাঁপতে থাকে! কিন্ত আমরাও তো আর বইতে পারিনা! ছ'বছরের মেয়ে, সে-ওতো এক বিরাট বোঝা! অনেকবার ভেবেছি, ঘুমন্ত অবস্থায় ওকে পথের ধারে শুইয়ে দেব। এমনতো সকলেই করছে! শেষ পর্যন্ত মিন্মর বোঝাও লাঘব হল, রাস্তার ধারে পারখানা করতে গিয়ে সে একেবারে এলিয়ে পড়ল। মানুষের স্লোত র্তাগেরে চলেছে! অপেক্ষা করার অবসর নেই! আমরা অধীর আগ্রহে অপেক্ষা করছি মিনুর শেষ নিঃ*বাস্টীর জন্য। মিনু ধীরে ধীরে নিঝুম হয়ে পডল, চোখ তার বোজা, মুখের দিকে চেয়ে থাকলে বোঝাই যায়না তার নিঃশ্বাস পডছে কিনা। আর অপেক্ষা করা যায় না, সংগীর দল অনেকখানি এগিয়ে গেছে! আমাদের দিকে তাদের দ্রুক্ষেপও নেই! আমি উঠে দাঁডালাম, সংখ্যে সংখ্যে আমার স্ত্রীও! আবার আমরা যাত্রী-**मरल भिरम रिगलाम!** वातवात मनते त्थांहा मिरस छेटेटह, नाष्ठित **এकवात** টিপে দেখলে হত! কিন্তু দেখিনি যে ইচ্ছে করে, পাছে নাড়িটা তখনও টিপটিপ করে!

থমকে দাঁড়িয়ে পড়ে অমল ভদ্রলোকের মুখের দিকে ফ্যালফ্যাল করে চেয়ে থাকে! আত্তকে তার শরীর কাঠ হয়ে যায়! মুখ দিয়ে বেরিয়ে

পড়ে. এটা. মিন্ব তখনও বে'চে ছিল?

ভদ্রলোক মাথা নীচু করলেন। মৃহ্তের মধ্যে অমলের চোথের ওপর ভেসে ওঠে রিণির চেহারা! মিন্ব জায়গায় রিণির কথা মনে হতেই গারে কাঁটা দিয়ে ওঠে! প্রাণপণে সে হাতদ্রটো মুলিটবাধ করে।

ক্যান্দের পেছনে বিশ্তটার আড়ালে ভদ্রলোককে দাঁড় করিয়ে অমল বেড়া টপকিয়ে কান্দেপর মধ্যে ঢ্কল। তেটার-টেন্টের সামনেই বসে রয়েছে কোয়ার্টার-মান্টার-হাবিলদার ভটচায। অমল গিয়ে দাঁড়াতেই বলল, এখন আর কোন জিনিষ ইস্য হবেনা! ভেটার বন্ধ হয়ে গেছে।

অমলের নজরে পড়ল তাঁব্র ভেতরে বসে চ্টোরের অর্ডারলি গাটী-চারেক কমলালেব্ররস কবছে। আমতাআমতা করে সে বলল, আমি এসেছিল্ম একজন বাঙালী ইভ্যাকুয়ী ভদ্রলোকের জন্য কিছ্ব দ্ব্ধ, পাঁউ-রাটী আর চিনি চাইতে। ভদ্রলোককে ক্যাম্পের পেছনে দাঁড় করিয়ে রেখে এসেছি। অন্তত কিছ্ব জিনিষ আপনাকে দিতেই হবে। নাহলে ভদ্রলোকের মেয়েটী মারা যাবে!

হাবিলদার ভটচায় মিটমিট করে চেয়ে বলল, তাই বলনে, তা নইলে ইভ্যাকুরীর ওপর এত দরদ কেন! জিনিস দিতে পারি একটি সর্তে— স্থামাকেও ভাগ দিতে হবে।

ভাগ! কিসের ভাগ?

ওঃ একেবারে যে আকাশ থেকে পড়লেন মশাই! ভাগ কিসের তাও বৃঝি বোঝেন না। যে মেয়েটীকে দ্ধ-র্টী খাওয়াতে চলেছেন সেই মেয়েটীর ভাগ।

অমল বিস্ময়ে হাঁ করে হাবিলদার ভটচাযের ম্থের দিকে চেয়ে থাকে। হাবিলদার ভটচাষ বলল, ভাবছিলেন ব্বিএ, সিংকিং সিংকিং ড্রিংকিং ওয়াটার আর শিবের বাবাও টের পাবেনা! আরে মশাই এরকম দ্বিচিনি আমি রোজই দিচ্ছি! বাক, তা কোথায় জায়গা ঠিক করেছেন? ওই অসমিয়া লোকটার চায়ের দোকানটায়তো?

তথনো অমল সেই একইভাবে হাবিলদার ভটচাবের মুখের দিকে চেয়ে আছে। সমুস্ত ব্যাপারটাকে ব্যুঝবার সে আপ্রাণ চেন্টা করছে।

राविनमात्र छठेठाय वनन, कि मगारे, गारन माहि ए क राम ख! এ

কারবারে এই হাতেখড়ি বৃঝি? আরে মশাই ঘাবড়াবার কিচ্ছা নেই! আমাকে ফাঁকি দেওয়ার চেণ্টা করবেন না, সব ম্যানেজ হয়ে যাবে।

ৈষ্টারের অর্ডার্রাল কাঁচের ক্লাসে কমলালেব্র রস এনে হাবিলদার ভটচাযের হাতে দিল। হাবিলদার ভটচায় বলল, দাওতো হে এই বাব্রকে একটা হাফপাউণ্ড র্টী, একটীন দ্ধ আর খানিকটা চিনি—ক্লাসে কয়েকটা মদ্দ চুম্ক দিয়ে অমলকে বলল, কিন্তু সাবধানে নিয়ে যাবেন মশাই! ওই শালা কেলেমানিক যদি দেখে তাহলে আর রক্ষে থাকবে না। ও শালার যত রোখ এই আমাদের ওপর অথচ ও'র ব্যাটম্যানটি দিনে অন্তত দশবার আসছে! ঘী-ময়দা দাও, সাহেব ল্বচি খাবেন! দ্র্ধিচিনি দাও, সাহেবের পায়স খাওয়ার ইচ্ছে হয়েছে! সে কত বায়নাক্কা—আবার গোটাকয়েক চুম্ক দিল কমলালেব্র রসে, আরামে চোখদ্টো তার ব্রুজে আসে!

অর্ডারিল জিনিসগ্লো একটা কাগজে মুড়ে নিয়ে এল। হাবিলদার ভটচায বলল, নিয়ে যান আর সময় মত আমাকে ডেকে নিয়ে যাবেন। অমল বলল, আমি যে মেয়েটীর কথা বলছি তার বয়েস দশবছর। সঞ্চো সংগ্য হাবিলদার ভটচায বলে ওঠে, ওঃ তাহলে ব্রীঝ অন্য রফা হয়েছে ? তা কত টাকায় হল ?

অমল শক্ত গলায় বলল, না, কোনরকম রফাই আমি করিনি। দেখ-লমে মেয়েটির অবস্থা খারাপ, তাই ভদ্রলোককে সঙ্গে করে এনেছিলাম। অবস্থা ভাল ওই ইভ্যাকুয়ীদের মধ্যে আর কারইবা? তাবলে আপনি ভেটশনশান্দ্ধ লোককে ক্যান্দেপ এনে হাজির করবেন! আরে মশাই এটা হল লড়াইয়ের মাঠ, এখানে ওসব সেন্টামেন্টালা ব্যাপার চলে না। জানেন গুই ইভ্যাকুয়ীদের কাছে হাজার হাজার টাকার বর্মা নোট আছে! একটাকার জিনিষের জন্য একটা দশটাকার নোট ওরা অশ্লান-বদনে দিয়ে দেবে। আপনি যা জিনিষ দিচ্ছেন তার জন্য পণ্ডাশটাকা গুইভদ্রলোক হাসিমুখে দেবে। আমাকে অন্তত কুড়িটা টাকা দিতে হবে।

আমল বলল, না, থাকগে। জিনিষ আমার চাইন:! ওভাবে টাকা আমি চাইতে পারব না!

किन्जू त्म ভদ্রলোকতো ক্যান্সের পেছনে দাঁড়িয়ে আছেন?

আর কিছুক্ষণ দাঁড়িয়ে থেকে না-হয় চলে যাবেন!

ওইতো মশাই আপনাদের বোকামি! আরে মশাই, দর্নিয়ায় চোথ মেলে চলতে শিখনন। এমন একখানা টিপস দিয়ে দিলন্ম অনায়াসে ট্র-পাইস করতে পারতেন। তা না, ভালমানিষ আপনাদের আর ষেতে চায় না! যাক, ভদ্রলোককে যখন ডেকেই এনেছেন এবারকার মত নিয়ে যান। কিন্তু মনে রাখবেন, গ্রাটিশে কারবার আমি করিনা।

রবিবারের সকালবেলা। ছুর্টির দিন অর্থাৎ পি-টি প্যারেড বন্ধ! নিতানত জর্বরী ফেটীগ ছাড়া অন্য সবরকম কাজও বন্ধ! বিস্তারা-ড্রেসিং না করলেও কেউ চোখ রাঙাবে না! ঘ্রম ভেঙে উঠে প্রথম কাজ চা খাওরা। অমলকে একমগ চা এনে দিয়ে অননত তার পাশ ঘেংষে বসল।

अभन वनन, कि अनन्छ, किছ, वनदा नाकि?

অন্ত বলল, হ্যাঁ, সেদিন তোমায় যে কথাটা বলব বলেছিল্ম সেই কথাগলো না বলে যেন আর পারছিনা!

শিবেন মগ হাতে এসে উপস্থিত হল, তার পেছনে এল স্নীল। অন্ত চাপা গলায় অমলকে বলল, এখন থাক।

পাঁচকড়িকে দেখা গেল মাঠের মধ্যে। অমল বলল পাঁচকড়িকে ডাকা যাক, শোনা যাবে মণিপ,রের হালচাল কি রকম!

বোঁচকাব চৈকি নামিয়ে রেখে বসতে বসতে পাঁচক জ বলল, ওঃ, এই ইভ্যাকুয়ীগ লোর অবস্থা আর চোখে দেখা যায় না!

জয়নত এসেছে পাঁচকড়ির পেছন-পেছন। সে বলে উঠল, ওদের অবস্থাটা তো কেবল দেখবার জিনিষ নয় এটা বোঝবারও জিনিষ।

স্নীল বলল, আমিতো ব্রিঝনা, বর্মা থেকে পালিয়ে এসে রাম্তায়-ঘাটে এভ বে কুকুর-বেড়ালের মত মরবার কি দরকার পড়েছিল!

শিবেনেরও সেই মত, বলল, তা ছাড়া আর কি 🛴 জাপানীরা কিচ্ছ্র বলত না। হাজার হোক তারা এশিয়ার লোক, এদের কুকুর-বেড়াল মনে করত না।

অননত বলল, তাতে৷ বটেই! ব্টাংশের তরফে থেকে মরছে কুকুরের মত গালি থেয়ে আর জাপানী তরফে থাকলে মরত বেয়ণেটের খোঁচায় ইপ্ররের মত! মরতে যখন হতই তখন আর পালিয়ে আসার কি দরকার পড়েছিল!

অমল বলল, জাপানীরা কিছ্ বলত না এ-গলপ বলে আর লাভ নেই। কাল ইভ্যাকুরী এক ভদলোক বললেন, জাপানীরা শ্বে সহরে বোমা ফেলেনা, রাস্তা দিয়ে যে সমস্ত ইভ্যাকুরী হে°টে আসছে তাদের ওপুর মেশিন-গানও চালায়।

স্নীল বলে উঠল, সেতো চালাবেই, আর চালানই উচিত! তারা এল এদের ব্টীশের খপ্পর থেকে উম্ধার করতে আর এ শালারা কিনা কুকুরের মত ব্টীশপ্রভুর পেছন পেছন পালিয়ে আসছে!

জয়নত বলল, তুমি কেবল এদের পালিয়ে আসতেই দেখলে স্নীল! কিন্তু ব্রুলে না কেন এরা পালিয়ে আসছে! এরা সকলেই সাধারণ মান্য, নিজের জীবন ছাড়া আর কোন পর্নজ এদের নেই, নিজেকে বাঁচাবার মত কোন ব্যবস্থাও এদের হাতে নেই! কাজেই পালিয়ে আসা ছাড়া আর কি এরা করতে পারে বল? বিদেশী আক্রমণকারীকে শাহ্ননা ভেবে বন্ধ্যুমনে করার মত ক্ট রাজনৈতিক জ্ঞান যে এদের নেই!

স্নীল ফোঁস করে উঠল, ওইতো তোমার দোষ জয়নত। তোমার কেবল বড় বড় কথা! স'ধে কি আর মেজর রায়ের কাছে মার খেরেছিলে!

জয়ন্তর মুখখানা লাল হয়ে ওঠে। অমল অম্বন্দিত বোধ করে, অনন্ত বিরক্তিভরে সুনুনীলের দিকে চায়।

জয়ন্ত বলল, তুমি ভূল করলে স্নীল, বড় কথা আমি একটাও বলিনি। আমি বলোছ সরল সাধারণ মান্ধের প্রাণের কথা। আমি এই কথাই বলতে চেয়েছি যে, আজ যদি আমি হঠাৎ লাঠিসোঁটা নিয়ে ভোমার বাড়ীতে চড়াও হই তাহলে তুমি নিশ্চয়ই আমাকে স্ফ্রদ মনে করবে না! আর ওই যে বললে মেজর সাহেবের হাতে মার থেয়েছি. ওতে আমার অপ্লমান হর্মান, আমার গৌরব বেড়েছে! অত্যাচারীকে অত্যাচারী বলার মত সংসাহস আমার আছে, তার বির্শেষ প্রতিবাদ করার মত শক্তি আমার আছে!

জন্নত উঠে দাঁড়াল। পাঁচকড়ি বলল, তা তুমি যাচ্ছ কোথার?

জয়ন্ত যেতে যেতে বলল, না ভাই, এরপর থাকলে তোমাদের আন্ডা-টাই মাটী হয়ে যাবে।

অনন্ত বলল, তোমারইতো দোষ স্নীল। তুমি কেন ফট করে পার্সোন্যাল-এ্যাটাক করে বসলে?

স্নীল বলল, আমি ওর ওই চ্যাটাং-চ্যাটাং ব্লি কিছ্ততেই সহ্য করতে পারি না।

ক্যান্দেপর গোট দিয়ে খগেনকে ঢ্কতে দেখে পাঁচকড়ি চেণ্টিয়ে উঠল, ওয়ের, ও খগেন, এদিকে আয়রে। শুনি তোর হালচালটা কি?

খণেন এসে পে'ছিলে বলল, মণিপ্রের দেখলাম তুই আমার একদিন আগে বেরিয়েছিস! কোন ট্রেন নিয়ে এলি?

পিঠ থেকে প্যাকটা খ্লতে খ্লতে খগেন বলল, আর কোন ট্রেন, সেই ইভ্যাকুয়ীজ স্পেশ্যাল!

পাঁচকড়ি বলল, আরেঃ আমিওতো একটা ইভ্যাকুইজ স্পেশ্যাল নিয়ে আজ ভোররাত্তিরে ফিরেছি। কিন্তু তুই এই একটা প্রো-দিন কোথায় ডিটেইনড হলি?

একটা বিছানার ওপর শরীরটাকে ছড়িয়ে দিয়ে খগেন বলল, আমার কথা আর বলিসনি। মণিপ্রের কোলিং না করেই আমার ট্রেনটায় একটা ইঞ্জিন দিলে লাগিয়ে। ড্রাইভার খ্র আপত্তি করেছিল কিন্তু মণিপ্রের ও-সি কোয়াটার-গার্ডের ভয় দেখিয়ে ড্রাইভারকে দিল জাের করে ইঞ্জিনে তুলে! দলদলিতে এসে সেই যে গাড়ী ল্প-এ ঢ্রুল তারপর একটি দিন আর নট-নডন্চডন। ব্যাস্, ইঞ্জিনও ডেড!

শিবেন বলল, তা ডেড-ইঞ্জিনটাকে নিয়ে গিয়ে মণিপারের ও-সি'র কাছে পেশ করে দিলি না কেন! কিছ্,দিন আর্-আই থাটিয়ে দিত সায়েস্তা করে!

সকলে হো হো করে হেসে উঠল। খগেন বলন, আমাকে একট্র চা খাওয়াবি মাইরী, আর যেন পারছি না! যে কাষ্ণ্ডটা ব্রেকে ঘটল ভাবলেও গায়ে কাঁটা দিয়ে ওঠে!

পাঁচকড়ি বলল, তোর আবার কি ঘটল! আমার কিন্তু একটা কান্ড ঘটেছে এই ডাউন-মিগে! থগেন বলল, তবে তোরটাই বলতে স্বর্ কর। আমি ততক্ষণে একট্ব চা খেয়ে চাৎগা হয়ে নি।

পাঁচকড়ি বলতে স্ব্র্করে, আমার গাড়ী ছাড়বার কথা টোয়েন্টিফিফটিতে ওয়েণ্ট-য়্র্সস-সাইডিং থেকে। রাজ্যের যত খোলা ওয়াগন
দিয়েতো দিয়েছে একটা ট্রেন ফর্ম করে। তারই ওপর উঠে বসেছে
ইভ্যাকুয়ীর দল। টিপটিপ করে ব্লিট পড়ছে, লোকগ্লো বসে বসে
ভিজছে! কতক বিমি করছে! কেউ কেউ পরিব্রাহি চেণ্চাচ্ছে, ঠেলাঠেলি,
আঁচড়াআঁচড়ি, কামড়াকার্মিড় করছে! আর মাঝেমাঝে শোন জঙ্গালের
মধ্যে ঝ্লপ করে একটি শব্দ! তার মানে মড়া ফেলে দিচ্ছে। টোরেন্টিফিফটিতো কোথার! গাড়ী ছাড়ল প্রায় অড-আওয়ার্সে। সিগন্যাল্
দিয়ে রেকে উঠে দেখি একটী সাড়ীপরা বর্মি মেয়ে আমার সীটে বসে!

স্নীল বলে উঠল, তাই বল, তাহলে রসের ব্যাপার দেখছি—আরও একট্র পাঁচকড়ির গা-ঘে'ষে বসল।

পাঁচকড়ি বলে চলেছে, আমি ইংরেজীতে বললাম ব্রেকভ্যানে মেরেদের নেওয়ার আইন নেই! সে যেন পরের স্টপেজেই নেমে যায়।
মেয়েটী কিছ্মুক্ষণ আমার মুখের দিকে তাকিয়ে থেকে বলল, আপনি
বাঙালী? আমি বললাম, হাাঁ। সে বলল, আমিও বাঙালী! মানে
আমার বাবা বাঙালী আর মা বিমি। আবার তাকে বুকিয়ে বললাম,
কোনমতেই আমি তাকে ব্রেকভ্যানে নিয়ে যেতে পারি না। তা সে
কথা কে শোনে! সে তার নিজের কথাই বলে চলেছে—তার বাবা পথে
মারা গেছেন, মাকে বিমি ডাকাতেরা ধরে নিয়ে গেছে! দুটোভাই ছিল,
তারা যে কোথায় গেছে তার কোন পান্তা নেই! আমিতো মহা ফাঁপরে
পড়ে গেলাম। সামনেই লামডিং, হেডকোয়ার্টার ছেইশন, যদি কোন
অফিসার বা ভাফ দেখে ফেলে! তারওপর মেয়েটীর বয়েসটাও খারাপ,
এই উনিশ-কুড়ির মার্চন!

স্নীল পাঁচক ড্রের উর্র ওপর একটা চাপড় মেরে বলে উঠল, তাই বলনা বাবা, বেশ একহাত ল্ফেছ।

তা আমি কি করব বল। আমার মাথায় ওসব থেয়াল মোটেই আর্সেনি! ভয়েই আমি আড়ণ্ট যদি কেউ দেখে ফেলে আর কোম্পানিতে রিপোর্ট করে দের! কিন্তু মেয়েটাইতো আমার চাগিরে তুলল! রাঙাপাহাড় ক্রসিং পার হয়ে গেছি, গাড়ী চলেছে বেশ স্পীডে। মেয়েটী
বলল, আমার কিছ্ থেতে দিতে পারেন! আজ প্রায় চার্রাদন একমার
জল ছাড়া আর কিছ্ই পেটে পড়েনি! আমিতো রীতিমত ভাবনার
পড়ে গেলাম, মিলিটারী-গার্ডের লাইন-র্যাশন একটী মেয়েকে দেব কেমন
করে! আমাকে ভাবতে দেখে মেয়েটী বলল, চার্রাদনের মধ্যে অন্তত
চারবারও থেতে পারতাম! কিন্তু য়ে উপায়ে থেতে হয় তাতে চেন্টা করি
য়ত কমবার খেয়ে পারা য়ায়! জিজ্জেস করলাম, কি উপায়ে থেতে হয়?
মেয়েটী বলল, দেহের বিনিময়ে! আমার বয়েসটা কাঁচা বলে বোধহয়
কেউই বিনা প্রতিদানে থেতে দিতে চায় না! কিন্তু আর য়েন পারছিনা,
গাড়ীর ঝাঁকানিতে পেটের ভেতর মোচড দিচ্ছে, গা বাম-বাম করছে।

এই কথা শোনার পর মেয়েটীকৈ ভাল করে দেখার লোভ আর সামলাতে পারলাম না। চোখ ক্রেকে সামনের দিকে চেয়ে দেখি মেয়েটী দ্বহাতে পেট চেপে ধরে ক্রকড়ে বসে আছে! পাকে খ্লে তার মধ্যে থেকে পাঁউর্টী আর চিনির কোটো তার সামনে রেখে, ছিপি খ্লে গুয়াটার-বটলটা এগিয়ে দিলাম। আলো ঘ্রিয়ে দিলাম তার ম্থের দিকে। দেখলাম, চোখদ্টো তার বসে গেছে, গাল শ্লিয়ে গেছে, চুল রুক্ষ্ম, তব্তু যেন বেশ পরিপাটী ভাব। মেগেট। অলপ তলপ করে খাছে ধাঁরে ধাঁরে, অনেকক্ষণ ধরে চিবিয়ে চিবিয়ে!

দল্পদলিতে সিগন্যাল দৈখিয়ে আমার জায়গায় এসে বসলাম। চুপচাপ থাকতে কেমন যেন বিত্রী লাগছিল। জিজ্ঞেস করলাম, আপনি কোথায় ষাবেন বলল—চটুগ্রামে, সেখানেই আমার বাবার দেশ। এর আগে খুব ছেলেবেলায় একবার এসেছিলাম বাবার সংগে। এবার যাচছ এক।, বাবা সংগে নেই, তার ওপর আমিই গিয়ে তাঁর মৃত্যু সংবাদ দেব। দেখি কাকারা কি বন্দোবস্ত করেন!

খাওয়া শেষ করে মেয়েটী বলল, আর না, আছানার জিনিষপত্তর তুলে রাখনে। এতক্ষণে যেন শরীরটা ভাল লাগছে! জিনিষপত্তর সব গোছগাছ করে তুলে রেখে দেখি মেয়েটী দেয়ালে মাথা এলিয়ে দিয়ে চোখ ব্রুক্তে রয়েছে। আর কিছ্না বলে আমার বিছানটা পেতে দিয়ে

তার মানে, তিনটি ঘণ্টা হাপিত্যেশে বসে থাকতে হবে! চিবি থেকে নেমে রেকের দিকে বাচ্ছিলাম। ট্রেণের পাশ দিয়ে যেতে যেতে শর্নাকেবল গোঙানি আর চিংকাব! লাইনের পাশে জণ্গলের মধ্যে ঝ্পুপকরে একটা শব্দ হল। ব্রুলাম, কোন গাড়ী থেকে মড়া ফেলে দিয়ে যাত্রীরা আর একট্ব জায়গা করে নিল। থমকে দাঁড়িয়ে পড়লাম, রেকে গিয়েই বা আর লাভ কি! সেখানেতো আর ঘ্রমোবার জায়গা নেই!ফিরে গেলাম ইঞ্জিনের কাছে, ড্রাইভারের সঙ্গে খানিকটা গল্পগ্রেষ্পরলাম। তাতেও কি ছাই সময় কাটে! ভাবলাম মেরেটি বোধহয় এতক্ষণে উঠেছে। এইবার তাকে রেক থেকে নামিয়ে একটা ওয়াগনে তুলে দেওয়া যাক, এর পরইতো লামিজং। রেকে ফিরে দেখি মেরেটি হ্বহব্ব একইভাবে শর্মে আছে! কেমন যেন খটকা লাগল, মরে যাম্ননি তো! এ রকমতো কত যায়। বেশ আছে, বসে আছে কিম্বা শর্মে আছে.

খগেন মাঝখান থেকে বলে উঠল, আরেঃ, এবারকার ট্রিপে আমার ভাগ্যে একশালা স্বেজরতো ওইভাবে গেল মরে! কতবার ভেবেছি, দিই শালাকে টান মেরে ফেলে কিন্তু কিছুতেই আর গায়ে হাত দিতে পারলাম না। ভয়ে আড়ম্ট হয়ে ছান্বিশটা ঘণ্টা মড়া আগলে বসে থাকার পর লামডিঙে এসে আর-টি-ও'কে বলতে তবে তারা মড়াটা নামিয়ে নিয়ে গেল! কিন্তু আর-টি-ও শালা যে আমার নাম নম্বর ট্রকে নিল! ফাসিয়ে দেবেনাতো?

শিবেন বলল, ফাঁসিয়ে দিলেই হল আর কি! ওরকম কতশত মেজর দেখগে যা রাস্তায়ঘাটে পড়ে আছে, আর কাক-শকুণে তাদের ঠ্বুকরে খাচ্ছে! তবে কি জানিস, চলতিগাড়ি থেকে টান মেরে ফেলে দিলেই আর কোন ঝামেলা থাকত না!

স্নীল শিবেনকে থামিয়ে দিয়ে বলল, থাক ওসব কথা। তারপর বল পে'চো তোর কারবারটা! হাতের গোড়ায এমন একটা মাল পেয়ে যখন তুই এত ভেবেছিস তখন তোকে মিলিটারীতে না বেখে বাবাজীব আখড়ায় ট্রান্সফার করে দেওয়া দরকার!

সকলেই পাঁচকড়ির দিকে তাকাল। পাঁচকড়ির মুখখানা হঠং যেন কালো হয়ে ওঠে, আমতা আমতা করে বলল,আমি—মানে আমাব—

আড়ামোড়া ভেঙে অন•ত উঠে দাঁড়াল।

স্নীল বলল, আরে, চললি কোথায়! শেষটা শ্নে যা।

তাঁব, থেকে বেরিয়ে যেতে যেতে অনন্ত বলল, শেষ আর কি শ্নব ' এর শেষ শোনার মত নয়!

সকালের খানা কোনবকমে সেবে অমল একফাঁকে তাবেব বেড়াটা টপকিয়ে বেরিয়ে পড়ল। দ্ব'দ্রটো ইভ্যাকুয়ীজ স্পেল্যাল এসেছে! এত-ক্ষণে তার সমস্ত লোক নিশ্চয়ই পান্ডু থেকে আমিনগাঁও এসে পড়েছে। পথ চলতে চলতে সে ভাবে, পাঁচকড়ির রেকভ্যানেব সেই মেয়েটি যদি এখানে আসত সে নিশ্চয়ই তাকে চিনে নিতে পারত।

বাজারের মধ্যে দিয়ে তেঁশনে ঢোকবার পথে অমলের নজবে পড়ে একটা চায়ের দোকান। একজন অসমিযা চা তৈবী করছে আব তাদেব কোম্পানির জনকয়েক ছেলে তাব সংগ কথা কইছে। তাহলে এইটিই হল হাবিলদ ব ভটচাযের ভাগবখরা বুঝে নেওয়ার ঘাঁটি!

দোকানে ত্বকৈ অমল এককাপ চা চাইল। ছেলেগ্বলোও হঠাৎ চুপ করে গিয়ে একেবারে নিবি কার হয়ে উঠল। চায়ের গ্লাসে চুম্ক দিতে দিতে অমল ভাবে, সেই বমী নাঙালী মোয়েটি যে এখানে আসেনি, ভালই হরেছে! এলেই হয়তো এদের খপ্পরে পড়ত! হঠাৎ তার মনে প্রশন জাগে, আচ্ছা মেরেটি কি পাঁচকড়ির কাছে কোন আপত্তি জানারান! বিবরণটা জানার জন্য তার ভীষণ কোতৃহল হয়েছিল কিন্তু অতগ্রেলা ছেলের সামনে এ প্রশন করতে সাহস পার্যান!

ওয়েটিং-রন্মের চালার নীচে এসে অমল দেখল লোক কিলবিল করছে! তিল ধারণের ঠাঁই আর কোথাও নেই। কিন্তু আজকের ভীড়ের যেন একটা বিশেষত্ব রয়েছে! অধিকাংশই আহত, বেশীর ভাগ লোকের পায়ে ব্যাণ্ডেজ বাঁধা! অমল ব্রুল, এই হল জাপানী এ্যান্টী-পার্সোনেল বন্দ্রের মহিমা! যন্ত্রণার গোঙানি আর আর্তনাদে জায়গাটা ভয়াবহ হয়ে উঠেছে!

অমলের ঠিক সামনে এক ভদ্রলোক শ্বের আছাড়িপিছাড়ি খাচ্ছেন আর পরিরাহি চিংকার করে চলেছেন। তাঁর পাণে এক মহিলা নিবিকার ম্বেথ বসে আছেন। আশপাশের লোকেরা মাঝেমাঝে বিরক্তিভরে ভদ্র-লোকের দিকে কটমট করে চাইছে। অমল ঝ্রেক পড়ে দেখল ভদ্রলোকের ক্ষতস্থানটা রয়েছে খোলা, তার ওপর ধ্লোবালি পড়ছে, মাছি বসছে! সমস্ত পা'টা ফ্রলে থেন কলাগাছ হয়ে উঠেছে আর তার রঙ হয়ে গেছে সি'দ্বেরর মত লাল! কি করবে কিছ্ব ঠিক করতে না পেরে অমল ভদ্র-লোকের পাশে বসে ট্রিপ দিয়ে মাছি তাড়াতে থাকে। মহিলাটি বারেক অমলের দিকে ফিরে চাইলেন। সে চাহনি দেখে অমলের কেমন যেন ভয় ভয় করে! এত ঘ্ণা সে আর কখনও কোন মান্রের চোখে দেখেনি!

ভদ্রলোকের মুখ দিয়ে গেজলা উঠতে স্বর্করেছে, দেহটা কাঠ হয়ে আসছে, গোঙানি আর আর্তনাদ থেমে গেছে! পায়ের ফোলা জায়গার সি'দ্রে-লাল রঙ ধীরে ধীরে নীল হয়ে যাছে! মহিলাটি আর একবার ফিরে চাইলেন ভদ্রলোকের দিকে, তাঁর বিবর্ণ মুখখানা একেবারে উদাসীন হয়ে উঠেছে! আস্তে আস্তে উঠে দাঁড়িয়ে তিনি ধীরে ধীরে চলে গেলেন টীনের চালাটার বাইকুর! অমল ফ্যালফ্যাল করে চেয়ে রয়েছে সেই আড়ল্ট দেহটার দিকে, ভয়ে সে আবিন্টের মত উঠে দাঁড়িয়েছে। কিভাবে কি ষে কোথা দিয়ে ঘটে গেল সে ষেন তখনও ব্রুকতে পারছে না!

কে যেন আলগোছে তার কাঁধটা চেপে ধরেছে! অমল চমকে পেছন

ফিরে চাইল। জয়নত বলল, এখানে দাঁডিয়ে আর লাভ কি! চলনে!

পাশ থেকে একজন প্রোঢ় অমলকে উদ্দেশ করে বলে ওঠে, করবার আর কিছন নেই সেপাইজী, বিলকুল সাবাড়! দেখছ না ধণ্-ফটগ্কার! যাক বাবা, বাঁচা গেল! চিংকার করে কানের পোকা বার করবার জোগাড় করেছিল! আরে বাবা, চে'চালেই কি আর বাঁচতে পার্রাব! কলির আয়ু যে শেষ হয়েছে! এইবার সব ধরংস হবে—লোকটি একটানা বকে চলল।

অমল জয়ন্তকে বলল, আপনিও এখানে আসেন নাকি? কই আপনাকেতো কোনদিন দেখিনি!

জয়নত চলতে সারা করে বলল, আপনাকে আমি রোজই দেখি। কিন্তু আপনি থাকেন পরোপকার করার তালে তাই আমাকে দেখতে পান না।

আমিতো কিছ্বই করতে পারি না। কিন্তু সামাদের প্রত্যেকেরই উচিত এখানে এসে এদের সাহায্য করা।

জয়নত মৃচকে হেসে বলল, ওই যে ভদ্রগোকটির পারে বোমার স্পিলনটার লেগে গ্যাংগ্রীণ হয়ে গেল, ধণ্ডিউন্নর হয়ে যে লোকটি মরে গেল, আপনি ওর মাথায় হ'ত বৃলিয়ে দিয়ে কি করতে পারলেন? ও লোকটি ঠিকই মরে গেল। মাঝখান থেকে আপনি হয়ে গেলেন মহা-প্র্বৃষ্! এইবার সেবাধর্ম আর মানবতা সম্বন্ধে গ'লভরা বস্তৃতা দিতে আরম্ভ করবেন!

সমল বিরম্ভ হয়ে ওঠে। জয়নত যেন বড় বেশী খোঁচা দিয়ে কথা কয়! স্নীল সকালে নিতান্ত ভুল বলেনি!

জয়নত বলল, তার চেয়ে এক কাজ কর্ন। ঘ্রে ঘ্রে দেখ্ন কোথায় কি ঘটছে, কেমন করে ঘটছে আর কারাই বা ঘটাছে। সেবা আপনাকে করতে হবে না, ইভাাকুয়ীদেব দৌলতে কারবার বেশ ফলাও হয়ে উঠেছে। যুদ্ধের এই কারবারীরা শকুণের মত্ত্ব এদের ছেকে ধরবে। ছুটে আসবে রামকৃষ্ণ মিশন থেকে মাড়োয়ারী রিলিফ কমিটি লাথে লাথে টাকা নিয়ে আর হাজারে হাজারে ভাড়াটে-সেবক নিয়ে।

একটা ভীড়ের সামনে এসে অমল দাঁড়িয়ে পড়ে। ইভ্যাকুয়ীর দল

একটা দোকানের সন্মুখে ঠেলাঠেলি করছে সামনে যাওয়ার জন্য। ওরা দোকানটার পাশে এসে দাঁড়াল। দোকানটিতে এক মাড়োয়ারী একটি ক্যাশবাক্সের পাশে টাকার থলি আর নোটের তাড়া সাজিয়ে বসে আছে। তার পাশে দাঁড়িয়ে এক নেপালী দারোয়ান একটা দো-নলা বন্দন্ক হাতে।

অমল জয়ন্তকে জিজেন করল, কি ব্যাপার!

জয়লত বলল, প্রেণ্য কাজ! আতেরি সেবা! বর্মা-নোট এখানে অচল বলে তার বদলে ইনি ভারতীয় নোট বিতরণ করছেন।

অমল বলল, ভালই হল। এখানকার দোকানদারগ্রলো বর্মা-নোটের বদলে কোন জিনিস বিক্রী করতে চায় না।

ইনি দিচ্ছেন জ্লাট-রেট—দশটাকায় দন্টাকা। আর আটটাকা?

বেমালন্ম হজম। শুধ্ব তাই নয়, বর্মা-নেট ন। থাকলে যে কোন জিনিসের বদলে নগদ টাকা দিচ্ছেন। ওই দেখুন।

এক প্রোটা মহিলা দ্বাছা সোনার চুড়ি ক্যাশবাক্সের ওপর রেখে বললেন, ও বাবা, শ্নছ, আমায় পঞ্চাশটা টাকা দিয়ো বাবা, দ্বাছা চুড়িতে পাক্কা দ্ব'ভরি সোনা আছে।

মাড়োয়ারী জলদগশভার স্বরে বলল, বিশর, পয়া—বলেই দ্ব'খানি দশটাকার নোট তার হাতে দিল। নোটদ্বিট নিয়ে ক্ষণেকের জন্য নাড়াচাড়া করে আবার ক্যাশবাক্সের ওপর রেখে দিয়ে মহিলাটি বললেন, না
বাবা, কুড়িটাকায় দিতে পারব না, তুমি আমার চুড়ি ফেরং দাও।

চুড়ি দুগাছা ততক্ষণে ক্যাশবাক্সের মধ্যে চলে গেছে! মাড়োয়ারীজী অভার্থনাব হাসি হেসে পরেব লোকটিকে বলল, বালিয়ে—আপকো—

মহিলাটি চটে উঠেছেন, আমার চাই না টাকা। ওরে বাবা, এ ষে ডাকাতরে বাবা! করকরে দুভরি সোনার জন্য দিচ্ছে কিনা কুড়িটাকা!

পরবর্তি লোকটি তার শেষ সম্বল পাচথানি দশটাকার বর্মা-নোটের বিনিময়ে একটি ভারতীয় দশ-টাকার নোট নিয়ে চলে গেল। তার পরের লোকটি এগিয়ে গেল ক্যাশবাস্থের দিকে।

মহিলাটি ততক্ষণে ক্ষেপে গেছেন! সামনের লোকটিকে ধারু দিয়ে এগিয়ে গিয়ে মাড়োয়ারীটির হাত চেপে ধরলেন, ভাল চাও তো আমায়

পণ্ডাশটাকা দাও বলছি! না-হয় আমার চুড়ি ফেরং দাও! নইলে আমি এখানে কুর্ক্তের বাঁধাব! জান আমার ছেলে দারোগা, আসছে সে পেছনেই। সে এলে তোমাকে ফাঁসিতে লটকিয়ে তবে ছাড়ব!

মাড়োয়ারীজীর মুথে কেন ভাব-বৈলক্ষণ্য দেখা যায় না। স্বভাব-স্বলভ স্মিতহাস্যে আর একখানি পাঁচটাকার নোট মহিলাটির হাতে গাঁজে দিয়ে মূদ্য কপ্ঠে হাঁকল, বাহাদ্যর!

বন্দ্বধারী নেপালী দারোয়ান মহিলাকে বন্দ্বকের বাট দিয়ে ঠেলতে ঠেলতে বলল, ট্রম ডাকা মারনে মাঙটা হ্যায়—চলো—ভাগো—

ভীড়টা দুদিক দিয়ে ফাঁক হয়ে যায় আর বন্দুকধারী নেপালী দারোয়ান ঠেলতে ঠেলতে মহিলাকে ভীড়ের বাইরে বার করে দিয়ে আসে। মহিলা তথনও তাঁর দারোগা ছেলের উদ্দেশে একটানা চে'চিয়ে চলেছেন।

অমল হঠাৎ তেড়েফ্'ড়ে এগিয়ে যায়। জয়ন্ত তাকে ধরে ফেলে বলল, যাচ্ছেন কোথায়?

ওই মাড়োয়ারীটার কাছে! এভাবে দিনে-ডাকাতি চলতেই পারে না! জয়৽ত বলল, কি৽তু ডাকাত আপনি বলছেন কাকে! খবর নিয়ে দেখনে এই লােকটি হয়তো লাখ-লাখটাকা দান করে অনাথ-আশ্রমে, হাসপাতালে, বিশ্ববিদ্যালয়ে, কত জনহিতকর প্রতিষ্ঠানে! এর দানে কত গরীব-আতুর আজও খেতে পরতে পায়! হয়তো এর মহান্ভবতায় প্রতি হয়ে সরকার বাহাদ্র একে 'স্যার' টাইটেল দিয়ে ভূষিত করেছেন! এরাই তো আমাদের সমাজের মাথা!

অমল চেণিচয়ে উঠল, কিল্তু লোকটা যে একটা জবলজ্যানত ঠগ!
জয়নত অমলের হাত ধরে ভীড় থেকে বেরিয়ে আসতে আসতে বলল,
এমনই একটা সাত্য কথা আমি বলেছিলাম মেজর সাহেব সম্বন্ধে। তার
ফল কি হয়েছিল তা বোধহয় আপনার মনে আছে। আর আমার এই
নির্বাশ্বিতার জন্য আপনাদের সকলের সামনে স্বনীল আজ সকলে
আমাকে যা বলেছিল তাও নিশ্চয়ই আপনার মনে আছে। আপনারা
হয়তো আমার জন্য দ্রখিত হয়েছিলেন কিল্তু প্রতিবাদ করা দরকার
মনে করেননি!

সভেকাচে আর লঙ্জায় এতটকু হয়ে গিয়ে অমল অপরাধীর দ্ভিট

মেলে ধরে জয়ন্তর মুখের ওপর।

জয়৽ত অমলের মুখোমুখি দাঁড়িয়ে তার কাঁধের ওপর একটা হাত রেখে বলল, এখন ব্রুতে পারছেন বোধহয়, মেজর সাহেবকে অত্যাচার করবার অধিকার দিয়েছে সাম্লাজাবাদ! সেই অধিকারকে মুখ ব্রুজে মেনে নিচ্ছে সুননীলের মত উচ্চাভিলাধি মানুষ আর সহায়তা করছে আপনাদের মত সং আর শাহিতপ্রিয় মানুষের দল! তেমনি এই মাড়োয়ারীটিকে অবাধ-লুঠের অধিকার দিয়েছে রাণ্ট্রব্যবস্থা, সেই অধিকারকে কার্যকরী করছে আপনার মত মানবতার প্জারী সেবকের দল, আর সহায়তা করছে যত ধর্মভীরু অজ্ঞ মানুষের দল!

সাত

সোদনকার সেই 'বৃকে আগ্নন জনলার' কথা বলে ফেলার পর থেকে অনন্ত তার জীবনের মর্মান্তিক ইতিহাস অমলের কাছে বলার জন্যে ছটফট করেছে। সৈনিকজীবনের আওতার আসার পর থেকে তার ফেলে-আসা জীবনটা বারবার তাকে খোঁচা দিয়েছে। মিলিটারী ব্যবস্থার নন্দ চেহারা যত বেশী করে সে দেখেছে ততই সে এই ব্যবস্থাকে নিছক একটা জন্ম বলে সাবাসত করতে চেয়েছে! কিন্তু তথনই নিজের কাছে নিজেকে বেন অপরাধী মনে হয়েছে! লীলার সংগ্যে যে ব্যবহার সে করেছে তার সঙ্গে এই মিলিটারী ব্যবহারের কোথায় যেন একটা সামঞ্জস্য রয়ে গোছে! তাই বারবার তার মনে হয়েছে, অমলকে সমস্ত ব্যাপারটা বলতে পারলে বোধহয় সে খানিকটা শান্তি পাবে! হয়তো সমাধানের একটা পথও পেতে পারে!

অমলের সেদিন গার্ড-ডিউটী, বিকেলের দিকে ছিল অফফ। অনন্ত তাকে ডেকে নিয়ে গেল নদীর ধারে, কোন ভণিতা না করে বলল. আছো অমল, আমি মদ খাই বলে তুমি বোধহয় আমায় খ্ব ঘ্ণা কর, না?

অমল অস্বস্থিত বোধ করে বলল, কই, ঘ্ণাতো আমি তোমায় কোন দিন করিনি অননত! কিন্তু আমি ভেবে পাই না মদই বা কেন তুমি খাও!

না খেরে যে পারিনি। মনের যে অবস্থা নিয়ে মিলিটারীতে ঢ্বকে-ছিলাম সে অবস্থার মদ যদি না ধরতাম তাহলে হয়তো পাগল হয়ে যেতাম! অনন্তর মুখখানা লক্ষ্য করে অমল বলল, কি ব্যাপার!
অনন্ত বলল, আমাকে তোমরা সকলেই জান অবিবাহিত বলে।
কিন্তু জান অমল, আমার বিয়ে হয়েছে আজ তিন-চারবছর আগে!
অমল চমকে উঠল, তার মানে!

অনন্ত যা বলল তার সারাংশটা হল এই;—বাল্যকালেই তার বাবা মারা যান। ভারেদের কাছেই সে মান্ব হতে থাকে। ম্যাট্রিক পাশ করে আর কোন সহায়তা না পেয়ে টিউশানি করেই সে আই-এ পাশ করে।

লীলা তার এক ছাত্রীর সহপাঠি, মাঝে মাঝে পড়াশ্ননায় তাকে কিছ্ব কিছ্ব সাহায্যও করে থাকে। লীলা তাকে একদিন নেমন্তর করে তার মায়ের তরফ থেকে। নিছক নেমন্তর খেতে যাওয়ার সঙ্কোচ জাগলেও আরও একটি ছাত্রী পাওয়ার লোভে সে লীলাদের বাড়ী যায়। লীলার মায়ের অনাবিল আত্মীয়তায় সে ম্বর্ধ হয়ে যায়, ধীরে ধীরে সে লীলাদের বাড়ীতে ঘনিষ্ঠ হয়ে ওঠে। অবিরাম পরিশ্রমের মধ্যে ওই বাড়ীতে কিছ্মুক্ষণ, তার কাছে যেন একটা বিরতির মত। এমনই একদিনের অনবধান এক ম্বৃত্তে লীলা উপযাচিকা হয়ে বিবাহ প্রস্তাব করে। সেদিন সে লীলাকে কোন কথা দিতে পারেনি। কিন্তু লীলার এই প্রস্তাব তার জীবনে আনল উত্তাপ আর আলোড়ন! কয়েকদিন পরে সে সম্মতি জানায়।

কিন্তু বাড়ীর মত পাওয়া যায় না! সে নিজের মতে বিয়ে করবে এ যেন ঘার অরাজকতা! বাড়ীর অমতেই সে লীলাকে বিয়ে করে। মাসদ্ই পরে আলাদা সংসারও পাতে। বিয়ের মাসছ'য়েক পরে দাদা-বৌদি এসে সাদরে তাদের ডেকে নিয়ে যান। বাড়ীতে ঢ্কে সে দেখে, তার থাতির বেড়ে গেছে দ্বিগ্রণ আর লীলার ওপর বাবহার চলেছে নিন্ঠুরতম! সব কিছুই সে দেখে, কিছু কিছু যেন ব্রুতেও পারে, পারে না কেবল মুখ ফুটে প্রতিবাদ করতে। প্রতিদিন সে শুনুনতে থাকে লীলার অজপ্র নিন্দা, কুংসা আর অপদার্থতার কথা। তাদের স্বাধীন সংসারের মধ্রে রেশট্কুও ধারে ধারে মিলিয়ে যেতে থাকে।

চরম পরিণতি ঘটে তার মেজদার মধ্যস্থতায়। তিনি আদেশ দেন, লীলাকে ত্যাগ করতে। লীলার জন্য সংসারে অশান্তি ঢ্রেছে, পাড়ায় দর্শাম রটেছে, তাঁদের বংশের মাথা হে'ট হরেছে! এর একমান্ত কারণ, লীলার বিবাহপূর্ব জীবনের চারিত্রিক স্থলন! তাঁর অভিযোগ সপ্রমানিত করলেন, লীলার ভূতপূর্ব প্রেমিকের একখানি চিঠি দাখিল করে। তার মাথার আগ্রন জনলে ওঠে। প্রতিদিনকার জমা হওয়া সহস্র অশাদিত তাকে ক্ষেপিয়ে তোলে। সে লীলাকে দোষ স্বীকার করতে বলে। লীলা শর্ম একটি কথা বলে, 'আমার চেয়ে এ বিষয়ে তোমার দাদা আর ষাঁকে দিয়ে এই চিঠি লিখিয়েছেন তাঁরাই জানেন ভাল।' লীলার এ উক্তিকে নিছক ঔদ্ধত্য আর অবজ্ঞা বলেই তার মনে হয়়। নির্মান্তাবে সে লীলাকে প্রহার করে। লীলার কপাল কেটে যায়, সর্বাণ্য যায় থেণ্ডলে!

সেই মৃহ্তের্ত সে বাড়ী থেকে বেরিয়ে যায়। দিনতিনেক পরে যখন সে বাড়ী ফেরে তখন তার নামে হুলিয়া বেরিয়ে গেছে! লীলা তার বির্দেধ এ্যাসলট-চার্জের মামলা রুজ্ব করেছে! মামলা চলল। তার দর্ই বড়ভাই যথেষ্ট পয়সা খরচ করলেন। আদালতের রায়ে সে দোষী সপ্রমাণিত হয়। অর্থাদন্ড দিয়ে সে বাড়ী ফেরে। কিন্তু বাড়ীতে ততক্ষণে তার সম্বন্ধে ব্যবহারের আম্ল পরিবর্তন হয়ে গেছে। মামলায় তার দ্বই ভাই-ই নাকি সর্বাহ্বান্ত হয়েছেন। স্ত্তরাং সে য়েন পথ দেখে নেয়!

সন্থ্য উৎরে গেছে, নেমে এসেছে আঁধার, কখন চলে গেছে অননত।
অমল অনন্তর অন্ধকার জীবনটার দিকে চেয়ে ভেবে চলেছে, তাই আজ
অনন্ত মদ খায়! আত্মঘাতি আক্রোশে সে নিজের ওপর নির্যাতন করে!
আবার এমনই একটা আঘাতের ফলে কত লোক তো বিবাগী হয়ে সাধ্
হয়! কৃচ্ছসাধন আর ব্লাচর্য পালন করে! তুবে কি মদের নেশা আর
ধর্মবাধ দুর্বল মানুষের ওপর একই কাজ করে!

গার্ডুর্মের সামনে বসে নদীর কালো ব্রকে চোখ রেখে অমল ভাবছে, মেজর সাহেব চান কোম্পানির প্রতিটি ছেলে হবে তাঁর ক্রীতদাস! অনন্তর দাদারা চেয়েছিলেন অনন্ত তাঁবেদার হয়ে থাক তাঁদের কাছে! আর অনন্তও চেয়েছিল, লীলা তার জন্ত্রম মন্থ ব্রজে সহ্য কর্ক! এমনি করেই ব্রঝি ধাপে ধাপে চলেছে এক জ্লুমের রাজত্ব!

प्रभागोत चन्छे। भएन। भार्ज कमान्द्रात अमनरक वनन, जिननस्वत

পোষ্টে স্নালকে রিলিভ করে দিন।

ক্যান্দের পেছনে ছোট বিস্তিটার সামনে তিননন্দর পোষ্ট। প্রথম বথন ক্যান্দ্প পড়ে, তখন এ পোষ্টটা ছিল না! কিন্তু কয়েকদিন পরে দেখা গেল, একট্ বেশী রাতে অনেক ছেলেই এই বিস্তিটায় যাতায়াত স্বর্ করে দিয়েছে! একদিন একটি ছেলে মাতাল অবস্থায় একটি মেয়েকে মার্রপিট করায় বিস্তির লোকেরা মেজর সাহেবের কাছে নালিশ করে। সেই থেকে এই পোষ্টটির স্থিট।

স্নীলের কাছ থেকে রাইফেলটা নিয়ে অমল বলল, আপনি এবার বেতে পারেন—স্নীল তব্ও ইতদ্তত করে! অমল বলল, ব্যাপার কি? ব্যাপার আর কিছ্ই নয়, কেবল আপনার অন্মতিটা পেলেই হয়! অনুমতি! কিসের?

ব্যাপারটা তাহলে আপনাকে খুলেই বলি। একটি মেয়ে জোগাড় হয়েছে, কাঁচা বয়েস, এই সামনের বিদ্ততেই! ব্যুঝলেন না, রাত আটটার পর মিলিটারী-ক্যাম্পের ধারে জল নিতে আসে! আন্দাজ আমি ঠিকই করেছিল্ম। দেখেশন্নে টোপ ফেলে দিল্ম। আরে মশাই না গিলে আর বাবে কোথায়!

বিস্ফারিত চোথে অমল স্নীলের মুথের দিকে চেয়ে থাকে। স্নীল বলল, সবই ঠিকঠকে. এখন কেবল আপনার অন্মতিটা পেলেই হয়!

আমার অনুমতির কি দরকার!

আপনার নাতো কি জমাদার সাহেবের! আপনার অন্মতি না হলে, আপনিই যে আমাকে সেন্দী থেকে কয়েদী বানিয়ে দিতে পারেন! ব্রুলেন না ব্যাপারটা!

না সে ভর আপনার নেই। আপনাকে ধরিয়ে দিয়ে আমি ল্যাম্স-নায়েক হওয়ার চেন্টা করব না।

স্নীল হাত কচলে বলল, সে কি আর আমি জানি না। জানি বলেই না আপনার কাছে কথাটা পাড়তে সাহস পেল্ম। তবে কথা দিচ্ছি, বণ্ডাশতে বদি গাঁথতে পারি তাহলে আপনার পাতও নির্মিষ যাবে না! এদিকওদিক দেখে নিয়ে সে গলিটার মধ্যে ঢুকে পড়ল।

রাইফেলটাকে অমল সোলভার-আর্ম করে নিল। যথারীতি মার্চ

করে বীট এর মধ্যে টহল দিতে থাকে। পাশে ক্যাম্প, লাইট-আউট হরে গৈছে। একটানা বেজে চলেছে ঝি ঝিপোকার ঐক্যতান। অমলের কদম ধীরে ধীরে শিথিল হয়ে আসছে, চলার তাল যাচ্ছে কেটে। তার মাথার মধ্যে যেন ঝাঁঝাঁ করছে! সময় বহে চলেছে মৌন এক আশংকায়!

গলিটার মুখোম্খি অমল হঠাৎ দাঁড়িয়ে পড়ে। পাদুটো তার থরথর করে কাঁপছে, ঘনঘন ক্যাম্পের দিকে ফিরেফিরে তাকাছে। গালিটার মধ্যে নিশ্ছিদ্র অন্ধকার! চোথ কুচকে অমল লক্ষ্য করতে থাকে স্নীল ফিরছে কিনা!

তাহলে স্নীল ব'ড়াশতে গে'থেছে! স্নীল বলেছে, গাঁথতে বাদি সে পারে তাহলে তার পাতও নির্মিষ যাবে না!

না, না,—ঘ্রের দাঁড়িয়ে আবার সে টহল দিতে স্র্র্করে। একাজ্ব সে করতেই পারে না। গালির ম্থে ফিরে এসে আবার অমল দাঁড়িয়ে পড়ে। কেনই বা না? সমস্ত মনটা তার গজে ওঠে, কেন না? পাঁচকড়ি ছেলে ভালই কিন্তু সেতো বার্ম-বাঙালী মেয়েটিকে ছেড়ে কথা কর্মান! হাবিলদার ভটচায ভদ্রঘরের শিক্ষিত মান্য কিন্তু সেওতো ইভ্যাকুয়ী বলে কর্ণা দেখায় না! ওই মাড়োয়ারীটিতো একজন পর্হিতরতী কিন্তু পরোপকারের নামে দিনে-ডাকাতি করতে তার বিবেকে বাধে না! আর স্নীল শিক্ষিত, সভ্য, ভদ্র, কিন্তু সম্পূর্ণ অচেনা একটি মেয়ের কাছে দেহভোগের প্রস্তাব করতেতো ন্বিধা করেনি!

ডানহাতটা তার কাঁপছে। দ্বিগার-গার্ডের মধ্যে আংগন্ল দ্টো টন-টন করছে, কাঁধ থেকে হাতটা বৃন্ধি এখনই ছি'ড়ে পড়বে! রাইফেলটাকে িনপ্ত-আর্ম করে নিল। শরীরের ওপর একটা ঝাঁকানি দিয়ে লম্বা ধাপ ফেলল, বৃক চিতিয়ে দৃহাত দুলিয়ে আবার টহল দিতে লাগল।

স্ক্রীল ফিরে এসে জিজ্জেস করল, কেউ খোঁজ করেছিল নাকি? অমল বলল, না।

দিন তবে রাইফেলটা—বলেই অমলের কাঁধ থেকে রাইফেলটা নিশ্নে বলল, যান, চট করে ঘ্রুরে আস্কুন! ডানহাতে তিননম্বর দরজা। তিনটে টোকা মারলেই খুলে দেবে।

বিদিতর চালার ওপর দিয়ে রেলওয়ে-ইয়ার্ডের আলো কিছুটা এসে

পড়েছে স্নীলের ম্থের ওপর। মিনমিনে ঘামে স্নীলের কপালটা ভিজে উঠেছে, ম্থটা রক্তের আভাষে জনলজনল করছে। ভারী স্লুদর দেখাছে তাকে।

অমলের কাঁধে চাপড় মেরে স্নীল বলল, আরেঃ, আমার মুখের দিকে চেয়ে থাকলে কি হবে! কাম অন! বাক আপ! ঠেলতে ঠেলতে অমলকে গলির মুখ পর্যালত পেণছে দিল।

অমল এগিয়ে চলেছে। নিজের ব্বকের ঢিপঢিপ শব্দ সে নিজের কানেই শ্বনতে পাছে। প্রথম দরজা, দ্বিতীয় দরজা, এইবার তৃতীয়! তার গতি মন্থর হয়ে আসে। তৃতীয় দরজার সামনে দাঁড়িয়ে হাত তোলে টোকা মারবার জন্য! উদ্যত সেই হাতে তার ঘর্মান্ত ম্থখানা একবার মৃছে নেয়। চকিতের জন্য ভাবে, একদোড়ে আবার সে তার পোড়েট ফিরে যেতে পারে।

দরজার ওপর অমল তিনটে টোকা মারল। কই দরজাতো খ্লছে না! ভেতর থেকে কোন সাড়াশব্দ আসছে না! প্রতি লোমক্প তার উৎকর্ণ হয়ে উঠেছে, নিঃশ্বাস যেন তার বন্ধ হয়ে আসছে!

ভাঙা দরজার ফাটলের মধ্যে দিয়ে খানিকটা আলো এগিয়ে আসছে।
আমল এক পা পেছিয়ে দাঁড়াল। তার সমস্ত শরীরটা থরথর করে
কাঁপছে! প্রদীপ হাতে একটি মেয়ে কপাট খ্লে পাশে সরে দাঁড়িয়েছে
ভেতরে যাওয়ার মৌন অন্জ্ঞা জানিয়ে। অমল থমকে গেছে! তার
দ্বিট ঝাপসা হয়ে উঠেছে! হাতদ্বটো কাঁধ থেকে অসহায়ভাবে ঝ্লছে।

মেয়েটি চাপা গলায় বলল, চলে আস্ক্রন তাড়াতাড়ি।

একলাফে অমল ভেতরে ঢ্কে পড়ল। মেয়েটি দরজা বন্ধ করে দিয়ে বলল, সাবধানে আসনুন আমার সঙ্গে, কোন শব্দ করবেন না যেন— কিছু দ্র গিয়ে মেয়েটি মুখ ফিরিয়ে ফিসফিস করে বলল, একটা দাঁড়ান, আলোটা ও-ঘরে রেখে আসি—ঘরের মধ্যে ঢ্কে এক কোণে একটা দেলকোর ওপর প্রদীপটা রেখে একটা বিছানার পাশে ক্ষণেক দাঁড়িয়ে থেকে বেরিয়ে এসে বলল, আসনুন!

মেরেটিকে অন্সরণ করে অমল আর একটা ঘরের মধ্যে চত্ত্তল। ছে'চাবেড়ার দেয়ালের ফাঁক দিয়ে ইয়ার্ডে'র আলো এসে পড়েছে ঘরের মধ্যেকার মাচাটার ওপর। মেরেটি মাচাটাকে দেখিয়ে বলল, বস্ন।
অমল বসল। মেরেটি তার পাশ ঘে'ষে দাঁড়ার। বেবাক বিস্মরে
অমল তার মুখের দিকে চেয়ে থেকে জিস্তেস করল, ওঘরে কে?
আমার বাবা, রোগে শ্যাশায়ী, আমাদের আর কেউ নেই!
অসীম কর্ণায় অমলের মনটা টলটল করে ওঠে! মেরেটির কোমর

অসীম কর্ণায় অমলের মনটা টলটল করে ওঠে! মেয়েটির কোমর জড়িয়ে ধরে টেনে নেয় নিজের বৃকের কাছে! তার বলতে ইচ্ছে করে, কেন আমিতো রয়েছি!

শ্বীরে ধীরে মেরোট নিজেকে ছাড়িয়ে নিয়ে মাচার ওপর উঠে শ্রেম পড়ে। অমল ঘ্রের বসে মেরেটির ম্থোম্বিথ। কর প এক বেদনার তার ব্রুকটা শিরশির করতে থাকে! মেরেটি বলল, তাড়াতাড়ি সেরে নেবেন কিন্তু!

কৃথন তার নিজেরই অজ্ঞাতে অমল মেরেটির ওপর ঝুকে পড়েছে।
অপার বিসময়ে অন্ভব করছে তার আকৈশাের কোতহলের বস্তু নারীর
দেহ! অনাব্ত বক্ষের ওপর হাতদ্টি রেখে স্দেখি নিঃশবাস জমে
উঠেছে তার ব্কের মধ্যে! মনে জেগেছে স্তন্যপায়ীর উস্বেলতা! অমল
মুখটা নামিরে আনে। মাথাটা ঠেলে দিয়ে মেয়েটি বলল, সেরে নিন না
তাড়াতাড়ি।

অমলের ব্রুকটা ব্যথার টনটন করছে! তার অসার্থাক জীবনে সমস্ত বেদনা উদ্বেল হয়ে উঠেছে! তার অনাদ্বাত পৌর্ষ ব্যথার ক্লিষ্ট হয়ে উঠেছে! তার মনের গোপন কোণে যে কাঙাল অহরহ কে'দে মরে, সে ব্যাববা এখনি মেরেটির পারের তলার ল'চিরে পড়বে! অমল মিনতির দ্বে বলল, আমাকে একট্য তোমার ব্বেকর মধ্যে চেপে ধরবে?

নেয়েটি ঝঙ্কার দিয়ে ওঠে. ওসব হবে-টবে না! আপুনি যান।
অমল দাঁড়িয়ে ওঠে। মাচাটার পাশ থেকে একধাপ সে পেছিয়ে
দাঁড়ায়। না, না! এ জিনিস সে চায়নি! সে চেয়েছিল, মেয়েটি তাকে
একট্—একট্—হাাঁ, একট্ ভালবাসূক!

অমলকে দেখে স্নীল বলল, ওঃ, আপনি এত দেরী করছিলেন! অমল স্নীলের হাত থেকে রাইফেলটা টেনে নিল। স্নীল বলল, মেরেটা বন্দ্য গরীব। শরীরে কিছেই নেই! কেবল এক আটি হাড়! কিছ্ম্পিন ভাল করে খাওয়ান দরকার, তবেইতো শাঁসাল হবে! অমল চুপ করে থাকে। স্ন্নীল আরও কাছ ঘে'ষে বলল, আস্ন্ন অমলবাব্য, লেট আস শেয়ার! ওই কি ছাই একটা বিছানা!

অমল বলল, আমি আর কোনাদন যাব না।

কেন! শালী কোন খারাপ ব্যবহার করেছে নাকি? দিলেন না কেন একঘা বুটের ঠোক্কর!

না, খারাপ ব্যবহার করেনি। আমি নিজেই আর যাব না।
কিছ্কুদ্দণ অমলের মুখের দিকে লক্ষ্য করে হাল্কা হেসে স্ক্রীল বলল,
ওঃ, এই বুঝি আপনার প্রথম!

গার্ড-ডিউটী থেকে অফফ হয়ে এসে অমল তাঁব্র পর্দা ফেলে দিয়ে শ্রের পড়েছে। বিষম ক্লান্তিতে তার মন গেছে আচ্ছন্ন হয়ে। গতরতের ঘটনা তাকে বিরত করে তুলছে! ঘ্ররিয়ে ফিরিয়ে নানানভাবে সে ভেবে চলেছে সেই মেয়েটির কথা! তারতো মেয়েটিকে বেশ ভাল লেগেছিল! সে তো ভাল ব্যবহারই করেছিল তার সঙ্গে! তবে কেন মেয়েটি তার সঙ্গে ওরকম করল! একের-পর-এক তার মনে পড়ে, মেয়েদের সম্বন্ধে রজতের ধারণা! বাঁড়্যোদাদার স্থার প্রতি সহান্ত্তির নম্না! হাবিলদার ভটচাযের ইভ্যাকুয়ী মেয়েটির ভাগ চাওয়া। পাঁচকড়ির ব্যবহার সেই বির্মা-বাঙালী মেয়েটির ওপর! স্নানিলর এই মেয়েটিকে শেয়ার করার প্রস্তাব! তবে কি মেয়েরা কেবল ফ্রতির খোরাক! তাদের একমার দাম ওই দেহট্রকর জন্য!

কিন্তু মেয়ে বলতে কি কেবল এদেরই বোঝায়! মিনিতো বড় হয়েছে, রিণিও বড় হবে! তারাও কি এই রকম ব্যবহার পাবে! ভাবতে ভাবতে অমলের গায়ে কাঁটা দিয়ে ওঠে। এ কেমন করে সম্ভব! 'মেয়ে বলতেই বোঝায় তার দেহটাকু! মানুষ হিসেবে তার কোন মূল্য নেই!

তাঁবনুর পর্দাটা নড়ে-চড়ে উঠতে অমল চমকে উঠল। হয়তো কেউ আসছে ব্যাপারটা নিয়ে রস-মুম্করা করতে! সন্নীল কি আর এতক্ষণ কাকেও বলেনি! তাকে কি আর একটা আম্ত গাধা বলে সকলের কাছে প্রতিপক্ষ করেনি! কিন্তু সে করঁবে কি! তার যে কিছুতেই প্রবৃত্তি रल ना! এ जिनिम त्य तम हार्यान!

পর্দা সরিয়ে ঢ্রকল জয়৽ত! আমল আশ্বস্ত হল। নাঃ ড়য়৽ত অ৽তত এসব ব্যাপার নিয়ে বদরসিকতা করবে না। তাঁব্র পর্দাদ্টো তুলে দিতে দিতে জয়৽ত বলল, কি মশাই, সব সময়ে এমন মনমরা হয়ে থাকেন কেন?

আদেত আদেত উঠে বসে অমল বলল, এখানে মনমরা হয়ে থাকা ছাড়া আর উপায় কি! খুশী হওয়ার মততো কিছু দেখতে পাই না। চলুন না, খানিকটা ঘুরে আসি।

কোথায়ইবা আর যাবেন! হয় বাজারে না-হয় চ্টেশনে! ইভ্যাকুরী-দের নিয়ে এই ছিনিমিনি যেন আর সহ্য হয় না!

বেশতো ইভ্যাকুয়ীদের ভীড়ে নাইবা গেলাম। চলনে না, নর্থ-গোহাটির দিকে। ওখানে খ্ব প্রনো একটা মন্দির আছে পাহাড়ের ওপর। পাহাড়ের ঢল নেমে গেছে একেবারে নদীর ব্বক। মন্দ কি, খানিকটা প্রকৃতির শোভা দেখা যাবে!

অমল বুট পরে পট্টি জড়াতে জড়াতে বলল, তাহলে আপনার প্রাণেও কাব্য আছে দেখছি!

না থাকলেও, সন্ধানতো মাঝে মাঝে করি!

পিথ্-হ্যাটটা হাতে নিয়ে অমল বলল, তাহলে চল্লন।

তেশন পার হয়ে পোষ্টঅফিস ছাড়িয়ে ওরা উ'চু লাল রাস্তাটা ধরেছে। রাস্তার বাঁদিকে মিলিটারী-ক্যাম্প, পাইওনীয়র কোরের। সোজা লাইনে তাঁব্র সারি, দর্বিদককার ফ্লাপ তোলা, প্রত্যেকটি বিছানা শরিপাটিভাবে সাজান। অমল বলল, কি রকম ঝকঝকে তকতকে ক্যাম্প দেখছেন!

জীয়নত বলল, আমার কিন্তু এই ক্যান্সের চেয়ে তার লোকগুলোর চেহারাই চোখের ওপর ভাসছে। ভাবুনতো দেখি, তাদের ওপর কত জুলুমই না করে! যার জন্য ক্যান্স এমন ঝকঝকে তকতকে।

অমলের মনে হল, ঠিকইতো তাই! ট্রেণিং-ক্যান্দ্পে দুকে প্রথম দিন তারওতো মনে হয়েছিল, কত স্কুন্দর! সেদিন সে ছিল বাইরের লোক। আর আজ সে সৌন্দর্যবাধ কোথায় উর্বে গেছে! গুরা গ্রামের মধ্যে এসে পড়েছে। নদীকে ডাইনে রেখে গ্রামের রাশ্তা
ক্রমশই বাঁয়ে ঘে'ষে চলেছে। পাতলা বর্সাত স্বর্হ হয়েছে। রাশ্তার
দ্বধারে পতিত জমি, তার ব্বেক আগাছা উম্পত দশ্ভে বেড়ে উঠেছে। উচ্চ্
রাশ্তার দ্বপাশে নামাল জমি বর্ষার জলে ভরা। ছোট ছোট ছেলেমেরেরা ন্যাকড়া-কানি পরে কোমরে খাঁচা ঝ্বলিয়ে জলাগ্বলোর মধ্যে
ছিপ ফেলে দাঁড়িয়ে আছে।

অমল আর জয়ন্তকে দেখে ওই ছেলেমেয়ে-মহলে যেন একটা সাড়া পড়ে গেল! গর্টি গর্টি তারা জলার ধার থেকে রাস্তায় উঠে আসে, ড্যাবড্যাব করে কিছ্মুক্ষণ চেয়ে থাকে, তারপর হঠাৎ দৌড়তে স্বর্করে। অমল বলল, ব্যাপারটা কি বলুন তো! ওরা পালাচ্ছে কেন?

পালাচ্ছে, গোরাপল্টন দেখেছে বলে!
অমল থমকে দাঁড়াল।
জয়ন্ত বলল, কি হল, দাঁড়িয়ে পড়লেন যে!
থাক, তবে আর গিয়ে কাজ নেই!
কেন, ভয় করছে?

অমল আবার চলতে স্ব্রুকরে। গ্রামের মাঝামাঝি এসে পড়েছে। রাস্তার দ্বারে বসতি ধীরে ধীরে ঘন হয়ে উঠছে। একটা আর্তনাদের শব্দে অমল আর জয়ন্ত একই সংগ্র সেইদিকে ফিরে চায়! একটি বছর বার-তের বয়সের মেয়ে ছোটু একটি ছেলে কোলে করে দাওয়ায় বসেছিল, তারই এই আর্তনাদ! ছেলেটীকে মাটীর ওপর ফেলে দোড়ে ঘরের মধ্যে দ্বেক ধড়াম করে দরজা বন্ধ করে দিল! তার কাপড়ের আধখানা তখনো দরজার বাইরে! বাড়ীর ভেতর থেকে চেচার্মেচির রোল উঠল! একসংশ্রে অনেকগ্রলি মেয়েলি স্বর, তার কোনটী কায়া, কোনটী আর্তনাদ, কোনটী অনর্গল প্রশ্ন!

সমল অ.র জয়নত সেই বাড়ীটার সামনে এসে পৌচেছে। দেখল, কয়েকজোড়া আতভ্কে বিস্ফারিত চোখ জানলাটাকে সজোরে বন্ধ করে দিয়ে চট করে সরে গেল! দাওয়ার ওপর শিশ্বটি তখনও পরিত্রাহি কাদছে! অমল বলল, আরও আগে আপনি যেতে চান নাকি?

अयुग्ठ वलल, निम्ठयुरे!

ওরা কিন্তু আমাদের আক্রমণ করতে পারে!

সেতো পারেই। সেই জনোইতো আমাদের যাওয়া বিশেষ দরকার। ব্টীশের তাঁবেদারী ফোজে ভার্ত হয়েছি বলে আমরাতো আর ব্টীশ হয়ে যাইনি!

গ্রাম আরও ঘন হয়ে উঠছে। প্রায় প্রতিটি বাড়ীর সামনে একজন দক্ষন করে প্রব্যমান্য দাঁড়িয়ে আছে। অমল বলল, ওরা বোধহয় আমাদের ঘিরে ফেলছে!

জয়ন্ত বলল, ফেল্কুক না, আমাদের ভয়টা কি! কিন্তু!

না অমলবাব, এর শেষ আমাদের দেখতেই হবে! মিলিটারী আর সিভিলিয়ানের মধ্যেকার বেড়া ভাঙতেই হবে! এদের সংগ্রে আমরা আলাপ করব, এদেরই সংগ্রে মিলেমিশে থাকব।

সে কেমন করে সম্ভব!

সম্ভব এইজন্য যে আমরা পল্টন হলেও সাধারণ মান্ব! সামনে একটা চায়ের দোকান দেখে বলল, চলান একটা চায়ের দোকান দেখে বলল, চলান একটা চা

অমল আবার বলল, একেবারে ফাঁদের মধ্যে গিয়ে পড়বেন?

উপায় নেই অমলবাব,। মোকাবিলার কাঞ্চটা তাড়াতাড়ি সেরে নেওয়া ভাল! দোকানের দাওয়ায় উঠে বলল, হ্যাঁ ভাই, চা পাওয়া **যাবে**?

माकानी क्वाकारम भ्रास्थ भाषाण क्रेयर म्हीलस क्वानाल, ना।

জয়ন্ত মাথা থেকে ট্রিপ খুলে বাঁশের মাচার ওপর বসে বলল, আহা আমাদের এত ভয় পাচ্ছ কেন ভাই? আমরাতো আর গোরা পল্টন নই, আমরা তোমাদেরই দেশের মান্য!

দোকানী ওদের মুখের দিকে ফ্যালফ্যাল করে কিছ্মুক্ষণ চেয়ে রইল, বারকর্ষেক আপাদমস্তৃক দেখে নিয়ে বলল, আপনালোক বঙাল্ ন হয়? অমল বিদ্রুপ করে ওঠে, বাঙালী নাতো সাহেব নাকি!

জয়ন্ত বলল, তবে ভাই এবার একটা চা খাওয়াও, অনেক দার থেকে আসছি। যাব অশ্বক্লান্তার মন্দিরে।

দোকানী যেন সন্দিশ্ধভাবটা কাটিয়ে ওঠে। সহজভাবেই বলল, মই ভাল্ চা করি দিম্—বাস্ত-সমস্ত হয়ে একটা আধনিভন্ত উনানে খান- কয়েক ঘটে ফেলে দিয়ে বাঁশের একটা চোঙের মধ্যে দিয়ে ঘনঘন ফই দিতে লাগল। ঘটে জনুলে উঠল, ধোঁয়ায় ঘরটা ভরে গেল। একটা টীনের পাত্রে জল চড়িয়ে দিয়ে কোঁচার খটে চোখ মুছতে মুছতে বলল,আর্পনালোক এই ফালে কেনেকৈ আহিলা?

জয়•ত বলল, কেন বলত??

খবর আহিছে, গোরাপল্টন মাইকি মান্হরে ধাওয়া করিব লাগিছে! জয়ন্ত বলল, এমন খবরটী তোমাদের দিলে কে?

দোকানী একথার কোন জবাব না দিয়ে বাইরের দিকে তাকাল। একদল লোক দোকানের সামনে এসে দাঁড়িয়েছে, তাদের প্রত্যেকেরই হাতে একটা-না-একটা হাতিয়ার! অমলের মুখখানা ফ্যাকাশে হয়ে গেছে। জয়৽ত দোকানীকে বলল, ওদের সদারকে একট্র ডেকে নিয়ে এসতো।

দোকানী বলল, ভয় ন করিবা, মই সকল কথা কহি দিম্—বাইরে বেরিয়ে, দাওয়ায় দাঁড়িয়ে দোকানী হাত-পা নেড়ে যেন কি সব বলল। তার কথা শেষ হলে একজন লোক তার সঙ্গে ভেতরে এল।

জয়ন্ত পাশে জায়গা দেখিয়ে বলল, এস সদার, বস।

সদার সেই একইভাবে দাঁড়িয়ে থেকে ওদের আপাদমস্তক লক্ষ্য করতে থাকে। জয়নত বলল, তোমরা ভুল করেহ সনার, আমরা পল্টন হলেও গোরা-পল্টন নই! আমরা তোমাদেরই দেশের মানুষ, পেটের দায়ে মিলিটারীতে ঢুকেছি! আমরা তোমাদের ওপর জ্বলাম করব না।

সদার বলল, আপনারা আর কখনও গ্রামে চ্নুক্রেন না। অমল বলল, আমাদের কি তোমরা বিশ্বাস করতে পার না? সদার বলল, গ্রামের মধ্যে আমরা পল্টন চ্নুক্তে দেব না।

কিন্তু সদার, যথন জাপানীরা এসে দেশ দখল করবে তখন তোমরা কেমন করে গ্রাম রক্ষে করবে? সদার কোন উত্তর না দিয়ে কেবল তার হাতের দাখানা তুলে ধরল।

দোকানী ইতিমধ্যে কাঁচের গ্লাসে চা আর শালপ।তায় চারখানা করে লবংগলতিকা ওদের সামনে দিয়েছে। খেতে স্ব্ করে অমল সদ্বিকে বলল, আমরা ভেবেছিলাম অশ্বকাশ্তার মন্দিরটা দেখে যাব।

ष्टि भारतन। किन्त्र कार्न जान-मन्न रतन आमता आनि ना।

জয়ত বলল, তাহলে আমরা ফিরেই চললমে সদার!

সর্দার বলল, আপনাদের কোন ভয় নেই, আমাদের লোক আপনাদের গ্রামের সীমানা পার করে দিয়ে আসবে।

রাস্তায় নেমে অমল একবার পেছন দিকে দেখে নিল। জনচারেক লোক কিছত্ব তফাতে তাদের পেছনে পেছনে আসছে। অমল বলল, কই জয়ন্তবাব, এরাতো আমাদের বিশ্বাস করল না!

জয়নত বলল, আমি ভূল করেছিলাম অমলবাব, আমার চেয়ে এদের দ্থি আরও স্বচ্ছ। আমরা বাঙালাই হই আর অসমিয়াই হই, আমরা হচ্ছি সৈনিক! যে সৈনিক ওদের ওপর আবহমানকাল ধরে অত্যাচারই করেছে! স্তরাং আমরা ওদের শত্র। আমরা বদি কোনদিন ওদের শত্র সংগে লড়ই করে প্রাণ দিতে পারি, সেইদিনই ওরা আমাদের বিশ্বাস করবে।

জয়ন্তর কথাগুলো শ্নতে শ্নতে অমল কেমন যেন অন্যমনস্ক হয়ে পড়ে। মনে পড়ে তার সেই মেয়েটীর কথা! তাহলে মেয়েটীও নিশ্চয়ই তাকে বিশ্বাস করতে পারেনি! তাকে মনে করেছে স্নীলের মতই একটী জীব! স্তরাং অবিশ্বাস্য।

দুপ্রের খানার পর ঘণ্টাদেড়েকের অবসরটা ছেলেরা সাধারণত ঘুনিয়ে না-হয় গল্প করে কাটিয়ে দেয়। অনন্ত বকের মত পা ফেলতে ফেলতে এসে তাঁব্র মধ্যে ঢ্কেল। কাদায় সারা মাঠটা প্যাচপ্যাচ করছে! জামার বোতাম খুলে দিয়ে বুটের কাদা চাঁছতে স্বর্করে বলল, ওঃ জাীবনটা বিষময় করে তুলেছে! এই শালা ব্ছিট যেন এন-সি-ও'দের চেয়েও অসহা!

স্নীল বলল, বৃষ্টি পড়ছে তাও কি এন-সি-ও'দের দোষ! তোদের দেখছি এ এক রোগ•হয়েছে!

অনন্ত বলল, রোগ হল আমাদের! গাছতলায় বসিয়ে রাইফেল-ক্লাস করবার কি দরকারটা বাবা! আর ওরই ফাঁকে ঝাল ঝেড়ে নেওয়া! আমরা যে কি এমন ওদের পাকা ধানে মই দিয়েছি ব্রিঝ না।

भूनीन वनन, किन्कु ওদের कथाद्वेदा তোরা যে কেন ভাবিস না

আমি ব্রুবতে পারি না! ওদের দোষটা কি! ওরাতো হ্রুকুমের চাকর। ব্রুটের তলা সাফ করা শেষ করে অনন্ত স্ন্নীলের পাশে শ্রুয়ে পড়ে বলল, অমলটা দিন দিন কেমন যেন বদলে যাচ্ছে!

সন্নীল বলল, সে জানিস না বৃঝি? ওর মাথাটী খাচ্ছে ও জয়তটা। ওটা যেমন ট্যাঁকট্যাঁক করে কথা বলে, আজকাল অমল দিখি তাই স্বন্ধ করেছে! আরে বাবা, রাডি বাণ্টার্ড তো মিলিটারীজে কথার মাত্রা বিশেষ! ও নিয়ে চটাচটি করার কি কোন মানে হয়!

সন্তোষ ছিল স্নীলের পাশে, উঠে বসে বলল, দেখ স্নীল, নিজের কাপ্র্যুষতাকে ব্লিধর কসরৎ দিয়ে ঢাকবার চেণ্টা করিসনি! স্নীল বলে উঠল, আর এ'রা হলেন অমলবাব্র চেলা! পেছন থেকে বাহবা দেন। কিন্তু অমলকেইতো সাতদিন আর-আই খাটতে হবে!

সন্তোষ বলল, মান্ধের মত মান্ধ হলে, তারাই এগিয়ে যায়! অনন্ত বলল, ব্যাপারটা হয়েছিল কি?

সন্তোষ বলতে থাকে, হবে আর কি! হাবিলদাব মুখাজিকি তো জানই, ওই যে শালা মিছরির-ছুরি! রাইফেল-ক্রাস নিতে নিতে হঠাং তাঁর প্রাণে উচ্ছনস জেগে উঠল! তিনি তাঁর আত্মচরিত শোনাতে সুরু করলেন। তিনিই নাকি ম্যাগনোলিযার হতাকতা ছিলেন, দুনিয়ার যত রাজামহারাজা ছিল তাঁর খন্দেব! এইসব যত গাাঁজা আর কি! অমলের পাশে বসেছিল ফায়ারম্যান্ পি, বি, মুখার্জি আর ব্যাক্স্মিথ এন্, বি দে। তারা বোধহয় ভেবেছিল, হাবিলদার সাহেব যথন খোস-মেজাজে আছেন তথন তারাও একটু,আধট্ গল্পসল্প করতে পারে! নিজেদের মধ্যে ফিসফিস করে তারা গল্প সূর, করে দেয়। আর যাবি কোথায়! হাবিলদার সাহেবের মেজাজ গরম! ভত্তি গদপদ চিত্তে তাঁর আত্মচবিত ना भूति किना शक्य कृष्ण पिरार्राष्ट्र ! श्रीवनमाव मार्ट्य मूथराथ नान করে বলে উঠলেন, সাট আপ, ইউ বাষ্টার্ড! অমল কি মনে করেছিল क कात्न, मान्न मान्न छेरठे माँ फिरा वाल, रेडे डेरेन हु। राविनमात मृथां कि क्रमारक अमरमत मामत अस्म एउए उरोन, कि, कि वमरम ত্মি? অমলও সোজা জবাব দেয়, আপনি যা বলেছেন তা প্রত্যাহার করন! গালাগালি দেওয়ার অধিকার আপনার নেই। হাবিলদার

ব্রুগার্জ প্রথমটা যেন একট্ন থতমত খেয়ে গেল। আমাদের সকলের দিকে একবার কটমট করে চাইল। আমাদের হাত-পা তথন ঠকঠক করে পছে। আর কিছন না বলে ব্যাটা গটমট করে চলে গেল। আমি লকে বললন্ম, বোধহয় মেজর সাহেবকে ডাকতে গেল। অমল বলল, শী আর কি হবে, না-হয় জয়৽তর মত খানিকটা মার খেতে হবে। ৮০০ একের এই জঘন্য ব্যবহার বন্ধ করতেই হবে! একট্ন পরে হাবিলদার ন্থার্জি জমাদার সাহেবকে সঙ্গে নিয়ে ফিরে এল। অমলকে দেখিয়ে লেল, এই যে স্যার ইনি, একে জী হজনুর না বললে এর অপমান হয়! সমাদার সাহেব বললেন, তাতো হবেই, উনি যে গ্র্যাজনুয়েট! তারপর অমলের সামনে দাঁড়িয়ে মোগলাই কায়দায় কুর্ণিশ করে বললেন, হক্ত্রের, এ বান্দাকি গোস্তাকী মাফ করনা! আইয়ে জী হামায়া সাথ—বলে শালা হাঁটতে সন্ত্র্র করল কোয়াটার-গাডের দিকে। কিছন্কণ পরে ফিরে এসে বলল, হত্ত্রেরকৈতো গোঁসাখানায় দিয়ে এলাম! হাবিলদার াহেবের কথায় আর কারও গোঁসা হয়েছে নাকি?

অনন্ত বলে উঠল, এরা মনে করেছে কি! আমরা কি ভেড়ার পাল কি! যা বলবে তাই শানে যাব, প্রতিবাদও করতে পারব না!

স্নীল বলল, প্রতিবাদ করে আর লাভটা কি! ওইতো কোয়ার্টার-গার্ড খাটতে হবে। আর কটাদিন মুখ ব্জে সহে যা না বাবা, ওদিকে র্গাণপুরতো হয়ে গেছে!

সন্তোষ বলল, ওই আনন্দেই থাক। জাপান এসে তোমাদের মত ভেড্নুয়াদের স্বাধীন করে দেবে।

अनन्छ वलन, याक, তाরপর कि হল वन?

সংশ্যেষ বলতে লাগল, তারপর জমাদার সাহেরের তিম্বিগম্বি! ওকে আমি কোয়ার্টার-গার্ড খাটাবই! কোন স্যাপার যে একজন হাবিলদারের সামনে মাথা তুলে কথা বলবে সেটি এখানে চলবে না! আর ওর বির্দেধ তোমাদের দ্বজনকে সাক্ষী দিতে হবে। আমাদের ছব্টি হয়ে গেল। পি, বি, মব্থাজি বলল, খবরটা অমলবাব্কে দিয়ে মাসি, আর তাঁকে জানিয়ে দিই. আমরা কেউ তাঁর বির্দেধ সাক্ষী গভাব না।

সন্তোষ বলে যায়, তার কিছ্ম পরে অমলকে মেজর সাহেবের কাছে পেশ করল জমাদার সাহেব, আর সাক্ষী হলেন ওই শালা হাবিলদার মুখার্জি।

অনন্ত ফোঁস করে উঠল, হাবিলদার মুখার্জি কেমন করে সাক্ষী হবে! সেইতো নালিশ করেছে!

সন্তোষ বলল, তাতে কি হয়েছে, সে যে হাবিলদার! হাবিলদার মুখার্জি বানিয়ে বানিয়ে একগণা মিথ্যে কথা বলে গেল। জমাদার সাহেব বেছে বেছে একজন পয়েন্টস্মানকে অনেক শিখিয়েপড়িয়ে সাক্ষী খাড়া করে দিল। সে কিন্তু যা সত্যিই ঘটেছিল তাই বলেছে। জমাদার সাহেবতো ক্ষেপে গিয়ে তাকে একদ্মা-ফেটীগ দিয়েছে, নদী থেকে গ্রিশ বংলতি জল তোলা! আর মেজর সাহেব অমলকে মাত্র স্থাতিদনের আর-আই দিয়েছেন 'পয়লা কস্তুর' বলে।

স্নীল বলল, তাছাড়া মেজর সাহেবের আর উপায়ই বা কি। কোম্পানিতে ডিসিম্লিন বজায় রাখতে হবেতে । অমলকে কোন শাহ্তি না দিয়ে যদি ছেড়ে দিতেন তাহলে স্যাপাররা কি আর কোনদিন এন্-সি-ও'দের মানত ?

অননত ফ্যালফ্যাল করে স্নীলের মুখের দিকে কিছ্কুণ চেয়ে থেকে বলল, তুমি কি বলছ স্নীল! শৃধ্য ডিসিপ্লিনের নামে তুমি এতবড় একটা অন্যায়ের পক্ষে ওকালতি করছ?

স্নাল বলল, ওকালতি আমি করছি না। কিন্তু যাদের ওপর এতবড় এডমিনিম্ট্রেশন চালানর ভার তাদের কথাটা একবার ভাববে না?

সন্তোষ বলে উঠল, তোমার প্রভুভন্তির জন্য তুমি হয়তো শিগাগীরই এন-সি-ও হয়ে যাবে সন্নীল। কিন্তু আমার মন বলছে এ্যাডামিনিস্টে-শনের এই কায়দা বোধহয় আর খ্ব বেশীদিন চলবে না!

আট

বর্ষণ নেমেছে! একবার বৃষ্টি স্ব্র্ হলে আর থামতে চায় না! তাঁব্র আউটার-ফ্রাপ ভারী হয়ে ইনার-ফ্রাপে ঠেকে ষায়, বৃষ্টির ছাঁটে আর ব্টের জলে তাঁব্র মাটী কাদা হয়ে ওঠে। বাইরে থেকে ঘ্রে

এসে ছেলেরা জামার বোতাম খুলে দের, দেহের উত্তাপেই জামা শুনিকরে বার। পিথহাটটা ভিজে ভিজে যথন নরম হরে ওঠে তথন লগ্গরখানার উনানের পাশে রেখে সেটাকে সেকে নের। কিন্তু বিপদ ওই বুটজোড়াকে নিয়ে! ঘুম থেকে উঠেই পাদুটো গলিয়ে দিতে হয়। সারাদিন ধরে জলে কাদায় ভিজে তলা থেকে ওপর পর্যন্ত ঢাাবঢ়াব করতে থাকে, ভেতরের গরম মোজা ভিজে ওঠে। তবুও রাত আটটায় রোলকল শেষ হওয়ার আগে বুট খোলার অবকাশ নেই। রোল-কলের শেষে তাঁবুর মধ্যে ঢুকে মাথাপিছু একহাত জমির ওপর নিজের নিজের বিছানায় বসে নিজেরাই নিজেদের পায়ের তলায় হাত ঘষে পাদ্বটোকে গরম করে নেয়।

এক একটা তাঁব্র মধ্যে আঠার থেকে কুড়িজন লোকের থাকার হ্রুম। তর্ও যৌথভাবে বিছানা পেতে একট্র হাত-পা থেলিয়ে আরাম করে শোয়ার উপায় নেই। এক বিছানায় দ্রুলন লোক শোওয়া মারায়ক গাহিত কাজ! যেহেতু ভারতের উত্তর-পশ্চিমাণ্ডলের অধিবাসীদের নিয়েই ভারতীয় সেনাবাহিনীর গোড়াপগুল, সেইজন্য তাদের কদভ্যাসের প্রতিরোধক এই আইন আজ্ঞ বলবং। স্বতরাং প্রত্যেককে আলাদা আলাদা বিছানা পাততেই হয়। একথানা গ্রাউন্ড-সীট লম্বালম্বি দ্ব'ভাজ করে পেতে মাথাপিছ্র বিছানা! তারই ওপর একসারিতে দশজন ছেলে যদি চিং হয়ে শোয় তাহলে আর 'এক বিস্তারামে দো আদমি'র মত 'ব্রা কাম্' এড়িয়ে চলা যায় না। কাজেই, আইন রক্ষার দায়ে প্রত্যেককে স্বতন্তভাবে মশারী খাটিয়ে ব্যবধান রচনা করতে হয়।

তাঁব্র চারপাশের নালাকে রোজই সংস্কার করতে হয়। জল নিজ্জাশনের পথ স্কাম না থাকলে একট্ বেশী বৃষ্ণিতে তাঁব্র মধ্যে বন্যার সম্ভাবনা! শৃধ্ব নালাতেই রেহাই নেই, তাঁব্র পেগগন্লোকেও পরখ করে দেখতে হয়, তাঁব্র দড়িগন্লোকে টানটান করে দিতে হয়। রোল-কলের পর বিছানার মধ্যে ঢ্কেও শান্তি নেই। নানাজাতের দ্বর্যোগ-আশাক্ষায় মনটা আতিক্ষত হয়ে ওঠে। ঘুম আসার আগে পর্যন্ত গলপ চলতে থাকে কোন একদিনের দ্বর্যোগকে কেন্দ্র করে। প্রবল বৃষ্ণিতে কেমন করে নালা ছাপিয়ে জল ঢ্কেছিল তাঁব্র মধ্যে!

দমকা বাতাসে কবে কোন তাঁব, গিয়েছিল উপড়ে! তাঁব,র জল বার করার জন্য কে কে ব,ট করে জল সেচছিল! তাঁব, সামলাবার জন্য কে কে তাঁব,র খাটি ধরে সারারাত বসে ছিল! গল্প চলতে থাকে, তারই মধ্যে নেমে আসে অবসন্নতা, ক্লান্তিতে চোখের পাতা ভারী হয়ে ওঠে—ছেলেরা একে একে ঘ্রিয়ে পড়ে!

খগেন আর পাঁচকড়ি লাইন থেকে ফিরেছে। তাঁব্র হাল দেখে নিজেরাই লেগে গ্লেছে পেগগ্রেলা ঠ্রকে দিয়ে দড়িগ্রলো টানটান করে দিতে। দর্প্রবেলায় অন্য ছেলেরা তাঁব্র মধ্যে ঘ্রমাছে। খগেন বা পাঁচকড়ি কেউই তাদের ঘ্রম ভাঙিয়ে ডাকতে পারেনি, কেমন যেন সঙ্কোচ লেগেছে! টেকনিক্যাল-ডিউটীতে রয়েছে, ফেটীগ থাটতে হয় না, প্যারেড করতে হয় না—এর জন্য নিজেদেরই যেন অপরাধী মনে হয়!

মেডিক্যাল্ এন্-সি-ও হাবিলদার-ক্লাক ব্যানাজি হাঁক মেরে উঠল, এই শুনো জোয়ান, আজ তিনবাজে 'শর্ট আম' ইন্সপেক্শন্! হরেক জোয়ান আড়াইবাজে ফার্ড-এইড-পোষ্টকা সামনামে ফল-ইন!

খগেন ডাকল, ও বাঁড়ুযোদা, শোননা এদিকে?

হাবিলদার ব্যানাজি তাঁব্র একটা পোল ধরে দাঁড়িয়ে বলল, কি হে সব ঠিক্ঠাক আছে তো? তোমাদের নিয়েইতো ভাবনা বেশী। লাইনে ষাচ্ছ, কোথায় কি করে আসছ কে জানে! আচ্ছা চলি ভাই, আবার সব তাঁব্তে তাঁব্তে বলে দিতে হবে। আমারও যেমন পাপের ভোগ, কার গণোরিয়া হল, সিফিলিস্ হল, আমাকে বসে বসে দেখতে হবে!

হাবিলদার ব্যানাজি চলে গেলে পাঁচকড়ি ফিসফিস করে বলল, এইবারতো তাহলে স্কুনীলটা মরবে দেখছি!

খণেন বলল, স্নীল! কেন. ওিক তিননন্দ্র গেটের খণ্দের নাকি? নারে, এলেম থাকলে সবই হয়! এইখানেই জাটিয়ে নিয়েছে!

তাই বল। আর শয়তানটা আমাকে একটী কথাও বলেনি। তাই মাঝে মাঝে দটোরটাকা ধার নেয়! হাাঁরে, কতদিন হলরে?

তাওতো আজ প্রায় একমাস হতে চলল। আরে ছাই, আমিও কি জানতাম নাকি! সেদিন রাত প্রায় এগারটার সময় দেখি, সন্নীল মশারী থেকে বেরিয়ে খালি পায়ে বগলের তলায় একটা প্রেটাল নিয়ে

গন্টীগন্টী বেরিয়ে যাচ্ছে! আমি না চুপিসাড়ে উঠে ধরলাম ওর একটা ঠাঙে চেপে। তথন ও একে একে সমস্ত বলল। মেয়েটী নাকি ভীষণ গরীব। ও একটা কন্বল দিয়েছে আর রোজ সেরদ্রেমক চাল কিছ্ব ডাল আর চিনি দিয়ে আসে। কোয়ার্টার-মাষ্টার-হাবিলদার ভটচাষের সঙ্গে মাসে পাঁচটাকায় রফা করে নিয়েছে। আরেঃ দেখলাম, মেয়েটার ওপর ওর রীতিমত মায়া পড়ে গেছে।

তিনটে বাজতে পনের মিনিটে হুইসিল পড়ল। *ছেলেরা সব থালি গায়ে আন্ডার-ওয়ারের দড়ি বা হাফ-প্যান্টের বোতাম খুলে রেডি হয়ে আছে। একে একে ক্যাপটেন সাহেবের সামনে গিয়ে কাপড় সরিয়ে দাঁড়াচ্ছে, ইন্সপেকশন শেষ হলে আবার তাঁবুতে ফিরে যাচ্ছে।

দ[্]টী ছেলে ধরা পড়েছে। তারা ছেলেদের দিকে পেছন করে হস্পিট্যাল-টেন্টের মধ্যে বসে আছে। অন্য আর সকলের বৃক ধড়াস-ধড়াস করছে! কে জানে যদি তাদের কিছু গলং বেরিয়ে পড়ে!

বাচ্ছা মতন একটা ছেলেকে টানতে টানতে এনে জমাদার সাহেব বললেন, দিস বাগগার ওয়াজ ট্রাইং ট্র এস্কেপ স্যার!

ক্যাপটেন সাহেব ছেলেটীর পিঠে একটী হাত রেখে বললেন, কোই ডর নেহি! প্যান্ট খ্লো—ছেলেটীকে ইতস্ততঃ করতে দেখে জমাদার সাহেবকে বললেন, নাউ ইউ ক্যান্ গো জমাদার সাব্—মনক্ষ্ম হয়ে গেমাদার সাহেব চলে গেলেন। ক্যাপটেন সাহেব ছেলেটিকৈ আবার বললেন, ঘাবড়াও মত্ বেটা, বেমার্ হোয়েগা, হম্ আছ্যা কর ডেগা—ভয়ে ছেলেটীর মৃথ ফ্যাকাশে হয়ে গেছে. কায়ায় সে ফে'পে উঠেছে। ক্যাপটেন সাহেব নিজেই তার প্যান্ট খুলে দেখে বললেন, টুম্ভি উধর্ বৈঠো।

ইন্সপেক্শন্ শেষ হলে হাবিলদার ব্যানাজি ছেলে তিনটির রোগের ইতিহাস নিতে বসল। প্রথম দুটী সোজাস্কাজ স্বীকার করে, তারা তিন-নন্দ্বর গৈটে গিয়েছে। তৃতীয়টীর দিকে ফিরে হাবিলদার ব্যানাজি খিচিয়ে ওঠে, এইতো কচি ছেলে, গলা টিপলে এখনো দুধ বেরোয়, গণোরিয়া বাঁধিয়ে বসেছে! কি রে, তোর বয়স কত?

ছেলেটি বলল, আজে যোল বছর!

তবে তুই ভার্ত হলি কি করে? বুয়েস ভাঁড়িয়েছিলি বুঝি?

না বাব্ৰ, আমি বয়েস ভাঁড়াইনি!

তা বেশ করেছ। বলতো বাছাধন, রোগটী বাধালে কি করে? ছেলেটী মুখে হাত চাপা দিয়ে কাঁদতে লাগল। হাবিলদার ব্যানার্জিবলল, কে'দে কি হবে! রোগ যখন বাধিয়েছ, তখন মর! আমি কি করব?

হাবিলদার ব্যানার্জির পা জড়িয়ে ধরে ছেলেটী বলল, বাব আমারে বাঁচান। আমি যাতি চাইনি! হাবিলদার সাহেব আমারে নে গেল।

হাবিলদার সাহেব! কোন হাবিলদার সাহেব?

উই হাবিলদার জামান সাহেব।

ওঃ, তাই বলি! সমস্ত ব্যাপারটা খালে বল দেখি, কিছে লাকেবি না! একটা মিথ্যে কথা বলেছিস কি তোর নির্ঘাত মৃত্যু!

ছেলেটী চোথের জ্বল মুছে করেকটা ঢোঁক গিলে বলল, আমি একেবারে সতিত কথা বল্তিছি বাবু। উই দিন হাবিলদার জামান সাহেব আমারে বলল, 'চল, গোহাটী সফর করে আসি।' আমি তেনার সাথে গোলাম। গোহাটীতে একটা বাড়ীতে বাইয়া হাবিলদার সাহেব সিভিলিয়ান পোষাক পরলেন আর আমারেও কাপড় দিলেন। তারপর রেল লাইনের ধারে একটা বিস্ততে নে গেলেন। সেখানে অনেকগুলো মেয়েলাক হাবিলদার সাহেবের সাথে কি সকল ফফিনান্ডি করল। তারপর একটা ঘরের মধ্যে যাইয়া হাবিলদার সাহেব আমারে বিছানার ওপব শোয়াইয়া জাের করে খারাপ কাজ করলেন। আমি হাবিলদার সাহেবের পায়ে ধরি অনেক মানা করলাম! তব্ও হাবিলদার সাহেব শোনল না!

হাবিলদার ব্যানাজি সরব দীর্ঘশ্বাস ফেলে বলল, হ্ম! তা হ'বিলদার সাহেব তো করল। কিল্তু তোর রোগ হল কি করে?

ছেলেটী কাঁদকাঁদ স্বরে বলল, আমি কি করব বলেন। হাবিলদার সাহেব বাইরে যাইয়া একটা মেয়েলোকেরে ঘরের মধ্যে পাঠিয়ে দিলেন। সেই মেয়ে লোকটাইতো জোর করিয়া আমারে—

হাবিলদার ব্যানার্জি আর্তম্বরে বলে উঠল, থাম! উঃ নরক—ঝট করে উঠে পড়ে বলল, দাঁড়া দেখছি, এই হাবিলদার সাহেবটীর একটা ব্যবস্থা হয় কিনা।

একট্ পরেই জমাদার সাহেবের কাছ থেকে ধমক খেয়ে ফিরে এসে

হাবিলদার ব্যানাজি নিজের কর্তব্যক্ষে মন দিল। নিজে হাবিলদার হয়ে তার জানা উচিত ছিল, কোন স্যাপারের মুখ থেকে হাবিলদারের বিরুদ্ধে নালিশ শোনা মিলিটারীতে চলে না।

মণিং সিক-রিপোর্ট তৈরী করে হাবিলদার ব্যানার্জি ক্যাপটেন সাহেবের কাছে এগিয়ে দিল। সই করতে করতে ক্যাপটেন সাহেব বললেন, ইট্ ইজ্ ফর্ ইওর নের্গালজেন্স, ব্যানার্জি!

বিক্ষয়ে হতবাক হাবিলদার ব্যানার্জি বলল, হাউ স্যার!

ক্যাপটেন সাহেব বললেন, ইউ স্যুড্ হ্যাভ্ ইস্যুড্ প্রফিল্যাক্টিক্ প্যাকেটস ট্ব দিজ মেন। ইউ ক্যান্ট্ ভটপ্ দেম্ গোয়িং ট্ব দি প্রফিট-টিউটস্, বাট্, ইউ ক্যান্ প্রভেন্ট দেম্ কন্ট্যাক্টিং ভি-ডি।

তিনটীছেলে লজ্জিত, বিমর্য মাথা নীচু করে হস্পিটাল্-ট্রাকে উঠে বসল। ক্যাপটেন সাহেব তাদের দিকে বারেক চেয়ে হাবিলদার ব্যানাজিকে বললেন, টেল্ দেম্ নট্ ট্রু বি গুরিড্! ভি-ডি ইজ্ এ মার্শাল-ভিজিজ্!

মশারী ফেলার সময় তখনও হয়নি। দিনের আলোয় সময়টা কোন-রকমে কেটে যায়। তাঁব্র মধ্যে বিছানা থাকে গ্রেটান, শ্র্ব্ প্রাউণ্ড-সীট পেতে নিয়ে সাঁতসেতে মাটীর ওপর বসে জনকয়েক মিলে গল্প-গ্রেজ্ব করা চলে, পা ছড়িয়ে ব্টপট্টি পরেও থানিকটা শ্রেয়ে থাকা চলে। কিন্তু দিনের আলো যতই শ্লান হয়ে আসে সে শ্লানিমা ছেলেদের মনততই আচ্ছন্ন করতে থাকে। তারা ভাবতে বসে তাদের জীবনের কথা! যে জীবন আজ স্থির, অচগুল, ঝি'ঝি'পোকার অশ্রান্ত কাঁদনের মত এক ঘে'য়ে! যে জীবনের গাণ্ড হল ক্যাম্পের এলেকা আর তার পরিবেশ হল কঁতকগ্লো এন্দিস-ও, ভি-সি-ও, অফিসার, আর আজ্ঞাবহ কতকগ্লো নিজনিব আধমরা মান্ষ! একদল হ্রক্স করে অপরদল হ্রক্স তামিল করে। তাই দিন যথন শ্লান হয়ে যায় তথন ছেলেরা ভাবতে থাকে তাদের ফেলে-আসা জীবনের কথা, তাদের বাড়ীর লোকের কথা, আর তাদের অতি প্রিয়জনদের কথা!

विभाग वार्ष मान्धा रथरक रवाल-करलव मारा भर्यन्य काँकवारक निरा ।

আইন হচ্ছে সংশ্যের আগে বিছানা পেতে মশারী ফেলে দিতে হবে কিন্তুরোল-কলের আগে বৃটপট্টি খোলা চলবে না। বাইরে অবিরাম বৃত্তি ঝরে, তাঁব্র মধ্যে আঠারটা মশারীর চাপে দম বন্ধ হয়ে আসে। সন্ধ্যার আঁধার ঘনিয়ে আসার সংশ্যে সংখ্যা ছেলেদের মন জীব-জগতের স্বাভাবিক বৃত্তির বশে উষ্ণ একটা আশ্রয় খোঁজে। কিন্তু সে আশ্রয় কোথায়! তাই কারও কারও চোখ ফেটে জল আসে আর কেউ কেউ ছোটে মদ আর নারীদেহের সন্ধানে!

কয়েকটা তাঁব্র পাশ দিয়ে মেজর সাহেব হনহন করে হে°টে চলে বান। মেডিক্যাল-অফিসার পরামর্শ দিয়ে গেছেন ছেলেদের যথেষ্ট পরিমাণে ঘ্রেফিরে বেড়াবার ছুটী দিতে। তাহলেই আর তারা বেশ্যাবাড়ীর দিকে যাওয়ার জন্য অত বেশী ঝ্কবে না, ক্যেম্পানিতে ভি-ডি র্গীও এত বেশী হবে না! মেজর সাহেব নিজে বেরিয়েছেন দেখতে আটক অবস্থায় ছেলেরা ক্যাম্পের মধ্যে কি করে! মাঝামাঝি একটা তাঁব্র সামনে দাঁড়িয়ে পড়ে একটী ছেলেকে কাছে ডেকে বলেন তোমরা এ সময়ে তাঁব্র মধ্যে বসে আছ কেন?

ছেলেটী মেজর সাহেবের লাল লাল চোখ আর থমথমে মুখের দিকে চেয়ে আমতাআমতা করে বলে, বিছানা করছিলাম স্যার '

রাডি, ঝুটা বাত্ মত্ বোলো! সাফ সাফ বাতাও কোই ডর্ নেহি! নির্ভারে বলার আশ্বাসে ভয় আরও বেড়ে যায়! অফিসাররা যথন কড়া-মেজাজে থাকেন তথন ছেলেরা তাঁদের সহজে ব্ঝতে পারে। কিন্তু তাঁরা যথন সহান্তুতি দেখান, বন্ধভাবে কথা বলেন, তখনই তারা পড়ে যায় ফাঁপরে! মন তাদের সন্দিথ হয়ে ওঠে! ছেলেটী মরিয়া হয়ে বলল, ছাট্ট নহি মিল্তা সাব্!

মেজব সাহেব পা ঠুকে মাথা নেড়ে বললেন, ঠিক্ হ্যায়—হনহন করে তিনি বেরিয়ে গেলেন।

সেদিনকার বোল-কলে ঘোষণা শানে ছেলেরা স্তান্তিত হয়ে গেল। প্রতিবিন ত্রিশজন ছেলেকে ছাটী দেওয়া হবে গোহাটীতে সিনেমা যাওয়ার জন্য। রোজ বিকেলে পাঁচটা থেকে ছাটা পর্যন্ত অফফ-ডিউটী ছেলেরা বাজারে, ফেরীঘাটে বা নদীর ধারে বেড়াতে পারবে কিন্তু বাজারে কিছ্

কিনে খেতে পারবে না বা গ্রামের দিকে যেতে পারবে না।

ছেলেরা খুশীই হল। সকলেরতো আর গ্রাম বা বাঁশতর দিকে বাওয়ার ঝোঁক অত প্রবল নয়! সাধারণের ঝোঁক বিকেলের দিকে একট্ব ঘ্রেফিরে বেড়াবে, দ্'দশটা লোকের সঙ্গে আলাপ পরিচয় করবে, দরকারি জিনিষপত্তর কিনবে—ব্যাস্! কিন্তু পরিদিন সকালে কোম্পানির রেজিমেন্টাল-প্রলিশের পাঁয়তারা দেখে ছেলেরা সন্তুম্ভ হয়ে ওঠে। বাছাই-করা বারজন তাগড়া তাগড়া ছেলেকে নিয়ে হল আর-পি স্কোয়াড। তাদের বৢট থেকে মাথার চুল পর্যন্ত পালিশ করা হয়েছে! বাঁহাতে আর-পি ব্যাজ আর ডানহাতে দেডহাত লম্বা ডাক্ডা!

জয়নত অমলকে বলল, এটী হল নতুন একটী ফাঁদ। ঠিক ফ্লাই-ট্যাপের মত। একটা কাগজে খানিকটা চিটেগ্র্ড মাখিরে খোলা জায়গায় রেখে দিল যাতে মাছি এসে বসে!

বেলা চারটের সময় গ্রিশজন ছেলে ফ্লল-ইউনিফমে কোয়ার্টার-গার্ডের সামনে ফল-ইন করল। তাদের ইন্সপেকশন করলেন স্ববেদার সাহেব। প্রত্যেকটী ছেলের ব্রটের পালিশ, পট্টি বাঁধা, প্যান্টের ক্রীজ, জামার আহিতন গ্রটান, হ্যাট পরা, সব কিছ্ই তিনি তল্লতল্ল করে দেখলেন। জনকয়েককে আবার ব্রট পালিশ করে আসতে হল! জনকয়েককে নতুন করে জামায় বোতাম বসাতে হল! দ্বজনের প্যান্টের ফিটিং ঠিক না হওয়ায় নামই কাটা গেল! পরিশেষে ফৌজের সাজগোজ সম্বন্ধে স্ববেদার সাহেব বললেন, ফৌজকা ওয়াদি হোনা চাহি বিলকুল রেন্ডিকা মাফিক! উয়ো যেতনা চমকায়গা ওতনা অফসরলোগ খ্বসী হোগা! ওর তামাম আদমী জানেগা ফৌজ কোই ভিখ-মাঙনেওয়ালা নহি হ্যায়!

সাড়েচারটের সময় এক হাবিলদার সাহেব সিনেমা-স্কোয়াডের পেছনে দাঁড়িয়ে হাঁক পাড়েন, সিনেমা-স্কোয়াড, বাই-দি-রাইট, কুইক্-মার্চ—

প্রথম ধাপ নেওয়ার সঙ্গে সঙ্গে ছেলেদের মনে খটকা লেগেছে, তারা সিনেমা দেখতে যাছে না প্যারেড করছে! সিনেমা দেখার জন্য যে সামানা স্বাধীনতাটুকু একান্ত প্রয়োজন সেটুকুও কি তারা পাবে না!

সিনেমার বই নির্বাচন থেকে বসার বন্দোবস্ত সবই হাবিলদার সাহেবের হ্রকুমমত করতে হল। সিনেমা ভাঙার পর মার্চ করে গোহাটি জ্যেশনে যাওয়া, সিশ্গল-লাইনে গাড়ীতে ওঠা, পান্ডুতে নেমে আবার ইন্-প্রিজ ফল-ইন, সিশ্গল-লাইনে ফেরী-ফিমারে ওঠা, আমিনগাঁওয়ে আবার ফল-ইন, মার্চ করে ক্যান্স্পে ঢুকে, হল্ট—রাইট-ড্রেস্—ডিস্মিস্!

ক্ষ্বধায় পেটে জনালা ধরেছে, রাগে সমস্ত শরীর আগন্ন হয়ে উঠেছে! ছেলেরা গ্নম হয়ে আছে, কথা কইলেই ব্যঝিবা বোমার মত ফেটে পড়বে! মশারীর মধ্যে থেকে কেউ জিজ্ঞেস করল, 'কিরে, কেমন সিনেমা দেখাল ?' আবার কেউ কেউ জিজ্ঞেস করল 'কোন রেড্যুরেন্টে খেলিরে'?

সিনেমাপ্রত্যাগত ছেলেদের দাঁত কড়মড় করে ওঠে। ইচ্ছে হয় প্রশ্ন-কারীদের মুখের ওপর একটী ঘুষি জমিয়ে দিয়ে চিরদিনের মত সতস্থ করে দেয়! ওরা কি জানে না একটা হাবিলদারকে যদি পাছায় লেলিয়ে দেওয়া হয়, তাহলে কেমন সিনেমা দেখা হতে পারে! কোন উত্তর না দিয়ে মগ আর শেলট নিয়ে তারা লগ্গরে চলে যায়।

খাওয়ার জিনিষ যা কিছু সবই আলগা পড়ে রয়েছে! কালিপড়া লণ্ঠনটা দিয়ে অনগ'ল ধোঁয়া বেরচ্ছে, আলোটা লালচে হয়ে উঠেছে, টিপটিপ করে ব্লিট পড়ছে। ত্রিশজন ছেলে সেখানে এসে মুখ চাওয়াচাওয়ি
করছে। একজন বলল, আমি এসে দেখি একশালা কুকুব স্ট্সন্ড করে
বেরিয়ে গেল!

আর একজন বলল, তাহলে নিশ্চয়ই খাবাবে মুখ দিয়েছে! দুর, মুখ দেবে কেন রে! সেণ্ট্রী ডিউটী দিচ্ছিল!

করেকজন হাঁক পাড়ল লঙ্গর-কমান্ডারকে। একজন বলে উঠল, অনর্থাক চেণ্টামেচি করে লাভ কি, কোন কথা কি আর কানে যাবে! গাঁজার টানে এতক্ষণে বোধহয় শালাদের কানে ভালা লেগে গেছে! যাও যাদ্দের হাত ধরে বিছানা থেকে তুলে নিয়ে এস।

কোথায় আছে বলনা, শালাদের ঘাড ধরে টেনে নিয়ে আসছি!
কোথায় আবার! ওই আবগারী টেটে। দেখগে যা মদ, গাঁজা
থেয়ে সব শালা কাৎ হয়ে পড়ে আছে!

আর অর্জারলি এন্-সি-ও ? তিনি হয়তো স্বেদার সাহেবের পা টিপছেন! তাহলে আমরা খাব কি ? খাবে আর কি, বাড়োআজ্মল চুষতে চুষতে শারে পড়গে। মেজর সাহেব দয়া করে সিনেমা দেখতে দিলেন আবার খাওয়া!

জনকয়েক গজগজ করতে করতে তাঁব্র দিকে চলে গেল। বাকী যারা আছে তারা মরিয়া হয়ে উঠেছে, খাবার আমাদের দিতেই হবে, নাহলে সব শালা অফিসারকে টেনে এনে হাজির করব! শালারা মদ গিলে আর মাগী নিয়ে পড়ে থাকবে আর আমরা পেটের জন্মলায় ছটফট করব! ম্থেতো দেখি সব শালাই গরীবের মা-বাপ্!

একজন বলল, চল শালা গরীবের মা-বাপ মেজর সাহেবের কাছে!
আর একজন দোড়ে গিয়ে ক্ষিণ্ডের মত বাসনগ্রেলার ওপর ব্রটশান্ধ
লাথি মারতে লাগল। লাথির চোটে ভাত রাখার হুইলব্যারোটা উল্টে
পড়ে গেল লণ্ঠনটার ওপর। বারকয়েক দপদপ করে উঠে লণ্ঠনটা গেল
নিভে। হুড়মুড় করে একরাশ অন্ধকার যেন সমস্ত জায়গাটাকে গিলে
ফেলল। সংগ্য সংগ্য কয়েকজন আঁতকে উঠল!

জমাদার সাহেব ছ্বটে আসেন। ছেলেরা থতমত থেয়ে যায়। ধমক দিলেন জমাদার সাহেব, ব্যাপার কি, রাতদ্বপ্রে হট্টগোল করছ কেন? একজন উত্তর দিল, আমাদের জন্য কোন থাবার নেই। জমাদার সাহেব খিচিয়ে উঠলেন, তোমরা এতক্ষণ ছিলে কোথার? আমরা সিনেমায় গিয়েছিলাম।

তবে আর কি, আমার চোষ্দপ্র্য উন্ধার করেছ। কে এমন তোমাদের কোলের মার্গাট এখানে আছে যে ভাত আগলে বসে থাকবে! যাও, ওই যা আছে কুড়িয়েবাড়িয়ে থেয়ে শ্যের পড়গে।

একজন রুখে ওঠে, ওতে কুকুরে মুখ দিয়েছে, ওসব খাওয়া চলে না। জমাদার সাহেব বললেন, ন্। চলে চুপচাপ গিয়ে শুরের পড়।

একটি ছেলে হঠাঃ আর সকলকে ঠেলেঠ্বলে জমাদার সাহেবের সামনে এসে বলল, কেনই বা আমাদের জন্য খাবার রাখা হর্মন ?

জমাদার সাহেব বললেন, কে হে ছোকরা, খ্ব যে লম্বা লম্বা কথা কইছ দেখছি। সামনে এস তো একবার, দেখি তোমার চাঁদবদনটা!

জমাদার সাহেবের মুখোম্থি পা-ঠুকে দাঁড়াল ছেলেটি। ক্র হেসে জমাদার সাহেব বললেন, কি, তোমার কথার জবাব চাই নাকি? ছেলেটি বলল, নিশ্চয়ই—কথা শেষ হওয়ার সংগ্যে সংগ্য জমাদার সাহেব তার গালে ঠাস করে এক চড় বসিয়ে দিলেন।

কয়েকটি মুহ্তের জন্য ছেলেরা স্তব্ধ হয়ে যায়। তার পরই ঝটা-পটির শব্দ, কয়েকটা গোঙানি, কিছ্কুণ ধস্তাধস্তি! তারপর জমাদার সাহেবের আর্ত চিংকার, গার্ড কমান্ডার! গার্ড কমান্ডার!

সবকটা তাঁব থেকে ছেলের দল পিলপিল করে বেরিয়ে আসে। জনেকগ্রলো টর্চের আলোয় সকলকেই পরিষ্কার দেখা যায়। জমাদার সাহেবের জামাকাপড়ে কাদা মাখামাখি, মুখময় কাদা লেপা আর গালের কষ বেয়ে রক্তের একটি ধারা পড়ছে গড়িয়ে!

একটা পরেই সাবেদার সাহেবকে সংগ নিয়ে জ্যাদার সাহেব ঢাকলেন গার্জ-রাম। কয়েদী চারজন একটা দিলপারের ওপর বসে আছে হাঁটার মধ্যে মাথা গাঁজে। সাবেদার সাহেব তাদের ওপর চোথ বালিয়ে নিয়ে গার্জ-ক্যান্ডারকে তাড়া করে উঠলেন, এখনো এদের হ্যান্ড-কাফ লাগার্ডনি! হোয়াট দি রাজি হেল আর ইউ ডুইং?

গার্ড-কমান্ডার থতমত থেয়ে ইরাকদানটার মধ্যে হাতড়াতে থাকে। অন-ডিউটী সেন্ট্রী প্রাণপণে রাইফেলটা চেপে ধরে আর বেচারা স্পেয়াররা বিছানার ওপর বসে থাকার জন্য ভয়ে থরথর করে কাঁপতে থাকে! ফ্যাল-ফ্যাল করে চেয়ে থাকে জমাদার সাহেবের ফ্রলে-ওঠা মুখটার দিকে।

হ্যাণ্ড-কাফ লাগান হলে স্ববেদার সাহেব একজনের চুলের ঝ্রিট ধরে বললেন, বল, কে তোম দের একাজ করতে শিখিয়ে দিয়েছে ?

ছেলেটি অবাক হয়ে স্ববেদার সাহেবের মুখের দিকে চেয়ে থাকে। স্ববেদার সাহেব স্বরের পর্দা নামিয়ে বললেন, হাাঁ হাাঁ, আমি জানি, তোমাদের কোন দোষ নেই, পেছন থেকে কেউ তোমাদের উহ্নিয়ে দিয়েছে।

ছেলেটি আরও ঘাবড়ে যায়। স্বেদার সাহেবের মোলায়েম দ্বর আর সহান্ভূতিতে সে ঝরঝর করে কে'দে ফেলে। গ্রামের সাধারণ ছেলে, সরল মনে ভাবে, স্বেদার সাহেব বৃত্তি তাদের ওপর দয়াপরবশ!

কিন্তু স্ববেদার সাহেবের প্রশেনর জবাব তারা কেউই দিতে পারল না। তারপর, এক একজনকে নিয়ে যাওয়া হল স্ববেদার সাহেবের তাঁব্বতে। অতি মোলায়েম স্বরে স্বরেদার সাহেব বলালেন, তোমরা যে কাজ করেছ তার শাস্তি কি জান? তোমাদের গ্রন্থি করে মারা। কিন্তু বাঁচবার পথ এখনও আছে। বল, জয়ন্ত আর অমল তোমাদের কি কি বলেছে?

নির্বাক কয়েদীকে আপ্যায়ন করে নিজের বিছানার ওপর বসতে বলে তার কাঁধে হাত রেখে স্বেদার সাহেব আবার বললেন, জয়নত আর অমল যে একাজ করতে তোমাদের শিখিয়ে দিয়েছে, শ্ব্ব এইট্কু স্বীকার করলেই তোমরা ছাড়া পাবে। তার ওপর তোমাদের প্রম্কার দেওয়া হবে। যদি ছন্টী চাও, কালই ছন্টী নিয়ে বাড়ী যেতে পারবে! মাইনে বাড়িয়ে দেব আর ইচ্ছে করলে ল্যান্স-নায়েকও হতে পারবে।

ছেলেটি কামায় ফেটে পড়ল, আমিতো কেবল ও'দের চিনি, কিন্তু কোর্নাদনতো ওনাদের সঙ্গে কথা কইনি স্যার!

জমাদার সাহেব তার পিঠ চাপড়ে বললেন, তাতে কি হয়েছে! তোমরা চারজনেই যদি বল তা হলেই হবে। তাহলে তোমাদের শাস্তিটা তারাই পাবে আর তোমরা ছাড়া পেয়ে যাবে।

আধঘণ্টা তাদের সময় দেওয়া হল ভেবে দেখবার জন্য। একজন প্রায় রাজি হয়ে অপর তিনজনকে বলল, যদি শ্ব্যু ও'দের নামটা বললেই আমরা ছাড়া পাই, তা মন্দ কি!

পাশে দাঁড়িয়েছিল সেণ্ট্রী। সে বলে ওঠে, খবরদার বেইমানি করবি না! জান দিবি তব্ব ইমান দিবি না!

জয়নত আর অমলকে যখন ফাঁসান গেল না তখন স্বেদার আর জমাদার সাহেব উঠলেন ক্ষেপে। সূত্র হল মারধোর। চারজনের আর্ত-নাদে কাান্পের ঘ্নান্ত ছেলেদের ঘ্না ভেগ্গে যায়। তাদের মধ্যে কেউ বারেকের তরে বিছানার ওপর উঠে বসে, কেউ কেউ বিছানার মধ্যে আড়ম্ট হয়ে ওঠি আর কতক•বারেক কান পেতে শ্বনে আবার পাশ ফিরে শোয়!

পর্যাদন সকাল দশটায় মেজর সাহেবের কাছে চারজনকে হ্যাণ্ড-কাফ পরা অবস্থায় পেশ করা হল। তাদের দেখেই মেজর সাহেব চেয়ার থেকে লাফিয়ে উঠলেন! রিভলভারটাকে হোলস্টার থেকে টেনে নিয়ে গর্জন করে ওঠেন, রাডি, আই উইল সুট ইউ!

সুবেদার সাহেব পেশ করলেন, জমাদার সাহেব সাক্ষীর জবানবন্দী

দিলেন। শ্নতে শ্নতে মেজর সাহেবের আংগন্ল কটা রিভলভারের গ্রিপের ওপর নির্সাপিস করতে থাকে। জবানবন্দী শেষ হলে মেজর সাহেব তাদের নাকের ডগায় রিভলভারটা নাড়তে নাড়তে বললেন, ব্লাডি, তুম-লোগোঁকো হম আভাভ গোলি করেগা! বোলো, ক্যা বলনেকা হ্যায়?

তাদের মধ্যে থেকে একজন যেন কিছ্ব বলবার চেণ্টা করে, কিন্তু মুখ থেকে কোন কথা বার হয় না, কেবল নীচের ঠোঁটটা কে'পে ওঠে। মেজর সাহেব তার থ্বতিনতে একটি ঘ্রিষ জামিয়ে দিয়ে বললেন, বোলো, জলদি!

হ্যান্ড-কাফ লাগান হাতে হ্মাড়ি খেয়ে পড়তে পড়তে ছেলেটি তার পাশের ছেলেটিকে আঁকড়ে ধরে কাল্লায় ফেটে পড়ে, আমায় মেরে ফেল্ল্ন স্যার, খ্ন কর্ন, এখনি গ্লি কর্ন! আর পারছি না স্যার!

মেজর সাহেব চিৎকার করে উঠলেন, সাট আপ—রিভলভারটাকে হোল-স্টারের মধ্যে রেখে বললেন, তোমাদের আমি কোর্ট-মার্শাল করব! প'গলা কুকুরের মত তোমাদের গ্রিল করে মারা হবে!

বিস্ফারিত চোখে চারজন কয়েদী মেজর সাহেবের মুখের দিকে কিছমুক্ষণ চেয়ে থাকে। তারপর অফিসের প্রত্যেকটি লোকের মুখের ওপর দিয়ে ঘুরে এসে জমাদার সাহেবের ফুলে-ওঠা গালের ওপর তাদের দ্বিট থেমে যায়।

মেজর সাহেব বললেন, নন্দী, টেক দেম ট্রু গার্ড-র্ম। সাবেদার সাহেব হাঁকলেন, এ্যাকিউজড এ্যান্ড এসকটা।

একটি ছেলে মাথা গাঁকে হঠাং মেজর সাহেবের পায়ের ওপর পড়ে ফা্পিয়ে ওঠে, জমাদার সাহেবকে আমি মেরেছি সাার! রাগে আর ক্ষিদের একেবারে পাগল হয়ে গিয়েছিলাম! এমন কাজ আব কখনো করব না স্যার, হাজার গালাগাল খেলেও একটি কথা কইব না স্যার! মার খেতে খেতে মরে গেলেও কোর্নাদন হাত তুলব না স্যার! এবারকার মত আমার প্রাণটা ভিক্ষা দিন! আমার বিধবা মাকে লা্কিয়ে আমি মিলিটার তৈ ভতি হয়েছি! আমি মরে গেলে আমার মা ও মরে যাবে স্যার!

মেজর সাহেব পাইপ ধরাতে ধরাতে হাঁকলেন, নন্দী—

সংবেদার নন্দী ঝাকে পড়ে সার্টের কলার ধরে ছেলেটিকে এক হে'চকার ডেনে তুললেন। অন্য তিনজনের সংখ্য একলাইনে দাঁড় করিয়ে দিয়ে হাঁকলেন, এ্যাকিউজড এন্ড এসকর্ট—ট্র দি গার্ডার্ম—কুইক মার্চ—
সেইদিনই বেলা তিনটের সময় প্ররো কোম্পানি ফল-ইন করিয়ে ওই
চারজনকে হ্যান্ড-কাফ পরা অবস্থায় এনে মাঠের মাঝে দাঁড করান হল।

মেজর সাহেব বললেন, এই চারজনকে কোম্পানি থেকে আমি তাড়িয়ে দিছি। এরা সৈনিক হওয়ার অযোগ্য। যারা সামান্য ক্ষ্বার জ্বালায় দিশ্বিদিক জ্ঞানশ্ন্য হয়ে পড়ে তাদের স্থান মিলিটারীতে নেই। আমি চাই ইম্পাতের মত শক্ত মান্য কিন্তু এরা মেয়েমান্বেরও অধম! কাল রাতে এরা কতবড় অপরাধ করেছে তা তোমরা জান। এদের শাম্তি দিতে হলে গর্বল করে মারা উচিত। কিন্তু এদের মত নপ্রসককে সেশাম্তি দিতে আমার ঘ্লা হচ্ছে। তাই আমি এদের কোম্পানি থেকে তাড়িয়ে দিলাম।

বক্তৃতা দিয়ে মেজর সাহেব চলে গেলেন। স্বেদার সাহেব চারজন ল্যান্স-নায়েককে হতুকুম দিলেন, ওদের সমঙ্গুত জামাকাপড় খুলে নাও।

গার্ড-কমাণ্ডার হ্যাণ্ড-কাফ খুলে নিয়ে চলে গেল। ল্যান্স-নায়েকরা একে একে ওদের বুট, মোজা, জামা খুলে নিল। ওরা চারজন দাঁড়িয়ে আছে কাঠের প্রতুলের মতন। বাকি কেবল প্যাণ্টটা! ল্যান্স-নায়েকরা একট্ব ইত্নত্ত করে। স্ববেদার সাহেব তাড়া দেন, প্যাণ্ট খুলে নাও।

প্যান্টের বোতামে হাত দিতেই একটি ছেলে ল্যান্স-নায়েকটির হাত চেপে ধরে। গালফোলা জমাদার দাসগ্ন্পত দোড়ে গিয়ে এক হেচকায় ল্যান্স-নায়েককে সরিয়ে দিয়ে, টানাহেচড়া করে প্যান্টটা খ্লে ফেলেন!

ফল-ইন করা স্যাপারদের মধ্যে থেকে কে যেন চাপা গলায় বলে ওঠে, দার শালা! চাপা এই স্বর ছড়িয়ে পড়ে প্রতিটি ছেলের কানে কানে! তারা একট্ব নড়েচড়ে দাঁড়ায়। সমস্ত কোম্পানিটা গ্রম হয়ে থাকে।

স্বেদার সাহেব মেজাজ আরও চড়িয়ে হ্কুম দেন, গলা ধা**রু৷ মারতে** মারতে [®]ওদের ক্যান্স্পের বাইরে বার করে দাও!

ল্যান্স-নায়েকরা তাদের পিঠের ওপর হাত রাখতেই চারটি উলঙ্গ পারুব্যমান্ব যান্ত্রিক গতিতে চলতে থাকে। সাবেদার সাহেব হাঁক দেন, কোম্পানি—এ্যাটেন—শান— তারপর বলতে সারু করেন, আশা করি, এ দাশ্য তোমাদের মনে থাকবে যতদিন, তোমরা মিলিটারীতে আছ। মিলিটারীতে ক্ষমা নেই—একট্ম থেমে ছেলেদের মুখগ্মলোর ওপর একবার চোখ ব্লিয়ে নেন। তাড়াতাড়ি হুকুম দেন, কোম্পানি—ডিসমিস—

ডিসমিস হবার পরও ছেলেরা যেন নড়তে পারছে না। রাগে, ক্ষোভে, দ্বঃখে, ভয়ে তারা কেমন যেন জড়সড় হয়ে উঠেছে। ধীরে ধীরে একজন দ্বজন করে আন্তে আন্তে ছড়িয়ে পড়ছে, কারও ম্বংথ একটি কথাও নেই।

হঠাৎ অনন্ত বলে ওঠে, আমরা এতগালো লোক চুপচাপ এমন একটা অমান্যিক কান্ড দেখে গেলাম!

পাঁচকড়ি বলল, আমরা দ্ব্টারজনে আর কি করতে পারি বল? পারতুম পাঁচকড়ি, অন্তত অমলের মত প্রতিবাদও করতে পারতুম। তাতে আর কি লাভ হত! অমলের মত আর-আই খাটতে হত! কিন্তু এদের অত্যাচারতো বন্ধ হত না!

অমল বলল, আমার একটা ল্বিংগ আর গোঞ্জ আছে, তোমাদের প্রাইভেট জামাকাপড় যা আছে দাও, ওদের দিয়ে আসি।

জয়ন্ত বলে ওঠে, ঠিক বলেছেন অমলবাব্। ক্যান্দেপর ছেলেদের কাছ থেকে জামাকাপড় আর তার সঙ্গে কিছু টাকা যদি ওদের হাতে দিয়ে আসতে পারেন, তাহলে মেজর সাহেবের ওই লেকতারের মাপসই জবাব দেওয়া হবে।

পাঁচকড়ি লাফিয়ে ওঠে, ঠিক বলেছ জয়নত। আর ওদের বলে দেব আমাদের দেওয়া জামাকাপড় পরে, পকেটে টাকা ঝনঝনিয়ে যেন ওরা কোম্পানি-অফিসের সামনে দিয়ে বনুক ফর্লিয়ে যায়!

কোম্পানি যেন শিগগারই মৃত করবে এমন একটা আভাস পাওয়া যাছে! আরও এগিয়ে যেতে হবে একথা ভাবতে ছেলেদের বৃক কে'পে ওঠে। সমস্ত বর্মাইতো এখন জাপানের দখলে, আসামের পূর্ব সীমানায় তারা প্রতীক্ষা করছে। মাত্র ছ'মাসের মধ্যে যে জাপান সিঙ্গাপন্র-থেকে মিচিনা দখল করেছে, তার কাছে আসাম আর কর্তাদন! আর তারা চলেছে সেই পূর্ব সীমানেত! জাপানের হাতে নাস্তানাবৃদ সৈনিক আর নাগরিক ইভ্যাকুয়ীদের চেহারগন্লো বারবার চোখের ওপর ভেসে ওঠে।

ডিট্যাচমেণ্ট গ্রুটিয়ে ছেলেরা ফিরে আসছে, আউট-ছেটশন থেকে

সকলকে উইদত্র করা হয়েছে, বৃকিং সমস্ত ক্যানসেল করে দেওয়া হয়েছে। ক্যাম্প আবার জমজমাট। শিবেন বলল, তাহলে শেয পর্যন্ত প্রাণটা নিয়ে আর ফিরতে দিল না দেখছি!

খণেন বলে ওঠে, এ শালার যুদ্ধ কি আর খতম হবে না! মস্কো লোননগ্রাদ কোনটাইতো ফল্ করল না! উল্টে জার্মানিই এখন পিছ্ হঠছে! তার মানে যুদ্ধ এখন চলতেই রইল!

সন্নীল বলল, জার্মানির জনাতো আমাদের কিছন এসে যাচ্ছে না। আমাদের ভাবনা জাপানকে নিয়ে। দ্বিদন বিশ্বং করে সেই যে ঘাপটী মেরে বসে গেছে আরতো কোন সাড়াশব্দ শন্নছি না। এদিকে এ শালারাও তৈরী হয়ে নিচ্ছে!

সন্তোষ বলল, কিন্তু একথা আমি বিশ্বাস করি না যে জাপান এসে আমাদের স্বাধীন করে দেবে।

শ্বরাজ বলল, আর প্রাধীন হয়ে কাজ নেই, আগে প্রাণটাই বাঁচুক!' অনন্ত বলল, কিন্তু প্রাণ আর বাঁচবে কোথা থেকে। এ শালারাইতো প্রাণটা বার করে দেওয়ার জোগাড় করেছে! আমার কি মনে হয় জান? এ যাদেধর স্বাকিছাই নির্ভার করছে ইউরোপের ওপর। কিন্তু হিটলার-বাবাতো দেখছি নাজেহাল! সমস্ত ইউরোপ তুড়ি মেরে দখল করে শেষে কিনা রাশিয়ায় একেবারে ন্যাজে-গোবরে হয়ে পডল!

জয়নত বলে উঠল, আর ওই রাশিয়ার মাটিতেই হিটলারকে কবরে যেতে হবে! ওখানে জারিজনুরি খাটবে না! সমাজতল্যের দেশ, সেথানকার মান্বই আলাদা! প্রত্যেকটা মান্বই জানে, তার নিজের স্বার্থে লড়াই করছে। আমাদের মত ভাডাটে সৈন্যতো আর নয়!

भ्रानील वलल, जात भारन, ताशियात काट्य रिपेनात ट्रांत याट्य ?

নিশ্চরই! রাশিয়ার জয় হবেই! রাশিয়া যে আজ আর আলাদা একটা দৈশ নয়! রাশিয়া আজ দ্বনিয়ার মান্থের ম্বিত্তর প্রতীক! ষে স্থ আর যে শান্তির জন্য আমরা দিশেহারা হয়ে ছুটে বেড়াচ্ছি সেই সূথ আর শান্তি তারা গড়ে ডুলেছে!

বাইরে থেকে হত্তদন্ত হয়ে এসে অমল জয়ন্তর কাঁধে একটা টোকা মেরে ডাকল, শ্ননুনতো, একট্ব বাইরে আস্কা। জয়ত উঠে এসে বলল, ব্যাপার কি?

আপনার সঙ্গে কথা আছে, একট্ব আড়ালে বলতে হবে।

অমলের ম্থখানা উত্তেজনায় থমথম করছে। নদীর পাড় থেকে নেমে একেবারে জলের ধারে বসে জয়নত বলল, কি ব্যাপার ?

অমল বারকয়েক আশপাশে দেখে নিয়ে বলল, জানেন, স্বেদার আর জমাদার সাহেব আমাদের দ্বজনকৈ ফাঁসাবার চেণ্টা করেছিল ওই চার-জন ছেলেকে দিয়ে!

জয়ন্ত হেসে বলল, সেতো ওরা করবেই। এরই জন্যে আপনি এত উত্তেজিত হয়ে উঠেছেন!

অমল বলল, না, ঠিক তা নয়, আরও খবর আছে। সোহরাব আমাকে আড়ালে ডেকে বলল।

कि वनन ?

ওই চারজন ছেলেকে এরা ষড়যন্ত্র করে তাড়িরেছে। ঘটনার দিন রাত্রে স্বেদার সাহেবের মারের চোটে একজনের দাঁত নড়ে যায়, একজনের জিভ কেটে যায় আর একজনের চোথে চোট লাগে—তা ছাড়া সর্বাৎগ ক্ষতবিক্ষততো হয়ই! পরিদিন সকালে মেডিবনাল এন-সি-ও হাবিলদাব বাানার্জি ডাক্তার সাহেবের কাছে ওদের দেখায়। ঠিক হয়, পরিদিন ওরা হাসপাতালে ভার্ত হবে। এই না শ্বনে মেজর সাহেবের ভয় দ্বেক যায়। মিলিটারী আইনে কারও গায়ে হাত তোলার অধিকার কোন অফিসারেরই নেই। হাসপাতালে গিয়ে যখন ওরা সব কথা বলে দেবে তখন নাকি হেডকোয়ার্টার থেকে মেজর সাহেবের ওপর চাপ আসতে পারে। তাই মতলব করে ওদের দিল তাড়িয়ে আর অফিসের কাগজপত্তরে লিখে রেখেছে ডেজার্টার বলে!

জয়•ত গ্রম হয়ে থাকে! বাবেক কেবল 'হ্নম' করে একটা শব্দ তার মূখ দিয়ে বেরিয়ে আসে।

অমল আরও বলে, আমরা যে ওদের জামাকাপড় আর টাকা পয়সা দিয়েছি তা জানতে পেরে মেজর সাহেব তেড়েফ্'ড়ে উঠেছিলেন। স্ববেদার সাহেব নাকি তাঁকে ঠাণ্ডা করেন। তবে স্ববেদার সাহেব বলেছেন, আমাদের তিনি দেখে নেবেন! জয়ণত উত্তেজনায় ফ্লে উঠল, কিন্তু এ সমুদ্ত কথা আমাকে আড়ালে ডেকে বললেন কেন অমলবাব;! আপনার উচিত ছিল ওদের সক্লের সামনে বলা। এদের ম্লেগে যতই খ্লে দিতে পারবেন ততই আমাদের শক্তি বাড়বে। এই যে সোহরাব আপনাকে ডেকে এ সমুদ্ত কথা বলেছে, কেন বলতে পারেন? বলেছে এইজন্য যে. ও যা ভাবে, ও যা করতে চায় সে কাজ আপনি করছেন আগে।

नय

কয়েকদিনের মধ্যেই কোম্পানি মৃভ করল। বিরক্ত, বিমর্য, বিবর্ণ মৃথে আবার ছেলেরা কোম্পানির যাবতীয় মালপত্র ওয়াগনে বোঝাই করে। বিছানা কাঁধে নিয়ে, বৢকেপিঠে ওয়েব-ইকুইপমেণ্ট এগটে, তালে তাল মিলিয়ে মার্চ করে। কোথায় চলেছে, সে প্রশ্নটা বারম্বার মনকে নাডা দিলেও প্রথমবারের মত ঝঞ্চা স্ভি করে না। যাযাবর এই জীবনের ছাঁচে তারা তানেকখানি ঢালাই হয়ে এসেছে!

ফেরীঘাটে গিয়ে ঘটীমারে ওঠে। আপার ডেকে উঠে ছেলেরা সার বেংধে রেলিঙ ঘেংষে দাঁড়ায়। বর্ষার ব্রহ্মপুত্র দ্বকুল ভাসিয়ে হ্ব-হ্ স্রোতে নেমে চলেছে। স্রোতের পানে চেয়ে চেয়ে দ্বিভীবিদ্রম জাগে, কেন ইভ্যাকুয়ী সৈনিকের দল মিছিল করে নেমে আসছে!

কে একজন বলে ওঠে, ওরে, জাহাজটার নাম প্রিন্স-অফ-ওয়েলস! আচন্দ্রিতে মনটা আঁতকে ওঠে! প্রিন্স-অফ-ওয়েলস! অপরাজেয় প্রিন্স-অফ-ওয়েলস! আর জাপানীরাওতো খুব বেশী দুরে নয়!

পাণ্ডুতে নেমে নদীর ধারে প্রকান্ড এক মাঠের মাঝখানে এসে দাঁড়াল। একজন হাবিলদার পাংশ্মন্থ ছেলেদের ওপর দয়াপরবশ হয়ে বললেন, ঘাবড়ো মত জোয়ান, কোম্পানি হিংশ্লাই রহেগা।

একটি ছেলে বল্পল. এরই জন্য এত পাঁয়তারা! এই যে এতক্ষণ ধরে 'কে।থায় যাচ্ছি, কোথায় যাচ্ছি' করে হাঁপিয়ে মরলম্ম এর জন্য যে হার্টের অস্মুখ হয়ে যেতে পারে!

আর একটি ছেলে বলল, তা হোক! তা বলেতো হ্রুকুম অমান্য করা যায় না। হেড-কোয়ার্টারের হ্রুকুম, মুভমেন্টের খবর গোপন রাখতে হবে। স্বতরাং তুমি যদি তাঁব্ থেকে পায়খানায় যাও, সেকথা তুমি কাকেও জানাতে পারবে না।

মাঠের মাঝখানে দাঁড় করিয়ে স্ব্র্ হল লেকচার। বিষয়টা হল, অবস্থার পরিবর্তন। ব্রহ্মপ্রের প্রতিটে সমস্ত এলেকা সমরাণগণ বলে ঘোষিত হয়েছে। স্ত্তরাং নদী পার হওয়ার সংগে সঙ্গে তারা প্রবেশ করেছে খাস লড়াইয়ের মাঠে—ফিল্ড-সার্ভিসে! নদী পার হওয়ায় তারা হয়ে উঠেছে অগ্রগামি বাহিনী! এখানে তাদের দায়ীয় অনেক বেশী। এখন থেকে চলাফেরা করতে হবে অত্যন্ত সাবধানে, স্বাদিক নজর রেখে, কথা কইতে হবে একেবারে মেপেজ্বকৈ। সিভিলিয়ানদের সংগে মেলাম্মা করা চলবে না, শত্র কান স্ব্তই পাতা আছে!

একটি ছেলে বলল, শ্ব্ধ ব্রহ্মপ্ত পার হওয়ায় এত কাণ্ড ঘটে গেল! তা গেল না? এখান থেকে আর যে পালিয়ে বীরত্ব দেখানর পথ পাবে না! ওই ব্রহ্মপ্ত ভূবে মরতে হবে!

খুশ-খবরও ছিল এর সাথে। ফিল্ড-সার্ভিসে আসার জন্য স্যাপারবা পাবে মাসে পাঁচটাকা ভাতা, বাড়ীতে চিঠি লিখতে পারবে বিনা ডাক-টিকিটে, মাথা পিছু রাশন এখন থেকে ডবল!

এই খবরটা দিয়েই কোম্পানিকে ডিসমিস করে দেওয়া হল। খুমার যে রেশট্রকু মনের মধ্যে গ্লেগ করতে থাকে তারই স্ত্র ধরে ফেটাগ স্র্র্হয়। ওয়াগন খুলে তাঁব্ নামিয়ে কাজ স্র্র্হয়ে য়য়। মেজর সাহেব নিজে দাঁড়িয়ে স্পেশ্যাল-পার্টি তৈরী করে হ্রুম দেন, মায় এক ঘন্টাকে অন্দর হরেক জোয়ানকে লিয়ে চা রেডি মাঙতা—হ্রুমটা এমনভাবে দেওয়া হয় য়তে কোম্পানির অধিকংশ ছেলেরই কানে কথাটা পেছিয়ে। ফেটাগ খাটার উৎসাহ যেন আরও খানিকটা বেড়ে য়য়। সেই উৎসাহের ম্থে ছেলেরা তাদের অজান্তে বারেক ভেবে ফেলে, নাঃ মেজর সাহেব লোকটা মন্দ নয়! প্রাণে মায়া মমতা আছে!

মাঠটা বেশ বড়ই। প্ল্যান হল, মাঝখানে থাকবে প্যারেড-গ্রাউণ্ড আর তার চারপাশে পড়বে তাঁব্। লোকো আর ট্রাফিক তাঁব্ খাটান হয়ে গেলে আধঘণ্টার ব্রেক-অফফ। সেই ফাঁকে দেওয়া হল চা আর জ্যাম-বিস্কিট। মেজর সাহেবের জয় জয়কার পড়ে গেল। পান্দু ক্যান্পের জীবনে নতুনত্ব কিছু না থাকলেও স্বাচ্ছন্দ যেন আর একটা বেড়েছে। জারগা অনেকখানি, তাঁব ও পড়েছে অনেকগ্লো, তাঁব পিছু লোকের সংখ্যাও কম। খাওরারও উন্নতি হয়েছে, মানে পরিমানের কড়াকড়ি অনেক কমেছে। জারগা হিসেবে পান্দু আমিনগাঁওয়ের তুলনার অনেক ভাল। ওখান থেকে কামক্ষা যাওরা যার, গোঁহাটি হে'টেই ঘ্রের আসা যার। ভৌশনের ধারে বাজার, ভৌশনের ওপর ভাল চায়ের ভৌল, বাজারের পাশেই রেলওয়ে-কলোনি। ক্যান্পের সামনে রাস্তা ধরে দক্ষিণ মুখে কিছুটা হাঁটলেই বিদর্ধক্ষ্ব এক গ্রাম।

এখানে এসে টেকনিক্যাল ডিউটীর ওপর চাপ পড়েছে আরও বেশী। কোম্পানির দুই-তৃতীয়াংশ ছেলে নিজেদের ক্যাটেগরীর কাজে বহাল হয়েছে। কাজেই অবশিষ্ট ছেলেরা কোয়ার্টার-গার্ড ডিউটী থেকে লংগরখানায় আল্ফাড়ান ফেটীগ পর্যন্ত সমস্ত কাজই করে চলে।

কিন্তু আকস্মিকভাবে আর অতি সঙ্গোপনে একটা পরিবর্তন ঘটে গেল কোম্পানিতে। জর্লাই মাসের শেষ তারিখে মেজর রায় হঠাৎ কোম্পানি থেকে চলে গেলেন। চলে মাঝে মাঝে এর আগেও তিনি গিয়েছেন, আবার দ্'একদিনেব জয়-ট্রিপের পর ফিরে এসেছেন। কিন্তু এবার আর ফিরলেন না। যেমন নিঃশব্দে মেজর রায় চলে গেলেন তেমনি নিঃশব্দে এলেন এক এ্যাংলো-ইণ্ডিয়ান মেজর। কোম্পানির ছেলেরা মেজর রায়কে না দেখে যতটা অস্বস্তি বোধ করেছে, তার চেয়ে বেশী অস্বস্তি বোধ করেছে পর্যদিন মেজর বাউনকে দেখে।

শেষ পর্যক্ত কোম্পানি-অফিসের হাবিলদার-ক্লার্করা ঘটনার ওপর আলোকপাত করল। ক্লীপস-প্রস্তাব কংগ্রেস সরাসরি প্রত্যাখ্যান করেছে। মহাত্মা গান্ধী বলেছেন, দেউলিয়া ব্যাত্কের ওপর ফাঁকা-চেক ভারত গ্রহণ করবে না! এর ফলে ভারতে রাজনৈতিক পরিস্থিতি খ্ব জটিল হয়ে পড়েছে, যে কোনদিনই ভারতবাসীর বিক্ষোভ ফেটে পড়তে পারে। মেজর রায়ের অপসারণ নাকি এই ঘটনার সঙ্গে জড়িত! একে মেজর রায় বাঙালী, তার ওপর কোম্পানির অধিকাংশ ছেলেও বাঙালী! তাই উধর্বতন সামরিক কর্তৃপক্ষ মেজর রায়কে সরিয়ে নিয়েছে। বিদ্রোহী বাঙালী জাতকে ব্টীশ সরকার বিশ্বাস করে না!

কোম্পানীর জীবনে এটা একটা রাজনৈতিক ঘটনা! ভারতের স্বাধীনতা সংগ্রামের সঙ্গে এ ব্যাপার জড়িত। কিন্তু এমন দিশেহারা ছেলেরা আর কোনদিন হয়নি! যে মেজর রায় ব্টীশের নীতিতে অত্যাচার আর নির্যাতন চালিয়ে এতগুলো মানুষকে ক্রীতদাসের পর্যায়ে এনে ফেলেছে, এ হেন বিশ্বস্ত অনুচরকেও ব্টীশ বিশ্বাস করে না!

ছেলেরা এই যেন প্রথম উপলব্ধি করে, মেজর রায় ছিলেন একজন বাঙালী! বাঙালী বলতে যে বিশেষ ধরণের চরিত্রকে বোঝায় তার কোন আভাষতো এই স্ক্লীর্ঘ দিনের মধ্যে তারা পার্যান! তারা দেখেছে, মেজর রায় ছিলেন শ্বধ্ই একজন অফিসার! মিলিটারী আইনে ব্টীশ-অফিসার! যার কাজ হচ্ছে বেয়ণটের ডগায় আন্ব্রত্য আদায় করা!

বিশ্মিত বিমৃত্ ছেলের দল ভেবেছে, এ হেন মেজর রায় বিদ্রোহ করতে পারেন এ সন্দেহ যারা করেছে তারা আবার কোন জাতের লোক! মেজর রায় বিদ্রোহ করবেন কার বিরুদেধ?

৯ই অগন্ট ভারতবর্ষের জাতীয় জীবনে যে অ লোড়ন আনল তার প্রতিঘাত সৈনিকজীবনে বিরাট এক সমস্যার স্থিত করল! জাতীয় নেতৃবৃদ্দকে হঠাং গ্রেণ্ডার করায় সৈনিকদের মন ক্ষাব্য হয়ে ওঠে। কিন্তু সংগঠন তাদের মধ্যে নেই! অত্যাচারে, নিম্পেষণে তাদের জীবনকে দলে-পিষে দিয়েছে সামরিক কর্তৃপক্ষ, সাধারণ নাগরিকদের সঞ্জেও তাদের নেই কোন যোগাযোগ। তাই পথ তারা জানে না তাদের বিক্ষোভকে প্রকাশ করার। জাতীয় জীবন থেকে বিচ্ছিন্ন এই মানুষের দল রুদ্ধ-ক্রোধে ফুলে ওঠে নিস্ফল আক্রেশে ঠোঁট কামড়ে ধরে, হতাশায় মুহামান হয়ে যায়!

ক্রীপস-মিশন সৈনিকদের মনে আশার সঞার করেছিল। তারা যে অনাথের মত ব্টীশের খণপরে এসে পড়েছে, উপাস খ্রাজ না পেয়ে অত্যাচার আর নির্যাতন সহা করে চলেছে, এই শোচনীয় অবস্থা থেকে পরিত্রাণের একটী মাত্র রাস্তা তারা দেখেছিল একটী জাতীয় সরকারের মধ্যে! জাতীয় সরকার প্রতিষ্ঠিত হলে তাদের কলঙ্কিত এই সৈনিকের পোষাক গৌরবান্জ্রল হয়ে উঠবে! ম্বিক্তযোদ্ধার মর্যাদা তারা পাবে।

কিন্তু ঘটনার গতি ষেভাবে ঘুরে চলেছে তাতে তাদের সমস্যা আরও জটিল হয়ে উঠছে। খবর এসেছে, কামপুর দেটশনে এক জনতা মিলিটারী দেটশন-মান্টারকে মেরে জখন করেছে! নওগাঁয় একটা মিলিটারী-ক্যাম্প জ্বালিয়ে দিয়েছে! গোহাটীর রাস্তায় কয়েকজন সৈনিক লাঞ্চিত হয়েছে!

এই খবরের সঙ্গে সঙ্গে ক্যান্দের আবহাওয়া যায় বদলে। সমুদ্রত ক্যান্দপ এলেকা কাঁটাতার দিয়ে ঘিরে ফেলা হয়। ক্যোন্দপনির ওপর ব্যারাক্-কন্ফাইনমেন্টের হ্রকুম হয় জারি। ক্যান্দপ-ডিফেন্সের জন্য ফ্লাইং-গার্ড মোতায়েন হয়ে যায়। ছোট ছোট ডিটাচমেন্টগ্রলাে তুলে এনে বড় ডিটাচমেন্টগ্রলােয় রিইনফার্সমেন্ট পাঠান হয়! কান্দেপ পি-টি, প্যারেড সবই বন্ধ। তাঁব্র বাইরে ছেলেরা বড় একটা যায় না! সারাদিন গ্রম হয়ে বসে থাকে হাঁট্রর মধ্যে মাথা গর্নজে! কেবল ভাবে আর ভাবে! সে ভাবনার যেন আর শেষ নেই! এই দোটানার মাঝে তারা কি কববে? দেশের লােক তাদের শত্র মনে করছে! আর দেশের যায়া শত্র তারা তাদের ব্যবহার করছে দেশের লােকের বিরুন্ধে! কিন্তু দেশের দুয়ারে ফ্যান্সিন্ট বর্বর থাবা মেলে রয়েছে বসে!

স্নীল বলে উঠল, ওঃ শেষ পর্যন্ত এই কপালে ছিল! শেষে কিনা সত্যিসতিটে দেশের শত্র হলাম!

পাঁচকড়ি প্রতিবাদ করে, শন্তব্তো আর আমরা হইনি, ওরা শন্ধন্ শন্ধন্ আমাদের শন্ত্ মনে করছে।

শিবেন বলল, শত্রু ছাড়া আর কি। সারা ভারতবর্বে যখন বিদ্রোহ চলেছে তখন আমরা ব্টীশের হ্রুক্মে তাদের ওপর গ্রিল চালাচিছ!

জয়ন্ত বলল, এতো বিদ্রোহ হচ্ছে না, এ হচ্ছে নিজের নাক কেটে পরের যাত্রাভঙ্গ! ভারতবর্ষটা ব্টীশের দেশ নয়, আমাদের দেশ!

খগেন বলল, ঠিকইতো। আর বৃটীশকে যদি কাব্ করতে হয় সেতো আমর'ই পারি। আমাদের সংগ মিলেমিশে সে কাজ করলেইতো হত। তা না আমাদের প্রতিরে মেরে দেশ স্বাধীন হচ্ছে! কেন আমরা কি বৃটীশবাচ্চা নাকি?

পাঁচকড়ি ঠোঁটে আঙ্বল চাপা দিয়ে সকলকে চুপ করতে ইশারা করল। জমাদার দাশগৃংত তাঁব্বতে ত্বকে বললেন, কিছে, কিসের মিটিং হচ্ছে?

জয়নত কি একটা বলার জন্য মৃথিয়ে ওঠে, পাঁচকড়ি তার হাতটা চেপে ধরে। জমাদার সাহেব বললেন, আজ তোমাদের আটজনের নাইট-ডিউটী। ভাল করে ডিউটী দিও কিন্তু! এখানকার হালচাল তেমন ভাল নয়, অনেক রকম সন্দেহজনক খবর এসেছে!

শিষ দিতে দিতে জমাদার সাহেব বেরিয়ে গেলেন। পাঁচকড়ি জয়ত্তকে বলল, তুমি চট করে অমন মাথা গ্রম কর কেন! ও শালা কুত্তাকে ওসব কথা বলে লাভ কি?

জয়নত ফর্সে উঠল, দেখ একবার মজাটা! এখানে দেশশর্দধ লোক জাহারমে যাক তাতে ওর্গর কিছু এসে যায় না! ওর্গর যত ভরসা জাপানের ওপর! জাপান যেন শ্রীগোরাজ্গের চেলা হয়েছে আর মালয়, ইন্দোচনি, থাইল্যান্ড, বর্মায় প্রেম বিলিয়ে বেড়াচ্ছে! এদেরই মত সব লোক আজ আমাদের মত মান্যের ব্টীশ-বিশ্বেষের স্যোগ নিচ্ছে! ও ভাবছে, জাপ্মন ভারতে ত্কলেই মোসাহেবি করে মেজর কি কর্ণেল হয়ে যাবে!

রাত দন্টো থেকে চারটে ক্যান্পের উত্তর-পূর্ব কোণে পাঁচকড়ির ফ্লাইং-গার্ড ডিউটী। রাইফেলটাকে চ্লিং-আর্ম করে সে টহল দিচ্ছে। তার কাছে আছে দশরাউন্ড গর্নলি, পাঁচরাউন্ড লোড করা আর পাঁচরাউন্ড পাউচ্-এ। তাদের ওপর ঢালা হর্কুম, দিনের বেলায় পণ্ডাশ গজ দ্রে হল্ট করান আর রাতের বেলায় পণ্ডাশগজের মধ্যে কাকেও দেখলে বিনা বাক্যব্যরে গর্নল করা।

ঘ্ম থেকে উঠে এসেছে পাঁচকড়ি, চোথে তথনও ঘ্ম জড়িয়ে আছে। আশপাশে বারকরেক চেয়ে দেখল, একটা খ্রিটও নেই যে তাতে হেলান দিয়ে একটা ঝিমিয়ে নেবে। বিরক্ত হয়ে জোর কদমে খানিকটা টহল দিতে থাকে। ঘুমের আমেজটা কাটিয়ে নেওয়াই ভাল!

টহল দেওয়ার মাঝখানে কান খাড়া করে হঠাৎ পাঁচকড়ি দাঁড়িয়ে পড়ে। যেন চাপা একটা ফিসফিসানির শব্দ ভেসে আসছে! কিছুক্ষণ দাঁড়িয়ে থাকে কান পেতে! নাঃ, তেমন কিছু নয়, বোধহয় মনের ভূল! রাইফেলের ম্যাগাজিনে একটা চাপড় মেরে আবার টহল দিতে থাকে। আবার সে থমকে পড়ে! সাঁতাই যেন অনেকগ্লো লোকের চাপা স্বর ভেসে আসছে প্রদিক থেকে! নিশ্বতি অন্ধকার রাত, জনমানবের সাড়াশব্দ নেই। কেবল দ্র থেকে ওয়াগনের ঠোকাঠ্বিক আর ইয়ার্ডপাইলটের হুইসিল্ মাঝে মাঝে ভেসে আসছে। কিন্তু তারই মাঝে সতিাই যেন অনেকগ্লো লোকের চাপা স্বর দ্রে একটা জায়গায় জমে আছে! তার কপালটা কহিকে ওঠে শ্রীরটা শির্ষাশ্ব করতে থাকে!

ক্যান্দেপর সামনে প্রায় একশ'গজ ফাঁকা জায়গা, তারপর ইয়ার্ড! সব ক'টা লাইনে ওয়াগন ভার্ত। পাঁচকড়ির সন্দেহ হয়, ওই ওয়াগনগর্লার পেহন থেকে তনতন শব্দটা তেসে আসছে। রাইফেলটা কাঁধ থেকে নামিয়ে মাজল্ মাটির দিকে নামাল। ব্ডো আঙ্বলে সেফটীক্যাচ্ ঠেলে দিয়ে বোল্ট পেছনের দিকে টানল। একটা রাউন্ড ছিট্কে পড়ল মাটীতে। হাঁট্ গেড়ে বসে রাউন্ডটা কুড়িয়ে নিয়ে ম্যাগাজিনের মধ্যে প্রের দিল। নিল-ডাউন পজিশনে রাইফেল ধরে বাঁ চোথ ব্জে, ডানচোথে 'ফোর-সাইটকা নক্ ঔর্ ব্যাকসাইট্কা ইউ' কিছ্ই দেখতে পেল না। অন্ধকারে সম্পত্ই একাকার হয়ে গেছে!

হঠাং পাঁচকড়ির মনে হয়, সত্যিই যদি লোকগালো আক্রমণ করে! পাঁচরাউণ্ড গালিতে সে কি অতগালো লোককে ঠেকিয়ে রাখতে পারবে! ডানহাতে পাউচটা টিপে দেখে, আরও একটা চার্জার ভার্তি গালি রয়েছে। কিন্তু এই অতগালো লোক যখন তেড়ে আসবে তখন কি আর সে লোড করের সময় পাবে! বাকী পাঁচরাউণ্ড লোড করে নিলে কেমন হয়?

আগন্নের একটা শিখা দেখে পাঁচকড়ি চমকে দন্পা পেছিয়ে যায়।
আগন্নটা ধীরে ধীরে বেড়ে উঠছে, টকটকে লাল আগন্ন আর তার
কুম্ভলি পাকান কালো কালো ধোঁয়ায় ইয়াডের আলোটা ঢেকে যাছে।
পাঁচকডির পা দ্টো ঠকঠক করে কাঁপছে, বুকের মধ্যে চিপচিপ করছে।

কপালের ওপর বিন্দ্ব বিন্দ্ব ঘাম মিশে গিয়ে একটী ধারা হয়ে নেমে আসছে, বড় একটা ফোঁটা হয়ে ঝুলছে নাকের ডগায়। মাথার মধ্যে অনাদ্যন্ত রবে দপদপ করে চলেছে। হাতের চেটোয় সে তার সমস্ত মুখটা মুছে নিয়ে হ্যাটটা পেছনে ঠেলে দিল।

ওয়াগনের পেছনে সেই চাপাস্বর হঠাৎ চিৎকারে ফেটে পড়ল। পাঁচকড়ি রাইফেল কাঁধের ওপর তুলে নিয়ে ট্রিগারে আঙ্বল রাখল। ব্যাকসাইটের মধ্যে দিয়ে ফোরসাইটের নক্ এবার সে পরিষ্কার দেখতে পাছে। অনেকগ্বলো লোক গোটাকুড়ি মশাল হাতে জনা হয়েছে। তাদের রণধ্বনি ফেটে পড়ল, ব্টীশ—ভারত ছাড়।

পাঁচকড়ির হাত কে'পে ওঠে। 'গ্নুলজারিকে বিচেবিচ ছে বজে' থেকে রাইফেলের মুখ সরে যায়! তার শিথিল হাতের ওপর র ইফেলটা কাং হয়ে যায়! কেমন করে এদের ওপর সে গ্নুলি চালাবে! এরা যে দেশভঙ্ক, ভারতের স্বাধীনতার জন্য মরণপণ সংগ্রামে ঝাঁপিয়ে পড়েছে প্রতিটী ভারতবাসীর শন্ত্র বটৌশকে উচ্ছেদ করতে!

আবার চিৎকার উঠল, ব্টীশ—ভারত ছাড়। লোকগর্নল জ্বলত মশাল উ'চু করে দ্বরত বেগে দৌড়ে আসছে। উন্মত্তের মত মশাল-গ্বলো মাথার ওপর তুলে ধরে প্রচণ্ড বেগে ঘোরাচ্ছে।

পাঁচকড়ি আবার রাইফেল মজবৃত করে ধরেছে, বাটের ওপর তার উত্তপত গাল চেপে ধরে নিশানা নিচ্ছে। আর বেশী দ্র নয়, বড়জোর পঞ্চাশগজ্ঞ! ক্যান্দেপ পাঁচ'শ ছেলে ঘুমোছেছে! তার হাতে তাদের নিরাপত্তার ভার তুলে দিয়ে পবম নিশ্চিন্তে ঘুমোছেছে! তারাতো দেশের সঞ্চে শত্তুতা করার জন্য মিলিটারীতে ভর্তি হয়নি! দেশেগাঁয়ে পেট চলেনি, সহরে চাকরি জোটেনি, বৃদ্ধ বাপ-মার মুখে অল্ল দিতে পারেনি, স্বা পত্তু, ভাই বোনদের পেট ভরে খাওয়াতে পারেনি—তাই তারা আজ মিলিটারীতে!

রাইফেলের গ্রিপে পাঁচকড়ির হাত আরও চেপে বসেছে, বাটটা কাঁধের ওপর ঠেসে ধরেছে, পয়েন্ট-অফ-ব্যালান্সে তার হাত স্থির হয়ে গেছে, কেবল ট্রিগারের ওপর তর্জনিটা কাঁপছে!

পাঁচকড়ি চিৎকার করে ওঠে, হল্ট-এতজোরে চিৎকার সে বোধহয়

তার জীবনে আর কোনদিন করেনি। মশালের আগন্ন তথনো সেই উন্মন্ত গতিতে এগিয়ে আসছে। আকাশবাতাসে প্রতিধন্নিত হয়ে চলেছে সেই একটী মাত্র রণধন্নি, ব্টৌশ—ভারত ছাড়!

পাঁচকড়ির শরীর টলছে। নিঃশ্বাস সে এবার বন্ধ করেছে, ট্রিগারের ফার্ড-প্রেসার নেওয়া হয়ে গেছে। তার কানে ক্যান্দেপর পাঁচ'শ ছেলের অসহায় আর্তনাদ হ্রুকার দিয়ে ওঠে। চোখ ব্রুজে পাঁচকড়ি ট্রিগার দাবালে! বোল্ট টেনে আবার ট্রিগার দাবালে! আবার বোল্ট টানলে! আবার ট্রিগার দাবারে!

কোয়ার্টার-গার্ডের পাগলা-ঘন্টী তখনও বেজে চলেছে। ক্যান্সের সমদত ছেলে মাঠের মাঝে ফল-ইন করে দাঁড়িয়ে আছে। গার্ড-ভটা, পজিশনে কোয়ার্টার-গার্ডের কোণে কোণে সেন্ট্রীরা খাড়া হয়ে গেছে। ফায়ার-ফাইটিং-পার্টি ফায়ার-এক্সটিনগাইজার নিয়ে অন-গার্ড পজিশনে দাঁড়িয়ে আছে। ওয়াটার-ফেটীগের দল নদীর ধারে গিয়ে প্রাণপণে হ্যান্ড-পান্প চালাচ্ছে।

স্বেদার নন্দী আর তিনজন অফিসার রিভলভার নিয়ে পাঁচকড়ির পাশে এসে দাঁড়িয়েছেন। পাঁচকড়ির চে'থের ওপর মশালের আলোগ্বলো তথনো ঘ্রছে! নেব্লার মত ঘ্রছে! কেবল ঘ্রছে আর ঘ্রছে!

কয়েকদিন পরের ঘটনা। আবহাওয়াটা যেন অনেক সরল হয়ে এসেছে! কোম্পানির স্বাভাবিক জীবন ধীরে ধীরে ফিরে আসছে!

সেদিনের ডাক এসে পেণচৈছে। ছেলেরা অফিসের আশপাশে ঘ্রঘ্র করছে, কথন অর্ডারলি এন-সি-ও চিঠির বাণ্ডিলটা নিয়ে বেরিয়ে আসবে! একথানি চিঠির প্রত্যাশায় সমস্ত মনটা তাদের আকুলিবিকুলি করতে খাকে। তাদের ফেলে-আসা জীবনের সঙ্গে আজকের জীবনের ওইতো একটী মাত্র গ্রন্থি! চিঠির মধ্যেকার দ্বটো স্নেহের কথা, দ্বটো সহান্ত্তির কথা, তাদের হিতাহিতের জন্য কারও আকুল আকুতি, তাদের পথ চেয়ে কারও অধীর প্রতীক্ষা—ওইট্বুকুই সৈনিকজীবনের পাথেয়! চিঠিই তাদের মানবীয় জীবনের সম্বল।

ডাক বিলি হয়ে গেছে। যাদের চিঠি এসেছে তারা খ্নাতৈ ভরপ্র

হরে একান্তে গিয়ে চিঠি পড়তে বসেছে। বাদের আসেনি তারা মুখ ভার করে শুরে পড়েছে! চোখ বুজে কপালের ওপর হাত রেখে ভাবছে বাড়ীর লোক কেন তার প্রতি এমন নির্মম! তাকে কি আর তাদের কোন প্রয়োজনই নেই! অভিমানে তাদের বুকের মধ্যোটা গুমরে গুমরে ওঠে।

অমল পেয়েছে একখানা চিঠি। চিঠিখানা পকেটে রেখে সে অন্য সমস্ত কাজ শেষ করেছে একে একে। শত কাজের মধ্যে বারবার সে বৃক পকেটের ওপর চাপ দিয়ে খামখানাকে অনুভব করেছে। থেকে থেকে আনমনা হয়ে ভেবেছে, কে লিখেছে—বাবা? বিমল? কমল? মিনি? রিণি কি তার এণ্যাকাবাকা অক্ষর দিয়ে একখানা কাগজ ভরে দিয়েছে! চোখের ওপর ভেসে উঠেছে তাদের ছোটু গ্হখানি! আনাচে-কানাচে তার কতইনা স্মৃতি মাখান! বারবার তার চোখে জল এসেছে!

সব কাজ সেরে ব্যারাকে ফিরে বিছানা পেতে শ্রে অমল হাত-পা ছড়িয়ে দিল, এইবার সে চিঠিটা পড়বে। একথা ভাবতেই যেন মনটা কানায় কানায় ভরে ওঠে। তাহলে সে এখনো বে°চে আছে! তার জীবনকে ঘিরে আছে আরও অনেক লোক! খামখানা সে খ্লে ফেলল--

প্জনীয় মেজদা,

অনেকদিন তোমার কোন থবর পাইনি। তোমার জন্য তেবে তেবে আমরা পাগল হয়ে যাব নাকি! এথানে যে সমস্ত কাণ্ড হচ্ছে, তা দেখেতে। আর স্থিব থাকা যায় না। মিলিটারীরা যে অত্যাচার করছে সেতো আর সহ্য করা যায় না।

তুমি মিলিটারীতে কেন গেলে মেজদা! তোমার জন্য লম্জায় বাবা কারও কাছে মুখ দেখাতে পারছেন না। ছোড়দার বন্ধরা বাড়ী ববে এসে য়া-তা বলে গেল! সেই-না শন্নে রিণিটা কে'দে-কেটে অস্থির হচ্ছে। ওরাতো জানেনা, তুমি কেন মিলিটারীতে গিয়েছ।

এখানে রোজ মারামারি হাওগামা লেগেই আছে। কত ছেলে কে মিলিটারীর গ্লিতে প্রাণ দিছে, তার যেন আর ইয়ন্তা নেই। দেশশুদ্ধ লোক তোমাদের বিশ্বাসঘাতক বলছে। মিলিটারী দেখলেই তাদেব ওপন ইট-পাটকেল মারছে। এরকম হলে তুমি কি করে বাঁচবে মেজদা?

তুমি মিলিটারী থেকে চলে এস মেজদা। লোকে তোমাকে শ্বংশ্বং গালাগালি দেবে, এ আর আমরা সইতে পারছি না। রিণিটা পালে বসে কাদছে আর বলছে, মেজদাকে পালিরে আসতে লিথে দে দিদি! আবার বলছি, মেজদা তুমি চলে এস—এমন মিলিটারীতে তুমি থেকনা। তোমার জন্য আমরা পথ চেষে রইল্ম—

ঠতি

তোমাব আদরের বোন মিনি আর রিণি

অমলের চোথ ঝাপসা হয়ে উঠেছে। চিঠিটার আথরগন্লো মিলে মিশে একাকার হয়ে গেছে, তার মধ্যে মিনি আর রিণির ম্খদ্বিট ঘেন ভ সছে! অমলের মনে হয়, হ্যাঁ হ্যাঁ, আদরের বোন! সত্যিই বড় আদরের!

হঠাৎ ফোঁপানির একটা শব্দে অমল চমকে ওঠে। শিবেন উপ্কৃত্ হয়ে পড়ে বালিশে মাথা গ'্ৰজে কাল্লা চাপবার চেণ্টা করছে। খগেন উঠে গিয়ে শিবেনের পিঠের ওপর একটা হাত রেখে বলল, কি হয়েছে শিবেন?

শিবেন তার চিঠিটা খণেনের হাতে দিয়ে বালিশের ওপর মৃথ চেপে ধবল। খণেন চিঠিটার ওপর চোখ বৃলিয়ে চলল। ধীরে ধীরে তার মৃখট ও ফ্যাকাশে হয়ে উঠছে। বাকী সকলে তার মৃথের ভাব লক্ষ্য করছে।

অমল জিজ্জেস করল, ব্যাপারটা কি খগেন?

শিবেনের বন্ধ্র চিঠি! খণেন পড়তে স্বর্করে. গত ১২ই অগন্ট বিকেলবেলা তোর মা স্থেনকে একটা ট্যাক্সি ডেকে আনতে পাঠান, কোথায় যেন সেদিন তোদের নেমতন্ন ছিল। বাড়ীর লোকের কাপড়-চোপড় পরা হয়ে গেছে, স্থেনেরও সাজগোজ হয়ে গেছে। হেদ্রার মোড়ে যায় ট্যাক্সি ডাকতে। ঠিক সেই সময় একটা ট্রামে একদল লোক আগ্রন ধরিয়ে দেয়। প্রিলশ আর মিলিটারীতে লোকগ্রলোকে তাড়া করে। বাচ্চা ছেলে স্বর্থন ধ্তি পরে তেমন দৌড়তে পারে না। নয়ান চাঁদ দত্ত ষ্ট্রীটের মোড়ে লোকের ঠেলাঠেলিতে কাপড়ে পা আটকে পড়ে যায়। একটা সাজেন্ট সেই অবস্থায় তার পিঠের ওপর পর পর চারটে গ্রনি করে। তারপর পাড়াশ্রন্ধ লোক স্থেনকে কোলে কয়ে নিয়ে য়ায় তোদের বাড়ীতে। জানিস শিব্র, তোর মা কিন্তু এক ফোটাও চোথের জল ফেলেন নি! খগেন চুপ করল। আর সকলে সত্থ হয়ে গেছে। শিবেনকে সান্দ্রনা দেবে! কিন্তু কি বলবে শিবেনকে!

পাঁচকড়ি ছিল চুপচাপ চোখ বাজিয়ে শায়ে। হঠাং সে আগন মনে বিড়বিড় করে উঠল। অমল তার পাশে গিয়ে বলল, তুমি চুপ কর পাঁচকড়ি, একটা ঘামোবার চেণ্টা কর।

পাঁচকড়ি তেড়ে উঠল, কেন আমি চুপ করব? আমরা ব্রবি দেশের লোক নই! মিলিটারীতে ত্বকৈছি বলে দেশের শত্ত্বর হয়ে গেল্বম?

অমল পাঁচকড়ির কপালে হাত রেখে বলল, আর কথা বল না।

পাঁচকড়ি চে'চিয়ে উঠল, কথা বলব না মানে! চোখ ব্রজলেই যে জ্বলন্ত মশালের সেই আলোগনুলো তাড়া করে আসে! আর সেই ছেলেটির চীংকারে কানে যেন তালা ধরিয়ে দেয়! আর ওই শালা লেফটেনাণ্ট-গ্রেলা কিনা আমার পিঠ চাপড়ে বলল, সাবাস, দিস্ ইজ্ এ গ্যালাণ্ট সোল্জার! আমার কি ইচ্ছে হয়েছিল জান, ম্যাগাজিনের বাকী গ্রনিগ্রোলা দিই চালিয়ে ওই শালা কুকুরগ্রলোর ওপর! কিন্তু আমি বোধহয় অজ্ঞান হয়ে গিয়েছিলাম, না?

কিছুক্ষণের জন্য চুপ করে থেকে কি সে মনে করবার চেণ্টা করে, তারপর হঠাং অমলের একটা হাত চেপে ধরে বলে, আচ্ছা অমল, আর ছমাস আগে আমিওতো ওদেরই একজন ছিলাম আর আজ কিনা ওরা আমাকে শন্ত্র মনে করে! কিন্তু আমরা কি শিবেনের ভাইকে গ্র্লিকরে মারার জন্য মিলিটারীতে ভার্তি হয়েছি ? বল ? তমিই বল!

বিছানা থেকে পাঁচকড়ি উঠে পড়তে চায়। অন্য ছেলেরা বিমর্ষ মুখে তার দিকে চেয়ে থাকে। অমল জোর করে তাকে শুইয়ে রাখে, খগেন ওয়াটার-বটল থেকে জল নিয়ে তার চোখেমুখে জলের ঝাপটা দেয়, অনন্ত হ্যাট দিয়ে তার মাথায় হাওয়া করতে থাকে।

এরই ফাঁকে সবার অলক্ষ্যে স্ববেদার সাহেব এসে ওদের পেছনে দাঁড়িয়েছেন। তাঁর ওপর প্রথম চোথ পড়ে থগেনের। খগেন বলল, পাঁচকাড় আবার সেই রকম ক্ষেপে উঠেছে স্যার! আর শিবেনের বাড়ী থেকে চিঠি এসেছে, ওর ছোটভাই প্রনিশের গ্রনিতে মারা গেছে। স্ববেদার সাহেব শিবেনের পাশে বসে পড়েন। শিবেন উঠে বসে মনুথে হাত চাপা দেয়। সনুবেদার সাহেব ক্ষণেকের জন্য অর্চ্বাহত বোধ করেন। তারপর শিবেনের পিঠে একটা হাত রেখে বলেন, এই হল, প্রাধীনতার প্রায়শ্চিত্ত শিবেন! তাম আমি এর কি বিহিত করতে পারি!

বিস্মিত দ্'ষ্টিতে সকলে স্ববেদার সাহেবের মুখের দিকে তাকায়। স্ববেদার সাহেব চট করে উঠে দাঁড়িয়ে বলেন,কই, শিবেনের চিঠিটা দেখি ?

খগেন চিঠিখানা স্বেদার সাহেবের হাতে দিল। চিঠিটা নিম্নে ভাঁজ করতে করতে স্বেদার সাহেব বললেন, চিঠিটা পড়ে আমি ব্যাটম্যানের হাতে পাঠিয়ে দিচ্ছি—শিবেনের কাঁধে একটা হাত রেখে বললেন, শিবেন, তোমার আজ ছুটী, বিকেলের প্যারেড মাফ!

সেদিন রাতে রোল-কলে নতুন কোম্পানি-অর্ডার জারি হল, এখন থেকে কোম্পানির ছেলেদের সমস্ত চিঠি যা তারা বাড়ী থেকে পাবে, সেগ্রেলাও সেম্পর করা হবে!

नभा

কেটে গেছে দেড়টী মাস। অগণ্ট আন্দোলনের শেষ রেশট্যুকুও থেমে গেছে। পাঁচকড়ি আবার সম্পথ হয়ে উঠেছে, শিবেন আবার সহজ জীবনে ফিরে এসেছে, অ্মল তার মনের হতাশাকে কাটিয়ে উঠেছে।

জার্মানরা মন্তেকা দখল করতে পারেনি! লেনিনগ্রাদের দিকে আর এক ইণ্ডিও অগ্রসর হতে পারেনি। এবার তারা ঢ্রু মাবছে ককেসাসের দিকে! ইম্ফল অবরোধ করে জাপান সেই একইভাবে বসে রয়েছে। যুদেধর পরি-হির্মাতিতে এই মন্দাভাব কোম্পানিতে এনেছে অলস মন্থর একটা আমেজ!

মেজর রাউনের দৌলতে তাঁব্বতে তাঁব্বতে বাঁশের মাচা হয়েছে ! খেলাধ্লার হরেক রকম ব্যবস্থা হয়েছে । ছেলেদের জন্য ভেটসম্ম্যান আর
ফৌজি-আকবর নেওয়া হচ্ছে ! গানবাজনার জলসা সংতাহে অন্তত একবারও হঁচছে ! চার্জ-সীটের সংখ্যা কমেনি কিন্তু কয়েদীর সংখ্যা কমেছে !
আর-আই না নিয়ে তিনি সাধারণ ভাবে মাইনে কেটে নেন। ছেলেরা মনে
করে আর-আই এর বদলে মাইনে কাটা নতুন মেজর সাহেবের দয়ালাতা !

দ্রগাপ্জা উপলক্ষে কোম্পানিতে দ্বিদন ছর্টী, অন্ট্রমী আর বিজয়ার দিন। অমল তাঁব্র মধ্যে বিছারায় উপন্ত হয়ে শুয়ে আছে। মেজর রাউন ছর্টীর দিন সিভিলিয়ান পোষাক পরার অনুমতি দিয়েছেন। জনকয়েক ছেলে আর কিছুক্ষণ আগে ধর্তি-পাঞ্জাবী পরে রেলওয়েকলোনির প্জামণ্ডপে গেছে। তাদের পোষাক-আসাক দেখে অমলের মনটা কেমন যেন আনচান করে ওঠে। বারবার তার মনে হয়, মিনি আর রিণির জন্য প্রজার জামাকাপড় কেনা হয়েছে কি?

পাঁচকড়ি আর অনন্ত তাঁবনুর মধ্যে ঢ্বকল। পাঁচকড়ির আছে একটা সিভিলিয়ান-সার্ট, সেইটাই সে খাকি ফ্বল-প্যান্টের ওপর চড়িয়ে নিয়েছে। অমলকে শ্বয়ে থাকতে দেখে অনন্ত বলল, তোমার কি হল অমল? পাঁচকডি বলল, আর কি, বাডীর জন্য মন কেম্বন করছে!

অমল উঠে বসে বলল, সত্যিই একট্ মন-কেমন করছে। বাবা কিছ্বতেই প্জোর সময় কাকেও বাইরে যেতে দিতেন না। এই বোধহয় প্রথমবার প্রজোর সময়ে বাড়ীর বাইরে রইল্ম।

অনন্ত আর পাঁচকড়ির মুখটাও ক্ষণেকের জন্য কর্ন হয়ে ওচে। পাঁচকড়ি সামলে নিয়ে বলল, গ্রিল মার ওসব সেণ্টীমেণ্টাল ব্যাপারে, তার চেয়ে জমাটী একটা আন্ডা জমিয়ে নরক-গ্রেলজার করা যাক!

অনন্ত বলল, সুনীলতো সেই সকালে বিল্বমঙ্গলটীর মত নদী পার হয়ে তার চিন্তামণির সন্ধানে গেছে।

অমল বলল, তব্ওতো সে একটা কিছ্ম করছে। কিন্তু আমাদের কি! তাহলে কি আমরা তিননম্বর গেটের পথ ধরব নাকি?

তা আমি বলছি না কিন্তু আমাদেরও কিছ্ম একটা করা উচিত, বড় নিজ্ঞীব হয়ে পড়ছি!

কিন্তু কি করতে চাও তুমি?

পাঁচকড়ি বলল, দাঁড়াও, ওদের সকলকে ডাকি, মতলব একটা চট করে ফে'দে ফেলা যাবে—তাঁব্র বাইরে গিয়ে সে নাম ধরে হাঁকডাক স্বর্ব করে দিল। একে একে এল থগেন জয়ন্ত আর শিবেন।

তাঁব্র মধ্যে ওরা ঢ্কতেই অনন্ত বলে উঠল, এই প্রজোতে একটা কিছু উৎসব আমাদের করতেই হবে।

শিবেন বলল, এটা কি আর উৎসব করার জায়গা! এখানে বসে শ্ব্র্ম্মরণের দিন গোণা চলে!

জরুত ধমক দিয়ে ওঠে, আঃ শিবেন, এমন করলে আর বাঁচবে কদিন! দেখ, বাঁচার দায়ীদ্বটা আমাদেরই, কাজেই তার রসদ আমাদেরই জোগাড় করে নিতে হবে।

শিবেন বলল, কর তাহলে, আমি কিন্তু তেমন জ্বোস্পাচ্ছি না। পাঁচকডি বলল, তাহলে একটা থিয়েটার কর।

জয়ন্ত বলল, অত সময় কই! তার চেয়ে একটা বিজয়া সন্মিলনী করা যাক। বিজয়ার দিন একটা ভোজ আর ছোট্ট একটা দেউজ বেংধে ভ্যারাইটী শো। কোম্পানির ছেলেরা যে যা জানে, নাচ গান আব্তি কমিক ম্যাজিক সবই সেইদিন দেখাবে।

किन्छु हाँमा आत कछ छेरेरा ! प्रायत् । मन्ध्र रिनम् ता।

জয়নত বলল, কেন! মুসলমানরাও দেবে। আমরা তো আর ফুল-বিন্বিপত্তর নিয়ে প্রেল করতে যাচ্ছি না! আমরা করতে চলেছি সমস্ত কোম্পানিকে নিয়ে একটা উৎসব, বিজয়াটা তার উপলক্ষ্য মাত্র।

অনন্ত বলল, কিন্তু বেডালের গলায় ঘণ্টাটী বাঁধবে কে?

জয়নত বলল, কেন, আমরা। এখনই তাঁব,তে তাঁব,তে গিয়ে আমাদের মতলবটা জানাব। তাঁব,র লোকেরা তাদের একজন করে প্রতিনিধি ঠিক করবে। সেই প্রতিনিধিরাই সমস্ত ব্যবস্থা করবে।

পাঁচকড়ি বলল, কিল্তু এর মধ্যে কোন এন-সি-ও নেওয়া হবে না। খগেন সমর্থন করে, কোনমতেই না। ওরাতো কাজের চেয়ে মাত-ব্যরীই করবে বেশী আর শেষ পর্যন্ত দেবে ভণ্ডুল করে!

অমল বলল, আমরা কজনে এখানে বসে এই রকম একটা নির্ম খাড়া করতে পাবি না। যদি কোন এন-সি-ও'কে কোন তাঁব্ তাদের প্রতিনিধি করে পাঠায় তাহলে আমরা তাকে মেনে নিতে বাধ্য।

জয়নত বলল, তার চেয়েও একটা বড় কথা আছে অমলবাব্। এন-সি-ও মাতেইতো আরু আমাদের শত্র্নয়। লান্স-নায়েক দত্ত বা মেডি-ক্যাল এন-সি-ও হাবিলদার ব্যানার্জি হাবিলদার মুখার্জির জাতের মানুষ নয়। কাজেই, মাতব্বরী বা ভণ্ডুল করার মতলব না নিয়ে যারাই আমাদের সঙ্গে সহযোগিতা করবে আমরা নিশ্চয়ই তাদের নেব।

সমদত काास्म এको माज़ পড়ে গেছে। সকলেই এই উৎসবে

রাজি! তাদের মহা উল্লাস, মরা গাঙে আবার যেন জোয়ার এসেছে! চাঁদা উঠতে থাকে, প্রতি মৃহুতে চাঁদার অধ্ক বাড়তে থাকে। তাঁবুতে তাঁবুতে কবিতা মৃখ্যথ্য চলেছে, সিলেক্টেড-সীন আর কমিকের রিহার্শাল চলেছে। ম্যাজিশিয়ান বৃদ্ধ গোপমশাই তাঁর আনুষ্ধিগক জোগাড়ের চেন্টায় আদাড়ে-আঁদতাকুড়ে ঘুরে বেড়াচ্ছেন। গানের রিহার্শাল দিচ্ছে একটা তাঁবুর মধ্যে, 'জন গণ মন' কোরাস গানে ক্যাম্পটা মুখর হয়ে উঠেছে।

জরনত অমলকে বলল, এই হচ্ছে স্যোগ অমলবাব্য, দিন এদের ধরে মিলিয়ে মিশিয়ে একাকার করে। যত রকমের বেড়া এখানে আছে, লোকো ট্রাফিকের বেড়া, শিক্ষিত অশিক্ষিতের বেড়া, মাইনের তারতম্যের বেড়া, ধর্মভিদের বেড়া, এমন কি র্যাঞ্চেকর বেড়া সব ভেঙে খান্-খান্ করে দিন।

লাগ্যরীদের ছ্বটী দিয়ে 'বড়-খানা'র জন্য রাম্রাজানা ছেলেদের নিয়ে একটা দল হল। ভ্যারাইটী-শোয়ের ছেটজ বাঁধা আর তার সংশিল্ট কাজের জন্য হল একটী দল। বাজার থেকে খাবার ও অন্যান্য জিনিষপত্তর কিনে আনার জন্য একটা দল, চাঁদা তোলার একটা দল, খাওয়ার সময়ে পরিবেশন করার জন্য একটা দল। ভ্যারাইটী শোয়ের অভিনেতাদের অন্য সমস্ত কাজ থেকে রেহাই দেওয়া হল। সমস্ত ব্যাপারটা তদারক করার জন্য ভার পড়ল অমল জয়ন্ত আর অনন্তর ওপর। শেষ পর্যন্ত দেখা গেল, জনকয়ের এন-সি-ও ছাড়া ক্যান্সের প্রায় সবছেলেই একটা না একটা কাজে লেগে গেছে। ছেলেরা নিজেরাই দলে দলে গিয়ে মোটা মোটা স্লিপার কাঁধে করে আনছে সমস্ত ক্যাম্পটাকে ঝকঝকে তকতকে করে ফেলেছে। কোথায় কি করতে হবে না হবে তারা নিজেরাই আলোচনা করে স্থিব করছে আর সেই অনুযায়াঁ কাজ করে চলেছে।

অমল দেখে আর ভাবে কোম্পানির নিত্যনিয়মিত ফেটীগওতো এই একই পর্যায়ের কাজ, অথচ কোম্পানি-ফেটীগের সময়ে ছেলেরা তার সবটাই ফাঁকি দেওয়ার চেন্টা করে। আর আজ! তারা সমস্ত দরদ ঢেলে দিয়ে দৈতের মত কাজ করে চলেছে!

অনন্ত এসে থবর দেয়, জনকয়েক হাবিলদার আর নায়েক চাঁদাতো দিচ্ছেই না উপরন্তু অন্য এন-সি-ও'দের ভাঙানর চেষ্টা করছে। অমল ম্মড়ে পড়ে, শেষ পর্যন্ত একটা গণ্ডগোল কি তাহলে হবেই!

জয়নত বলল, এতে ঘাবড়াবার কিছ্ নেই অমলবাব,। কোম্পানির সাধারণ ছেলেদের ওপর বিশ্বাস রাখ্ন, আমাদের উৎসব সফল হবেই! ওদের এই বিরোধীতার মধ্যে দিয়ে ধীরে ধীরে ওদের মুখোস পড়বে খসে আর আমাদেরও মোহমুক্তি ঘটবে।

সন্ধ্যের কিছ্ম পরে একটী ছেলে এসে খবর দেয়, সমুবেদার সাহেবের ঘরে দেখলাম মিটিং বসেছে। জমাদার সাহেব, হাবিলদার মমুখার্জি, নায়েক চ্যাটার্জি আরও যেন কে কে রয়েছে। লমুকিয়ে আমি শন্মলম্ম, আমাদের বিজয়া সম্মিলনী সম্বন্ধে কি যেন বলাবলি করছে।

ছেলেটীকে অমল চিনতে পারল না। জয়ন্ত বলল, এখন থেকে দেখবেন এমন অনেক অচেনা ছেলে এমনি ভাবে নানান খবর নিয়ে ছ্র্টে আসবে। তারাও সজাগ আছে, এ উৎসব যে তাদেরই!

রোল-কলে জমাদার আর স্ববেদার সাহেব দ্বজনেই এসেছেন। স্ববেদার সাহেব বিজয়া সম্মিলনী সম্বন্ধে প্রচুর উৎসাহ দিয়ে মেজর সাহেবের মহান্তবতার লম্বাচোড়া প্রশস্তি গেয়ে চুপ করলেন। সঙ্গে সংগে জমাদার সাহেব বললেন, কারও কিছু বলবার থাকলে বলতে পার।

নায়েক চাট্রয্যে বলল, আমার স্যার একটা কথা বলবার আছে! সুবেদার সাহেব অনুমতি দিলেন, ঠিক হ্যায়—বল।

অমলের মনে পড়ে সেই ছেলেটীর রিপোর্ট। তাহলে এরা ষড়**যন্ত** করে এসেছে বিজয়া সম্মিলনীর ওপর আঘাত হানতে!

নায়েক চাট্বয়ে বলল, কোম্পানিতে যে বিজয়া সম্মিলনী হচ্ছে তার কৈ যে কি করছে তা আমরা কেউই জানি না। অথচ দেখছি সকলের কাছ থেকেই চাঁদা নেওয়া হচ্ছে। এটাতো আর কারও ঘরোয়া ব্যাপার নয়। এর জন্য কোন কমিটি হয়েছে কিনা তাও আমরা জানি না। মিলিটারীতে থেকে একটা কাজ যদি ডিসিপ্লিনের সঙ্গে না করতে পারি, তার চেয়ে লজ্জার কথা আর কি থাকতে পারে!

রোল-কলের মধ্যে থেকে একটা স্বর বলে ওঠে, আপনি কত চাঁদা দিয়েছেন মশাই!

नारतक ठाएँ त्या वनन, ठाँमा प्रख्यात कना आमि वयत्ना रेजती।

কিন্তু যার-তার হাতে আমি চাঁদা দেব না।

স্বেদার সাহেব জিজ্ঞেস করলেন, তোমাদের চাঁদার টাকা কার কাছে জমা হচ্ছে?

करायकक्षन এक मर्ष्ण वर्ल छेर्रेल, अमलवाव ्रव कार्छ।

জমাদার সাহেব খেণিকয়ে ওঠেন, বাব-টাব- এখানে চলবে না। কেন স্যাপার বলতে কি লম্জা করে নাকি?

সাবেদার সাহেব অমলকে সামনে ডাকলেন। অমলের কানে কানে জয়ন্ত ফিসফিস করে বলে দেয়, সাবধান অমলবাব্, ক্ষমতার লড়াই স্বর্ হয়েছে! মনে রাখবেন আপনি হচ্ছেন কোম্পানির সবকয়টী স্যাপারের প্রতিনিধি!

অমলকে স্বেদার সাহেব বললেন, আমি কোন কৈফিয়ৎ তলব করিছ না। কোম্পানির ছেলেরা জানতে চায় বিজয়া সম্মিলনী সম্বন্ধে কি কি বন্দোবসত তমি করেছ।

অমলের ব্রকটা কে'পে ওঠে, তার গলাব স্বর কেমন যেন ব্রজে আসে। রোল-কলের মধ্যে থেকে কে একজন বলে ওঠে, বলুন অমলবাব্র আমরা আছি আপনার পেছনে!

ছেলেটীর কথাগ্লো অমলের কাছে বড় আপনার বলে মনে হয়, বৈন তারা তার পাশে এসে দাঁড়িয়েছে। মনে বল পেয়ে অমল বলতে স্বর্ব করে, বন্দোবদত আমি কিছ্বই করিনি, করেছে কোম্পানির ছেলেরা। প্রত্যেক তাঁব্ থেকে একজন প্রতিনিধি নিয়ে একটী কমিটি হয়েছে। সেই কমিটি আমার ওপর ভার দিয়েছে চাঁদার টাকা রাখার, ভ্যারাইটী শোরের ভার দিয়েছে অনন্তর ওপর আর খাওয়াদাওয়া ও অন্য সম্মানত কাজের ভার দিয়েছে জয়ন্তর ওপর।

জমাদার সাহেব খিলখিল করে হেসে উঠলেন, বাঃ, বেশ পাকা-পোক্ত ব্যবস্থাটী হয়েছেতো! তিনটীই দেখছি বাছাই করা চীর্জা!

রুম্ধ আক্রোশে সমস্ত রোল-কল একবার যেন ফ্রুসে উঠল।

নায়েক চাট্যের বলল, আসলে ওই তিনজন যা খ্শী তাই করছে। আর ওই কমিটি হচ্ছে ও'দের লেজ্ফ্রে দল। আমি প্রস্তাব করছি, সুবেদার সাহেবকে প্রেসিডেণ্ট করে আর তিনজন হাবিলদার, দুক্রন নায়েক, একজন ল্যান্স-নায়েক আর পাঁচজন স্যাপার নিয়ে এই রোল-কলেই একটা কমিটি গঠন করা হোক।

জমাদার সাহেব বললেন, স্ববেদার সাহেবকে প্রেসিডেণ্ট করতে কারও আপত্তি আছে নাকি?

রোল-কল সমস্বরে ফেটে পড়ল, আমরা যা করেছি তার ওপর আর কোন রদবদল চলবে না!

সংগে সংগে স্বেদার সাহেব হাঁকলেন, রোলকল, ডিস্মিস্-

বিজয়া সম্মিলনীর পরিদিনই অমলকে লাইনে ব্ক করা হল! সন্বেদার সাহেব হঠাৎ ব্রুতে পেরেছেন, অমলের ক্যাটেগরী ষখন গার্ড তখন সেকাজ তার শেখা উচিত!

অনন্ত অমলকে অভিনন্দন জানিয়ে বলে, এইবার তাহলে স্ববেদার সাহেব আমাদের ভয় করতে স্বরু করেছেন!

ষ্টেশনে পেণছৈ অমল দেখে তাদেরই কোম্পানির মন্ সেই ট্রেণের ওয়ার্কিং-গার্ড। মন্বলল, তাহলে আপনাকেও লাইনে পাঠালে!

অমল বলল, তাইতো দেখছি। বোধহয় আমি একট**্ বেশী মানায়** ভয়াবহ হয়ে উঠেছি!

সেতো হয়েছেনই! ওরা অত সেজেগ্মজে এল প্রেসিডেণ্ট হবে বলে আর কোম্পানিশ্বন্ধ ছেলে কিনা ওদের তুড়ি মেরে উড়িয়ে দিল!

ব্রেক-ভ্যানের এককোণে মালপত্তর নামিয়ে রেথে মন্ আবার বলল, কিন্তু যাই বল্বন, ওদের মুখে বেশ করে চ্নকালি দিয়েছেন। বিজয়া সম্মিলনী যা করেছেন তাতে আপনারই স্বেদার হওয়া উচিত আর ও শালাদের ধরে ধরে ঝাড়্বার বানিয়ে দেওয়া উচিত।

অমল বলল, যাক ওসব কথা। এখন আমাকে কাজকর্ম শিখিয়ে দিন। শ্বিধ্ব ওই স্বেদার আর জমাদার সাহেবের আক্রোশে আজ পর্যক্ত ব্রেক-ভ্যানই চোখে দেখিনি! আর আপনারা সেই ইভ্যাকুয়েশনের সময় থেকে রীতিমত গার্ডার্গরি করছেন! আমার কি কম আফশোষ!

মন্বলল, সেদিন গার্ডিগিরি না করেছেন বেণ্চে গেছেন! ওঃ, সে কি অমান্থিক কণ্ট! এক একটা ভৌশনে দিনের পর দিন পড়ে থাকা,

না খাওয়া, না স্নান, না ঘ্রুম, কেবল শ্রুনুন গোঙানি আর কাতরানি! আর সে কি মড়া-পচার দ্বর্গন্ধ! সেদিন কি আর গার্ডগিরি করেছি! গার্ডগিরি করছি আজকাল, অনেক মজা আছে লাইনে!

অমল জিজ্জেস করে, কি রকম!

চল্ন, সবই হাতেনাতে দেখতে পাবেন— ব্রেকভ্যান থেকে নেমে কাপলিং পরখ করতে করতে ওরা এগিয়ে চলল ইঞ্জিনের দিকে। মন্ব বোঝাতে লাগল, গার্ডের কাজের মধ্যে বরাংটাই হল সব। যতক্ষণ এ্যাকসিডেণ্ট না হয় ততক্ষণ সকলেই পাকা গার্ড ! কিন্তু একটি এ্যাকসিডেণ্ট হলে বোঝা যায় গার্ড সাহেবের দেড়ি!

ভ্যাকুয়াম ওয়াগন ক'খানা গুর্ণে নিয়ে মন্ বলল, দেখন না, সারা ভারতবর্ষের যত মিটার-গেজের ওয়াগন এনে জড় করেছে এই আসামে। ভ্যাকুয়াম দিয়েছে মাত্র আটখানা! এই রকম পাহাড়ী দেশে ওই আটখানা ভ্যাকুয়াম দেওয়া আর না দেওয়া একই কথা! তা বলে ট্রেণ নিতে আপত্তি করার উপায় নেই! যদি আপনি আইন দেখিয়ে বেংক দাঁড়িয়েছেন অমনি এদিক থেকে আসবে সিভিলিয়ান ভেটশনমান্টার হাঁপাতে হাঁপাতে আর ওদিক থেকে আসবে আর-টি-ও চোখ রাঙাতে রাঙাতে! ব্রুকলেন না ব্যাপারটা, কোন দ্খ-দরদ নেই! যেখানে মান্বই মরছে হাজারে হাজারে, সেখানে খানকবেক ওয়াগন নন্ট হলে এদের ভারী এল-গেল!

ইঞ্জিনের পাশে ওরা এসে পড়েছে। মন্ হে'কে ওঠে, ওহে দাউদ, আমাদের অমলবাব্যও আজ থেকে লাইনে বেরিয়েছেন!

দাউদ খাঁ ইঞ্জিন থেকে মুখ বাড়িয়ে বলল, তাই নাকি! অমলকে দেখতে পেয়ে বলল, সে ভালই করেছেন। একট্ব চা খাবেন নাকি অমল-বাব্ ই উত্তরের অপেক্ষা না করেই বলল, ওরে চাদ মিয়া, অমলবাব্কে চা দে রে। মগটা গ্রম জলে ভাল করে ধ্বয়ে নিস্ন ব্রুমিল।

অমল বলল, আমার বরাং দেখছি ভালই! সবইতো কোম্পানির লোক! তা তুমি আমাকে কাজ-কমমো শিখিয়ে দিও দাউদ।

দাউদ ইঞ্জিন থেকে নেমে এসে বলল, সে আর আমাকে বলতে হবে না, এই জিচ্ছেস কর্ন না মন্বাব্কে। আমিতো আব ওপেন-মার্কেটের লোক নই! আমি হচ্ছি খাস রেলের লোক। শালা লোকো-ফোরম্যান লোভ দেখিয়ে ফ্রসলে-ফাসলে মিলিটারীতে দিল দ্বিরে। এখানকার কারবার-সারবার যে এরকম, এ যদি ঘ্লাক্ষরেও জানতুম, তাহলে কোন শালা বৌ-ছেলেমেয়ে ছেড়ে এ শালাদের খপ্পরে এসে পড়ত!

ক্ষণেকের জন্য দাউদ চুপ করে থাকে। বোধহয় তার বেসার্মারক জীবনের দৃশ্য, তার বৌ-ছেলেমেয়ের মৃখগন্লা তার চোখের ওপর ভেসে ওঠে! গভীর একটা দীর্ঘশ্বাস ফেলে আবিষ্টভাব থেকে নিজেকে মৃক্ত করে নিয়ে আবার বলতে থাকে, ভালই করেছেন অমলবাব্! শ্নেছি ক্যাম্পে আপনার ওপর খ্ব জ্লুম করে! ভাল মান্মকেতো ও শালারা বরদাস্ত করবে না! যত শালা চুকলিখোর দেখন ওদের খ্ব পেয়ারের লোক! ভালই করেছেন লাইনে বেরিয়ে, এখানে অনেক মজা পাবেন।

চাঁদ মিয়া অমলকে চা দিল। চায়ে চুম্ক দিয়ে অমল বলল, কত দিন লাগবে দাউদ, কাজ শিখতে?

দাউদ বলে উঠল, কত দিন! আপনার মত লিখাপড়া-জানা লোকের আবার দিন লাগে নাকি। বলেন, কত মিনিট? আর আমার সঙ্গে যদি যান তাহলেতো এখুনি চার্জ নিতে পারেন। এ কাজের আর শিখবেন কি! রেক-ভ্যানে বিস্তারা লাগিয়ে শ্রুয়ে পড়বেন, লামডিঙে পেণছে আমি আপনাকে টাইমগ্রুলো বাতলে দেব, জার্নালে সেইগ্রুলো বসিয়ে দিয়ে মাণ্টারের ঘরে ফেলে দিয়ে আসবেন। ব্যাস, আপনার কাম খতম!

অমল আশ্বসত হল। ডিউটীতে আসার আগে তার কেমন যেন ভর ভয় করছিল। দাউদ মন কে বলল, তালিমটালিম কিছু দিয়েছ নাকি?

মন্বলল, তুমি ওদ্তাদ-লোক থাকতে আমি আর কি তালিম দেব! আমারতো হাতেখড়ি তোমারই কাছে। তুমি নাহয় ততক্ষণ তালিম দাও, আমি এর মধ্যে খবরাখবর করে আসি।

দাউদ ফ্রটংলটের ওপর একটা পা তুলে দিয়ে অমলকে বলল, ব্রুলেন না দ্বাচার প্রমা রোজগারতো চাই, এই মাইনেতে কি আর পোষায়! সবই যদি আমি থেয়ে ফেলব তাহলে আর ঘরে আমার ছেলে বৌ খাবে কি! তার ওপর এমান হয়েছে এ শালার দেশ, একবার লাইনে বেরলে অন্তত দশটি টাকা খরচা!

অমল বলল, এত খরচ কিসের! র্যাশনতো দিয়েই দিয়েছে!

ও র্যাশন সোলজার হয়ে খাওয়া চলে কিশ্চু লাইনে বেরিয়ে ড্রাইভার বা গার্ড সাহেবের খাওয়া চলে না! লাইনে আমাদের একটা ইল্জৎ আছে। ও র্যাশনতো আমরা ভিখারিকে দিয়ে দিই। তার ওপর এটা-সেটা খরচতো আছেই।

এটা-সেটা আবার কি!

এই ধর্ন না, আগ্ননতাতে ষোলঘণ্টা আঠারঘণ্টা থাকতে হবে, একআধ পাঁট না টানলে কাজই করা যায় না। তা শালার জংলী দেশে
বিলোতিতো পাওয়াই যায় না আর দেশী যা বানায় তা আমাদের কলকাতার
ধেনোর কাছে একেবারে ঘোডার মৃত!

কিন্তু এত টাকা পাও কোথায়?

সব এই গাড়ীতেই আছে অমলবাব। কণ্ট করে কেবল নোটগ্মলো গ্মণে নিতে হয়, তা না-হলে ওই সিভিলিয়ান-মাণ্টারগ্মলো ঠিক দ্ম্'এক-খানা কম দিয়ে দেবে!

भन् कित्त अल। पाउँप जिल्लाम कतल, रल नाकि किছ् ?

মন্বলল, তেমন স্বিধে নয়। সবই খ্চরোর খদ্দের। পানিখাটিতে দ্বস্তা চিনি, ডিগার্তে চারবস্তা চাল আর জাগী রোডে আটবস্তা আটা। একটা থেমে অমলকে বললা, রেট জানেন তো?

দাউদ বলল, রেট আর কি! যেদিন যেমন দাঁও জোটে। তবে চিনি এখন প'চিশ, আটা-—বার আর চাল—আট। ড্রাইভার আর গার্ডে আধা-আধি বখরা। তবে আজ হবে তিনভাগ।

দাউদ আর মন্ মৃথ চাওয়াচাওয়ি করে মৃচকে হাসে। মন্ অমলের পিঠে একটা চাপড় মেরে বলল, সে পরে যা হয় করা যাবে, এখন চল্নতো রেকে, টাইমতো প্রায় হয়ে এল।

রেক-ভ্যানের মধ্যে ঢুকে অমল অবশের মত বসে পড়ে, তার হাত-পা থরথর করে কাঁপতে থাকে। ওয়াগন ভেঙে মাল বিক্রী করা, এরই নাম উপরি রোজগার! মনুর হিসেব মতু মোট যা মাল বিক্রী হবে তা থেকে আসবে একশ আশি টাকা! তার মানে, তার ভাগে ষাটটাকা! **ষাট** টাকা! মিলিটারীতে চুকেছিল সে ছাম্পান্নটাকায়, জুন মাস থেকে বেড়েছে পাঁচটাকা ফিল্ড-সার্ভিস-ভাতা আর সেপ্টেম্বর থেকে দুটাকা বেসিক-পে, মাসে মোট তেবট্টিটাকা। আর এই এক ট্রিপে ষাটটাকা'!

মন্বলল, আরে মশাই আপনি যে দেখছি রীতিমত ঘাবড়ে গেলেন! অমলের চোখের ওপর ভেসে বেড়াচ্ছে বিমলের একটার পর একটা চিঠি, 'মাত্র পঞ্ডাশটাকায় কোন থৈ পাওয়া যাচ্ছে না আম। জিনিসপত্তরের দাম যে ভাবে বেড়ে চলেছে তাতে কোনমতেই কুলিয়ে ওঠা যাচ্ছে না! প্রতিমাসেই মোটা টাকা দেনা পড়ে যাচ্ছে। আরতো সংসার চলে না ভাই, যে কোন উপায়েই হোক আর কিছু বেশী পাঠাবার চেষ্টা কর।'

অমল ভাবছে, এই ষাটটাকা যদি সে বাড়ীতে পাঠায় তাহলেই কি সংসার চলবে! মিলিটারীতে ভার্ত হওয়ার সময়েও সে ভেবেছিল চাকরি পেলেই সংসারের অভাব মিটবে! কিন্তু আজ দেখতে পাছে তা সম্ভব হয়িন, তার মাইনের টাকায় সংসার চলছে না! আরও টাকা চাই! কিন্তু কোথায় পাবে সে টাকা! গাড়ী ভেঙে চাল আটা চিনির বহতা বিক্রী করে অর্থাং চুরি করে! চোখ ফেটে অমলের জল আসে। এই কি সে চেয়েছিল জীবনে! এই ভাবেই কি সে বাঁচতে চেয়েছিল! চুরির টাকা দিয়ে ভাই বোনকে মান্য করতে চেয়েছিল! বিয়ে-থা করে স্থে ঘরকয়া করার এই কি চেহারা! বিমর্ষ চোখদ্টো তুলে মন্র ম্থের দিকে তাকায়।

মন্ বলল, উপায় কি বল্ন, বাঁচতেতো হবেই। আর একাজ করে চলেছে আর-টি-ও'র মেজর থেকে রেলের কুলি পর্যন্ত। আপনি একা দৈতাকলে প্রহ্যাদ হয়ে করবেন কি বল্ন?

তব[্]ও অমলের মনে হয় এই টাকা নেওয়ার ব্যাপারেওতো আরও খানিকটা সং হওয়া যায়। মন্কে বলল না সে কথা আমি ভাবছি না। বলছিলাম কি তিনভাগ কেন? হওয়াতো উচিত পাঁচভাগ! ফায়ারম্যান দ্বজনেরওতো ভাগ থাকা উচিত!

মন্ হেসে উঠল, আপনি যে দেখছি রীতিমত সাম্যবাদী হয়ে উঠলেন মশাই! টাকাগ্ললো যদি সব বিলিয়েই দেব তাহলে আমিইবা এত মাথা ঘামাতে যাব কেন আর ঝাকিইবা নেব কেন! আপনি কি ভাবছেন, দাউদকে কি ঠিক হিসেব দিয়েছি নাকি? দাউদও তেমনি দ্টো-একটা করে টাকা দিয়ে ফায়ারম্যানগ্রেলার মুখ বন্ধ করে রাখবে। হ্যাঁ, তবে সমান-সমান ভাগ হবে আপনাতে আমাতে। ব্রুলেন না, কাকে কাকের মাংস খায় না!

विशान

উত্তর-আফ্রিকায় আমেরিকান সৈন্য অবতরণের খবর ছেলেদের মনে আবার যেন নতুন করে ভাববার খোরাক জ্বিগয়েছে। জাপান সেই একইভাবে ইমফলের দরজায় বসে আছে। আর ব্টীশও যেন তার জন্য কোন উদ্বেগই বোধ করে না। ছেলেদের বারবার মনে হয়েছে, জাপান যদি আসামে একটা ঠেলা দেয় তাহলে আসামের অবস্থাও হবে বর্মার সামিল। কিন্তু প্রথম মহায্দেধর হীরো আমেরিকা যখন য্দেধ নেমেছে তথন হেস্তনেস্ত একটা হবেই!

অননত বলল, এইবার যেন মনে হচ্ছে, যুন্ধটা তাহলে শেষ হবে! পাঁচকাড় বলল, আর্মেরিকা নর্থ-আফ্রিকায় নেমে কচু করবে! ব্টীশ বাছাধনরাতো রোমেলের হাতে নাকানিচোপানি খাচ্ছে!

কিন্তু জার্মানিরও জারিজন্নি ফ্রিরে এসেছে! বাহাদ্রী আছে বলতে হবে রাশিয়ার, ঘায়েলতো প্রায় করে এনেছে! আর এই শালা ব্টীশ এমন হারামি, চুপ করে বসে মজা দেখছে! কেন, ওরা কি একটা সেকেন্ড-ফ্রন্ট খ্লতে পারে না। তা-না আসলে হচ্ছে শয়তানি। রাশিয়াও ঘায়েল হোক আর জার্মানিও ঘায়েল হোক, আর উনি মারবেন ওস্তাদের মার শেষরান্তিরে! কিন্তু এসব ফান্দ-ফিকির আর ধোপে টেক্বে না! সৈন্য সে যে দেশেরই হোক না কেন, আমাদের মতই তাদের অবস্থা! এই রকম একটা অমান্বিক অবস্থাব মধ্যে মান্য কত্দিন জীবন কাটাতে পারে! এইবার তারাই দেবে লডাই বন্ধ করে!

খণেন বলল, তোর মুখে ফুলচন্দন পড়াক অনন্ত, এ শালার ষ্ম্থ থামকে আর ষেন পারছি না!

পাঁচকড়ি বলল, কিল্ফু জার্মানি যদি রাশিয়ার হাতে ঘায়েল হয়, তাহলে এ শালা বটীশতো বহাল-তিবিয়তে থেকে যাবে! তবে আর এত- বড় যুন্ধটা হয়ে লাভ কি হল!

অনন্ত বলল, লাভটা এই হল যে ভারতবর্ষের কুড়িলক্ষ লোক যুদ্ধের সমন্ত কায়দা শিখে নিল। এই যুদ্ধ থামার সংগ্য সংগ্য তারাই পারবে এ শালাদের পিটিয়ে প্যার-পার করতে!

সত্যিই যেন নতুন একটা কর্মচাঞ্চল্য দেখা দিয়েছে। দিন দিন বদলে যাচ্ছে পাণ্ডুঘাটের চেহারা। দিকে দিকে এ্যাণ্টী-এয়ার-ক্রাফট পোট তৈরী হচ্ছে, দ্বটো নতুন ফেরীঘাটের কাজ স্বর্ব, হয়েছে, পাণ্ডু থেকে পলাশবাড়ীর রাসতা অনেকথানি এগিয়ে গেছে, পদ্মা-মেঘনা ট্টীমার-সার্ভিসের বড় বড় দ্টীমারগ্বলো এসে জড় হচ্ছে পাণ্ডুঘাটে। রেলচলাচল বেড়েই চলেছে, ফেরীঘাটে পারাপার সারাদিনই লেগে আছে। রেলপথে আসছে সৈন্য, নতুন নতুন তাজা সৈনিকের দল আর আসছে ঘোড়া খচ্চর ওয়াগনে বোঝাই হয়ে। জলপথেও আসছে সৈন্য, দিশী বিলিতী সব রকমই! আর আসছে দ্টীমার বোঝাই অস্ক্রশস্ত্র, সে যেকত রকমের, কত ধরণের, তার আর লেখাজোখা নেই! এই আসার আর বিরাম বিশ্রাম নেই! ঠিক যেন ব্রহ্মপন্ত্রের স্লোতের মত!

ছেলেরা সরলভাবেই বৃঝে নিয়েছে এইবার একটা কিছু ঘটবেই! লড়াই স্বর্ হবে নতুন করে। কিন্তু তারা করবে কি! নতুন পরিস্থিতিতে তারাও নতুন করে ভাবছে, এই দ্নিয়াজোড়া অঘটনের সঞ্জে তাদের সম্পর্কটা কি! দিনে-রাতে কাজে-অবসরে চলতে থাকে এই একই চিন্তার রোমন্থন। তারই ফাঁকে ফাঁকে ঝলক দিয়ে ওঠে সৈনিকজীবন থেকে মুক্তি পাওয়ার ছোটু একটি আশা!

কোম্পানিতেও দেখা দিয়েছে কর্মাচাণ্ডল্য! মেজর ব্রাউন কোম্পানি
উজাড় করে প্রতিটি ছেলেকে পাঠাচ্ছেন রেলের কাজে। পাণ্ডু থেকে
চাপারমুখ, প্রতিটি দেটুশনে ট্রাফিক-ভাফ পোভেড হয়ে গেছে। লোকোর
প্রতিটি লোক ড্রাইভার থেকে টিনিস্মিথ পর্যন্ত কাজে বহাল হয়ে গেছে।
ক্যাম্প খাঁ-খাঁ করছে, প্যারেড-গ্রাউণ্ডে ঘাস বড় হয়ে উঠেছে, তাঁব্র
আশপাশে আগাছা স্বাধীনভাবে বেড়ে চলেছে! নির্প্সাহ স্বেদার
সাহেব লংগরখানা তদারক করেন আর জমাদার সাহেব স্ইপারদের সঞ্গে
নিয়ে ক্যাম্প সাফাই করিয়ে বেড়ান!

স্নীল খবর আনে, জাপান শিগগীরই ইমফল আক্রমণ করবে! পাঁচকড়ি ক্ষেপে ওঠে, তা আমরা কি ঘণ্টাটা করব! গার্ড সাহেবের লাল ঝাণ্ডা দেখিয়ে কি তাদের থামিয়ে দেব!

আহা-হা, শোন না বলি, জাপান ইমফল আক্রমণ করলেই সিভিলিয়ান গ্টাফরা কেটে পড়বে। তখন আমাদেরই সমসত ম্যাঁও ধরতে হবে।

ম্যাঁও আর আমাদের ধরতে হবে না! তার আগেই এ শালারা মি°উ-মি°উ করতে করতে আসাম থেকে কেটে পড়বে। আর আমরা তখন বীরত্বের সহিত ব্রহ্মপূত্রে ঝাঁপ দেব!

খগেন হাঁপাতে হাঁপাতে এসে বলল, শানেছ? পাঁচকড়ি বলল, কি শানব?

ভেবেছিলে বৃঝি মনের আনন্দে রেলের কাজ করবে? তুমি ঝান্ডা নাড়বে আর সুনীল 'টরে টক্ক' করবে! ওসব হচ্ছে না যাদ্! জাপানীদেব হাতে মরতে হবে ঝাঁকেঝাঁকে তাই আমাদের থাকতে হবে সামনে, তা না হলে ও'রা 'হিরোয়িক রিট্রিট' করবেন কেমন কবে! খবর রাথ কিছ্? কাল থেকে চাঁদমারী সুরু হচ্ছে!

করেকজনের মুখ দিয়ে বেরিয়ে আসে অম্ফর্ট আর্তনাদ, চাঁদমারী। জণ্ণলের মধ্যে পাহাড়ের কোলে চারিদিকে লাল নিশান প্রতে স্বর্ হল চাঁদমারী! সকাল আটটায় যারা ডিউটীতে যাবে তারা চাঁদমারী সেরে যাবে। আর আটটায় যারা নাইট ডিউটী থেকে ফিরবে তারা চাঁদমারী সেরে ক্যাম্পে ফিরবে। নাইট-ডিউটী ফেরং ক্লাম্ত নিদ্রাতুর ছেলেরা টলতে টলতে চাঁদমারীতে আসে। মোট কথা, কোম্পানির প্রত্যেকটি লোককে স্বহস্তে পাঁচরাউন্ড করে গ্রাল ছুড়তেই হবে!

চাঁদমারী স্ব্র্হল। ষাটগজ দ্বে টারগেট। ছেলেরা উপ্যুড় হয়ে শ্বুরে বাঁহাতের কণ্ইটা মাটির ওপর রাখে। বাঁহাতের পাতার ওপর পরেন্ট-অফ-ব্যালান্স রেখে ডানহাতের ম্ঠোয় রাইফেলের গ্রিপ মজব্ত করে চেপে ধরে। দ্হাতের জোরে কাঁধের ওপর বাট ঠেসে ধরে তার ওপর ডানগাল রাখে। বাঁচোখ ব্জে ব্যাকসাইট'এর ইউ'এর মধ্যে দিয়ে ফোরসাইট'এর নক্ আর টারগেটের ব্ল সমান্তরাল করে নেয়। টার-গেটের ওপর মন কেন্দ্রীভূত করে নিঃশ্বাস বন্ধ করে। ট্রিগারের ওপর

তর্জনি রেখে অপেক্ষা করে ফায়ার-অর্ডারের। জমাদার সাহেব পাশে বসে হাঁক পাড়েন, সামনে তুমহারা জাপানী দ্বমন—ঠিকসে নিশানা লেও!

লেফটেনাণ্ট প্যান্সি হ্রুকুম দেন, য়েনেমি এ্যাট্ ইওর ফ্রণ্ট, **ফাইভ** রাউন্ডস্—রিপিট্—ফারার্—

মন্হ্তের জন্য ছেলেদের মনের কোণে ঝলক দিরে ওঠে, যারা আজ তাদের এই যুদ্ধের মধ্যে টেনে এনেছে, যারা আজ জ্বলুমে আর জবর-দিহততে তাদের জীবন দ্বিসহ করে তুলেছে, তাদের ওপর ছেড়ে দেওয়া যেত এই গ্রিলর ঝাক!

চাঁদমারী শেষ করে অনন্ত ষ্টেশনে যায় ডিউটীতে। **সিভিলিয়ান** এ-এস-এম জিজ্ঞেস করে, অনন্তবাব**ু আপনার বাড়ী কোথায়**?

কলকাতায়। কেন?

একটা বড় দ্বঃসংবাদ আছে তাই জিজ্জেস করছিলাম। দুঃসংবাদ! আমার?

ঠিক আপনার কিনা বলতে পারি না। কিন্তু কলকাতায় **যাদেরই** বাড়ী তাদের স**রূলে**র!

আহা মশাই, ভণিতা ছেড়ে ব্যাপারটা কি তাই বল্বন না! জানেন, কাল দ্বপ্বরে জাপানীরা কলকাতায় বোমা ফেলেছে! অনত্ত সীট থেকে লাফিয়ে ওঠে, এগাঁ! বোমা! কলকাতায়? এ-এস-এম বলল, হ্যাঁ।

ক্ষণেকের জন্য অনন্তর হাত-পা অবশ হয়ে যায়, ধপ করে আবার সে ট্রলটার ওপর বসে পড়ে। ধীরে ধীরে তার মাথাটা ভারী হয়ে আসে, ঝুকে পড়ে বুকের ওপর।

একট্ব পরে চোথ তুলে সে তাকায় এ-এস-এম এর ম্থের দিকে। সে বেচারট্ট ফ্যালফ্যাল করে অনন্তর ম্থের দিকে চেয়ে আছে. নিজেকে যেন মনত অপরাধী মনে করছে এমন একটা খবর দেওয়ার জন্য। আর অনন্তর দ্িটি চলেছে রকেটের মত ছর্টে রক্ষপত্র পার হয়ে আসাম ছাড়িয়ে বাঙলায়! বাঙলার সোনার মাটি মাড়িয়ে সব্জ গাছের ছায়ায় ছায়ায় গিয়ে পে চৈছে কলকাতার পিচঢালা ঝকঝকে তকতকে রাস্তায়! রাস্তার পর রাস্তা পার হয়ে তার এ দাে ঘ্ণধরা বাড়ীর সামনে। হঠাং

তার দৃষ্টি থমকে যায়! ঘাড়-মাথা গণ্বজে এ'দো ঘ্রণধরা বাড়ীটা ম্থ থ্রড়ে পড়ে রয়েছে! তার মা দাদা বেদিরা! এরা কি কেউ.বে'চে নেই! বাঁচার মত অবসর কি এরা কেউই পায়নি? তাদের জীবনের কোন আভাষতো সে পাচ্ছে না! একটা গোঙানির শব্দওতো ওই ধর্ংসদত্প ভেদ করে বেরিয়ে আসছে না! তাহলে কি সব শেষ! এই মান্যগ্লো যারা আর কিছ্কেণ আগেও বে'চে ছিল, কয়েকদিন আগেও যারা তাকে চিঠি লিখেছে প্রবর্গর বিয়ে করতে, ব্রক ভরে চেয়েছে স্থ-শাদ্তিতে ঘর করতে তারা আজ কেউ নেই! জাপানীরা বোমা ফেলে সব শেষ করে দিলে! মুছে দিলে তাদের সমস্ত আশাআকাঙ্খা এই প্থিবী থেকে!

ঝট করে অনন্ত উঠে পড়ে হনহন করে হাঁটতে থাকে ক্যান্সের দিকে। ছুটী তার চাই-ই। কোম্পানি থেকে ছুটী যদি না দেয় তাহলে সে আজই ফোর-ডাউন আসাম মেলে পালিয়ে যাবে! বাড়ী সে যাবেই। যাদের নিয়ে তার জীবন, যাদের জন্য সে বে'চে আছে তাদের মরা-বাঁচা সে নিজের চোখে দেখবে!

ভৌশন পার হয়ে ইয়ার্ডের মধ্যে দিয়ে অনন্ত চলেছে। হঠাৎ সেথেমে যায়। কিন্তু লীলাও কি বাঁচবে না এই বোমার হাত থেকে। সারা কলকাতা সহরই কি জাপানীবা বোমায় বোমায় গাঁড়িয়ে দেবে! কিন্তু লীলাতো আর ও-বাড়ীতে থাকে না। তার সঙ্গোতো লীলার আর কেন সম্পর্ক নেই! কোটে দাঁড়িয়ে তার সঙ্গে সমস্ত সম্পর্ক শেষ করে দিয়েছে। তব্তু লীলা বাঁচুক। হয়তো কোনদিন সে লীলার সঙ্গে একটা বোঝাপড়া করতে পারবে, হয়তো পারবে আবার লীলাকে ফিরিয়ে আনতে, হয়তো আবার তার জীবন স্বর্ হবে শান্তির একটি নীড়ের মধ্যে। কর্ণভাবে সে মিনতি জানায়, আহা লীলা বাঁচুক! লীলা বেণ্চে থাক!

ক্যান্সের মধ্যে ঢ্বকে দেখে সমসত ছেলে ফল-ইন করেছে মাঠের মধ্যে। প্যারেড-ফল-ইন নয়। যে যেমন অবস্থায় ছিল ঠিক সেই অবস্থায়, কেউ লহ্নিংগ পরে খালি গায়ে! কেউ হাফ-প্যান্ট পরে খালি পায়ে! কেউ ফ্লে-ইউনিফর্মে খালি মাথায়! তাকে দেখতে পেয়ে স্ববেদার সাহেব কর্বাস্বরে ডার্কলেন, অনন্ত, এখানে এস! ছেলেদের সামনে দাঁড়িয়ে মেজর ব্রাউন বলছেন, কলকাতায় বোমা পড়েছে, এখবর তোমরাও শ্বনেছ আর আমিও শ্বনেছি। বাড়ী যাওয়ার ছ্বটী তোমরাও চাইছ আর আমিও চাইছ। কিন্তু কে আজ কাকে ছ্বটী দেবে! আমি কার কাছে ছ্বটী চাইব! কলকাতায় আমারও বাড়ী। পার্ক জ্বীটের এক ফ্ল্যাটে থাকে আমার দ্ব্রী, মাই বিউটিফ্বল এ্যান্ড ডিয়ার ওয়াইফ! আর দ্বটি ছোট ছেলেমেয়ে! আমি এখনই তাদের কাছে ছ্বটে যেতে চাই। আমি শ্ব্রু একজন মিলিটারী-অফিসার নই, আমিও একজন মান্ব্য! একজন পিতা! কিন্তু কেমন করে আমি যাব! আমরা যদি আমাদের পোষ্ট ছেড়ে চলে যাই, তাহলে জাপানীরা সমস্ত ভারতবর্ষটাকে বর্মা বানিয়ে ফেলবে! সেই জন্যই আমরা আজ ছ্বটী পেতে পারি না। আমার দ্ব্রী আর ছেলেমেয়ে যদি মরে গিয়ে থাকে তাহলে আমার যাওয়া নিরর্থক হবে। আর যদি তারা বেণ্চে থাকে দ্যাটস ওয়েল এয়ান্ড গ্বড! লেট আস হোপ সো!

ক্যান্স্পের ছেলেরা ধীরে ধীরে যে যার তাঁবনতে ফিরে যায়। আর অনত যান্ত্রিক গতিতে ঘুরে দাঁড়িয়ে আবার চ্টেশনের দিকে চলতে থাকে!

ক্যান্দেপর ছেলেদের চাঁদমারী শেষ হলে আসতে থাকে ডিট্যাচমেন্টের ছেলেরা একেবারে পাততাড়ি গ্রুটিয়ে। এইভাবে চলে আসার পেছনে যে সঙ্কেত রয়েছে ছেলেরা তা ব্রুতে পারে। জলপনাকলপনায় তেমন আর উৎসাহ জাগে না, এ্যাডভেণ্ডার আর রোমাণ্ডকতার ব্রুলিও কেউ কপচায় না। তারা জানে, তারা চলেছে আরও এগিয়ে! কলকাতায় বোমা-পড়া থেকে ছেলেরা আন্দাজ করতে পারে যুন্ধ পরিস্থিত। কেবল বারবার ভেসে ওঠে তাদের চোখের ওপর ইভ্যাকুয়েশনের দৃশ্য ! যুন্ধ-দানবের যাঁতাকলে দলে-পিধে-গুর্ভিয়ে যাওয়া মানবতার রক্তাক্ত ছবি!

মেঁজর রাউন রোঁল-কলে দাঁড়িয়ে জানিয়ে দিলেন কোম্পানি মুভ করছে মণিপুর রোডে! আসাম-বর্মা সীমান্তের স্নায়্কেন্দ্র, বিরাট রেল-হেড! সেইখানে কোম্পানিকে পূর্ণ দায়ীত্ব নিয়ে কাজ করতে হবে।

মণিপরে নামটাই কেমন যেন ভয়াবহ! মণিপরে জাপানীরা বিদ্বং করেছে, মণিপরে থেকে অসংখ্য ইভ্যাকুয় সমস্ত আসামে ছড়িয়ে রয়েছে! আজও, তারা তাদের গ্হে ফিরে যেতে পারেনি। মণিপরে রাজ্যের রাজ্যানি ইমফল থেকে বারমাইল দ্বে কাঙলাটোঙবিতে জাপানীরা ঘাঁটী গেড়ে বসে আছে!

ক্যান্সের ধারে সাইডিং-লাইনে কোম্পানির জন্য রেক পেলস হল ছেলেরা স্বাভাবিকভাবেই মালপত্র বোঝাই করল। রোল-কলের পর মার্ন থেকেই গাড়ীতে উঠল। ট্রেণ ছাড়ল সতেরটা-পঞ্চার্ন মিনিটে। চাপারম্ব পেশছতে বাজল রাত প্রায় দশটা। খানা খাওয়ার জন্য গাড়ী পেলস হব সাইডিঙে। সমস্ত কোম্পানির জন্য পর্বার-মাংস আর টিনের ফল মেজর রাউন অফিসারদের সঙ্গে করে ছেলেদের মধ্যে ঘ্রুরে ঘ্রুরে বেড়ান ঠাট্রা-রিসকতা করেন, আরও মাংস পর্বার নেওয়ার জন্য পিড়াপিড় করেন

খণেন বলল, ব্যাপার কি! কেমন যেন নতুন নতুন ঠেকছে!

পাঁচকড়ি বলল, তাই বটে। আমরা হচ্ছি লাথির-টে'কি! লাথি বদলে চড় মারলে মনে হয় বুঝিবা হাত বুলচ্ছে।

অনন্ত বলল, আসল কথা কি জান? এখন যে গলায় পা পড়ে তাই সকলে দয়ার অবতার! কাজ উন্ধার হলেই নিজম্তি ধরবে। লামডিঙে ভোর হল। হ্কুম এল, ফল-ইন ফর ফ্রেশ-এয়ার! পাঁচকড়ি বলে ওঠে, ও বাবা, যাইযে! এ আবার কি হলরে! ট্রেণ-পিকেটরা বলল, প্ল্যাটফরমে নেমে যে যার ইচ্ছামত ঘ্রের ফি বেড়াও, কিছ্কুশণের মধ্যেই চা দেওয়া হবে।

চায়ের সংগ্য বিস্কৃট আর জ্যাম দেওয়া হয়েছে। ছেলেরা দল বে' ঘ্রের ঘ্রের বেড়াচ্ছে, কেউ যেন তাদের ওপর মাতব্বরী করার নেই! প কডি আবার বলে ওঠে, এ যে একেবারে রামরাজত্ব ব'নে গেল রে!

অফিসাররাও ছেলেদের সঙ্গে লাইন দিয়ে চা নিয়েছেন, ঘ্রুরে ঘ ছেলেদের সঙ্গে গল্পগর্জব করছেন। অমলদের দলটার সামনে ও লেফটেনান্ট প্যান্সি হেসে জিজ্জেস করেন, মিলিটারীতে ঢ্রকে নিশ্চ তোমরা দুঃখিত হওনি?

স্নীল বলল, নেভার স্যার।

প্যান্সি সাহেব আরও কাছ ঘে'ষে এসে বললেন, বাড়ীতে নিশ তোমরা এমন রেকফান্ট খেতে না ? খণেন চাপা গলায় বলে ওঠে, ওরে শালা, মনে করেছে কি ! আমরা কাঙালী নাকি?

জয়ন্ত বলল, না স্যার, সেইজন্যইতো আর্মিতে ভর্তি হয়েছি! প্যান্সি সাহেব বললেন, কেবল এই জন্য! আর কোন কারণ নেই? না, বাড়ীতে খেতে পাইনি, কোন চাকরি যোগাড় করতে পারিনি, তাই সাবে আমরা মিলিটারীতে ভর্তি হতে বাধ্য হয়েছি।

প্যান্সি সাহেবের মুখের হাল্কাভাব সরে যায়, চোখ কুণ্চকে জয়ন্তব মুখের দিকে তাকিয়ে বললেন, দেন ইউ ওন্ট ফাইট দি জ্যাপস্?

জয়নত হেসে বলল, কারও বির্দেধ লড়ে জীবন দেওয়ার জন্য আমরা মিলিটারীতে ভর্তি হইনি। আমরা মিলিটারীতে এসেছি নিজে বে চে বাড়ীর লোককে বাঁচাতে!

প্যান্সি সাহেব তেড়ে ওঠেন, দেন ইউ আর এ ফিফ্থ্ কলামনিষ্ট ! জয়ন্ত বলল, এ্যাজ ইউ প্লিজ টু থিৎক স্যার।

প্যান্সি সাহেবের হাত নির্সাপিস করতে থাকে, উত্তেজিতভাবে এদিক-ওদিক চাইতে থাকেন। অনেক ছেলে এসে .জড় হয়েছে। জমাদার দাশগ্নুতকে দেখতে পেয়ে প্যান্সি সাহেব ডাক দেন, জমাদার সাব, কাম্ হিয়ার— জমাদার সাহেব কাছে আসতেই জয়ন্তকে দেখিয়ে ফেটে পড়েন, এ্যারেন্ট হিম! হি ইজ এ ফিফ্থ্ কলামনিন্ট!

জমাদার সাহেব খুশীতে দাঁত বার করে বললেন, দিস ইজ দি রিবেল গ্রুপ স্যার—জয়ন্তকে দেখিয়ে, এ্যান্ড দিস ইজ দি রিং-লিডার—জয়ন্তর কাঁধে একটা হাত রেখে বললেন, চল তাহলে!

হঠাং অমল ঠেলেঠ্বলে সবার সামনে এসে বলে উঠল, এই কারণে বিদ জয়ন্তকে এ্যারেন্ট করা হয় তাহলে আমাদেরও এ্যারেন্ট করা উচিত! জমাদার সাহেব থতমত খেয়ে যান, প্যান্সি সাহেবও কেমন যেন অস্বস্পিত বোধ করতে খাকেন। এদিক-ওদিক থেকে আরও ছেলে এসে জড হয়েছে। পরম্পরে জিজ্ঞাসাবাদ করছে, ব্যাপারটা কি!

জমাদার সাহেবের পাশের ছেলেটি বলে ওঠে, মামার বাড়ী আর কি!
, স্ভলিকা ক্রমেই বড় হয়ে উঠেছে। প্যান্সি সাহেবের মুখ ক্রমেই
লাল হয়ে উঠছে আর জমাদার সাহেবের মুখটা ফ্যাকাশে মেরে যাছে।

মেজর রাউন কোথা থেকে এসে ঠেলেঠ্বলে কুণ্ডলিটার মাঝখানে চকে বললেন, হোয়াটস দি ম্যাটার প্যাদিস?

প্যান্সি সাহেব সংক্ষেপে ব্যাপারটা বললেন। সমস্ত শানে মেজর রাউন হো হো করে হেসে উঠলেন, হি ইজ রাইট প্যান্সি, দ্যাটস দি রিয়াল ইন্ডিয়ান সেন্টিমেন্ট— জয়ন্তর পিঠ চাপড়ে বললেন, সাব্বাস! দ্যাটস লাইক এ ব্রেভ বয়!

প্যানিস সাহেবকে সঞ্গে নিয়ে তিনি চলে গেলেন। হতভদ্ব ছেলের দল কিছ্কুণ চেয়ে রইল তাদের দিকে। তাঁদের পেছন পেছন চলেছে জমাদার দাশগ্বুণ্ত ভয়-পাওয়া কুকুরের মত পেছন দিকে চাইতে চাইতে!

পাঁচকড়ি আপন মনে বলে ওঠে. নাঃ, ব্যাপার তেমন স্বিধের নয়!
এ যেন কেমন কেমন ঠেকছে!

মণিপরে রোড ষ্টেশনটা যে জারগার সে জারগাটার নাম ডিমাপরে।
মণিপরে রাজ্যে যেতে হলে মণিপরে রোড ষ্টেশনে নেমে পাহাড়ী রাস্তার
মোটরে যেতে হর ১৩২ মাইল। সমস্ত ডিমাপরে জারগাটার মধ্যে বসতি
বলে কোন বালাই নেই, আছে জ্ঞালের ফাঁকে ফাঁকে কিছু কিছু মিকির
আর মিরি উপজাতীয়দের বিস্ত। তাদেব কাছে গভ্যতর জীবনের কোন
সংবাদ আজও পেণিছার্যান।

ভিমাপন্ব সহর গড়ে উঠেছে রেল ভেশন্টিকে কেন্দ্র করে। বৃহৎ ভেশন, লোকো-সেড, গ্রুডস-সেড, কয়েকটা সাইডিং লাইন, এই ছিল বৃন্ধপূর্ব ভেশন। তারই গা ঘে'ষে বাজার, যৃন্ধপূর্ব যুগে এই বাজারটি ছিল ইমফলের ব্যবসায়ীদের যাত্রীনিবাস। এখানে ছিল কয়েকটি খাবারের দোকান, গোটাকয়েক দেশী হোটেল আর রাত্রিবাসের জন্য মাঠকোঠার ওপর ঘর। তখনকার দিনে ব্যবসায় ছিল চাল চিণ্ডে সন্পারি তাঁতের রকমারি কাপড়ের চালানি কারবার। জলের দরে জিনিস কিমে আনত ইমফল থেকে আর এখানে বসে চালান দিত কলকাতায়। যুল্ধের দাপটে সে কারবারে ঘুণ ধরে গেছে। তাই তারাই এখন মনোহারি দোকান খুলে সৌখিন রেস্তেরারা চালন্ করে সৈনিকদের পকেটকাটার ফলাও কারবার ফেণ্টে বসেছে। দোকানগুলো চলে মিলিটারী আইনের আওতায়

অর্থাৎ ডিমাপরে বেস'এর এ্যাডামিনিড্রেটিভ-ক্মান্ডান্টকে উপযুক্ত সেলামী দিতে পারলেই একটি লাইসেন্স আর ডিমাপরে বাজারে একটি লাইসেন্স মানে রাতারাতি বড়লোক!

ডিমাপরে এখন মিলিটারী এলেকা! কাজেই নাগরিক জনসংখ্যা যা-ও বা কিছু ছিল তারা পাততাড়ি গুর্টিয়ে চলে গেছে। সমস্ত ডিমা-পরেটাই মিলিটারীতে ঠাসা। রোজই নতুন নতুন কোম্পানি আসছে, তারাই বনবাদাড় কেটে সাফ করে ক্যাম্প ফেলছে। এর ফলে অসংখ্য নতুন রাস্তা হয়েছে, জায়গায় জায়গায় তাঁব্র বদলে কাঁচায়-পাকায় ব্যারাক তৈরী হয়েছে১ ডিমাপুর একটি ক্যান্টনমেন্টে পরিণত হয়েছে।

ডিমাপনুরে পেণছে কোম্পানি ভৌশনের দন্ধারে ছেণ্টাবেড়ার রেলওয়ে-কোয়ার্টারে গিয়ে উঠল। ভৌশনের পেছনে পাকা কোয়ার্টারগনুলোয় উঠল বি-ও-আর'রা। অফিসাররা উঠলেন পি-ডব্লিউ-ডি বাঙলোয়। কোম্পানির অফিস হল ভৌশনের আপার-ক্লাস-ওয়েটিং-বনুমে।

দ্বিতীয় দিনেই সিভিলিয়ানদের কাছ থেকে কাজ বৃঝে নেওয়া স্র্র্
হল। বিরাট ভেঁশন তার তিনটে ভাগ—মেইন-ইয়ার্ড, ইণ্ট-ইয়ার্ড আর
ওয়েণ্ট-ইয়ার্ড। মেইন-ইয়ার্ডে চলে যাতায়াতি ট্রেণ, ইণ্ট-ইয়ার্ডে রয়শন
ক্রোদং ক্যান্টীন্-গ্রুডস এয়ম্বিশন ইত্যাদি খালাস করা হয়। ওয়েণ্টইয়ার্ডের আবার চারটে ভাগ—ওয়েণ্ট-ইয়ার্ড ওয়েণ্ট-য়ৢয়সস-সাইজিং
মার্সালিং-ইয়ার্ড আর সাইজিং-লাইন। সাইজিং লাইনে প্রথমে পড়ে
তিনটে পেট্রল-সাইজিং তারপর জিরো-সাইজিং, তারপর ডেড্ বজিসাইজিং, তারপর রেণ্ট-কয়ম্প সাইজিং আর লাইন শেষ হয়েছে
হসপিট্যাল-সাইজিঙে।

কোম্পানির ছেলেরা খ্ব খ্শী। তাঁব, ছেড়ে ঘরে থাকা এটাইতো একটা অভাবনীয় ব্যাপার! তার ওপর সকলেই করে স্বাধীনভাবে রেলের কাজ! দায়ীত্ব সমস্তটাই তাদের, এমন কাজে উৎসাহ আসে! একেবারে দায়ীত্ব দিয়ে তাদের কাজে বহাল করে দেওয়া হয়। যে কাজ জানে না সে প্রাণের দায়ে কাজ শিখে নেয়, নইলে ট্রেড-পে কাটা যাবে!

মোটামন্টি কাজ যখন চালা হয়ে গেছে তখন হঠাৎ একদিন জয়ন্তর

ভাক শড়ল কোম্পানি অফিসে। সোহরাব এসে হাঁক দেয়, জয়•তবাব্র, মেজর সাহেব আপনাকে ভাকছেন!

অনন্ত যেন চমকে ওঠে, মেজর সাহেব ডাকছেন! জয়ন্তকে? পাঁচকড়ি সোহরাবকে জিজ্জেস করল, কেনরে, জানিস নাকি কিছ্ন? আমিতো ঠিক বলতে পারছি না!

স্নীল বলল, মেজর সাহেবের মেজাজটা কেমন দেখাল রে? সোহরাব বলল, এ শালার মেজাজতো দেখি সব সময়েই ভাল।

জয়নত অফিসঘরে পেশছতে মেজর সাহেব হেসে তাকে কাছে ডাকলেন, সামনের চেয়ারে বসতে বলে জিজ্ঞেস করলেন, এখন তার ডিউটী আছে কিনা। তারপর স্বর্করলেন খোস গল্প, এটা—সেটা! নিজেই জানতে চাইলেন তার মিলিটারীপ্র জীবনের সমস্ত খ্টিনাটি, তার বাড়ীতে কে কে আছেন, তাঁদের মধ্যে কে কি করেন, সংসার কেমনভাবে চলে।

তারপর আলোচনার ধারাটা মোড় ঘোরে। ক্রীপস-প্রস্তাব ষে কংগ্রেসের গ্রহণ করা উচিত ছিল সে কথা মেজর রাউন বেশ জাের দিয়ে বললেন। অগাণ্ট-আন্দোলনের ফলে এই বিবাট লন্ডভন্ডের জন্য কংগ্রেসই দায়ী। সাধারণ ভারতীয়দের মনাভাব সম্বন্ধে বলতে গিয়ে লামডিঙে জয়ন্ত যা বলেছিল, সে কথা আরও একবার তিনি সমর্থন করলেন। এতক্ষণে যেন জয়ন্তর কাছে সমস্ত ব্যাপারটা পরিষ্কার হয়ে আসে।

সিগারেট অফার করে মেজর রাউন জয়ন্তর নিভীকিতার প্রশংসা কবে বললেন, আই লাইক রেভ মেন্! আই ওয়াণ্ট টা নো দেম্!

এতক্ষণে জয়নত মেজর সাহেবের সামনে টাইপ-করা কাগজটার দিকে লক্ষ্য করে। মুভমেণ্ট অর্ডার! তার সমসত শরীরটায় কাঁটা দিয়ে ওঠে! ওঃ, এরই নাম ব্টীশ শাসন! মুখ তুলে জয়নত মেজর ব্রাউনের মুখের দিকে চাইল। সহাস্য মুখে তিনি কাগজটা জয়নতর দিকে এগিয়ে ধরলেন। তার মুখের দিকে চেয়ে থেকে জয়নত কাগজটা ভাঁজ করতে লাগল।

মেজর সাহেব বললেন, ছু ইউ নো হোয়াট ইজ ইন ইট?

ইয়েস স্যার, আই এর্গার্ন্টিসপেটেড ইট লং এগো! খট্ করে পা দুটো জ্যেড়া করে জয়ন্ত স্যালিউট করল।

হেসে মেজর সাহেব প্রত্যাভিবাদন জানালেন।

নাইট-ডিউটীর পর বিত্রশঘণ্টা রেষ্ট। অমল আর পাঁচকড়ি ডিউটী থেকে ফিরে কোনরকমে একখানা করে পর্নর আর একমগ চা খেয়ে ঘর্মিয়ে পড়েছে। স্নাল হর্ড়মন্ড করে ঘরে ত্রকে অমলকে ঠেলাঠেলি স্বর্বু করে দিল। ধড়মড় করে উঠে পড়ে অমল বলল, কি হয়েছে! এাাঁ!

স্নীল বলল, ভয় নেই! জাপানীরা বোমা ফেলেনি, স্লিট-ট্রেঞে যেতে হবে না। একটা স^{*}খবর দিতে এসেছি।

পাঁচকড়িও উঠে পড়েছে, বিরক্তিভরে বলল, চটপট বল মাইরী! আর জনালাসনি, একটু ঘুমোতে দে।

স্নীল বলল, অমল আজই ছ্টোতে যাচ্ছে। যাতায়াতের সময় ছাড়া বাড়ীতে থাকবার একুশদিন ওয়ার-লিভ!

পाँচকড়ির ভ্রদুটো কু'চকে ওঠে, এ ছুটী कि শর্ধ, অমলের জন্য ?

স্নাল বলল, না। আজ যাচ্ছে কুড়িজন আবার আসছে হ**ং**তায় যাবে আরও কুডিজন, এইভাবে প্রতিসংতাহে যাবে কুডিজন করে।

পাঁচকড়ি বলে ওঠে, বলিস কিরে! এযে দেখছি ফাঁসির খাওয়া! এর পরই কি শূলে চড়াবে নাকি!

স্নাল চলে গেলে অমল আর পাঁচকড়ি আবার শ্রের পড়ল। নরম একটা খ্শীতে অমলের মনটা শিরশির করছে। পাশ ফিরতে ফিরতে পাঁচকড়ি বলল, তুমি আর ছুটৌ থেকে ফিরে এস না অমল!

অমল হেসে বলল, এমন কথা আর কোনদিন মুখেও এন না।

বিকেল সাড়ে-ছটার থ্রি-থার্টি-ডাউনে অমল উঠে বসল। জ্রাইভার লাইন-ক্লিয়ার পেয়ে হুইসিল দিয়েছে। অমল ঘাড়টা বাড়িয়ে দেখতে থাকে গার্ড সিগন্যাল দিচ্ছে কিনা। পাঁচকড়ি অমলের কানের কাছে মুখ এনে ফিসফিস করে বলে, সকালে যা বলেছিলুম মনে রেখ।

গাড়ী ছাড়ল। জানুনমাসের গরম, সমস্ত শরীরটা যেন ভেপসে উঠেছে। অমল জামার বোতাম ক'টা খুলে দিয়ে বাইরের দিকে ঝ'কে বসে। গায়ে ফারফার করে হাওয়া লাগছে, খুশীতে মনটাও যেন ভেসে চলেছে। গাড়ীতে অসম্ভব ভীড়, ষাত্রীর অধিকাংশ সৈনিক। দাটারজন যে সিভিলিয়ান রয়েছে তারা ভয়ে জড়সড় হয়ে আছে। অমল প্রতিটি

সৈনিকের ম্থের দিকে চেয়ে ভাবে তারাও বোধহয় তারই মত ছ্টীতে যাছে। হঠাৎ মনে পড়ে পাঁচকড়ির কথা! পাঁচকড়ির সহান্ভূতি আর মমতা যেন তার মনটার ওপর সন্দেহে হাত ব্লিয়ে দিতে থাকে!

ট্রেণ চলেছে, গাড়ীতে মৃদ্ব দোলানি লাগছে, অমলের শ্রান্ত অবসম্ন মনটাও ঝিমিয়ে আসছে। মৃদ্ব খ্নশীর হাসিতে ঠোঁটটা কু'চকে উঠছে, তাহলে সে সতিাই বাড়ী যাছে! ওঃ কতদিন পরে! হিসেব করে দেখে, পনেরটি মাস তার কেটে গেছে সৈনিকজীবনে!

ভোর বেলায় পেণছল পান্ডুতে। ফেরী পার হয়ে উঠে বসে পার্বতীপ্রের গাড়ীতে। আমিনগাঁও ণ্ডেশন, ছবির মত তার চোথের ওপর ভেসে ওঠে সেই ইভাাকুয়ীদের ভীড়। সেই ওয়েটীং-র্মের চালা, সেই বাজার! আর তাদের ক্যান্থের সেই মাঠটার অবস্থা কি! রক্ষপত্র আজও সেই বিস্তীর্ণ, সেই একই গতিতে হহু করে নেমে চলেছে। হ্যাঁ, হ্যাঁ, তার জীবনও বহুে চলেছে! মনে পড়ে তার ভাবপ্রবণ মনের সেই যুগের কথা! ভেবেছিল তার সদিচ্ছা আর সেবা দিয়ে দুর্গত মান্বের দুঃখ মাচন করবে! হাসি পায় তার নিজের কথা ভেবে। মনে পড়ে সেই মান্ব্যুল্লার কথা যারা এত দুঃখ কন্টেও মরতে চায়নি। আচ্চা তারা গেল কোথায়।

, লালমনিরহাট থেকে যেন দৃশ্য পরিবর্তন হতে থাকে। অগনন লোক লাইনের দুধারে জমা হয়েছে, চলন্ত ট্রেণব পাশে পাশে দৌড়দৌড়ি করছে! ট্রেণ থেকে ছুড়ে দেওয়া একপ্যাকেট বিশ্বিকট বা একটা পয়সার জন্য তারা মারামারি কাড়াকাড়ি করছে! অমল যেন সন্ত্রুসত হরে ওঠে. এই তাহলে দুভিক্ষের চেহারা! ক্যান্সেপ বসে তারা শুনেছে দুভিক্ষের কথা, আলোচনাও করেছে, সাহাষ্য পাঠানর ব্যবস্থাও করেছে—কিন্তু মনেতা তাদের কোন দাগ কাটেনি!

ঈশ্বরদী ভৌশনে গাড়ী থামে আটমিনিট। অমল গাড়ী থেকে নামতে সাহস পার না, মিলিটারী দেখলেই বৃত্তুক্ষিতের দল ছে'কে ধরে! দেয়ালে হেলান দিয়ে কোণ-ঠেসে সে বসেই থাকে। জানলার ওপর দিয়ে এগিয়ে আসে একথানি নিরাভরণ বিশীর্ণ হাত। মৃথ বাড়িয়ে অমল দেখতে পার লম্বা একটি অবগ্রুপ্টন! নীরব নিথর সে হাতখানা নড়ে না, কোন ইণ্গিতও জানায় না, থেকে থেকে কেবল কে'পে কে'পে ওঠে!

সন্থ্যে ঘনিয়ে আসছে, চারিদিক থেকে আঁধার আসছে নেমে। অন্ধ-কারের খাঁজেখাঁজে কঙকালসার মান্যগ্রেলা যেন তাদের শীর্ণ হাতথানি বাড়িয়ে দাঁড়িয়ে আছে। অমল কেমন যেন শঙ্কিত হয়ে ওঠে! এতগ্রেলা মান্য ঘর ছেড়ে বাইরে এসেছে! নির্লাজ্জের মত হাত পেতে ভিক্ষা চাইছে! ওঃ বর্ভক্ষিত মান্যের কি কদর্য চেহারা!

অমলের পাশের ভদ্রলোকটি একঠোঙা খাবার নিয়ে খেতে স্বর্ কর্রোছলেন। প্রসারিত হাতখানা দেখে ঠোঙাটা সামলে রেখে বলে ওঠেন, আঃ একট্ব শান্তিতে দ্বটো দানা পেটে দেওয়ারও যো নেই! জলে স্থলে অন্তরীক্ষে যেখানেই আপনি একদানা খাওয়ার জিনিস বার করবেন সেইখানেই এদের কঙ্কালসার হাত ঠিক হাজিব হয়েছে!

ব্যাগ থেকে একটি টাকা বার করে অমল সেই হাতটির ওপর ফেলে দিল। হাতটা আচমকা কু'চকে উঠে ধীরে ধীরে সরে গেল। ভদ্রলোক আমলের দিকে কটমট করে চেয়ে থাকেন! সে দ্ভির সামনে অমল কেমন যেন অম্বঙ্গিত বোধ করতে থাকে। ভদ্রলোক খে'কিয়ে উঠলেন, ভাবলেন বুঝি একটা টাকা দিয়ে বিরাট দেশের কাজ করে ফেললেন?

বিস্মিত দ্ভিতৈ অমল ভদ্রলোকের মুখের দিকে চেয়ে রইল। ভদ্র-লোক বলে চলেছেন, আপনাদের আর কি! আছেন মজায় গভর্ণমেন্টের হোটেলে! খাচ্ছেন-দাচ্ছেন, নদ্ট করছেন, পচাচ্ছেন—তব্তু একটি দানা চাল এদিকে আসতে দেবেন না। মনে করেছেন কি আপনারা? আপনাদের মত শত্ত্বদের খাওয়ানর জন্য দেশশৃদ্ধ লোক উজাড় হয়ে যাবে?

আমল কেমন যেন নিজেকে অপরাধী মনে করে। তার মনে পড়ে, প্রতিদিন তাদের কোম্পানিতে অন্ততঃ পঞাশজনের ভাত-ডাল নন্ট হয়।
•ভদ্রলোক তখনও আপন মনে গর্জাতে থাকেন, ওঃ, ভারী মিলিটারী মেজাজ দেখাচ্ছেন! যেন ওই একটা টাকাতেই মানুষটা বেণ্চে যাবে!

অমল ভদ্রলোকের দিক থেকে চোখ ফিরিয়ে নেয়। মুহুর্তের জন্য সে চোখ ব্রজোয়। চিকিট্রে তার মনে পড়ে, বিমলতো বারবার তাকে টাকা বাড়াতে লিখেছে! তাহলে বাড়ীর অবস্থা কি?

শিয়ালদায় পে'ছিতে রাত হয়ে যায়। স্ল্যাটফরম থেকে বেরিয়ে

রাস্তায় এসে পড়তেই অমল থমকে দাঁড়িয়ে পড়ে। নিজের পোষাকের দিকে বারেক চেয়ে আপন মনেই বলে ওঠে, নাঃ এ পোষাকে ট্রামে-বাসে যাওয়া চলতেই পারে না! র্যাদ চেনাজানা কারও সংগে দেখা হয়ে যায়!

সোজা অমল একটা ট্যাক্সিতে উঠে বসল। বাড়ী পেণছৈ গালর মধ্যে নেমে ক্রন্ত দ্বিউতে আশপাশে নজর করে দেখে। গালর মধ্যে কয়েক পা ঢ্বকে সে চমকে ওঠে! কি যেন একটা তালগোল পাকিয়ে পাঁচিলের ধারে নড়াচড়া করছে! অমল সেইদিকে এগিয়ে গিয়ে বলল, কে?

দ্বটো ছেলে পাঁচিলের পাশ থেকে উঠে দাঁড়ায়। একটী বোধহয় বছরআন্টেক আর অপরটী তার চেয়েও ছোট। ছোটটা বড়টাকে দ্বহাতে আঁকডে ধরেছে! অমল বলল, কিরে, কি চাস ?

বাব, একট, ফ্যান! কাল রাত্তির হতে কিছ, খাইনি বাব,! তোদের বাড়ী কোথায়?

বাড়ী বাব, জয়নগর। বাপ-মা আমাদের হেরিয়ে গেছে বাব্!

অমলের সংগ্য ছেলেদ্বুটী চলতে থাকে! কাড়ীর দরজায় কড়া নাড়তে বিমল দরজা খ্বলে একট্ব ফাঁক করে উর্ণিক মারে। অমলকে দেখেই বলে, চটপট ভেতরে চলে আয়—একটা পাল্লা খানিকটা খ্বলে ধরে।

অমল পেছন দিকে চেয়ে বলে, আমার সঙ্গে দুটো বাচ্চা-

বিমল এক হে°চকায় অমলকে ভেতরে টেনে নিয়ে দড়াম করে দরজা বন্ধ করে দিল, খে°কিয়ে উঠল অমলের ওপর, এটা তোমার মিলিটারী ক্যাম্প নয়, ওসব নবাবী এখানে চলবে না!

অমল ঘরের মধ্যে এসে দাঁড়াল। রিণি দৌড়ে তার কাছে এল বটে কিন্তু তাকে জড়িয়ে ধরে কে'দে উঠল না! বিমল আর একটী কথাও বলছে না! মিনি সামনে এসে কিছ্কুণ তার ম্থের দিকে চেয়ে থেকে আবার রাল্লাঘরে চলে যায়! ননীগোপালবাব আর কমল বাড়ীতে দেই।

অমল কেমন যেন বিব্রত বোধ করছে! তার মনে হচ্ছে, সে যেন এখানে অবাঞ্ছিত। জামাকাপড় ছাড়তে ছাড়তে অমল চারিদিকে চেরে চেরে দেখছে, রিণি অনেক রোগা হয়ে গেছে! মিনিও তাই! বিমলের কপালের ওপর রেখাগ্বলো যেন কেটে কেটে বসেছে!

र्मिन हाला शलाश विमलक छाकल, वर्षमा अमिरक रमान-फिर्मिकन

করে কি যেন সব বলতে থাকে!

কিছ্মেণ পরে বিমল হঠাৎ চেচিয়ে ওঠে, আমাকে কি তোরা পাগল না করে ছার্ডবি না!

অমল ঠাকুমার সামনে গিয়ে বসতেই তিনি চোখ কু'চকে ঝ'বুকে পড়-লেন, কে র্যা—নজর করে দেখে বললেন, ওমা, আমি যে! কতক্ষণ এসেছিস? ছ'বুড়িগ্বলো আমাকে খবর দেওয়াটাও দরকার মনে করে না। ব্র্মাল দাদা, আমাকেতো এরা গেরাহাই করে না, মনে করে দাসিবাদী কি একটা! আমারও যেমন কপাল! পোড়া দ্বভিক্ষে এত লোক মরছে আর আমি যেন হয়েছি যমের অর্বচি—হঠাৎ চুপ করে আবার হে'কে ওঠেন, অরে অ মিনি!

কিছ্মুক্ষণ মিনির জন্য অপেক্ষা করে থাকেন তারপর আবার স্মুর্ করেন, দেখলিতো দাদা, ডাকলে একটা সাড়া পর্যন্ত দেয় না। ডেকে ডেকে মরে গেলেও সাড়া দেবে না, ওদের গেরাহিট্ট নেই!

र्मिन এरम वनन, वन कि वन हिल।

বলি শোননা ইদিকে, আমার কাছে আয়—

মিনি ঠাকুমার পাশে বসে। ঠাকুমা চাপা গলায় বলেন, আজ তোদের কি হচ্ছে? ভাত চড়েছে, না সেই পিশ্ডি! ছেলেটাকে কি করে সেই পিশ্ডি বেড়ে দিবি! এ্যান্দিন বাদে ছেলেটা বাড়ী ফিরল তাকেতো তাবলে ওই পিশ্ডি বেড়ে দেওয়া যায় না! দেখনা, অমির কাছ থেকে টাকা নিয়ে বিমলকে পাঠা না, কিছু, চাল যদি জোগাড় করতে পারে!

বাড়ীর মধ্যে অমলের যেন দম বন্ধ হয়ে আসে! তাকে বাদ দিয়ে এরা সমস্ত জলপনাকলপনা করে, তার অজানেতই বিলিব্যবস্থা হয়ে যায়, তাকে এড়িয়ে আড়ালৈ-আবডালে ফিসফিস করে। বাড়ীর আর তার মধ্যে কোথায় যেন একটা ব্যবধান খাড়া হয়ে গেছে! অমল মিনিকে বলেছে, আমাকেওতো কিছ্ কিছু বলতে পারিস।

মিনি উত্তর দিয়েছে, তুমি ব্রুতে পারনা কেন মেজদা! তোমায় বলে লাভ কি। আর দুর্দিন বাদেতো তুমি আবার চলে যাবে।

অমল আরও কুণ্ঠিত হয়েছে আরও বিব্রত বোধ করেছে, তার জন্য

সব ব্যাপারেই একটা বিশেষ বন্দোবসত করার চেণ্টা দেখে। প্রতিবাদ করার ইচ্ছে হয়েছে কিন্তু খাওয়ার সময় যখন ননীগোপালবাব, তার সামনে বসে খাওয়া দেখেন তখন তার চোখ জনালা করে ওঠে! পিতার সেই সম্নেহ চাহনি যেন তার সমস্ত দেহটাকে লেহন করে বেড়ায়!

বাড়ীতে অমল একট্ব কমই থাকবার চেণ্টা করে। ঘ্বরে বেড়ায় রাস্তায় রাস্তায়। দেখে কনট্রেলের লাইন! মনে পড়ে তার ইভাাকুয়ী-দের ট্রেণে ওঠার দৃশ্য। কি অম্ভূত সাদৃশ্য! সেই একই সংগ্রাম! কোন-মতে প্রাণটাকে দেহের মধ্যে ধরে রাখার জান্তব প্রয়াস!

চিল্লেশ টাকা দাম দিলে যত খুশী চাল পাওয়া যায়! অথচ ন্যাষ্য দামে চাল পাওয়ার জন্য গ্রাম থেকে গ্রামান্তরের লোক ছুটে এসেছে সহরে। কনট্রোলের দোকানের পাশে ফুটপাথের ওপর দিনের পর দিন হাজারে হাজারে লোক শুয়ে থাকে, রোদে পোড়ে, ব্লিটতে ভেজে, অকস্মাং একদিন মরে যায়! এওতা সেই ইভ্যাকুয়ীদের মত বাঁচবার জন্য পালিয়ে আসতে গিয়ে রাস্ভায়, ট্রেণে, ওয়েটিং-রুমে মরার মত! তাহলে এই দুভিশ্ব্ব আর যুদ্ধ একই ব্যাপার! দুয়েরই সেই একটিমাত পরিণতি! হাজারে হাজারে মরা।

পাড়ায় পাড়ায় বসেছে লাগারখানা! পাড়াব ছেলে-মেয়েরা প্রাণ ঢেলে খাটছে। তারাই রাল্লা করছে, তারাই পবিবেশন করছে। গ্রাম ছেড়ে পালিয়ে-আসা মানুখগন্লোকে তারা চাইছে বাচিযে রাখতে। কিল্ডু লাগারখানার খিচুড়ি খেয়ে কেউ বাম করতে স্বা, কবে, কারও কলেরা হয়। এই লাগারখানাগনেলাও কি বিনা প্রসায় চা-বিতরণকারা ইণ্ডিয়ান টী মার্কেটি এক্সপ্যান্সান বোর্ডের মত একই জাতেব মহানুভব প্রতিহঠান!

অমলের মনে প্রশ্ন জাগে, এই লংগবখানায় চল হাসে কোথ। থেকে! লংগর বসিয়ে দ্ভিক্ষি পীড়িতদের খিচুড়ি খাওরানর মত চাল ফলি শেনেশ থাকে তবে দ্ভিক্ষি হয় কেমন করে!

রাসতা দিয়ে চলতে চলতে অমল একটা লগ্যবখানার সামনে দাঁড়িয়ে পড়ে। ফুটপাথের ওপর শালপাতা পেতে বসে গেছে ব্যুক্ষিত ম'ন্যের দল। চিংকার করছে তারা ফ্সফুর্সের সমসত শাস্তি দিয়ে। বালতিতে খিচুড়ি নিয়ে পরিবেশন করছে কমি ছেলেমেয়ের দল। একটী মেয়ে খিচুড়ি দিতে দিতে এগিয়ে চলেছে। এক বৃদ্ধার পাতে খিচুড়ি দিতেই সে খপ করে মেয়েটীর কাপড় চেপে ধরে বলল, আর একট্ব দাও মা।

মেয়েটী বলল, আর নিও না বৃড়িমা, বেশী থেলে অস্থ করবে। বৃশ্ধা রেগে গিয়ে চিৎকার করে ওঠে, অস্থ করবে? না থেয়ে থেয়ে জোয়ানমন্দ মান্যগ্রলো ধড়ফড়িয়ে মরে যাচ্ছে আর তুমি বলছ কিনা বেশী থেলে অস্থ করবে!

পাশের লোকেরা অস্থির হয়ে উঠেছে। তাদের মধ্যে থেকে একজন চিংকার করে ওঠে, এই বর্ড়ি হারামজাদি, ছেড়ে দে না মা-ঠাকর্ণকে! তুইতো মর্রাবই, তোর সংগ্যে আমরাও মরব নাকি?

বৃদ্ধা কিছ্বতেই মেয়েটীর কাপড় ছাড়তে চায় না, একটানা বলে চলে, আন একটা দাও!

মেয়েটী আরও থানিকটা থিচুড়ি বৃশ্ধার পাতে দেয়। তব**ৃ**ও বৃ<mark>শ্ধা</mark> তাকে ছাড়ে না, আবার বলে, আরও একট**ু** দাও!

ওদিকে লাইনে হৈচৈ পড়ে গেছে. একজনতো লাঠি নিয়ে তেড়ে আসে বৃন্ধাকে মারতে! অপর একটী কমি মেয়েটীর হাত থেকে বালতিটা নিয়ে বলল, আমি বাকীটা দিয়ে দিচ্ছি, আপনি ব্যক্তিকে বোঝান!

মেয়েটী বৃদ্ধার সামনে বসে বলে, আজকে একট্ব কম করে খাও, কাল বেশী খেও। অনেকদিন পরে প্রথমেই বেশী খেলে অসুখ করবে!

আজ তিনদিন কিছু খাইনি মা! আমার দুদুটো জোয়ানমদদ ছেলে মরে গেল. বড় ছেলের বোটা যে কোথায় গেল কে জানে! আর ওই ডাাকরা মিন্ষে মধ্য ঘোষ তার ঘরে দুশ মন চাল তালা বন্ধ করে রেখেছে! বলে টাকা-টাকা সের! টাকা কোথায় পাব মা!

বৃদ্ধা অনামনস্ক হয়ে পড়ে। মেয়েটী তাকে ঠেলা দিয়ে ব**লে, তুমি** থেয়ে নাও বৃড়িমা। *

वृष्धा आवनारतत भूरत वरल, आत এकर्रे, रमरवर्छा?

দেব বৈকি, ভোমাদের খাওয়ানর জনাইতো এই ব্যবস্থা। কত বড় বড় লোক রয়েছেন এর পেছনে, যত চাল লাগবে সবই তাঁরা দেবেন!

বৃশ্ধা কুতুহলি হয়ে ওঠে, হ্যাগো মা. সহরে বৃথি অনেক চাল আছে ? মেয়েটী বলে, তা আছে বৈকি। কিল্তু ভীষণ দাম! কিছ্মুক্ষণ বৃদ্ধা মেয়েটীর দিকে অর্থহীন দ্ভিতৈ তাকিয়ে থাকে। তারপর এদিকওদিক চাইতে চাইতে তার নিজের পাতের দিকে নজর পড়ে সায়। হঠাৎ সে থাবা-থাবা খিচুড়ি মুখে পুরতে থাকে।

অমল ধীরে ধীরে সরে যায়। কিছু দুরে গিয়ে আবার সে থমকে পড়ে। সহরে অনেক চাল আছে! কিন্তু কোথায়? পয়সার অভাবে লক্ষলক্ষ মানুষ মিলিটারীতে ঢুকে যুদ্ধের মাঠে মরছে! আর চালের অভাবে লক্ষলক্ষ মানুষ তাদের ঘরবাড়ী ছেড়ে এসে সহরের রাশতায় মরছে! অথচ প্রচুর পয়সা আছে মিলিটারী বিভাগ চালাবার মত আর প্রচুর চালও আছে লঙ্গরখানা চালাবার মত! কিন্তু কোথায় আছে এই পয়সা আর চাল?

ট্রেণ থেকে নামতেই অমলের সংগে দেখা হল পাঁচকড়ির। পাঁচকড়ি দৌড়ে এসে অমলকে জড়িয়ে ধরে বলল, তাহলে সতিটে ফিরে এলে। অমল হেসে বলল, ফিরবনাতো কি কেটে পড়ব মনে করেছিলে? ভেবেছিলাম এই নরকপ্যারতে আর ব্যাঝি ফিববে না। তাও আজ আব সম্ভব নয় পাঁচকড়ি, সে রাস্তাও এরা মেরে দিয়েছে! কি রকম?

একুশদিনের মধ্যে বাড়ীতে প্রায় দশদিন ভাত খেতে পাইনি। কচুব ডাঁটা থেকে সনুর করে ছাতু বেশম খুদ্ যা জনুটেছে তাই দিয়ে পেট বোঝাই করেছি। বাড়ীতে ভাত যেদিন হয় সেদিন সকলে খায় বেলা তিনটের সময়! এক খাওয়ায় দুবেলার কাজ হয়ে যায়।

পাঁচকড়ি বলল, তাহলে ভীষণ দ্বভিক্ষি লেগেছে বল! তাই আজ-কাল বাড়ী থেকে যে সমসত চিঠি পাই তার আধখানাই এরা সেন্সর করে কেটে দেয়, পাছে আমরা সেখানকার সঠিক খবর জানতে পারি! তোমাদের বাড়ীতেই যখন এমন অবস্থা তখন না-জানি আমাদের চেয়েও ধারা গরীব তাদের অবস্থাটা কি!

অমল ধীরে ধীরে বলতে থাকে কলকাতার অবস্থা—যা সে দেখেছে, যা সে ব্ঝেছে. সবই একে একে। শ্নতে শ্নতে পাঁচকড়ি ক্ষেপে ওঠে, আর এ শালারা আমাদের কিছু জানতে দিচ্ছে না। এইটাইতো এদের কায়দা। ওঃ, সিভিলিয়ানরা যে আমাদের কি সাংঘাতিক ঘ্লা করে সে নিজের চোখে না দেখলে ব্রুবতে পারবে না।

পাঁচকড়ি গ্রম হয়ে খানিকটা চুপ করে থাকে।

অমল বলল, তারপর, এখানকার হালচাল কি তাই বল? হালচাল! ক্রমংকার। একেবারে নিঃসাড়ে জবাই হচ্ছি! তার মানে!

জয়ন্তর কথা বর্ণে বর্ণে ফলতে স্বর্করেছে!

আর একটা খালে বল পাঁচকড়।

পাঁচকড়ি বলল, তাহলে চল ওয়াই-এম-সি-এ ক্যানটীনে, বসে কথা কওয়া যাবে। ফৌশনের চেহারা দেখেই বোধহয় ব্রুবতে পারছ আমরা এখন আর কোয়ার্টারে থাকি না? ক্যাম্প হয়েছে ওয়েন্ট ইয়ার্ডের পেছনে!

দ্মগ্ চা নিয়ে একটা টেবিলে ওরা বসল।

তাহলে শোন এবার—চায়ের মগে একটা চুমুক দিয়ে পাঁচকড়ি বলল, এই শালা মেজর রাউন হচ্ছে পাক্কা একটী মিছরির ছুরি! মেজর রায় মারতেন হাতে আর ইনি মারছেন ভাতে! ধর্ডাধর্ড মাইরী ট্রেড-পে কেটে নিচ্ছে! একটা কিছু খ্রুত পেলে হয়! সেদিনতো শিবেনের আঠাশদিনের ট্রেড্-পে কেটেছে। আসলে ব্যাপারটা কি জান, কোয়ার্টার-গার্ড দিলে যে কাজ বন্ধ হয়ে বাবে, তাই আর-আই না দিয়ে কাটে ট্রেড-পে। জ্রাইভার দাউদ খার একমাসে ছাপ্পাহ্লদিনের ট্রেড-পে কেটেছে। মাইনের দিন পাঁচ-দশটাকার বেশী আর কোন মিশ্বাকে নিতে হচ্ছে না।

অমল বলল, তারপর!

তারপর আর কি. চলেছে ত্যানা-না-না করে। ওঃ, হ্যাঁ হ্যাঁ, আর একটা খবর আছে। শালা কেলে-মাণিক ঘাড় থেকে নেমেছে!

অমল বলল, তার মানে!

তার মানে ও-শালা আর এ কোম্পানিতে ফিরছে না। কি একটা ব্যামো ধরেছিল তার জন্য গিয়েছিল হাসপাতালে। সেখান থেকে দিয়েছে ইন্ডিয়ায় পাঠিয়ে। কাজেই আমাদের স্কন্ধ থেকে উনি নামলেন!

কি অস্থ করেছিল?

সে অত খোঁজ রাখে কে! শালার অসুখ করেছিল বলেইতো আমা-

দের ঘাড় থেকে নামল। আমরা তাতেই খুসী।

অমল বলল, যাঃ পাঁচকডি, মনকে অত সংকীণ কর না।

পাঁচকড়ি টোঁবলের ওপর চাপড় মেরে বলল, তুমি বলছ কি অমল! ওই শালা কেলে-মাণিকের যথন অস্থ করেছে তথন ক্যাম্পশ্মে ছেলে ওর মৃত্যুর জন্য মানত করেছে! ওর মত একটা নরকের কীট বাঁচল কি মরল তাতে আমাদের কিছে এসে যায় না।

যাক, তারপর আর কি খবর বল ?

জমাদার দাসগ্রেণতর জায়গায় এখন কাজ করছে হাবিলদার-মেজর রামিকিষণ আর হাবিলদার-মেজরের কাজ করছে হাবিলদার মুখার্জি। এই আর এক শালা হারামি! ওঃ, স্বেদার সাহেবকে কি খোসামোদটাই না করছে! জবুতো পালিশ থেকে মাথার উকুণ পর্যান্ত বেছে দিচ্ছে!

অমল খিলখিল করে হেসে ওঠে, যাঃ তুমি বড় বাড়াবাড়ি করছ!

মোটেই না! সে তুমি না দেখলে ব্রুতে পারবে না। নেড়ি কুত্তা-গন্ধাকে প্রলে সেগ্লো যেমন করে, এ-শালা স্বেদার সাহেবের সঙ্গে ঠিক সেই রকম করছে। তুমি বল কি, ও-শালা স্বেদার সাহেবকে এমন বাগিয়ে নিয়েছে যে জমাদার রামিকিষণের কোন পাতাই নেই! সে বেচারা আমাদের কাছে এসে দঃখ করে।

অমল বলল, তাহলে কোম্পানির অবস্থা বেশ ক হিল বল?

সে আর বলতে। স্থানতকে ভাগাল, তোম দেও দিল ছন্টী। সেই, মৌকায় গুই-শালা হাবিলদার মুখার্লি উঠে পড়ে লেগে গেল আমাদের পেছনে। আল একে ভাকে, কাল ওকে ভাকে, এার সকলকেই খোঁটা দেয় তোমাদেব চেলা বলে! কখনও লালস নায়েক কবে দেওয়ার লোভ দেখয়! আবার কখনও শাসায়, কেউ টাাঁ-ফন্ করেছতো কোম্পানি থেকে দ্র করে তাড়িয়ে দেব! আমারতো মনে হচ্ছে তোমাকেও বেশী-দিন আর এ কোম্পানিতে রাখছে না।

ক্যামেপ কিরে অমলের প্রথম ক'জ হল হাবিলদার-মেজরের কাছে রিপোর্ট করা। হাবিলদার-মেজরের একটা আলাদা তাঁবু। সেই তাঁবুর সামনে গিয়ে দাড়াতেই হাবিলদার-মেজর মুখারি অভার্থনা করলেন; আরে অমলবাবু যে! আসুন, আসুন।

অমল রাহধারিটা এগিয়ে দিয়ে বলল, আমি ফিরেছি থ্রি-টোয়েলিট-নাইন আপ'এ।

আরে বস একট্ব! কলকাতা থেকে আসছ, খবর-টবর শ্রান!
আমার কি ছাই আর ছটৌতে যাওয়া হবে!

তার দিকে এগিয়ে দেওয়া ক্যাম্প-ট্রলটার পাশে অমল দাঁড়িয়ে রইল। হাবিলদার-মেজর মুখার্জি বললেন, ঠিক এই জন্যই আমি হাবিলদার-মেজর হতে চাইনি। ছেলেরা আগে তব্তুও আমার সংগ্যা গলপান্ত্রব করত কিন্তু আজকাল আমাকে দেখলেই মুখ ঘ্রিয়ে চলে যায়! কিন্তু আমি কি করব বলতো ভাই। আমার সংগ্যা গলপ করার হ্কুমতো আর দিতে পারি না। আমি কলকাতার খবর জানতে চেয়ে-ছিলাম এয়াজ এ ফ্রেন্ড

অমল টুলেটার ওপর বসে পড়ল! হাবিলদার-মেজর বললেন. আমারও বাড়ী কলকাতায়, ভাবনা চিন্তা আমাদেরওতো হয়!

অমল বলল, খবর আর তেমন বিশেষ কি! চাল বাজার থেকে একেবারে উবে গেছে, চল্লিশটাকার কমে একদানাও পাওয়া যায় না। গ্রাম-থেকে-আসা হাজার হাজার লোক রোজই মরছে।

হাবিলদার-মেজর বললেন, তাব'লে ওই ভিথিরিগ্লোকে সহরে চুকতে দেওয়া উচিত হয়নি, যদি লুটপাট সুবু করে!

কিন্তু ওরাতো দেখল্ম না খেরে ধডফডিয়ে মবে যাচ্ছে তব**্ একটা** দোকান থেকে একদানা চালও লাট করছে না।

কেন বলতো ?

লুট করবার মত ক্ষমতা যে আর ওদের নেই। ওর'তো জানে না ওদেরই গোলার ধান লুঠে নিয়ে সহরের কালোবাজার তৈরী হয়েছে! ওরা সহরে এসেছে বাঁচবার আশায়! ভেবেছে যেখানে এত বড় বড় লোক বামু করে সেখানে প্রেপিছতে পার্লে বাঁচার একটা বন্দোবসত হবেই।

হাবিলদার-মেজর মাঝখান থেকে বলে উঠলেন, যাক, এসব লেকচার যেন আবার ছেলেদের কাছে ঝেড় না!

অমলের মুখখানা রাঙা হয়ে ওঠে। বলল, তার মানে!
মানে বুঝে আর দরকার নেই। একটা কথা বলে রাখি, তোমারই

ভালর জন্য! তুমি একজন শিক্ষিত ভদ্রঘরের ছেলে, ব্বেসন্থে যদি চল তাহলে এই কোম্পানিতেই তোমার অনেক উন্নতি হতে পারে! রাহধারিটার ওপর খসখস করে সই করে দিয়ে বললেন, রাহধারিটা অফিস্থে জমা দিয়ে ট্রাফিক-অফিসে রিপোর্ট করবে।

ঝট করে উঠে পড়ে অমল বাইরে বেরিয়ে এল। তার সমস্ত শরীরট থরথর করে কাঁপছে, মাথার মধ্যে যেন দপদপ করছে। তাঁব্তে ফির তেই খগেন বলল, কি অমল, তোমার প্রনো বন্ধ্ব কি বলল?

ष्रमल वलन, ष्रामात भूतता वन्धः!

হ্যাঁ হ্যাঁ, ওই মুখাজি সাহেব। তোমার বন্ধ্ব নয়! তোমাের প্রথম কোয়াটার-গার্ড দেখিয়েছিলেন! যাক্, কি বললেন, তাই বল বন্ধ্বত্বের পরাকাষ্ঠা আজও তিনি দেখালেন। দেখলাম আ ভালর জন্য খ্ব চিন্তিত হয়ে পড়েছেন। বললেন ব্বেসমুঝে চল এই কোম্পানিতেই নাকি আমার অনেক উন্নতি হতে পারে!

ম্বরাজ বলল, আরে যেতে দ'ও ও-শালার কথা! ওতো সকলথে উন্নতির পথ দেখাচ্ছে। যাক, বিপোর্টিঙটা সেরে এস আর অকাদানে চেপে ধরবে ডিউটী তোমাকে দেওয়া চাইই!

অমল বলল, তা অকাদাকে বলে কি হবে?

বল কি হে, অকাদাইতো এখন আমাদেব ফাদার-মাদাব! টেক্নি-ক্যাল-ডিউটীর ইন-চার্জ হাবিলদার!

অমল আবার প্রশ্ন করল, অকাদা আবার হাবিলদার হল করে!
খগেন বলল, সবই হয় যদি এলেম থাকে। অকাদা যে এখন অফিসারদের কলপতর । হাঁস ম্রগি ডিম মদ থেকে স্বর্কে কবে দেশী সমেনে
পর্যতিনি সালপাই করছেন!

কোম্পানি অফিসে রাহধারি জমা দিয়ে অমল ট্রাফিক-অফিসে চনুকল।
অকাদা একটা কাগজ সামনে রেখে বিরিপ্রিবার মত বসে আছেন।
ছেলেরা এই ডিউটী-ভায়াগ্রামটীকে বলে অকাদার গোলকধাঁধাঁ! অকিসারদের সামনে তাঁকে বলে হাবিলদার চ্যাটার্জি, সামনাসামনি বলে দ'দা
আর নিজেদের মধ্যে অকাদা! অকা কথাটী তাঁর নাম অক্ষয়ের অপস্রংশ।

অমল টেবিলের কাছ ঘে'ষে দাঁড়িয়ে বলল, দাদা আমি এসেছি।

অকাদা তদবস্থ থেকেই বাঁহাতটা তুলে চুপ করতে বললেন। ক্লিছ-ক্ষণ সেইভাবে থাকার পর গোলকধাঁধার কয়েকটী জায়গায় গোটাকথৈক বিন্দ্র বসিয়ে বললেন, তুই এসেছিস ভাই, বড় ভাল সময়ে এসেছিস। আর একটা দিন যদি দেরী করতিস তাহলে কিচ্ছ্র করতে পারতুম না! অমল বলল, কেন দাদা!

দাঁড়া ভাই, একট**্ব চুপ কর**—বলেই খসখস করে একটা খাতার ওপর থানিকটা লিখে চললেন। লেখা শেষ করে খাতাটা এগিয়ে দিয়ে বললেন, নে ভাই একটা সই করে দে।

কিসে সই করব দাদা?

এই দেখনা, ইষ্ট-ইয়ার্ডে তোকে লার্ণিং-ডিউটিতে লাগিয়ে দিল্ম। এইতো সকালে ফিরল্ম দাদা, একটা রেষ্টও দেবেন না?

ওইতো তোদের দোষ ভাই! ভাল করতে গেলেই তোরা উল্টো য়বি। ওদিকে কি হচ্ছে তা জানিস?

কোনদিকে!

সনুবেদার সাহেব চেণ্টা করছে তোকে স্পেয়ার রাখবার! তাহলেই নের সাধে তোকে দিয়ে ফেটীগ খাটিয়ে নেবে। এদিকে কোম্পানিশ্রম্থ ছৈলে আমাকে শাসিয়ে রেখেছে, দাদা, অমল ফিরলেই সণ্ডেগ সংগ্য তাকে ডিউটী দেওয়া চাই। নে ভাই, তুই সইটা একবার করে দে—আমি এক্ষর্নি গিয়ে বড় সাহেবকে দেখিয়ে রাখব। তাহলে আর কোন মিয়ার টাাঁ-ফর্করতে হবে না!

তের

শ্বিতীয়-সিফটে অমলের ডিউটী, বেলা একটা থেকে রাত ন'টা। হাবিলদার-মেজরের তাঁব,র সামঝে পনের মিনিট আগে সকলে ফল-ইন করে। হাবিলদার-মেজর দেখেন তাদের ইউনিফর্ম ঠিকভাবে পরা হয়েছে কিনা, সেওঁগ ফার্ফে-ডিড্রিসং, এাানিট-ইনসেক্ট-ক্রীম আর ফ্টীল-হেলমেট নিরেছে কিনা। পরিদর্শন শেষ করে তিনি মার্চ-অফফ করিয়ে দেন, টাইওর ডিউটীজ, কুইক্ মার্চ!

ওয়েন্ট-ইয়ার্ডে পেণছে ডিউটীওয়ালারা ভাগ ভাগ হয়ে যায়। অনন্ত

বলল চল অমল, আমরা লোকো-শেডের পাশ দিয়ে যাই—আর সকলের কাছ থেকে একট্ব তফাৎ হয়ে গিয়ে অনন্ত বলল, জান অমল, লীলা আমার চিঠির উত্তর দিয়েছে!

অমল বলল, তুমি কি চিঠি লিখেছিলে নাকি?

এক-আধখানা নয়, অন্তত দশ-বারখানা। দিনতিনেক হল, তার কাছ থেকে উত্তর পেয়েছি। এখনও সে অমাকে আমলই দিতে চায় না!

হঠাং অমলের মনে পড়ে যায় আমিনগাঁও-ক্যান্দের পাশে বিদ্তির সেই মেয়েটীর কথা, তার জীবনের প্রথম নারী! তার অমন আকুল চাওয়াকে সেই মেয়েটীও আমল দেয়নি! যেন আপন মনেই অমল বলে ওঠে, জান অনন্ত, মেয়েরা প্রব্রুষদের মোটেই বিশ্বাস করে না!

অনন্ত থমকে দাঁড়ায়, তাহলে কি লীলাও আমাকে বিশ্বাস করবে না ? অফল অনন্তর পিঠে হাত রেখে চলতে চলতে বলল, তুমি যে বিশ্বাস-যোগ্য সেটা প্রমান করতে হবে অনন্ত, তার জন্য সময় লাগবে!

মেইন-ইয়ার্ডে ওরা এসে পড়েছে। একজন অংমেরিকান সৈনিক রুণিত্মত দৌড়বালৈ করছে। নিজেই সে কাপলিং খুলছে, সিগ্ন্যাল দিচ্ছে, পয়েন্ট বানাচ্ছে। অমল অবাক হয়ে বলে, ওই আমেরিকানটা অবার এখানে কি করছে?

অন্ত বলল, ও যে আমাদের জান, আমেরিকান ইয়ার্ড'-মাঝ্টার!
আমাদের কোম্পানিতে আমেরিকানরাও পোন্টেজ হয়েছে নাকি
তুমি কি ক্ষেপে গেলে নাকি । যেখানে দেখছ আমেরিকার দেওয়া
প্রতিটী জিনিষের ওপর নির্ভার বরে ব্টীশ আজ কোনরকমে যুম্ধ
চালাচ্ছে, সেই আমেরিকানরা কিনা আসবে আমাদের কোম্পানিতে ।

তবে ।

তবে আর কি! ওরা আছে জন-বার এই মণিপুর রে'ড ষ্টেশনে আর ওদের ওপর আছে একজন লেফ্টেনান্ট। এই কজনের কাছে আমাদের কোম্পানির টিকিটী বাঁধা। ওদের সামনে আমাদের প্রভ্রাতো গড়ুরপক্ষিটী হয়ে আছেন, আমরাতো কোন দাসস্য দাস!

এ আবার কবে থেকে হল ?

এইতো এই মাসের গোড়া থেকে। বাঙলা আর আসামের সমস্ত

রেলওয়ে এখন ও'দেরই তাঁবে। আর্মেরিকান ডব্লিউ-ডি ইঞ্লিন কিছ্ব কিছ্ব এসে পড়েছে, ওয়াগনও নাকি শিগগীরই আসছে। এক কথায়, আসাম ফ্রন্টে লড়াই ওরাই চালাবে!

অমল বলল, তার মানে গোদের ওপর বিষফোঁড়া!

অনন্ত স্বর নামিয়ে বলল, সেদিন শ্নছিল্ম, ব্টীশ নাকি আমে-রিকার কাছে বাঙলা আর আসাম লীজ দিয়ে দিয়েছে!

ভৌশনের সামনে দাঁড়িয়ে পড়ে অনন্ত বলল, তোমারতো লাণিং-ডিউটী অমল, একফাঁকে ভৌশনে এস আমেরিকানদের সঙ্গে আলাপ করিয়ে দেব। ভারী মিশুকে আর সরল এরা!

ইয়ার্ড'-ফোরম্যান স্বরাজ কাজ স্বর্ব করে দিয়েছে ইন্ট-ইয়ার্ডে।
একটা লাইনের সমস্ত ওয়াগনগ্রলাকে সটি'ং করছে—খালি ওয়াগন
আর রকমারি লোড বাছাই করে পাশাপাশি তিন-চারটে লাইনে ছড়িয়ে
ফেলছে। দাঁড়িয়ে কিছ্ক্ষণ সটি'ং লক্ষ্য করতে করতে অমলের নজর
পড়ল একটী ব্টীশ সৈনিকের ওপর। কাঁধে রাইফেল ঝ্লিয়ে একটা
ওয়াগনের পাশাপাশি দেড়িদোড়ি করছে! অমল তার ভাবগতিক দেখে
বলে ওঠে, ব্যাটা যেন ক্যাসাবিয়াৎকা!

স্বরাজ বলল, দাওয়াই পড়লে আর ক্যাসাবিয়াৎকা হবে না! অমল বলল, কি রকম!

ব্যাটা এসে আমার ওপর তন্ত্রিগান্ব করছিল ওর ওয়াগন আগে গ্লাটফরমে গ্লেস করতে হবে। আমি অমনি মোক্ষম দাওয়াই ছেড়ে দিল্ম, যাও আমেরিকান ইয়ার্ড-মান্টারের কাছ থেকে সান্টিং-অর্ডার করিয়ে আন। আর কি, সাপের মাথায় বিষবাড়ি! সম্ড্রম্ড করে গিয়ে এখন ওয়াগন সামলাছে।

তা সামলাবার কি আছে!

আঁছে বৈকি। আমরা যে ব্লাড-ইন্ডিয়ান, যদি চুরি করি! খাস্ বিলিতি সোলজারদের জন্য এদের একখানা বই আছে, তার নাম 'আওয়ার এন্পায়ার'। তোমায় বলব ধি অমল সে বইখানা যদি পড় তোমার মাথায় খনন চেপে যাবে! ইন্ডিয়ান মাত্রেই চোর জোচ্চোর গাঁটকাটা এই সব আর কি! সেইসব পড়ে তার দিব্যক্তান হয়েছে, কাজেই উনি ও'র বাবার সম্পত্তি সামলাচ্ছেন!

অমল বলল, তার জন্যতো আর ওই লোকটী দায়ী নয়! ওদের গভর্ণমেন্ট যেমনটী ওকে ব্রিঝয়েছে ও ঠিক তেমনটী ব্রঝেছে। আচ্ছা, আমি ওকে ব্রিঝয়ে বলে আসছি।

তোমার যে ওর জন্য দরদ উথলে উঠল! মর্ক না শালা লালম্খো! অমল যেতে যেতে বলল. দেখিই না কি বলে!

কিছ্কেণ বাদে অমল ফিরে এল। স্বরাজ জিপ্তেস করল, কি বলে শালা. এখনোতে: দৌড়দৌড়ি করছে!

আর করবেও—অমল সংগ্যে সংগ্যে বলল, ওর অফিসার নাকি ধারে-কাছে কোথাও আছে। সে যদি দেখে ও চুপচাপ দাঁড়িয়ে আছে তাহলে আর ওর রক্ষে থাকবে না!

ম্বরাজ বলে ওঠে, তবে যে শুনি ওরা স্বাধীন জাত!

তার নম্নাতো চোখেরই ওপর দেখতে পাচ্ছ। স্বাধীন যদি হত তাহলে কি আর ঘরবাড়ী ছেড়ে মরতে আসত এই সাতসম্দের্ব-তের-নদীর পারে!

ঘন্টাখানেক পরে একফাঁকে অমল চ্টেশনে গিয়ে হাজির হয়। এ-এস-এম'এর ঘরে ঢ্কেতে গিয়ে দেখে ড্যান হাত-পা ছুড়ে প্রচুর হাঁক-ডাক করছে। অমল অনন্তকে জিজ্ঞেস করল, ব্যাপার কি?

অনন্ত বলল, ব্যাপার গ্রের্তর। ও'দের রেড-রুস ভ্যান আসবে বেলা চারটেয়। বেলা দ্বটোর মধ্যে ও'র ইন্ট-ইয়ার্ডের পাঁচনন্বর লাইন ক্লিয়ার চাই। ক্যাম্প থেকে ফেরার সময় দেখেছে লাইনটা ক্লিয়ার নেই। আর যাবি কোথায়!

অমল বলল, রেড-ক্রস ভ্যান! কেন, কারও অস্থ করেছে নাকি? কারও মানে! ওদের সন্ধলের। আর অস্থ! মারাত্মক অস্থ। একসপতাহ হয়ে গেল, আর কি মোরেল ঠিক থাকে! তাই মেজাজ খারাপ। ব্যাপারটা ঠিক ব্যক্ত্ম না! রেড-ক্রস ভ্যানের সঙ্গে মোরেল'এর সম্পর্কটা কোথায়?

এ রেড-ক্রস হল আর্মোরকান-রেড-ক্রস! এই গাড়ীটীতে আছে একটী বগী, তার মাঝখানে একটা হল আর তার দুপোণে দুটো বেডরুম।

এর মধ্যে থাকেন দুটী আমেরিকান মেয়ে, তাঁরা সণ্তাহে একবার করে এইসব ডিট্যাচমেন্টগুলোয় আসেন এদের মোরেল তাজা রাখতে! প্রথমে ওই হলটায় হবে সিনেমা, তার মানে রাজ্যের যত উলঙ্গ মেয়ের ছবি! তারপর সারারাত ধরে ওই মেয়ে দুটোকে নিয়ে যা কাণ্ড চলবে তা না দেখলে তুমি ধারণাই করতে পারবে না! শালারা আছে বেশ—মদ মেয়েমানুষ চকোলেট আর চিউং-গাম্ এই নিয়ে যেন নেশার ঘোরে আছে!

রুক-ইনন্দ্র্মেন্টের ঘন্টা বেজে উঠল। অননত হন্তদনত হয়ে ভেতরে চলে গেল। অমল ড্যানকে লক্ষ্য করতে থাকে। ড্যান তথন সান্টিং-জমাদারকে বোঝাচ্ছে, হম আর্মেরিকান, ইওর ফ্রেন্ড! নট এ ফ্যাকিং ব্টীশার্!

সাণ্টিং-জমাদার কাজ ব্রে চলে যায়। ড্যান হিপস-পকেট থেকে মদের বোতল বার করে ঢকঢক করে থানিকটা গলায় ঢেলে দেয়, চেয়ারে বসে টেবিলের ওপর পা ভুলে দিয়ে একটা চকোলেট-স্লাব চিবোতে স্বর্করে। বাইরে থেকে আর একজন আমেরিকান এসে ড্যানের সংগ্যে করে। বাইরে থেকে আর

লাইন-ক্লিয়ার দিয়ে অনন্ত বাইরে বেরিয়ে আসে। একটা ঠেলা দিয়ে অমলকে দেখায়, ওই হল লিউটীনান্ট ম্র, ওইযে ড্যানের পাশে দাঁডিয়ে কথা বলছে!

অমল দেখল, ড্যান সেই একইভাবে টেবিলের ওপর পা তুলে চেয়ারে মাথাটা এলিয়ে লেফটেনান্ট মারের সংগে কথা কইছে! জিজেস করল, ড্যানের র্যাণ্ক কি?

°ল্যাটফরমে এসে অনন্ত বলল, মাম্বলি একজন প্রাইভেট। ওরা অফিসারদের সংগে এইরকম সহজভাবে কথা বলে, তা সে যত বড় অফিসারই হোক না কেন! তুমি জাননা অমল, কথায় কথায় আমরা অফিসারদের স্যালিউট করি বলে ওরা আমাদের কি ভীষণ ঠাটা করে!

থ্রি-থার্টি'-ডাউন ইন করতে আর মিনিটদশেক বাকী, লেফটেনান্ট প্যান্সির ব্যাটম্যান একটা স্টকেশ এনে অনন্তকে বলল, সাহেব এই গাড়ীতে লাম্ডিং যাবে, স্টকেশটা গাড়ীতে তুলে দেবেন।

অনন্ত ঝাঁঝিয়ে উঠল, আমার বয়ে •গেছে! কেন সাহেব নিজের

স্টুটেকশটাও বইতে পারেন না নাকি? ভারী আমার নবাবপ**্তরে রে!** অমলকে বলল, জান অমল, কিন্তু আর্মেরিকান অফিসারদের দেখনে. তারা তাদের নিজের মাল নিজেরাই বয়!

গাড়ী ইন করলে পয়েণ্টসম্যানের হাতে লাইন-ক্রিয়ার দিয়ে অনন্ত বলে দিল, ড্রইভারকে বলে দাও রাইট-টাইমে স্টার্ট করতে—অমলকে বলল, যাওনা ভাই গার্ডকেও একটা বলে দাও, না-হলে শাধাশাধা লেট করবে আর আমাকে দিতে হবে কৈফিয়ং। জানইতো মেজর ব্রাউনের সামনে একবার দাঁড়ালেই নিদেনপক্ষে তিনদিনের ট্রেড-পে!

অমল ফিরে এসে দেখল লেফটেনান্ট প্যান্সি দরজার কাছে দাঁড়িয়ে, মূখখানা তার লাল টকটক করছে। অনন্ত লেফটেনান্ট প্যান্সির সেই স্টকেশটা হাতে করে ফ্যাকাশে মূখে ঘরের মধ্যে দাঁড়িয়ে! সমস্ত ঘরটা যেন থমথম করছে। হঠাৎ ড্যান চীৎকার করে উঠল, হেই, লিভ্দ্যাট ফাকিং লাগেজ দেয়ার!

লেফটেনান্ট প্যান্সি বাজখাঁই গলায় হ্বকুন দিলেন, লে আও! অনন্ত একপা এগিয়েছে। ড্যান আবার চে চিয়ে উঠল, হি ওন্ট ক্যারি ইওর্ লাগেজ্! ইউ রাডি ব্টীশার্স, ইউ ও্যান্ট ট্ব উইন্ দি ওয়ার্ এ্যাট্ দেয়ার্ কস্ট, এহ্!

লেফটেনান্ট প্যান্সি হাতদুটো বারবার মুঠে করছেন আর খুল-ছেন। অনন্ত ঠকঠক করে কাঁপছে, তার হাতে সুটকেশটা দুলছে। দ্যান সমানে গজগজ করছে আর মুচকে হাসছে। লেফটেনান্ট প্যান্সি নিজের শরীরের ওপর একটা ঝাঁকানি দিয়ে হাঁকলেন, কাম্ অন্ এ-এস-এম, কুইক—ঝড়ের বেগে তিনি ভেশন-র্ম থেকে বেরিয়ে গেলেন। সংগে সংগ্র অনন্তও টলতে টলতে সুটকেশটা নিয়ে বেরিয়েং গেল।

ড্যান হিপস-পকেট থেকে মদের বোতলটা টেবিলের ওপর ঠাকে বিসয়ে হোঃ-হোঃ করে হেসে উঠল।

খগেন লাইন থেকে ফিরেছে, কাঁচা পয়সা কিছ্ব রোজগারও হয়েছে। পাঁচকড়ি আর অমলকে বলল, চল একট্ব ঘ্রের আসা যাক।

কোম্পানির ছেলেদের কাছে একমাত্র আকর্যণের বস্তু ওই বাজারটী

অর্থাৎ খাবারের দোকানগুলো। ডিসিগ্লিনড খানা খেয়ে খেয়ে খ্র্মন ছেলেরা প্রায় ক্ষেপে ওঠে তখন চলে যায় ওই বাজারটীতে। কোন একটী শৃভদিনে সারামাসের হাতখরচের টাকাটী ওই খাবারের দোকানগুলোতে উজাড় করে দিয়ে, আফশোষ করতে করতে ফিরে আসে।

পাঁচকড়ি বলল, চল তবে ডেটশনটা একটা ঘারে যাই, থ্রি-থার্টি ডাউন আসবার সময় হয়েছে।

অমলের ব্বেকর মধ্যেটা ছাঁং করে ওঠে! অনন্তর সেই অপমানের দৃশ্য তার চোথের ওপর ভেসে ওঠে। বলল, ডেটশনে আবার কি হবে! তেমন কিছ্ নয়। একট্ ঘ্রেফিরে বেড়ান আর কি। তব্ও দু-দেশটা অচেনা মুখ দেখতে পাওয়া যাবে।

ক্যাম্প ছেড়ে পথে বেরিয়ে খগেন বলল, আচ্ছা অমল, এই আমেরি-কানদের তোমার কেমন লাগে?

অমল বলল, কেন, মন্দ কি!

খগেন বলে উঠল, ওরা কি বলে জান? ইণ্ডিয়ানস আর বেগারস! দ্বিতিক্ষের সময় এসে হাজির হয়েছে কিনা তাই দেশশুন্ধ মান্ধকে ভিক্ষে করতেই দেখছে! ওরা যেন বড বেশী কর্বার চোখে দেখে!

পাঁচকড়ি বলল, কিন্তু ব্টীশদের যা ঘৃণা করে কি বলব! একটা ব্টীশ দেখলেই যেন ক্ষেপে ওঠে!

অমল বলল, তাতে আর আমাদের লাভটা কি?

ষ্টেশন-র মে এসে চ্কতেই আর্মেরিকান ইয়ার্ড-মান্টার হেচ্টিংস অভ্যর্থনা জানাল, হেই জো, কাম্ অন্, লেটস্ হ্যাভ্ সাম্ বীয়ার— হেচ্টিংসের টেবিলের ওপর ডজনখানেক বীয়ার্-ক্যান্ সাজান। তার থেকে একটা তুলে নিয়ে খগেনকে বলল, দিস্, ফ্রম্ আওয়ার্ ষ্টেট্স! খগেন বলল, আই ডোন্ট ড্রিঙক!

হেণ্টিংসতো হেসে লুটোপ্টি খাওয়ার দাখিল! কিছ্কণ পরে চোথ কপালে তুলে বলল, ওঃ যিসাস্কাইণ্ট অল্মাইটী! দিস্ইজ্নো রাডি ওয়াইন্! দিস্ইজ্বীয়ার্জো!

খগেন আবার জানাল সে বীয়ারও খায় না। হেছিউংস খগেনের হাতটা ধরে টেনে টেবিলের ধারে নিয়ে গিয়ে তার চোথের সামনে একটা বীয়ার-ক্যান ঘোরাতে ঘোরাতে বলল, দিস্ ইজ্নো ফাকিং ইংলিশ বীয়ার্মাই বয়, দিস্ ইজ্আমেরিকান্ বীয়ার্—ফ্রম আওয়ার ষ্টেট্স্! পাঁচকড়ি বলে উঠল, তবে আর কি, ওর তুল্য জিনিষ আর ভূভারতে নেই! শালারা আমেরিকান আমেরিকান করেই ম'ল।

স্নীল ছিল ডিউটীতে, বলল, আরে খেয়ে ফেল, নাহলে আমাদের অসভ্য মনে করবে। আর ওই একটা ক্যানে নেশা হবে না।

হেন্টিংস পকেট থেকে জ্যাক-নাইফ বার করে প্রতিটী টীনে দুটো ফুটো করে এক-একজনের হাতে দিতে লাগল। এদিকওদিক চেয়ে নিতানত অনিচ্ছা সত্ত্বেও ওরা খানিকটা করে থেয়ে টীনগুলো বাইরে ফেলে দিল! হেন্টিংস্ একটার পর একটা গলাধকরণ করে চলল। গোটা ছয়েক শেষ করার পর জিভ দিয়ে ঠোঁটটা একবার চেটে নিয়ে বলল. হাউ ডু ইউ লাইক?

ওরা ঘাড় নেড়ে কাষ্ঠ-তারিফ জানাল। হেণ্টিংস্মহাখ,সী, আরও বারতিনেক আমেরিকান বীয়ারের মহিমা কীর্তন করে বলল, হাউ ভূ ইউ লাইক্দি ইয়াঙ্কস্?

পাঁচকড়ি বলে ওঠে. কি বাবা এখন থেকেই পটাতে সার, করেছ! বাটীশকে সরিয়ে মসনদে বসবার তালে আছ নাকি!

হেণ্ডিংস বলল, সিওরলি! উই ওয়ান্ট ট্রাব ফ্রেন্ডস্! অমল খগেনের হাতে টান দিয়ে বলল, চল, আর কেন?

খাসেন পাঁচকড়িকে ডাকে। পাঁচকড়ি আপন মনে গজগজ করতে। থাকে, ফ্রেন্ডেডো সব শালাই!

হেণ্ডিংস খণ্ডেনকে ধরে ফেলে বলল, হোয়ার আর ইউ গোইং জো । খণ্ডেন বলল, বাজার। উই কেম্ ফর মার্কেটিং।

হেণ্টিংস হঠাং লাফিয়ে উঠে ওদের তিনজন্কে জড়িয়ে ধরে চলতে চলতে বলল, লেট্স গো আপ্ড ইট্ সামথিং!

খেগেন বলে ওঠে, মাতালের পাল্লায় পড়ে ভ্যালা বিপদ হল দেখছি! তেশন থেকে বেরিয়ে মেইন-ইয়ার্ড পার হয়ে ওরা চারজনে বাজারে ঢ্কল। চলতে চলতে হেণ্ডিংস্বলল, আই ডোন্ট লাইক্ দিস্ প্লেস্! উই কান্ট গোট্ গ্যাল্স্ হিয়ার্ষ্! খগেন চাপা গলায় বলল, তাতো লাইক করবেই না আর কলকাতার কি কাণ্ডটাই না করে বেড়াচ্ছে! দর্ভিক্ষের ঠেলায় মান্য মরছে না খেয়ে আর এ শালারা মেয়েদের নিয়ে মজা লুটছে!

পাঁচকড়ি হেন্টিংসকে বলল, হোয়াট্ এ্যাবাউট্ ইওর্ ফেটট্স্? ইয়াঃ এনাফ্ ইন্ আওয়ার ভেটটস্! ইন্ভাইট্ এ গ্যাল্ ফর্ ডিজ্ক, টেকু হার টা সিনেমা অর ডাল্স—সি ওল্ট মাইন্ড!

খণেন আঁতকে ওঠে, আরেঃ বাপস্, বলে কি হে! এরা কি এখনও বব^বরষ্ণে বাস করে নাকি!

পাঁচকড়ি বলল, আমারতো তাই মনে হয়। সেদিন হ্যারী তার বোয়ের ফটো দেখাচ্ছিল। আমারতো মাইরী আক্কেল গড়েন্ম!

थर्गन वलन, रकन, कि तकम फर्जा?

একেবারে উল্বাভ্য হয়ে নানান ভণ্গিতে প্রায় দশ-বারখানা ফটো! প্যারিস্ পিকচারও তার কাছে হার মেনে যাবে!

অমল হেণ্টিংসকে জিজেস করল, দেন্ হোয়াই হ্যাভ্ ইউ কাম্ হিয়ার্লিভিং সাচ্ এ হ্যাপিপ লাইফ্?

হেণ্ডিংস্ অসহায়ের ভিগতে কাঁধ ক্রকে বলল হোয়াট্ ক্যান্ উই ডু! উই আর্ টু সেভ্ ইণ্ডিয়া ফ্রম্ দি জ্যাপ্স্!

পাঁচকাড বলে ওঠে. ওঃ মার চেয়ে দেখছি মাসির দরদ বেশী!

চীনা রেস্তোরাঁটার সামনে এসে হেজ্ণিংস্ বলল, লেট্স্ হ্যাভ্ চাইনীজ্ ডিসেস্—কয়েক ধাপ সে এগিয়ে গেল। ওরা দাঁড়িয়ে পড়ল! ওদের চোথ রেস্তোরাঁর দেয়ালে একটী বোর্ডের ওপর আটকে গেছে। হেজিংস্ রেস্তোরাঁর রোয়াকে উঠে ডাকল, হেই জো, কাম্ অন্! খগেন বলল, নো হেজিংস্, উই ওন্ট!

বদাড়ে রাস্তায়•নেমে এসে খগেনের একটা হাত ধরে হে'চকা মেরে হেন্টিংস্বলল, হোয়াই! হোয়াটস্দি ম্যাট্টার!

খগেনের কান পর্যন্ত রাঙা হয়ে উঠেছে, লজ্জায় আর অপমানে তার চোথে জল এসে গেছে, মুখথানা থমথম করছে। নীরবে সে বোর্ড-থানার দিকে আঙ্কুল তুলে ধরল। হৈষ্টিংস জোরে জোরে পড়তে

থাকে, ফর্ ব্টীশ-ট্রপস্ ওন্লি—আউট্-অফ্-বাউল্ডস্ ফর্ ইণিড-য়ান্-ট্রপস্।

হেণ্ডিংসের বিশাল দেহখানা মৃহ,তে ক্র্কড়ে ওঠে। হাতদ্টোকে মৃঠে করে দাঁতে দাঁত ঘষে বলে ওঠে, ফর্ ব্টীশ দ্রুপস্ ওন্লি! হোয়াট্ এ্যাবাউট্ দি এ্যামেরিকান্স্! আই উইল্ কিক্ দি রাডি ব্টীশারস্ আউট অফ্ ইন্ডিয়া—হিংস্ত একটা পশ্র মত সির্ভি দিয়ে উঠে বোডেখানা এক হেল্চনায় খ্লে নিয়ে, পদা সরিয়ে ভেতরে ঢ্কল। খ্লেন বলল, চলহে দেখি, হেণ্ডিংস্টা না জানি কি করে বসে!

অমল গমনোদ্যত খগেনের হাতটা খপ করে চেপে ধরে বলল ওদের লড়াইয়ের মাঝখানে তোমার আমার কোন স্থান নেই খগেন। এ লড়াই হল দুই বারপুরুষের লড়াই! আমরা হলাম তাদের বাজি!

খণেন আর পাঁচকড়ি অমলের থমথমে মুখখানার দিকে চেয়ে দাঁড়িয়ে পড়ে। অমল আবার বলল, চল আমরা ফিরে যাই।

ঝণঝণ করে একটা শব্দ ভেসে আসে রেস্তোরার মধে। থেকে। পাঁচ-কড়ি বলল, কিন্তু একসঙ্গে এসে হেণ্টিংসকে এরকম একটা বিপদের মুখে ফেলে রেখে আমরা পালিয়ে যাব ?

রেশ্তোরাঁর মধ্যে তথন চলেছে হ্রড়োহ্রড়ি খটাখট দ্মদাম শব্দ! অমল বলল, পালিরেতো আমরা যাচ্ছি না! আমরা যাচ্ছি আমাদের রাহতায়। আমেরিকানরা ব্টীশদের ঘ্ণা করে বলেই আমাদের বংধ; হতে পারে না।

রেস্তোরাঁর ভেতর থেকে ভেসে আসে কয়েকটা ট্করেরা আর্তনাদ! খানিকটা ধনুস্তাধন্তি আর টোবিল চেয়ার ভাঙাব মড়মড় শব্দ। অমল বলল, এখনও কি হেণ্টিংসকে সাহায্য করার কথা ভাবছ নাকি খগেন? খগেন পাঁচকডির দিকে চেয়ে অসহায়ভাবে কাঁধ কোঁচকায়।

রাত তখন বোধহয় এগারটা! মেইন-ডেটশন থেকে সাদেক হাঁপাতে হাঁপাতে এসে অমলকে ঘুম ভাঙিয়ে ঠেলে তুলল। ধড়মড় করে উঠে অমল বলল, কি হয়েছে সাদেক!

সাদেক বলল, এক্ষ্বীণ ভৌশনে চল্বন! অনন্তবাব্ ডাকছেন!

কেন?

সমস্ত ব্যাপার আমি জানি না। তবে আমেরিকানদের সংগ্য কি একটা গোলমাল হয়েছে। অনন্তবাব ভীষণ ঘাবড়ে গেছেন!

আমেরিকানদের সংগে গোলমাল! অমল ভেবেই ঠিক করতে পারে না, ব্যাপারটা কি! কিন্তু ব্যাপারটা যে সাধারণ নয় সেটা তার মনে বন্ধম্ল হয়ে যায়। রাত এগারটার সময় কোন অফফ-ডিউটী লোকের ক্যান্দেপর বাইরে যাওয়া যে কতথানি বিপজ্জনক একথা নিশ্চয়ই অনন্তর মনে আছে! তব্তু অনন্ত ডেকে পাঠিয়েছে! সাদেককে বলল, এক কাজ কর সাদেক, খগেন পাঁচকড়ি স্বরাজ সন্তোষ আর স্নীলকেও ডাক। তাদের বল, কোন হৈ-চৈ না করে একজন একজন করে যেন ওরা এক্ট্রণি ডেশনে যায়। আমি এখনি চলে যাচ্ছে।

তাঁব, থেকে বেরিয়ে কয়েক-পা যেতেই নাইট-পিকেটের সংগ্য মুখো-মুখি! অমলের মুখের সামনে ঝুঁকে পড়ে মুচকে হেসে বলল, আপনি! হ্যাঁ ভাই! ভয় নেই কোন খারাপ মতলবে যাচ্ছিনা। আমেরিকান-দের সংগ্য কি একটা গোলমাল হয়েছে! অনন্ত ডেকে পাঠিয়েছে! কিন্তু অমলবাব;!

উপায় নেই ভাই! ধরা যদি পড়ি শাস্তি পাব। এসব জ্ঞানেশ্নেও যখন অননত ডেকে পাঠিয়েছে তখন যাওয়াই উচিত। তাম কি বল?

নাইট-পিকেট বলল, নি*চয়ই! বিশেষ করে যখন আমেরিকানদের সংগ্যে গোলমাল। ফিরে এসে কিল্কু আমায় সমস্ত ব্যাপারটা বলবেন।

ষ্টেশন-র মের দরজায় গিয়ে দাঁড়াতেই অনন্ত ধড়মড় করে উঠে এল। অমলের একটা হাত ধরে টানতে টানতে প্ল্যাটফরমে এসে দাঁড়াল। হাত-পা তার থরথর করে কাঁপছে। অমল তার কাঁধ চেপে ধরে বলল, কি হয়েছে অনন্ত!

কথা বলতে গিয়ে অনন্তর গলা কেমন যেন ব্যক্ত যায়! বারকয়েক ঢোঁক গিলে বলল, আমেরিকানরা মতলব করেছে আসাম-মেল থেকে মেয়ে নামিয়ে নেবে!

অমল আঁতকে ওঠে, কি!

হ্যাঁ অমল, ট্রেণ যেই ছাড়বে অমনি ওদের মধ্যে থেকে একজন

टमिष्ड - कम्लार्च रामन्ते त्थातक धकरें ने रामस खात करत नामिरस त्नर्व।

অনন্তর একটা হাত অমল প্রাণপণে চেপে ধরে, শরীরটা তার থব-থর করে কাঁপছে! হঠাৎ সে চীৎকার করে ওঠে, তোমার সামনে যথন ওরা এইসব মতলব করিছল তথন ওদের গলা টিপে ধরতে পারলে না? অস্বস্থিত সে ছটফট করতে থাকে, বারবার পেছন দিকে ফিরে ফিরে চায়, আঃ এখনো ওরা আসছে না কেন! আবার অনন্তকে জিজ্ঞেস করল ট্রেণ আসতে আর কত দেরী?

তা এখনও আধঘন্টা।

অমল যেন বিরম্ভ হয়ে ওঠে, তা তুমি কেবল আমাকে ডেকে পাঠালে কেন। আর ব্যাপারটাই বা সাদেকের কাছে বলে দাও নি কেন? তা-হলে ক্যাম্পশান্থ ছেলেকে জাগিয়ে তুলে আনত্ম।

অন্ত আমতাআমতা করে বলল, ওরা যখন আমাবই সামনে বসে এই সমসত মতলব করছিল তখন আমি এত ঘাবড়ে গিয়েছিলমে যে, কি য়ে করব কিছুই ঠিক করতে না পেবে শেষে তোমার ডেকে পাঠালমে। লাইন-ক্রিয়ার দিয়েছ নাকি?

না, এখনো দিইনি।

বেশ, আমরা তৈরী হয়ে খবর না দেওয়া পর্যন্ত কিছ্তেই লাইন-ক্লিয়ার দিয়ো না! দ্রে তিন-চারজনকে দেখা গেল কথা কইতে কইতে আসছে। স্বস্তির একটা নিঃশ্বাস ফেলে অফল বলল, যাক্, ওরা এসে পড়েছে! এবাব তুমি লাইন-ক্লিয়ার দিতে পার!

অনন্ত চলে গেল ভেশন-র মে। খগেন পাঁচকড়ি স্বরাজ সাদেক স্নীল সকলেই এসেছে। পাঁচকড়ি ছ টে এসে অমলকে জিজ্জেস করল, কি হয়েছে অমল ?

অমল বলল, চল, আমরা ওয়াটার-কল'মেব আডালে গিয়ে কথা কই।
সকলে নীরবে অমলের সঙ্গে সঙ্গে চলতে লাগল। সোয়ান-নেক'এর তলায় সিশ্ডারের গাদার ওপব বসে অমল বলল, খ্ব মাথা ঠান্ডা
কবে শ্বেবে আর এখনি একটা ব্যবস্থা করতে হবে!

একে একে অমল আমেরিকানদের মতলবের কথা বলল। শ্নাতে শ্নতে পাঁচকড়ি ছিটকে লাফিয়ে উঠল, শালাদের আজ জানে মেরে **प्रत**! भूत करतरह कि भानाता! এটা कि ওদের ভেটস নাকি!

সন্নীল বলল, এই শন্নেই এত লাফালাফি করছিস! আর সেদিন এই আমেরিকানরা ফারকাটিঙে কি করেছে জানিস? ভর্-দ্বপ্রের গোটাতিনেক আমেরিকান একটা বাড়ীর মধ্যে ঢুকে পড়ে বাড়ীর মেরে-দের ধরে টানাটানি করতে স্ত্রু করে! ভর পেরে মেরেরা চেণ্টিরে ওঠে। চিংকার শন্নে আশপাশের লোক যথন তেড়ে আসে তখন ওরা র্যান্ডাম-ফারার করতে করতে পালিয়ে যায়। তিনটি লোক মারা যায়!

স্বরাজ বলল, এ রকমতো ওরা হামেশাই করে বেড়াচ্ছে। কে যেন বলছিল, ওদের জনলায় কলকাতায় মেয়েরা রাস্তায় বেরুতে পারে না।

খণেন বলল, অথচ শালাদের মুখে সব সময়ে ফ্রেণ্ডশিপের বালি!
সাদেক বলে উঠল, এর একটা বিহিত করতেই হবে অমলবাব্।
আমাদের নাকের ডগায় মেয়েদের এমনভাবে বেইজ্জং করবে এ কিছ্তেই
বরদাসত করব না।

স্নীল বলল, বরদাস্ততো তুমি করবে না! কিন্তু ওরাতো রিভল-ভারের ডগায় যা খ্রিশ তাই করছে। তুমি বাধা দিতে গেলে তোমার কপালে হয় মৃত্যু না-হয় কোয়ার্টার-গার্ড!

পাঁচকড়ি তেড়ে ওঠে, আর ভয় দেখাসনি স্নীল! ভয়ে ভয়েতো আধমরা হয়েই আছি। তা-বলে এমন একটা কান্ড হাত-পা গ্রিটিয়ে চোখের ওপর দেখব কেমন করে! আমরা মানুষ না জানোয়ার? অব্যক্ত যন্ত্রণায় যেন সে ছটফট করে ওঠে না না অমল, এ আমরা কিছ্ব-তেই বরদাস্ত করব না। মরতে যদি হয় ওদের একটাকে নিয়ে মরব!

সাদেক বলল, আলবং! মরতে যদি হয় মরদের মত মরব।

অমল বলল, তাহলে ইণ্ট-ইয়ার্ড আর ওয়েণ্ট-ইয়ার্ডের গ্টাফদের খবর দিয়ে এর্থান জুড় করতে হবে। আর লাঠি ডাণ্ডা রড্ যা পাওয়া যায় সবই হাতের কাছে মজুত রাখতে হবে।

পাঁচকড়ি লাফিয়ে ওঠে, আজ যা থাকে কপালে! ওই শালা আমে-রিকানদের একদিন কি আমাদের একদিন!

স্নীল অমলকে বলল, তাহলে তোমরা মার্রাপিট করবে? ভাল করে একটা ভেবে দেখ অমল। পাঁচকড়ি স্নীলকে খেণিকয়ে উঠল, মারপিট করব নাতো কি ওদের পারের তলায় লুটিয়ে পড়ে ল্যাজ নাড়ব ?

আমল সাদেককে বলল, তুমি অনন্তকে ডেকে নিয়ে এসতো সাদেক।
সাদেক চলে গেল ভেম্মন-রুমে। খগেন আর পাঁচকড়ি গেল ইন্ট
আর ওয়েন্ট-ইয়ার্ডে। স্কুনীল অমলকে আবার বলল, ভাল করে একট্ব
ভেবে দেখ অমল, ব্যাপারটা কিন্ত খুব সিরিয়াস হয়ে দাঁভাচ্ছে!

স্বরাজ স্নীলকে বলল, আর আর্মোরিকানরা যে কাণ্ডটা করতে চলেছে সেটা কি খুব মাম্লি মনে হচ্ছে?

স্নীল বলল, আহা আমি কি তাই বলেছি নাকি! আমি বলছি, একট্য সাবধান হয়ে নিজেদের সামলে কাজটা হাসিল করা যায় না?

অমল বলল, এইভাবে সাবধান হয়ে হয়ে আর নিজেদের সামলিয়ে চলে চলে আজ আমাদের এই হাল হয়েছে স্নীল! আজ আমরা মিলিটারীতে চ্কতে বাধ্য হয়েছি। আর কি কাজটা কর⁵হ? একেবারে ভাড়াটে-গ্নুডার কাজ! দ্মুন্ঠো ভাত ছড়িয়ে দিয়ে এর। আমাদের দিয়ে সহরে চালের চোরাকারবারীদের পাহারা দিইয়েছে আর লাখে লাখে মানুষ না খেতে পেয়ে মরে গেছে। এরপরও কি মনে কর, ধরি ম'ছ না ছুই পানি করে তমি শান্তিতে জীবন কাটিয়ে যেতে পারবে?

অনন্ত এসে দাঁড়াতেই অমল জিজেস করল, ল ইন-ক্লিয়ার নিয়েছ? হ্যাঁ, আউট-রিপোর্টও পেয়েছি।

ইন্ট-ইরার্ড. ওয়েন্ট-ইয়ার্ড থেকে প্রায় সকলেই এসে পড়েছে। অমল বলল, দেখ, ওদের শাহ্তি দেওয়ার মত ক্ষমতা আমাদের নেই! আমরা পরাধীন জাত! আমরা কেবল বাধা দেব, আমাদের চোথের ওপর একটি মেয়েকে নিয়ে ছিনিমিনি খেলতে কিছুতেই দেব না।

থ্র-আপ আসাম-মেলের হেডলাইট দেখা দিয়েছে, ঘন জজ্গলের মধ্যে দিয়ে ফোঁসফোঁস করতে করতে ছুটে আসছে। পাঁচকড়ি অমলের গা দেখে দাঁড়িয়ে বলল, ঘাবড়াবার কিছু নেই অমল, আমরা প্রায় কুড়িজন আছি। হেডলাইটের ধনকধনকৈ আলোটার ওপর চোখ রেখে অমল পাঁচকডির একটা হাত শক্ত করে চেপে ধরল।

দেখতে দেখতে ট্রেণটা এসে পড়ল, ঢ্বকে পড়ল ন্টেশনে, থেমে পড়ল

প্ল্যাটফরমে। ওরা ছোট ছোট দলে লাঠি ডাপ্ডা নিয়ে লেডিজ-কম্পার্ট-মেন্টের দরজায় দরজায় দাঁড়িয়ে পড়ল। অমল সবকটা দলের কানে ক নে ফিসফিস করে বলে গেল, খবরদার, মাথা গরম কর না।

আর-এম-এস থেকে মেলব্যাগ নামিয়ে গ্ল্যাটফরমের ওপর সত্পাকার করে ফেলল, ডাইনিং-কার কেটে সাইিডিং-লাইনে গ্লেস করল। প্যাসে-ঞ্জার কিছ্ন নামল কয়েকজন উঠলও—তাদের প্রায় সকলেই মিলিটারী-অফিসার আর জনকয়েক বোধহয় সিভিলিয়ান কনট্র ক্টর। ট্রেণ আসার গোলমাল ধীরে ধীরে মিলিয়ে গেছে, লোক চলাচল থেমে গেছে, ভেটশনটা আবার খাঁ খাঁ করছে। ঢাকনি-ঢাকা আলোর তলায় ট্রকরো ট্রকরো অন্থকারগর্লো যেন ঝিমিয়ে পড়ছে। কেবল জেগে আছে পাঁচকড়ি, লেডিজ কম্পার্টমেন্টের দরজায় সজাগ প্রহরী! আর জেগে আছে সাদেক, লোহাব রডটা ঠ্রেক ঠ্রকে পায়চারী করছে! আরও জেগে আছে ছোট ছোট দলে বাকী ছেলেরা, উৎকর্ণ হয়ে অপেক্ষা করছে মোক্যবিলা করার জন্য!

সময় যেন আর কাটেনা! আধ-আলো আধ-অন্থকারে ট্রেণের যাত্রীরা ঝিমিয়ে পড়ছে। অপ্থির ভাবে অমল সমসত প্ল্যাটফরমটা পায়চারী কবছে। বারকয়েক ভেটশন-র্মের মধ্যে উকিঝ্নিক মেরে দেখে এসেছে। জনতিনেক আমেরিকান চেয়ারে টেবিলে বসে হৈ-হল্লা করছে, মদ গিলছে, চিউয়িং-গাম চিবাছে! অমল ভেবে থৈ পায়নি, এমন একটা বর্বর অভিসন্ধি করে মান্যগ্লো এমন নিবিকার আছে কেমন করে! তবে কি এমন কাজ করা তাদের কাছে নিতান্ত মাম্বিল একটা ব্যাপার!

আর বোধহয় মিনিটতিনেক বাকী। হাঁপাতে হাঁপাতে দোঁড়ে এসে অনন্ত বলল, ওরা ঠিক করেছে ট্রেন ঘটার্ট করলেই হ্যারী ঢ্বকে পড়বে কম্পার্টমেন্টের মধ্যে, ড্যান্ আর ওয়াকার থাকবে ফ্টবোর্ডের ওপর! ঘটার্টার পার হলেই হ্যারী একজনকে নামিয়ে দেবে, তারপর তিনজনেই লেভেল-ক্রসিঙের কাছে নেমে পড়বে। কালও নাকি গাড়ীতে উঠেছিল কিন্তু তেমন স্মবিধে করতে পারেনি!

হত্তদত্ত হয়ে অনন্ত আবার চ্ছেশন-র্মে চলে গেল। অমল সবকটা দলের কাছে সমস্ত কথা ঘুরে ধুরে বলে এল। চ্ছেশন-রুমের সামনাসামনি এসেই দেখে ষ্টার্টার ডাউন হয়েছে! সব্বজ আলো মিট-মিট করছে! আর যেন অমলের পা চলে না!

জ্ঞাইভার হাইসিল দিয়েছে, ব্রেকভাান থেকে গার্ড সবাজ বাতি নাড়ছে। হাসতে হাসতে ডাান হ্যারী আর ওয়াকার বেরিয়ে এল।

পাঁচকড়ি দাঁতে দাঁত চেপে ডাকল, সাদেক!

ঠিক আছি পাঁচকড়ি বাব্!

হ্যারী আসছে সকলের আগে আগে, প্রত্যেকটা কামরায় টর্চ ফেলে দেখতে দেখতে। একটার পর একটা কামরা ছেড়ে ওরা এগিয়ে চলেছে। জ্রাইভার হুইসিল দিয়ে ছিটম খুলে দিয়েছে, ভস্—ভস্—ভস্— গাড়ীটা যেন নড়ে উঠল, একটুখানি যেন গড়িয়েও গেল, ব্রেক-চেপে-ধরা কোন একটা চাকা থেকে ক্যাঁ—ক্যাঁ—শব্দ হতেই রইল।

পাঁচকড়ির চোখের দ্ঘি ঝাপসা হয়ে উঠছে ভেসে উঠছে অগণ্ট আন্দোলনের দিনে সেদিনকার সেই নিশ্বতিরাতে জ্বলন্ত মশালের সেই আলো! সেদিনও সে-ই ছিল সেন্ট্রী, আর আজ! পাঁচকড়ি নড়ে উঠল, টলে উঠল, সমস্ত শরীরটা তার থরথর করে কে'পে উঠল! সেদিনকারই মত তার ব্বেকর মধ্যে থেকে আর্ত এক আর্তনাদ ঠেলে বেরিয়ে এল, হল্ট—

থতমত খেয়ে হ্যারী একেবাবে দাঁড়িয়ে পড়ল। সাদেক স্বরাজ খেগেন ওরা সকলে গিয়ে ড্যান আর ওয়াকারকে ঘেরাও করে ফেলল। এ্যাডভান্স ভাটার পার হয়ে ইঞ্জিন থেকে আবার হর্ইসিল দিয়েছে। রেকভ্যান থেকে গার্ড সাদা আলো দেখিয়ে 'অল রাইট' সিগন্যাল দিছে, হ্মহ্ম করে গাড়িটা বেরিয়ে যাছে। গভীর স্বস্তির এক নিঃশ্বাস অমলের ব্রকথানা খালি করে বেরিয়ে এল।

ধীরে ধীরে অমল ভীড়টার দিকে এগিয়ে যাচ্ছে। ওরা সকলে মিলে ড্যান হ্যারী আর ওয়াক:রকে ঘিরে ধরেছে। পাঁচকড়ি গলা ফ্রুড়ে চিংকার করছে, দিস ইজ নট ইওর ফেটস। দিস ইজ আওয়ার ইন্ডিয়া!

ভীড়ের বাইরে অমল দাঁড়িয়ে আছে। সে দেখছে, সাড়ে ছফ্ট্টলম্বা দৈত্যের মত তিনটে আর্মেরিকান ফ্যাকাশে মুখে রোগা-শ্ট্টকো পাঁচকভির তম্বিগম্বি নীরবে হজম করছে!

रो। भारिक शातीत এको राज धरत आँकानि भिरत वर्तन छेठैन, त्वारना, फिन् किंड এইসা করেগা?

বিস্মিত অমল দেখল দোদ প্রতাপশালী স্কৃষ্ণ্য আমেরিকার ডেমোক্রাট সৈনিক হ্যারী অপরাধীর মত মাথা নেডে জানাচ্ছে, না।

অমল পাঁচকড়ির কাঁধে হাত রেখে বলল, চল পাঁচকড়ি, এবার আমরা কান্দেপ ফিরে যাই!

दहा मन

ষ্টালিনগ্রাদের 'গেল-গেল' অবস্থা!

কোম্পানির ছেলেদের মধ্যে নতুন করে চাওল্য দেখা দিয়েছে, তাদের ভাগ্যে আবার না জানি কি ঘটতে চলেছে! খবরের জন্য উৎস্ক হয়ে মেজর রাউনের উদারতায় পাওয়া ষ্টেটসম্যানের আন্দ্যোপান্ত পড়ে ফেলে, রেডিও'র খবরের প্রতিটী কথা যেন গিলতে থ'কে। কিন্তু ষ্টেটসম্যান বা রেডিও'র খবর তাদের মনে কোন আশা জাগায় না!

তব্বও আশা মরে না! রাশিয়ার ওপর তব্বও ভরসা! মন্ফের্চা লোননগ্রাদ যারা অমনভাবে রক্ষে করতে পারে দ্যালিনগ্রাদ কি আর তারা সামলাতে পারবে না! দ্যেশনে বাজারে যে কোন সিভিলিয়ানকে দেখতে পায় তারই কাছে খবর জিজ্জেস করে। বিস্ময়ে হতবাক হয়ে শোনে দ্যালিনগ্রাদের যুদ্ধের খবর। সে যেন এক র্পকথা! তার ইটকাঠ পথঘাট ধ্লো-কাকরটাও ব্বিঝ রুখে দাঁড়িয়েছে জার্মানদের বিরুদ্ধে! রাস্তায়-রাস্তায় অলি-গলিতে চলেছে হাতাহাতি লড়াই! যুদ্ধ ছড়িয়ে পড়েছে সহরের প্রতিটী বাড়ীতে বাড়ীতে, প্রতিটী বাড়ীর তলায় তলায়!

এদিকে আবার জাপানও যেন আসাম-বর্মা সীম দেত নড়েচড়ে উঠছে! প্যালেল দখল করে ধীরে ধীরে চীনদ্ইন নদীর ধারে এগিয়ে আসছে। এতদিন যুদ্ধ ছিল দ্রে দ্রে তাই মনে ছিল ভয়! আর যুদ্ধ এখন এসে পড়ছে একেবারে ঘাড়ের ওপর তাই মনে জাগে আতজ্ক। জ্যালিন-গ্রাদের যদি পতন হয় আর জাপান যদি এগিয়ে আসে, তাইলে ভারতবর্ষের ব্রুকের ওপর দুদিক থেকে এসে পড়বে যুদ্ধ!

সন্ধ্যে বেলায় ক্যানটীনে গিয়ে ভীড় করে ছেলেরা রেডিও'র খবর

শোনে। তারপর গ্রটীগ্রটী বেরিয়ে যায় প্যারেড-গ্রাউপ্তের দিকে, অন্ধ-কারে গোল হয়ে বসে। অন্ধকারই যেন ভাল লাগে!

গভীর উন্দেরে দিনের পর দিন কেটে যায়। সন্ধ্যে উতরোলেই রাতের থানা থেয়ে ব্যারাকে ফিরে আসে। জীবন যেন তাদের নিম্প্রাণ হয়ে গেছে! ধীরে ধীরে একজন একজন করে অমলের সীটটায় এসেবসে, নীরবে পরম্পরের মুখ চাওয়াচাওয়ি করে গ্রম হয়ে থাকে, ভাবনার তাদের অন্ত নেই! নীরব স্তব্ধ ছেলেদের মধ্যে থেকে অনন্ত হঠাং ফ্রেস ওঠে, আমাদের ওপর এত জ্লুম কেন? আমাদের কি দায় পড়েছিল রাজায়-রাজায় এই যুদ্ধের মধ্যে উল্বেড্র মত প্রাণ দেওয়ার!

শিবেন বলল, আর কেন! পেটের দায়ে।

স্নীল বলল, শ্বে; তাই নয়! এ যুদ্ধ না বাঁধলে কি আর স্বাধীনতার কথা ভাবতে পারতাম!

পাঁচকড়ি বলল, না ভাই স্ননীল ও স্বাধন ভেঙে গেছে! জাপান আর জার্মানি এসে যে আমাদের স্বাধীন করে দেবে একথা ভাবতেও গায়ে কাঁটা দিয়ে ওঠে!

স্নীল বলল, কেন!

কেন? সেদিনকার রাতের কথা এরই মধ্যে ভূলে গোলে। ওই আমেরিকানরা, ওরাওতো বলে আমাদের রক্ষে করার জন্য ভারতবর্ষে এসেছে! ভারতবাসীকে ওরাও বন্ধ, মনে করে। ক্রি-তু তার নম্নাতো সেদিন স্বচক্ষে দেখলে?

শিবেন বলল, কিন্তু এরা যে ব্টীশেরই দলে! ও-রকমতো হবেই। অমল এতক্ষণ চুপ করে ছিল। মাঝখান থেকে বলে উঠল, কিন্তু এই আমেরিকানরাও ব্টীশদের ঘূলা করে!

পাঁচকড়ি বলে উঠল, সব শালাই সমান! কেবল ফ্রসলোবার তাল!
আমল বলল, না পাঁচকড়ি সকলেই সমান নয়! রাশিয়াতো নিজের
দেশ ছেড়ে পরের দেশে মাতব্বরী করতে যায়নি! কোন দেশকে রক্ষে
করতে গিয়ে সে দেশের মেয়েদের ধরে টানাটানি করেনি!

অন্ত অমলের কথার জের টেনে বলল, আর নিজের দেশের জন্য কি লড়াইটাই না তারা লড়ছে! স্নীল বলল, তাতে আর চি'ড়ে ভিজবে না! এবার দেশ আর রক্ষে করতে হচ্ছে না!

অমল বলল, কিন্তু আমার মন চাইছে রাশিয়ার জয় হোক!
স্নাল মোচড় দিয়ে বলল, বল কি হে! তুমিও যে দেখছি রাশিয়ার
ভক্ত হয়ে গেলে?

অমল বলল, তা আমি হয়েছি স্নীল, সতিটে আমি রাশিয়ার ভক্ত হয়ে উঠেছি! কেন, তা-ও বলছি। প্রথমত দেখ, হিটলারের অন্চর ইউরোপের প্রত্যেকটি দেশ থেকে বেরিয়েছে কিন্তু রাশিয়া থেকে বেরোয়নি! সমদত ইউরোপের শক্তি নিয়ে হিটলার রাশিয়াকে আক্রমণ করেছে, রাশিয়া একা সেই আক্রমণ ঠেকিয়েছে! আমি অবাক হয়ে ভাবি রাশিয়ার মান্ম এত শক্তি পেল কোথা থেকে! যুদ্ধের গোড়ায় গোড়ায় লোকে বলেছে রাশিয়াতো চায়ার দেশ, দশদিনেই হিটলার সমদত রাশিয়া দখল করে নেবে। আমিও তখন ভাবতুম, যে হিটলারের সামনে ফ্রান্সই দাঁড়াতে পারল না, রাশিয়াতো সেখানে এক ফ্রয়ের খদের! সতি্য বলছি, আমার কেমন যেন অবাক লাগে, রাশিয়ানরা ভালিনগ্রাদে এমন যুদ্ধ করছে কি করে! দেশকে তারা এত ভালবাসতে শিখল কেমন করে! অননত দীর্ঘশ্বাস ফেলে বলল, আর আমরা মনের সুথে খুসী হয়ে

অনত দীর্ঘ বাস ফেলে বলল, আর আমরা মনের স্থে খ্সী হয়ে বসে আছি জাপান এসে আমাদের স্বাধীন করে দেবে!

সকলেই কেমন যেন গ্রম মেরে গেছে, চুপ করে মাথা ঝ্রিকয়ে আছে। স্বরাজ ডিউটী থেকে ফিরে ব্যারাকে ঢ্রকে বলে উঠল, কি রে, তোরা যে সব নিরাকার ভোজে বসে গেছিস! ব্যাপার কি?

কয়েকজন কেমন যেন ক্লান্ত দ্ভিটতে স্বরাজের দিকে ফিরে চায়। স্বরাজ অনন্তর কাছ ঘে'ষে চাপা গলায় জিজ্ঞেস করল, কি হয়েছে রে! কোন খারাপ থবর আছে নাকি?

अनुष्ठ वलन, ना, धारे युएधत कथा र्राष्ट्रन।

ন্বরাজ বলল, তাই বল, আমিতো রেগ্নলার ঘাবড়ে গিয়েছিলাম! এতো স্থবর! তেশৈনে একজন সিভিলিয়ান ভদ্রলোক বলছিলেন, তালিনগ্রাদে আড়াইলক্ষ জার্মান সৈন্য ঘেরাও হয়ে গেছে! এইবার জার্মানি কুপোকাং! ৪৫ সালের মধ্যেই আমরা বাড়ী ফিরতে পারব।

অকস্মাৎ একসংগে একটা উল্লাস ফেটে পড়ল, হিপ্-হিপ্-হ্রুর্রে— থগেন লাফিয়ে উঠে বলল, বলিস কিরে! এই শালা নরক থেকে তাহলে আমরা মুক্তি পাব?

সকলের মুখ আনন্দে উল্ভাসিত হয়ে ওঠে, মুক্তি! সত্যিইর্টের্টী মুক্তি!

স্বরাজ বলল, যাক, এইবার আমার খবরটা শোন, শ্নলে আর এক-দফা ভমকে যাবি!

পাঁচকড়ি বলে ওঠে, বাড়ী ফেরার আশা যখন দেখা দিয়েছে তখন আর কিছু,তেই ঘাবডাই না!

শ্বরাজ বলল, মেজর রাউন বর্দাল হয়ে চলে যাচ্ছে! পাঁচকডি বলল, যেতে দাও শালাকে জাহাল্লমে!

শ্বরাজ বলতে লাগল, আর ওর জায়গায় যেটী আসছেন সেটি নাকি মেজর রায়ের রাজসংশ্করণ!

পাঁচকড়ি আবার তেড়ে-ফ্রুড়ে ওঠে, তাতে আর খুব স্ক্রিধে হবে না! বলে দিও যাদ্দের, আমরা আর সেই ভেড়াটি নেই। এখন থেকে ইটটী মারলে পাটকেলটী খেতে হবে!

অনন্ত বলল, তা ইনি যে এমন হঠাৎ আমাদের অকুল পাথারে ভাসিয়ে চললেন! ইনিও কি মেজর রায়ের মত বিদ্রোহ করছিলেন নাকি?

স্বরাজ বলল, ইনি চলেছেন প্রমোশন নিয়ে। তা আজ প্রায় দেড়-বছর হয়ে গেল আমাদের কোম্পানিতে এসেছেন।

অমল বলে ওঠে, প্রমোশন এ'র না হলে আর হবে কার! এমন স্বন্দর ভাবে কচুকাটা করল এই দেড়টাবছর ধরে! সমস্ত কোম্পানিটার বোধহয় কমসে-কম ছ'মাসের মাইনে কেটেছে!

স্বরাজ বলল, তার ওপর আবার এ্যাডিশন্যাল কোয়ালিফিকেশন! থগেন বলল, সেটা আবার কি! শ্রনি?

এ'র মেমসাহেবটী নাকি খ্ব স্করী! তিনি আবার দিল্লী হেড-কোয়ার্টারসে এ-জি'র পার্সোন্যাল ভেনো। শাস্তের বচন, স্থীভাগ্যে ধন! আর স্করী স্থী কিনা তাই ধন একেবারে ছম্পর ফ্রড়ে পাচ্ছেন। কমিশন পাওয়ার চোন্দদিনের মধ্যে লেফটেনান্ট, আড়াইমাসে ক্যাপটেন আর চতুর্থ মাসে মেজর হয়ে আমাদের কোম্পানিতে অবতীর্ণ হলেন ! জনকয়েক একসংগ্র বলে ওঠে, সাববাস!

ম্বরাজ বলল, কিন্তু আসল খবরটাতো এখনও শ্রনিসনি। তাহলে একট্র কাছে কাছে আয়, এ নিয়ে যেন হৈ-চৈ করিসনি।

সকলে গোল হয়ে স্বরাজকে ঘিরে ধরল। স্বরাজ চাপা গলায় বলল, স্ববেদার সাহেব ঠিক করেছেন মেজর রাউনকে ফেয়ারওয়েল্ দিতে হবে। আজ রোল-কলে তিনি সেই কথা তুলবেন আর সকলের কাছে চাঁদা চাইবেন। ফেয়ারওয়েলের দিন ঐ টাকায় কিছ্ব একটা জিনিষ কোম্পানির ছেলেদের তরফ থেকে মেজর সাহেবকে প্রেজেন্ট করা হবে আর ক্যানিটনে একটা ছোটখাট জলসা করা হবে। ডাক পড়বে অমলের, বিজয়া সম্মিলনীর মত ভ্যারাইটী শো অর্গানাইজ করার জন্য!

আমল হঠাৎ যেন ফেটে পড়ল, না, তা কিছ্বতেই হতে পারে না। আমা-দের রক্ত যারা তিলে তিলে শ্বেষ নিয়েছে, আমাদের সঞ্জে যারা প্রতিটি ম্ব্ত কুকুর-বেড়ালের সামিল ব্যবহার করেছে, তাদের কাকেও আমরা কোন ভাবেই সম্মান দেখাবনা!

ম্বরাজ বলল, কিন্তু অমল, সেইদিনই মেজর ব্রাউন আপগ্রেডিং-লিন্টে সই করে যাবেন। অকাদা সে লিন্ট তৈরী করে রেডি হয়ে আছে, মান-পত্র দেওয়ার সঙ্গে সঙ্গে ওই লিষ্টটী মেজর সাহেবকে দেবে।

মৃহ্তের মধ্যে সকলেই স্তব্ধ হয়ে যায়। হঠাৎ পাঁচকড়ি ফেটে পড়ে, তার মানে লোভ দেখিয়ে আমাদের কাছ থেকে সম্মান আদায় করবে!

শিবেন বলে ওঠে, ওসব আর হচ্ছে না। জাপানতো এসে পড়েছে! এইবার শালাদের গলায় পা দিয়ে ডুবিয়ে দেব!

স্নীল বলল, কিন্তু নামকাওয়াদেত একটা ভ্যারাইটি-শো করলে যদি আপপ্রেডিঙটা পাওয়া যায়, মন্দ কি!

পাঁচকড়ি ক্ষিপ্তের মত লাফিয়ে ওঠে, চাইনা শালা আপগ্রেডিং! ইস্, জনুতো মেরে গর্ন দান! এই চললন্ম আমি, কোম্পানির প্রত্যেকটা ছেলেকে বলব, ফেয়ারওয়েল বয়কট করতে! িরভেলির পর ছেলেরা চা আর পর্নর নিয়ে যে যার ব্যারাকে ফিরেছে। যাদের খাওয়া হয়ে গেছে তারা পি-টি'র পোষাক পরছে। যাদের বিছানা ড্রেসিং তখনও বাকী তারা তাড়াহর্ড়ো করে কাজ সেরে নিচ্ছে। হঠাং হর্ইসিল বেজে উঠল। যাদের কাজ শেষ হয়নি তারা চিংকার করে ওঠে, দেখ মাইরী, এখনো পাক্কা দশমিনিট বাকী আর শালা হাবিলদার-মেজর কিনা হুইসিল বাজিয়ে দিল!

ব্যারাকের আর একপ্রান্ত থেকে একজন চিৎকার করে উঠল, এই, কেউ ফল-ইন করিসনি!

এন-সি-ও'র দল ব্যারাকে ব্যারাকে ছ্টছে, চিংকার করছে, যে যে-পোষাকে আছ ওইভাবেই আর্ভাভ ক্যান্টিনমে ফল-ইন। জলদি!

জনকয়েক ছেলে একজন এন-সি-ও'কে ঘিরে ধরে, কেন, ক্যানটিনে আবার এই সক্কালবেলায় কি?

মহাব্যস্তভাবে অন্য ব্যারাকের দিকে ছা্টতে ছা্টতে এন-সি-ও বলল, অতশত জানিনা বাপা, সা্বেদার সাহেবের হাকুম! মেজর সাহেব এসেছেন।

ছেলেরা ভাবনায় পড়ে যায়, এই সাত-সকালে মেজর নেলসন এসেছে ক্যান্দেপ! পি-টি'র বদলে ক্যান্টিনে। বেবাক বিস্ময়ে ছেলেরা মুক হয়ে গেছে, সন্দ্রুস্ত গতিতে তাবা ক্যান্টিনে এসে জমা হতে থাকে। ক্যান্টিনে শুধু মেজর নেলসন একা নয় অন্য অফিসাররাও আছেন। স্ববেদার জমাদার হাবিলদাব-মেজর এমন কি অকাদাও গম্ভীর মুথে দাঁড়িয়ে আছেন।

—ব্যাপারটা কি? নতুন কোন হ,কুম। তার জন্য স্বকটি অফি-সার এই ভোরবেলা বিছানা ছেড়ে উঠে আসবে কেন। পার্ট-ওয়ান অর্ডারে একবার ছেপে দিলেইতো স্বেদার থেকে ক্ষ্বদে লান্স-নায়েক পর্ষানত হকুম মানাবার জন্য উঠে-পড়ে লেগে যেঁত! কোম্পানি ম্ভ করবে? তার জনাতো এত সকালে নরম বিছানা ছেড়ে ব্রেকফান্ট না করে এমন চিন্তিত ম্থে অফিসারদের স্বয়ং এসে হাজির হওয়ার দর-কার পড়ে না! ম্থের কথা খসালেইতো ওই স্বেদার আর হাবিলদার-মেজর ধরে আনবার জায়গায় বেধি আনত! স্ববেদার সাহেব স্ল্যাটফরমে উঠে মিহিগলায় বললেন, তৈঁামরা সকলে বসে পড়।

অফিসাররা আর তাঁদের পেছন পেছন হাবিলদার-মেজর স্ল্যাট-ফরমে উঠলেন। অকাদা তাঁর গোলকধাঁধার ওপর চোখ বর্নলয়ে নিয়ে উধর্বনেত্র হয়ে প্ল্যাটফরমের সির্গড়িটায় বসে পড়লেন।

—নাঃ, আমাদের পক্ষে কণ্টকর কোন ব্যাপার নিশ্চয়ই নয়! তা যদি হত তাহলে ওদের ম্খগ্লেলা এতক্ষণে খ্সীতে ভরে উঠত! কিণ্ডু ওদের মুখ যে শ্বননা!

মেজর নেলসন প্ল্যাটফরমের সামনে এসে বলতে স্বর্ করলেন, তোমরা সকলেই জান, গত একমাস ধরে আসাম-বর্মা সীমান্তে যুন্ধ স্বর্ হয়েছে। কয়েকটা জায়গায় আমরা পশ্চাদপদ হয়েছি। টিভিম যে আমাদের দখলের বাইরে চলে গেছে সে খবর তোমরা কাল রাত্রে রেডিওতে শ্রনেছ।

— চিন্ডিমতো গেছে আর তোমরাও শালারা চিমটিম করছ! পশ্চাদপদ হওয়া ছাড়া তোমাদের আর গতি কি! কর শালারা বুট-পালিশ আর বিস্তারা-ড্রেসিং! জাপানীরা তোমাদের চকচকে বুট দেখেই পালিয়ে যাবে!

মেজর নেলসন বলে চলেছেন, কিন্তু আজ সকালে আমি তোমাদের কাছে রেডিওর খবর শোনাতে আর্সিন। এমন একটা খবর আমি পেয়েছি, যে খবর এখনি আর এক মৃহ্ত দেরি না করে তোমাদের জানান দরকার। জাপানীরা আমাদের ফোর্থ-কোর এলেকা আরুমণ করেছে!

—তবে আর কি! এইবার বীরত্বের সঙ্গে পশ্চাদপদ হতে স্বর্ কর! আর মরবার জন্য আমরাতো ভেড়ার পাল আছিই!

বুমজর সাহেব তুখনও বলছেন, এখন আমাদের সামনে বিরাট দায়ীত্ব।
এমনই একটা দিনের জন্য আমরা আজ তিনবছর ধরে প্রস্তৃত হচ্ছি।
সেই পরীক্ষার দিন আমাদের সামনে এসে গেছে। আমি তোমাদের
কোম্পানিতে নতুন! আমার চেয়ে তোমাদের এই কোম্পানির ওপর
দরদ ঢের বেশী। আজ প্রাণ দিয়েও কোম্পানির স্নাম অক্ষ্ম রাখতে
হবে। আমাদের কোম্পানি যুদ্ধের মাঠে লড়বার বাহিনী নয়, আমাদের

কাজ রেল চালান। যদি প্রয়োজন হয়, আত্মরক্ষার জন্য সব রকম অস্প্রই তোমাদের ধরতে হবে।

—তাতো হবেই! দায়ীত্ব শেষ পর্যন্ত আমাদেরই নিতে হবে! শেষ লড়াই আমাদেরই লড়তে হবে! আর সেইজন্য এই তিনবছর ধরে আমাদের আধমরা করে ফেলেছ! অস্ত্র যদি হাতে পাই তাহলে জাপানী-দের আগে শালা তোমাদের কচুকাটা করব!

একটা সিগারেট ধরিয়ে মেজর নেলসন আবার বলতে সন্তর্ন করেন, আজ আমাদের ওপর নির্ভার করছে সীমান্তের সৈনিকদের খাওয়াপরা, বন্দের অস্ত্রশস্ত্র, সব কিছ্নই। আমরা আজ যত বেশী কাজ করতে পারব জাপানের পরাজয়ের দিন ততই এগিয়ে আসবে, ভারতবর্ষের নিরাপত্তা ততই মজবন্ত হবে! আর আমাদের ঘরে ফেরার দিন ততই নিকট হবে!

নীরব সৈনিকের দল স্তাম্ভিত হযে গেছে। এত সরলতা, এত আবেদন, তাদের শক্তির প্রতি এতখানি মর্যাদা! সবই কেমন যেন ভেল্কির মত মনে হয়। ত'দের সামরিক জীবনের সংক্ষিপত একটি ইতিহাস ধীরে ধীরে চোখের ওপর দিয়ে ভেসে চলে। অফিসার আর তার প্র্কেগ্রাহীদলের অত্যাচার দিনের পর দিন জমা হয়ে উঠে, আজ যে আক্রোশ জাগিয়ে তুলেছে. তারই প্রতিহিংসা সবার আগে মাথা চাড়া দিয়ে ওঠে। হাত্র ম্বিট্বিম্প হয়ে আসে, দাঁত কড়মড় করে ওঠে! এদের ভাঁওতায় আর ভোলা হবে না! এমন সন্থোগ আর ছাড়া হবে না! তাদের জীবনকে যারাই নন্ট করতে আসবে তাদের তারা কিছুতেই ক্ষমা করবে না। মনে পড়ে বর্মা-ইভ্যাকুয়ী সৈনিক আর নাগরিকদের চেহারাগ্রলো আর তাদের প্রতাআর মিছিল! শাঙ্কত সৈনিকের দল আতঙ্কে চোথ বোজে, মানসপটে ভেসে ওঠে তাদের গ্রেহর ছবি। তাদের স্কেহাতুর বাপ মা, অসীম সহান্তুতিশীল ভাই-বোন, সম্পূর্ণ নির্ভরশীল দ্বী-প্রা! তাদের কি হবে? তাদের শান্তির নীড়ে আগন্ন ধরিয়ে কে তাদের টেনে আনল এই মারণযজ্ঞে! কেন?

অফিসারদের মধ্যে কিছ্মুক্ষণ পরামর্শ চলে। তারপর মেজর সাহেব একটা শ্লিপ নিয়ে বলতে সূত্র্ব করেন, এইবার আমাদের কাজের একটা খসড়া তৈরী করতে হবে। সমস্ত কোম্পানিটাকে আমরা তিনভাগে ভাগ করব। প্রথমদল থাকবে রেলওয়ে-ডিউটীতে। দ্বিতীয়দল রেকী স্কোরাড, মনিপর্ব-রেলহেড রক্ষা করবে—প্রতিদিন তারা লাইন পরীক্ষা করবে, দেখবে কোথাও কোন সাবোতাজ হচ্ছে কিনা। রেললাইনের ওপর কোথাও কোন হামলা হলে তারা এগিয়ে গিয়ে মহড়া নেবে। এই দলের কম্যান্ডার হবেন লেফটেনান্ট কর্নোল আর সেকেন্ড-ইন-ক্মান্ড স্বেদার নন্দী। এই দলে থাকবে চারজন ব্রেন-গান ক্র্ আর আঠার-জন রাইফেলম্যান। বাকী লোক নিয়ে হবে তৃতীয়দল—রিজার্ভ ব্যাচ।

আবার কিছ্মুক্ষণ জনান্তিকে আলোচনা চলে। এরই ফাঁকে সাদেক বলে ওঠে, শালাদের শেয়ালের যাজিতো আর শেষ হবে না দেখছি! এদিকে বিড়ি না খেয়ে যে পেট ফে'পে ওঠবার জোগাড়!

পাশ থেকে রবীন বলল, আরে নে না, তুই বিজি ধরা। এখন আর শালারা কোন কথাটী কইবে না! বেগতিক দেখলে পায়েও ধরবে!

ফস্স্ করে দেশলাই জনালার শব্দে ক্যানটিনশ্বদ্ধ ছেলে চমকে ওঠে। মেজর নেলসন দ্র কুচকে বললেন, ইয়েস্, ইউ ক্যান্ স্মোক।

শ'খানেক বিজি সিগারেট জনুলে উঠল। ধোঁয়ায় সমস্ত ক্যানটিনটা ভরে উঠেছে। মেজর সাহেব জানিয়ে দিলেন, টেকনিক্যাল ডিউটী-ওয়ালারা থাকবে ডেশনের রাণিং-র্মে, রেকী-স্কোয়াড থাকবে ডেশনের রিফ্রেসমেন্ট-র্মে আর রিজার্ভ ব্যাচ থাকবে ডিফেন্স-বক্সে। অফিসাররাও সকলের কাছাকাছি থাকার জন্য থাকবেন আপার-ক্লাস ওয়েটীং-র্মে। কোম্পানির প্রত্যেকে একান্ত প্রয়োজনীয় কীটস্ ছাড়া বাকী সমস্ত জমা করে দেবে ডেটারে। প্রত্যেকের ইউনিফর্ম হবে ব্যাটল-অর্ডারে।

এইবার রেকী-স্কোয়াড নির্বাচনের পালা। সন্বেদার নন্দী তাঁর পেয়ারের জনকরেককে নাম ধরে ডাকাডাকি স্বর্ করে দিলেন। ষাদের নাম ধরে তিনি ডাকেন তারা ভীড়ের মধ্যে গা-ঢাকা দিয়ে থাকবার চেষ্টা করে! সন্বেদারকে তারা খ্সী করেছে খোসামোদ করে, অন্যের নামে চুকলি খেয়ে, মাঝেমাঝে এটা-সেটা ঘ্র দিয়ে! মৃত্যুর মৃথে এগিয়ে ষাওয়ার মত নৈতিক বল তারা পাবে কোথায়!

মেজর সাহেব স্ববেদার সাহেবকে নিরুত করে বললেন, আমি তেমন লোক চাই যারা স্বেচ্ছায় এগিয়ে আসবে।

কিল্পু কে যাবে ন্বেচ্ছায় এগিয়ে! মৃত্যুর মুথে এগিয়ে যাওয়ার মত প্রেরণা কোথায়! তারা অনেকেই সংসারের একমাত্র অবলম্বন। তাদের জীবনে বিপর্যার ঘটলে তাদের শ্ন্য স্থানকে প্রেণ করার যে কিছ্রই নেই! গভর্ণমেশ্টের প্রতিশ্রুত আঠারটাকা মাস-মাহিনার অর্থেক নটাকা মাস-পেশ্সনের ভরসায় নিজের জীবন নিয়ে ছেলেখেলা করতে প্রবৃত্তি জাগে না।

সবক্ষটী অফিসারের দৃষ্টি ছেলেদের ওপর নিবন্ধ। ফ্যাকাশে মুখে আজ তাঁরা চেয়ে আছেন এই মানুষগর্লোর দিকে। বেয়ণেটের ডগায় আদায়-করা আনুগতা আজ তাঁদের প্রাণে আশার সঞ্চার করতে পারে না। তাই তাঁরা জানতে চান, যে মাটিব ওপর তাঁরা দাঁড়িয়ে আছেন সে মাটি একেবারেই চোরাবালি কিনা!

অবশেষে জনকয়েক এন-সি-ও আর কয়েকটি ছেলে বেরিয়ে এল। বাকী ছেলেরা তাদের দিকে চেয়ে ম্চকে হেসে বলল, যা শালারা মরগে যা! মরে গেলে রাজা খেতাব পাবি।

পনের

একদিনের মধ্যে ডেশনের চেহারা গেল বদলে। কাঁটাতার দিয়ে সমসত ডেশনএলেকা ঘিরে ফেলা হরেছে। সারাদিনই কড়া পাহারার বন্দোবসত, বিশেষ করে সন্ধ্যের পর আটহাত অন্তর সেন্দ্রী মোতায়েন হয়। প্রতিটী ইয়াডের মুখে মুখে পিলবক্স তৈরী হচ্ছে। স্লিট-ট্রেণ্ডের ওপর করা হচ্ছে ক্যামোফ্লাজ। সমসত ডেশনএলেকায় সম্পূর্ণ রয়ক-আউট। ইয়ার্ডগ্রলা অন্ধকার, ইঞ্জিনের হেডলাইট জনলে না, রাতের বেলায় একমাত্র পয়েন্টসমাানদের হাতবাতি ছাড়া আর কোন আলোও জনলে না। সান্ধ্য আইন জারি হয়েছে স্থাসত থেকে স্থোদয় পর্যন্ত। বিনা পাস-ওয়াডে ডেশনএলেকার মধ্যে চ্কলে জীবন হয়ে উঠছে সংশ্রাপয়! এয়ান্টি-এয়ার-কাফটগ্রলা সব সময়ে উধ্বম্থ হয়ে আছে। ইনফ্যান্ট্র একটা প্রবা কোম্পানি ডেশন রক্ষার ভার নিয়েছে।

রেলের কাজ যারা করছে তাদের কার্যকাল আটঘন্টা থেকে বাড়িয়ে বারঘন্টা করা হয়েছে। সংখ্যান,পাতিক হিসাবে রিজার্ভের লোক নাকি অনেক কম! স্তরাং রেলের কাজ থেকে ছাঁটাই করে রিজার্ভ ব্যাচের হিসাব প্রেণ করা হয়েছে।

গাড়ী চলাচলের সংখ্যা গেছে বেড়ে। আমেরিকানরা নতুন কারদায় গাড়ী চালান স্ব্রু করেছে। একসঙ্গে একশ'খানা ওয়াগন জ্বড়ে, মাথায় ডবল-ইঞ্জিন লাগিয়ে হ্রু হু শব্দে টেনে নিয়ে যায় বড় ইয়াড ওয়ালা ভৌশনে; যেমন লামডিং, মনিপ্র রোড, মারিয়ানি, তিনস্কিয়ায়। আসছে দ্রুপস-স্পেশ্যাল একটার পেছনে আর একটা, তার পেছনে ট্যাঙ্ক-স্পেশ্যাল, রেন-গান-ক্যেরিয়র-স্পেশ্যাল আর তার ফাঁকে হাডেড্রেড-কার স্পেশ্যাল। আসছে সৈনিক অস্ত্রশস্ত্র খাদ্য কাপড়চোপড় জ্বতুজানোয়ার —মনে হয়, ব্রিঝবা প্থিবীর সমস্ত জিনিষ এসে জড় হচ্ছে এই ডিমা-প্রে! গাড়ী এসে মেইন-ইয়ার্ড বা ওয়েন্ট-ইয়ার্ডে থামছে, সঙ্গে সংগে ইয়ার্ড-পাইলট লোড সর্ট করে নিয়ে যাছে বিভিন্ন সাইডিঙে।

চ্চেশনের আবহাওয়াটা হয়ে উঠেছে থমথমে। নিঃশ্বাস ফেলার সময় নেই! বিরাম নেই! বিশ্রাম নেই! যাল্ফিক উন্সন্ততার বেড়া-জালে পড়ে মান্যগন্লোও পেয়েছে যাল্ফিক গতিবেগ। চাকার ঘরঘর শব্দে তাদের কানে বাজতে থাকে একটীমাত্র কথা, 'যত বেশী কাজ তারা ক্রতে পারবে, জাপানের পরাজয়ের দিন ততই এগিয়ে আসবে আর ঘরে ফেরার দিনও ততই নিকট হবে।'

সকালের প্রথম খবর, লাল ফোজ আরও এগিয়ে গেছে, ন্টালিনগ্রাদ মর্নক্ত পেরেছে, খারকভ প্রণর্ম্ধার হয়েছে, লেনিনগ্রাদের অবরোধ ভেঙে পড়েছে।

তুবে কি ম্বাক্তর দিন এগিয়ে আসছে!

রেকী স্কোয়াড কাজ বুঝে নিয়েছে। উ°চু দেয়ালওয়ালা একটা খোলা ওয়াগনের ওপর স্যান্ডব্যাগ দিয়ে বুক সমান পাঁচিল তোলা হয়েছে। তারই অন্তরালে দুইকোণে দুই গ্রেনগান আর তাদের পেছনে ন'জন করে রাইফেলম্যান। এর মধ্যে মহড়াও বারকয়েক হয়ে গেছে।

রিজার্ভ-ব্যাচ স্থোদয় থেকে স্থাস্ত সময়উ্কুর জন্য তাদের

বাবতীয় মালপত্তর ঘাড়ে করে ক্যান্দেপ ফিরে আসে। দ্বেলার খাওয়া সেরে নেওয়া পর্যন্ত ক্যান্দে চৌহন্দির মধ্যে ঘোরাফেরা করে, সন্ধ্যে হওয়ার আগেই আবার ফিরে যায় ডিফেন্স-বক্সে। পাশেই তাদের ওয়েন্ট-ইয়ার্ড, সেখান থেকে ভেসে আসে কর্মচাঞ্চল্যের কলরব! ক্যান্দেপর গান্ড ছেড়ে যাওয়ার হ্বকুম নেই! তাই তারা কান পেতে শোনে ওয়াগন ঠোকাঠনুকির শব্দ, পাইলট ইঞ্জিনের হ্বইসিল আর ভাবে, কবে তাদেরও ডাক পডবে!

ডিমাপ,রের মধ্যে সবচেয়ে যেটী মারাত্মক জায়গা, সেই পেট্রোল-সাইডিঙে হয়েছে রিজার্ভ ব্যাচের নিরাপদ আশ্রয়! কোটি কোটি গ্যালন পেট্রোল সেখানে মাটির তলায় আর ওপরে জমা করে রাখা হয়েছে। সে জায়গার নিরাপত্তাতো একটি ইনসেন্ডিয়ারি-বন্বের অপেক্ষায়! তারই মধ্যে তারা থাকে চারফিট গভীর, ক্যামোফ্লাজ করা বৃহৎ এক ট্রেণ্ডের মধ্যে। তাদের চারপাশে আছে অনেকগ্বলো এ্যাক-এ্যাক-পোষ্ট আর পিল-বক্স। সন্ধ্যের অন্ধকার ঘনিয়ে আসে, তারা নেমে যায় গহ-রের নীচে, দিনের শেষ তাদের কাছে তখনই হয়ে যায়! শুরে পড়া ছाড़ा आत किছ, कतवात थारक ना वरन जाता भारत भरड़। हि९ रहा भारत निकय कारला जन्धकारतत गर्था राजात करत रहरत थारक: ভारत বাড়ীর কথা! আরও ভাবে, যদি সতিাই জাপানীরা আক্রমণ করে তখন তারা কেমন করে আত্মরক্ষা করবে! উপায় ভাবতে গিয়ে একমাত্র পালিয়ে যাওয়া, পায়ে হে°টে জঙ্গলের মধ্যে দিয়ে পাড়ি দেওয়া ছাড়া আর কোন সমাধান খংজে পায় না। রুদ্ধ আক্রোশে হাতদ্বটো মরঠো হয়ে ওঠে আর চোথ দুটো যায় বন্ধ হয়ে! অন্ধকারের বুক চিরে চলতে থাকে वर्भात देखाकृशीता भिष्टिल करत, भूजात भरताशामा उर्फारस नतक कारलत শোভাষাতা বানিয়ে!

কোহিমাকে দু'দিক দিয়ে জাপানীরা আক্রমণ করেছে। মাও-এর মাঝামাঝি আক্রমণ করে ইমফলের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন করে দিয়ে সোজা নেমে আসছে প্রধান সড়ক ধরে কোহিমার দিকে; অপর দিকে কোহিমার পেছন থেকে বোকাজান রোড আর জেসিম রোডের মাঝামাঝি জ্বণালের মধ্যে দিয়ে এসে উঠছে কোহিমার আশপাশের গ্রামগুলোয়।

অতর্কিত এই আক্রমণে কোহিমার প্রতিরোধ-ব্যুহ টলমল করে উঠেছে। ডিমাপরে থেকে কোহিমার রাস্তাও বিপন্ন হয়ে উঠেছে, জাপানীরা জগ্য-লের মধ্যে ল্যুকিয়ে থেকে রাস্তার ওপর গ্রুলি চালাচ্ছে। কোহিমার অবস্থা সংকটাপন্ন! ডিমাপ্র থেকে কোহিমা ছেচল্লিশমাইল!

সন্ধ্যার অন্ধকার ব্ল্যাক-আউটের অন্ধকারের সঙ্গে মিশে গিয়ে একাকার হয়ে গেছে। রিজার্ভ-ব্যাচ খাওয়াদাওয়া সেরে ডিফেন্স-বক্সে ফিরে
গেছে। রেকী-স্কোয়াড ডিউটী বদল করে তাজা উৎসাহে পজিশন
নিয়েছে। টেকনিক্যাল-ডিউটীতে বিরাম নেই, বিশ্রাম নেই। পাইলটইঞ্জিন ভসভস শব্দে সমস্ত ইয়ার্ডটাকে চয়ে বেড়াছে। পয়েণ্টসম্যানরা
হাতবাতি জেবলে নিছে। অফিসাররা ওয়েটিং-র্মের ইজিচেয়ারে বসে
মদের ক্লাসে চুম্ক দিতে দিতে শ্বেকম্থে কোহিমার কথা আলোচনা
করছেন।

হঠাৎ সাইরেন বেজে উঠল!

দ্বঃসহ সে আর্তানাদ ব্রক্ষাটা কান্নার মত মান্র্যকে পাগল করে তোলে। অসহ্য সে অবস্থায় মৃহ্তের জন্য বিদ্রান্ত হয়ে পড়ে। উধের্ব চোখ তুলে আকাশের দিকে চায়। চাঁদ! আকাশের কোলে চাঁদের আলো ঝলমল করছে! আতঙ্কে তাদের গায়ে কাঁটা দিয়ে ওঠে।

করেকসেকেণ্ড পরেই ছুটল এ্যাণ্টি-এয়ারক্রাফট থেকে গুলি। ডিমাপরে বেস'এর সবক'টা এ্যাক-এ্যাক-পোষ্ট থেকে একই সঙ্গে ফায়ারিং চলতে থাকে। কখনও গুলি ছুটছে রিপিট, কখনো অটোম্যাটিক। সমস্ত আকাশটা ট্রেসার ব্লেটের আগ্ননে সরলরেখার রুপালি জালে ছেয়ে গেছে!

সাইরেনের শব্দ অফিসাররা লক্ষ্য করছিলেন, ট্রেণ্ডে যাওয়ার আগে মদের গ্লাসে শেষ চুম্বুকটা দিয়ে নিচ্ছিলেন। কিন্তু ফায়ারিঙের শব্দে হাত থেঁকে গ্লাস খসে পড়ে যায়, নেশা তাঁদের ছ্বটে যায়! মেজর নেলসন একদোড়ে বাইরে ছ্বটলেন। সমস্ত দেউশনটা কাঁটাতার দিয়ে বেরা, কেবল দ্বাত চওড়া জিগজ্যাগ একটা রাস্তা রাখা হয়েছে থার্ড-ক্লাস-ওয়েটিং-র্মের সামনে! সোজা দোড়ে বাইরে যেতে গিয়ে মেজর নেলসন হোঁছট খেলেন সেই কাঁটাতারের বেড়ায়, সামলে ওঠার আগেই

তিনি আটকে পড়লেন কাঁটাতারের মধ্যে!

ওহ গড—আর্তনাদ যারা শ্নল তারা সঞ্জাগ হয়ে সঠিক রাস্তা ধরল!

রেকী-স্কোয়াড রেনগানগনুলোকে এ্যাক-এ্যাক পজিশন করে নিয়েছে। একঝাঁক পেলন উড়ে আসছে কোহিমার দিক থেকে, তার শব্দে হাওয়ার কাঁপন বৈড়ে উঠেছে। রেনগান-ক্র্'র হাতের পাতা ঘেমে উঠেছে। রাইফেলম্যানরা নিল-ডাউন পজিশনে বসেও উর্বুর কাঁপন রোধ করতে পারছে না। পেলনের ঝাঁকটা যেন ছড়িয়ে পড়ছে, জমাট শব্দ যেন পাতলা হয়ে যাচ্ছে! ক্র্'নাম্বার-ওয়ান চিৎকাব করে উঠল, কোথায় গেল সেই শ্বুয়োরকা-বাচ্চা কর্নেলি?

একজন রাইফেলম্যান বলে ওঠে, তুই চালা গর্বল! সে শালা এত-ক্ষরে কে'চোর গতে তুকেছে!

চাপা একটা গোগুনির শব্দ খ্ব কাছে কোথায় গ্নারে উঠছে! চমকে সে সেইদিকে ফিবে চায়। তাদেরই একজন রাইফেলম্যান মূখ থ্বড়ে স্যান্ডব্যাগের ওপর পড়ে রয়েছে!

ইয়ার্ড'-ফোরম্যান সাইরেন বাজার সংগ্য সংগ্য পাইলট-ইঞ্জিনটাকে কেটে নিয়ে পাঠিয়ে দিয়েছে সাল্টীং নেক'এ। পয়েল্টসম্যানরা হাতব্যতি নিভিয়ে শিলট-ট্রেণ্ডে আশ্রয় নিয়েছে। তারা চেয়ে আছে আকাশের দিকে! মৃত্যু যেন গুণ্ডি মেবে এগিয়ে আসছে তাদের কাছে, আরও কাছে!

রিজার্ভ-ব্যাচ ততক্ষণে শ্রের পড়েছিল। সাইরেনের শব্দে তারা উঠে বসেছে। এরপর আর তাদের কিছ্ই করবার নেই, তারা রয়েছে নিরাপত্তার সেরা বন্দোবদেতর মধ্যে! ইচ্ছে করলে তারা সম্পূর্ণ নিশ্চিন্ত ভাবে শ্রের থাকতে পারে! তব্বও তারা উঠে বসেছে! এ্যাক-এ্যাক ফারার যথন স্বর্ হল তথন জনকয়েক মাটির ওপর উপড়ে হ্রে শ্রের পড়েছে! দ্বতনজন কাপড়ে পারখানা করে ফেলেছে! কতক উঠে দাঁড়িয়ে কাঠ হয়ে আছে! কেউ কেউ আপনমনে বিড়বিড় করছে! হঠাং একজন চিংকার করে উঠল, আমি পালাব! আমি মরতে পারব না! অধ্বারের মধ্যে ছোটাছ্টী করে সে পথ খ্রজতে থাকে!

কোহিমার খবর ক্রমেই খারাপের দিকে চলেছে। লড়াই চলেছে সমস্ত কোহিমা এলেকা জনুড়ে। প্রধান রাস্তা বা সহর এলেকাকে এড়িয়ে জাপানীরা দখল করতে সনুর করেছে গ্রামের পর গ্রাম! আর সেই গ্রামের মধ্যে থেকে ঝোপঝাড় ডিঙিয়ে এসে কোহিমাকে ঘিরে ফেলার চেন্টা করছে! কোহিমার সঙ্গো ডিমাপ্রের যোগাযোগ আরও করেক জায়গায় বিচ্ছিল্ল হয়ে পড়েছে। সর্বশেষ খবর, জাপানীরা জনুবজা পর্যন্ত নেমে এসে কনভ্ষগনুলোকে আক্রমণ করছে। জনুবজা ডিমাপ্রের থেকে মাত্র তেইশমাইল।

আগের দিন শোনা গিয়েছিল নাগা পাহাড়ের ডিভিসন্যাল-কমিশনার জাপানীদের হাতে বন্দী হয়েছে। সেদিন সকালে তাকে দেখা গেল মণিপুর রোড ভৌশনে, মুখময় খোঁচাখোঁচা দাড়ি, পায়ে একজোড়া ছে'ড়া গামবুট, জামাকাপড় ছি'ড়ে কুটিকুটি হয়ে গেছে! জঙ্গালের মধ্যে দিয়ে পায়ে হে'টে পালিয়ে এসেছেন। তাঁর ধারণা, কোহিমা জাপানীদের হাতে চলে গেছে!

অত্যন্ত সহজ আর স্বাভাবিক প্রশ্ন ছেলেদের মনে জেগে উঠেছে, কোহিমা যদি গিয়েই থাকে তাহলে ডিমাপর আর কতক্ষণ! ইন্ট-ইয়ার্ড, ওয়েন্ট-ইয়ার্ড আর মেইন-ইয়ার্ডের সংযোগস্থলে তিনইয়ার্ডের দ্টাফ এসে জমা হয়েছে। স্বরাজ বলল, আর কেন, এইবার পাততাড়ি গ্রেটাবার বল্যোক্ত কর!

শিবেন বলল, সে বন্দোবস্ততো হয়ে গেছে! জানিস না ব্ৰিঝ?
কি রকম!

কুড়িখানা বিগ দিয়ে একটা স্পেশ্যাল-ট্রেণ তৈরী হয়েছে। তার জন্য ভাল একটা ডব্লিউ-ডি ইঞ্জিন চন্দ্রিশঘন্টাই রেডি! গার্ড তার মাল-পত্তর নিয়ে ব্রেকভ্যানে আস্তানা নিয়েছে! আর ড্রাইভার ফায়ারম্যান ইঞ্জিনেই আছে!

খণেন বলে উঠল, অর্থাৎ পালানব পাকাপোক্ত বন্দোবসত!

শিবেন বলল, শ্বধ কি তাই! লারি বোঝাই করে মালপত্তর আসতে স্বর্ হয়েছে। এরিয়া-হেডকোয়ার্টারের সব মাতশ্বররাই আছেন। বাগগলো সব ফার্ড্ট আর সেকেণ্ডকাস, তার ওপর আছে একখানা

ডাইুনিং-কার। জিনিসপত্তর যা এসে পে^নচৈছে সবই শালাদের প্রাইভেট কীটস্। সব শালার ট্যাঁকের নার্সগ্রলোরও মালপত্তর এসে হাজির হয়েছে আর ডাইনিং-কারটা বোঝাই হচ্ছে মদের পেটিতে।

স্বরাজ বলে ওঠে, যা থাকে কপালে আমিও উঠে পড়ব ব্রেকে!

ওই আনন্দেই থাক। এ গাড়ীর গার্ড কে জানিস? সার্চ্চেন্ট মেজর স্মিথ। ড্রাইভার হচ্ছে লোকো-ফোরম্যান স্ক্যালান্ আর ফায়ার-ম্যান ম্যাসি আর বান্টেন!

খণেন বলল, তাহলে আমাদের মরতেই হবে? অত সহজে মরছিনা বাবা! বে°টে মামারা এলেই হাত তুলে দাঁড়িয়ে যাব, বলব স্ভাষ বোসের দেশের লোক। তারপর এ শালাদের দিয়ে রিক্সা টানাব!

শ্বরাজ বলল, অগত্যা! তাছাড়া আরতো কোন উপায় দেখছিনা! মেইন-দেইশনের পয়েন্টসম্যান মাণপ্র-সাউথের কেবিনম্যানকে জানায়, জাপানীরা বোকাজানে ঢ্বকে পড়েছে। খবরটী গ্রাটিগ্রটি এগিয়ে চলতে থাকে। পাঁচকড়ি ওয়েন্ট-ট্রপস-সাইডিং থেকে দেড়ি এসে খগেনকে বলে, চল মাইরী, আমরা রওণা হয়ে পড়ি। বোকাজান মানেতো এখান থেকে দেশমাইল। তবে আর কতক্ষণ!

খণেন বলল, কিল্কু পালাব কোন চুলোয়! রাস্তাতো চিনি না! সাউথ-তেটশন থেকে স্নালি কন্টোল-ফোনে পাঁচকড়িকে ডাকছে। পাঁচকড়ি খণেনকে বলল, চল, নিশ্চয়ই কোন খবর আছে! ফোন ধরে পাঁচকডি বলল, কিরে স্নাল, খবর কি?

খগেন পাঁচকড়ির মুখের দিকে চেয়ে আছে। শুনতে শুনতে পাঁচ-

কড়ি আঁতকে উঠল, এ্যাঁ—ধানশিরিতে ধরা পড়েছে? দুজন?
ফোন নামিয়ে পাঁচকড়ি বলল, শুনলিতো, ধানশিরিতে দুজন
জাপানী ধরা পড়েছে! বলু, এখন কি করা যায়?

খগেন শ্ব্ব অসহায়ভাবে পাঁচকড়ির ম্থের দিকে চায়। পাঁচকড়ির যেন ডাক ছেড়ে কাঁদতে ইচ্ছে করে। হঠাং সে ফেটে পড়ে, এমন ফাঁদেই পড়েছি যে নড়বার ক্ষমতাটি নেই! ডাহা দাঁড়িয়ে দাঁড়িয়ে মরতে হবে?

বেলা যত বাড়ছে, গ্রন্থব ততই জোরাল হয়ে উঠছে! কোহিমার পতন ঘটেছে, এরা কেবল কোহিমা থেকে নেমে আসার রাস্তাটা আটকে রেখেছে। ব্টাশৈর সমসত এ্যাম্নিশন ফ্ররিয়ে গেছে। ইন্ডিয়ান সোলজারদের জাপানীরা কিছ্ই বলছে না। আজকেই রাতের অন্ধর্কারে ডিমাপ্রে আক্রমণ করবে। ডিমাপ্রেকে দ্বিদক দিয়ে ঘিরে ফেলবে, ভ্যালিনগ্রাদের মত সমসত ব্টাশ ফোজকে করবে ঘেরাও! জাপানীরা এসে গেছে গোলাঘাটে, সেখানে বাজারের পথে রীতিমত লড়াই হচ্ছে। জামগ্র্ডিতে এসেছে চারজন, বোকাজানে ছজন, ধানিশ্রিতে যে কতজন তা জানা যায়নি।

অকাদা তাঁর গোলকধাঁধার ওপর চোখ রেখে লাইন ডিঙোতে ডিঙোতে ওয়েষ্ট-ইয়াডে চলেছেন। শিবেন বলল, আমাদের কি হাল হবে দাদা?

কেন ভাই, কি হয়েছে রে?

আপনি থাকেন ও-সি'র পাশে পাশে আর বলছেন কিনা কি হয়েছে!
আমার কি আর মাথার ঠিক আছে ভাই! এই দেখনা, বেলা দুটো
থেকে সেকেণ্ড-ব্টীশ-ডিভিশন আসতে স্বর্করবে। প্রতি আধঘন্টা
অন্তর-অন্তর একখানা করে দ্র্পস-স্পেশাল আসবে। ব্রবতেইতো
পারছিস ভাই, সে কি ভীষণ ব্যাপার! সমস্ত ইয়ার্ডটাতো ক্লিয়ার চাই?

কিন্তু তাঁরা এসে আর করবেন কি, এদিকে জাপানীরাতো ডিমা-প্রেরর দ্বিদকেই দ্বকে পড়েছে। আপ'এ দ্বকেছে বোকাজ্ঞানে আর ডাউনে ধানশিরিতে! আমরাতো ঘেরাও হয়ে গেছি।

হঠাৎ যেন অকাদা ক্ষেপে উঠলেন, কে তোকে একথা বলেছে বল, তার নামটা একবার বল, এখনই তাকে ফাঁসিতে লটকিয়ে তবে ছাড়ব! সে পাক্কা ফিফথ-কলামনিট! এসব কথায় কান দিসনি ভাই, কি দরকার ভাই আমাদের এসব কথায়! জানিসতো, আমরা বাঙালীরা হয়েছি শালাদের চক্ষ্ণলে। এ শালারা মনে করে বাঙালী হলেই যেন স্ভাষ বোসের আত্মীয়!

কিন্তু দাদা-

কিন্তু-টিন্তু নয় ভাই। শোনা যাচ্ছে জাপানীদের সংগ কিছ্ব কিছ্ব ভারতীয় সৈন্য এসেছে! সেই যে যারা হংকং'এ সারেন্ডার করেছিল। তারা নাকি এদিকসেদিক ঘুরে বেড়াচ্ছে! এইতো কালই একজন পাঞ্জাবী লেফটেনাণ্ট পি-ও-এল-সাইডিঙে ধরা পড়েছে! সে নাকি পেট্রেল নিয়ে জাপানীদের কাছে পেণছে দিচ্ছিল! ব্রুবলি না ভাই, দিনকাল বড় খারাপ! একটী কথাও বলিসনি, চুপচাপ নিজের কাজ করে যা।

হতাশা আর আতওেকর একটা ছায়া ঘনিয়ে ওঠে ছেলেদের মনে। কাজের চাপে যারা এতক্ষণ অস্করের মত থেটে চলেছিল তারা ঝিমিয়ে পড়ছে। সর্বাকছরে আগে তাদের কাছে বাঁচার প্রশনটাই একমাত্র সমস্যাহয়ে দাঁড়িয়েছে। বাঁচতে যে তাদের হবেই! কিন্তু তার উপায় কি! দেখেছে তারা বর্মা-ইভ্যাকুয়ীদেরও জীবনসংগ্রাম! শর্ম্ম বাঁচবার জন্য, কোনমতে প্রাণটাকে দেহের মধ্যে ধরে রাখবার জন্য স্বামী তার স্বাকিফেলে চলে গেছে! মা তাব শিশ্বকে ফেলে রেখে গাড়ীতে উঠেছে! এক ট্করো পাঁউর্টীর জন্য একজন য্বতী তার দেহ বিকিয়ে দিয়েছে! তবে কি তারাও জাপানীদের সামনে হাত তলে দাঁডাবে! এছাডা

তবে কি তারাও জাপানীদের সামনে হাত তুলে দাঁড়াবে! এছাড়া বাঁচার কি আর কোন পথ নেই?

কোহিমার অবস্থা চরমে উঠেছে! জাপানীরা ধীরে ধীরে ঘিরে ফেলছে কোহিমা-ক্যান্টনমেন্ট! যুন্ধ দানা বে'ধে উঠছে ক্যান্টনমেন্টের প্রবেশ পথে। যে সৈন্য ওখানে আছে তারা সামাল দিতে পারছে না। ব্টীশ যদি কোহিমা রক্ষা করতে না পারে তাহলে প্রায় সমস্তটা আসাম চলে যাবে জাপানের হাতে! ব্রহ্মপন্তের পশ্চিমতট ছাড়া আর কোথাও বোধহয় তারা একটা আত্মরক্ষা ব্যাহ পর্যন্ত খাড়া করতে পারবে না!

তাই আসছে সেকেণ্ড-ব্টাশ-ডিভিসন! বিশ্ববিশ্রত দৃদ্ধর্য ব্টাশ-সেকেণ্ড-ডিভিসন, উত্তর-আফ্রিকায় যে জার্মানিকে ঘায়েল করেছে, সেই ক্র্যাক-ডিভিসন। আসছে ডারহামস, স্ডি-সি-এল-আই, কে-আর-আর, কিংস-ওন-রেজিমেন্ট, কুইনস-ওন-রেজিমেন্ট, আরও কত কি! •ব্টাশ যেন তার সমস্ত জাতটাকে উজাড় করে দিয়েছে কোহিমাকে রক্ষা করার জন্য। কোহিমা বদি রক্ষা হয় তবেই ভারতবর্ষ রক্ষা পাবে!

ট্রপস-স্পেশ্যাল এসে দাঁড়াচ্ছে প্ল্যাটফরমে, আর-টি-ও ট্রাকে ষ্টার্ট দিয়ে একেবারে তৈরী! তাদের কীট্ব্যাগে প্ল্যাটফরম ভরে ওঠে। ভৌন-গান হাতে নিয়ে তারা ট্রাকে উঠছে, ট্রাক রওনা হচ্ছে কোহিমীর উদ্দেশ্যে! বিশ্বানা করে ট্রাকের কনভয়, সামনে সামনে চলেছে ব্রেনগান-ক্যেরিয়ার ড্রাম-ম্যাগাজিন ফিট করে। প্রতি তিনখানা লরির পেছনে একখানা ব্রেনগান-ক্যেরিয়ার। তাদের কাছে নির্দেশ, যে কোন উপায়েই হোক কোহিমা-ক্যান্টনমেন্টে তাদের পেণ্ছতেই হবে।

কয়েকখানা উ্র্পস-স্পেশ্যাল আসার পরই এল একখানা ট্যাঙ্ক-স্পেশ্যাল, বারখানা বিত্রশটন ট্যাঙ্ক নিয়ে! তারপর আবার আসতে স্বর্করে উ্রপস-স্পেশ্যাল, রয়াল-আইরিশ-ফ্র্সিলয়ার্স, নরফোক্-রেজিমেণ্ট, এসেক্স-রেজিমেণ্ট ইত্যাদি। ব্যবস্থা সেই একই, ত্রিশখানা ট্রাকের কনভয়, তার সামনে ট্যাঙ্ক, তার পেছনে ট্যাঙ্ক। ডিমাপ্র থেকে কোহিমা প্র্যন্ত রাসতা সম্পর্নে আয়ত্তে থাকা চাই-ই!

খাসির একটা ভাব যেন ঘনিয়ে উঠতে চায়! হয়তো যাদেধর মোড় এইবার ঘারবে! লাল-ফোজ যদি ঘ্টালিনগ্রাদ থেকে জার্মানদের তাড়িয়ে রাশিয়া মাক্ত করতে পারে তাহলে কোহিমা কেন মাক্তি পাবে না!

খবর আসতে থাকে ব্টীশ-সেকেও-ডিভিসন সামাল দিতে পারছে না। একটার পর একটা রেজিমেন্ট যাচ্ছে আর কয়েকঘন্টার মধ্যে নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে! যে কনভয় করে তারা গিয়েছিল কোহিমায় লড়তে সেই কনভয় করে তারা ফিরে আসছে রেড-ক্রস ঝ্রালয়ে! নিতান্ত ভাগাবান যারা তারা ফিরে আসছে ডিমাপ্রেরে হাসপাতালে!

হাসপাতালে আর সীট নেই! সাধারণ রোগীদের ছুটী দিয়ে ইউনিটে পাঠিয়ে দিচ্ছে! ব্যারাকের ফাঁকে ফাঁকে ষেখানে যতটুকু জিম
আছে সেইখানেই তাঁব, খাটান হচ্ছে। এম্ব্রুলেন্স-স্পেশ্যাল দ্ব্যানার
জায়গায় আরও দ্ব্যানা আমদানি করা হয়েছে সিরিয়স-কেস গোঁহাটীতে
ট্রান্সফার করার জন্য!

মেজর নেলসন যিনি নিজে বোধহয় দিনে দ্বার দাড়ি কামিয়ে থাকেন, ইন্সপেকসন-প্যারেডে যিনি ছেলেদের গালে হাতের উল্টোপিঠ ঘষে দাড়ি-কামান পরীক্ষা করেন, তাঁরও গাল খোঁচাখোঁচা দাড়িতে কালো হয়ে উঠেছে! ছেলেদের ব্টের ওপর কাদা আর মাটী জমে একটা আছাদন স্থিট করেছে, প্যান্টে ক্রীজ নেই, জামায় বোতাম নেই. ট্রিপর

নীচে ঘাড়ের চুল বড় হয়ে উঠেছে, খোঁচাখোঁচা দাড়িতে মুখগুলো কদা-কার দেখাছে। তবুও মেজর নেলসনের মেজাজ খারাপ হয় না!

ওয়েণ্ট-ইয়ার্ডের একনন্দর লাইনে হেডকোয়ার্টার-স্পেশ্যালখানা ণ্টেবল করা আছে। গাড়ীব নীচে লাইনের মাঝখানে ঘাস বড় হয়ে উঠেছে, রেলের ওপর আর চাকার টায়ারে মরচে ধরে গেছে। মেজর নেলসন সতৃষ্ণ নয়নে কিছ্ব্হ্মণ গাড়ীখানার দিকে চেয়ে থাকেন। প্রত্যেকটা কামরা জিনিষপত্রে বোঝাই, ধীরে ধীরে তার ওপর ধ্লো জমে উঠছে!

মেজর নেলসন তলব করলেন ইয়।ড-ফোরমানেকে। অমল এসে সামনে দাঁড়ায়। মেজর সাহেব হ্রকুম দিলেন, শেলস্ দি এইচ্-কিউ-স্পেশ্যাল্^{ন্} ইন্ প্ল্যাটফরম্ নাম্বার থ্রি ওয়েণ্ট-ট্রুপস-সাইডিঙ এ্যাট্ ওয়ান্স!

প্রেন্টসম্যান্ রবীন মেজর সাহেবের সামনেই হাত নেড়ে বলে উঠল, কি যাদ্য, নৌড় বুরিধ ফুরিয়ে গেল? যত বড়াই বুরিধ আমাদের বাছে!

মেজব সাহেব রবীনের দিকে কিছ্মুক্ষণ চেয়ে থেকে হনহন করে ভৌশনেব দিকে চলে গেলেন। পরেন্টসম্যান মবারক বলল, তা ছাড়া আর কি! ও শালাবাতো এবার পালাবে লাজ গ্রিটয়ে আর মরব আমরা!

অমল রবীনকে বলল, যাও রবীন, ট্যাৎক স্পেশ্যাল থেকে ইঞ্জিনটা কেটে একনন্বরে নিয়ে এস।

রবনি আপন মনে গজগজ করতে করতে চলল, ট্যাঙ্কগ্লো আগে আনলাভ হলে ডাউন-ট্রেণটা ছেড়ে দেওয়া যেত। তা-না ও-শালাদের পালানব বন্দে বৃদ্ভটাই হল জব্বনী! ইজিনের কাছে গিয়ে তেড়ে উঠল, চল হে, এইবাব কর্তাদেব পালানর ব্যবস্থা কর।

সান্টার আমিন বলল, তার মানে!

মানে আব কি! এ'রাতো কেটে পড়ছেন, এইবার মর শালা যত হাভাতের দল! চল, সব ছেড়ে এখন ও'দের এইচ-কিউ-ক্সেশ্যাল প্লেস্করে আসি!

ইঞ্জিন কেটে একনন্থব লাইনে চুকে রবীন ফুট-পেলটের ওপর লাফিয়ে উঠে বলল, শালারা না যদি পারে ছেড়ে দিক না, আমরা ওই জাপানীদের থতম করে দিচ্ছি। তা-না! এইরকম একটা অবস্থায় আমাদের হাতে রাইফেল ষ্টেনগানতো দ্রের কথা একটা ডাণ্ডাও শালারা দিল না! বেঘোরে প্রাণটা যাবে আর কি!

আমিনের মুখটা ফ্যাকাশে হয়ে গেছে। আতি কত স্বরে জিজ্জেস করল, জাপানীরা এসে পড়েছে নাকি?

রবীন খে কিয়ে ওঠে, আসবে নাতো কি বসে থাকবে নাকি!

রবীনের দিকে চেয়ে কথা বলার ফলে আমিন সিগন্যাল লক্ষ্য করতে পারেনি। পাইলট-ইঞ্জিনটা জোরে রেকটার ওপর এসে পড়েছে! সামনে দাঁড়িয়ে অমল মবারক আর সিরাজ হাঁ-হাঁ করে চিৎকার করে উঠল। আমিন সমস্ত ভ্যাকুয়াম ডাউন করে দিল! তব্তুও ইঞ্জিনটা গড়িয়ে গিয়ে রেকটায় মারল ধাকা!

অমল আঁতকে উঠল, সর্বনাশ! একনন্বর লাইনে একটা ওয়াগন গড়ালে যেখানে রোখা যায় না সেখানে মালভর্তি কুড়িখানা বর্গির এক-খ না রেক ঠেকাবে কি করে! রেকটা গড়াতে স্বর্ করেছে, ধীরে ধীরে যেন তার গতি বেড়ে উঠছে। সকলে থতমত খেয়ে গেছে! অমল হাঁ করে রেকটার দিকে চেয়ে আছে আর সেটা দ্বাতে দ্বাতে গড়িয়ে চলেছে মেইন ইয়ার্ডের দিকে! মেইন-ইয়ার্ডে তখন সান্টীং হচ্ছে।

সিরাজ বলে উঠল, কি হবে অমলবাব;?

অমল নিজেকে একটা ঝাঁকানি দিয়ে বলল, রবীন, পয়েন্ট বানাতে বানাতে চলে যাও মেইন-ইয়ার্ডে, ওদের সান্টীং বন্ধ করতে বল! সিরাজ ভূমি চলে যাও ব্রেকে, জোরসে হ্যান্ড-ব্রেক লাগাও।

সিরাজ বলল, ব্রেক-ভ্যানের হ্যান্ড-ব্রেকগ্বলো যে ধরে না!

অমল চিংকার করে উঠল, উপায় নেই সিরাজ, এগাড়ী আমাদের থামতেই হবে। যদি কোন এ্যাকসিডেন্ট হয় এই গাড়ীতে তাহলে আমাদের জাপানী-চর বুলে গালি করে মারবে!

সিরাজ চলে গেল। অমল মবারককে বলল, আমি এক কাজ করি মবারক, ইঞ্জিনের কাউক্যাচারে উঠে দেখি বাপলিংটা লাগান যায় কিনা, তুমি ইঞ্জিনে উঠে সিগন্যাল দাও!

মবারক বলল, আমি কাউক্যাচারে উঠছি আর্থান ইঞ্জিনে উঠন। পাইলট ধীরে ধীরে এগিয়ে চলেছে, রেকটার অনেক কাছাকাছি এসে পড়েছে। মবারক কার্পালং-হর্ক ধরে সামনের দিকে ঝ্রাকে আছে। অর্মালের নিঃশ্বাস প্রায় বন্ধ হয়ে এসেছে, বলল, আর ছ'ইণ্ডি আমিন! খ্রব সাবধান! আর যেন বাম্প না লাগে!

আর একট্র স্পীড দরকার। আমিন লিভারটা আর একট্র তুলে ধরে, ছোট্ট একটা ঝাঁকানি দিয়ে ইঞ্জিনটা ঝপ করে এগিয়ে যায়, কাপ-লিঙে কাপলিঙে লাগে ঠোকাঠর্নিক! অমল ফ্রটপেলটের ওপর থেকে ঝাঁকে পড়ে জিজ্ঞেস করে, লেগেছে মবারক?

কোন উত্তর এল না! কেবল একটা আর্তানাদ মুহ্রের মধ্যে দতব্ধ হয়ে গেল! আমিন প্রো-ভাাকুয়াম ডাউন করে দিয়ে উল্টো দিকে রেগর্লেটাব ঘোরাচ্ছে! রেক আর ইঞ্জিন খানিকটা ঝাঁকানি খেয়ে দাঁড়িয়ে পড়ল!

ইঞ্জিনের সামনে দৌড়ে গিয়ে অমল আঁতকে ওঠে, ও-ও-ওঃ— তার সমসত শরীর ঠকঠক কবে কাঁপতে থাকে, চোখদনুটো কোটর থেকে ঠেলে বেরিয়ে আসে! মবারকের দিকে খানিকটা এগিয়ে যায়, হাতদনুটো বাড়িয়ে মবারককে ধরতে গিয়ে থমকে যায়। শ্নো মেলে ধরা হাতদনুটো ঝুলতে থাকে! ব্লুজে-আসা গলার মধ্যে থেকে একটা স্বর কাঁপতে কাঁপতে বেরিয়ে আসে, ম-বা-র-ক—

আমিন নেমে এসেছে, ফারারম্য ন দ্বজনও নেমে এসেছে। কাউ-ক্যাচার, লাইন, শ্লিপার, দ্বটী-লাইনের মাঝখানে খোয়াগর্লো লালে লাল হয়ে উঠেছে, ফিন্কি দিয়ে তখনও রক্ত ছ,টছে!

রবীন আর সিরাজ আনন্দে নাচতে নাচতে ছাটে আসছে। রবীন চিংকার করে বলছে, এ যাত্রা খাব বেংচে গোছ অমলবাবা।

রবীন এসে পাশে দাঁডাতেই অমল তাকে ব্রুকের মধ্যে টেনে নিয়ে চেপে ধরল। ফর্পিয়ে সে কে'দে উঠল! সমসত শরীরটা তার ধরথর কবে কাঁপতে লাগল! ধীরে ধীরে ববীন অমলকে সরিয়ে দিল, এগিয়ে গেল একধাপ দ্বাপ। মবারকের শরীরটা কেটে ছাট্কেরো হয়ে গেছে, হাত পা ধড় সব নিলে মিশে তালগোল পাকিয়ে গেছে! খোয়ার ওপর রক্ত জমে উঠেছে দইয়ের মত। রবীন আরও এগিয়ে গিয়ে বসল মবারকের কাটা মাথাটাব সামনে। মবারকের চোখদ্রটো যেন তার দিকে বিশিষত

দ্দিউতে চেয়ে রয়েছে! অতি সন্তপ্ণে মাথাটা দ্টীহাতের মধ্যে তুলৈ নিল! নাড়া পেয়ে মাথা থেকে খানিকটা রক্ত ঝরঝর করে ঝরে পড়ল!

পেছনদিকে মুখটা ঘ্রিয়ে রবীন ডাকল, আয়রে সিরাজ—

আমিন বলল, অফিসারদের খবর না দিয়ে লাশে হাত দেওয়া কি ঠিক হবে রবীন?

রবীন আমিনের মন্থের ওপর চোখদন্টোকে স্থির রেখে ধীরে ধীরে উঠে দাঁড়াল। যেন আপন মনেই বলতে থাকে, এগাঁ ঠিক হবে না! মবারকের লাশে হাত দেওয়া ঠিক হবে না! আমাদের মবারক—

হঠাৎ সে একলাফে এগিয়ে এল আমিনের দিকে, উন্মন্তের মত চীৎকার করে উঠল, আমাদের মবারকের লাশে হাত দেব কিনা তার হ্নুকুম নিতে যাব ওই সব হারামীর বাচ্চা অফিসারদের কাছে? সেশালা কুত্তার দলতো আর এক ডালকুত্তার মৃথে আমাদের ছেড়ে দিয়ে পালাবার মতলব করছে।

সিরাজ রবীনের হাত থেকে মবারকের মাথাটা নিল। রবীন একটা একটা করে মবারকের শরীরের টুকরো সিরাজের হাতে দিতে লাগল...

কোহিমার লড়াইয়ে ব্টীশ-সেকেণ্ড-ডিভিসন সম্প্রণ নিম্চিক্ত হয়ে গেল। বিশ্ববিশ্রত সেকেণ্ড-ডিভিসন যে জার্মানিকে উত্তর-আফ্রিকার ঘায়েল করতে পারে, যার মদগবিতি পদভরে পৃথিবী টলমল করে, যার রাজত্বে স্থা অসত যায় না, সেই অপরাজেয় ব্টীশ-বাহিনী জাপানীদের হাতে কচুকাটা হয়ে গেল!

ডিমাপরে যায় যায়। হেডকোয়ার্টার-স্পেশ্যালের যাত্রীসংখ্যা প্রতি-দিনই বাড়তে থাকে! আরও মালপত্তর ট্রেলে বোঝাই হতে থাকে! বড় বড়ু অফিসাররা ঘনঘন এসে গাড়ীটাকে দেখে যান।

অকাদাকে ঘিরে ধরে ছেলেরা জিজ্ঞেস করে, ঠিক করে বলনে দাদা, আমাদের অবস্থাটা এখন কি? এ শালারা কি সত্যিই পালাবে?

আকাদা বললেন, সত্যি বলছি ভাই, এদের মতলব আমি কিছ্ই ব্রুতে পারি না। তবে শেষচেন্টা আর একবার করবে বলেতো মনে হয়। আজ জিরো-আওয়ার্স থেকে নাকি ফিফথ-ইণ্ডিয়ান-ডিভিসন আসতে স্বর্করবে। ফোরটীনথ-আমির কমাণ্ডার জেনারেল স্লিম বলেছেন, জাণ্গল-ফাইটীং ব্টীশ সোলজারদের কম্মো নয়! যদি কিছ্ব করতে পারে তো ইণ্ডিয়ানরাই পারবে। অবশ্য আমাদের অফিসাররা একথা শ্বনে ম্বচকে হেসেছে! রাডি-ইণ্ডিয়ানদের দ্বারা আবার লড়াই! অথচ দেখ ভাই, সেভেনথ-আমিতো ইটালি দখল করল! জানিস্ তার মধ্যে বারআনা হচ্ছে ইণ্ডিয়ান সোলজার!

এ সংবাদে প্রাণে আশ্বাস জাগে না, উৎসাহ আসে না। জাপানের জয়ে প্রাণে আর উল্লাস জাগে না, ব্টীশের জয়ে তারা খুশী হয় না। বারবার মনে হয়, তারা র্যাদ আজ স্বাধীন হত তাহলে ফালিনগ্রাদের মত ষ্প্র তারাওতো করতে পারত! আর কোহিমাকে বলছে কিনা ভারতের ফালিনগ্রাদ! কিন্তু ভারতবাসী যেখানে পরাধীন, ভারতীয় সৈনিক যেখানে নিছক ভাড়াটে-গ্রন্ডা, সেখানে কোহিমার লড়াইকে ফালিনগ্রাদের সঙ্গে তুলনা করা মানে টালিনগ্রাদের তাৎপর্যকে বিকৃত করা!

অকাদা ছেলেদের বারণ করে দিয়েছেন কোহিমার লড়াই নিয়ে থোলা-খালি আলোচনা করতে। কেমন যেন সন্দিশ্ধ একটা আবহাওয়া ছড়িয়ে পড়েছে। এরিয়া-হেডকোয়ার্টারের দ্বজন ভারতীয় কেরাণীর কোর্ট-মার্শালে প্রাণদশ্ড হয়ে গেছে! তারা নাকি জাপানী-চরের কাজ করছিল।

অমলের মনে পড়ে, জয়৽তর মনুখে মেজর রায়ের ঘ্রষির কথা। মেজর রায়ওতো জয়৽তকে জাপানী-চর বলেছিলেন! মনে পড়ে কোষ্টাল-ব্যাটারীর কোর্ট-মার্শালের কথা। বারজনের ফাঁসি আর দল্জনের যাবজ্জীবন দ্বীপান্তর। তারা নাকি মাদ্রাজ উপকুল আক্রমণ করতে জাপানীদের সংহায় করার যড়যন্ত করেছিল!

আরও মনে পড়ে টেরিটোরিয়াল-ফোর্স সিকসটীনথ-বেণ্গল-বাটোলিয়নের ইতিহাস! প্রায় দুহাজার বাণ্গালী ছেলের ওপর কি অস্বান্যিক নির্যাতন এরা করেছে! ভারতের সীমানার মধ্যে রাখার প্রতিশ্রুতি সত্বেও ভারতের বাইরে নিয়ে যাওয়ার জন্য অন্যায় জন্ত্ম চালিয়েছে। কিন্তু অনের কাঙাল এই ছেলেদের নোয়াতে পারেনি। দিনে বারঘণ্টা পাহাড় কাটিয়ে, কাটাপেরেকের ওপর খালি পায়ে ডবল-মার্চ করিয়ে, আড়ালে

ডেকে রিভলভারের ডগায় শাসিয়েও রাজি করাতে পারেনি! শেষ পর্যস্ত ব্যাটালিয়ন ভেঙে দিয়েছে। তারাও কি ছিল জাপানী-চর?

অগণ্ট আন্দোলনের সময়ে বহু ভারতীয় সৈনিক জনতার ওপর গুর্নিল চালাতে অস্বীকার করেছে। তাদের সরিয়ে স্টেশনে স্টেশনে মোতায়েন করতে হয়েছিল ব্টীশ সৈনিক। গুর্নিল করার হ্রুকুম যে ভারতীয় সৈনি-কেরা মানেনি তাদের ফাঁসি দিয়েছে, গুর্নিল করে মেরেছে। তাদের বির্দ্ধেও সেই একই অভিযোগ—জাপানী-চর!

আঘাতে আঘাতে শতচ্প হয়ে যেন ছেলেরা একট্ব একট্ব করে ব্রুতে পারে কি বিরাট এক ষড়যন্তের ফাঁদে তারা এসে পড়েছে। ব্যক্তিগত অভাব অনাটনের বির্দেধ প্রাণের বিনিময়ে লড়াই করতে এসে তাদের মধ্যে জাগে পরাধীনতার চেতনা। পরাধীনতা যে কত কদর্ম, তা তারা হাড়েহাড়ে ব্রুতে পারে। তাই একক মান্যুগর্লো ধীরে ধীরে বহ্র সমষ্টিতে র্পান্তরিত হতে থাকে। ব্রুতে তারা পারে, বাঁচতে হলে এই ষড়যন্ত্রকে বাধা দিতে হবে—প্রতিরোধ করতে হবে প্রতি পদে-পদে!

নতুন করে আবার সৈন্য আমদানি স্বর্ হয়ে গেছে। আবার সেই দ্বিস-স্পেশ্যাল একটার পর একটা! আসছে পাঞ্জাব-রেজিমেণ্ট, বেলম্চি, গাড়োয়াল, গর্ম্থা! উৎসাহ এদের মধ্যেও নেই কিন্তু আছে যেন একটা দ্টে সঙ্কল্প। যুদ্ধ এরা করে, প্রাণের মমতা না রেখেই করে কিন্তু কার স্বার্থে কি উদ্দেশ্যে তা এরা জানে না!

ফিফথ-ইণ্ডিয়ান-ডিভিসন লড়াইয়ের মাঠে নেমেছে, লড়াই করতেই তারা নেমেছে! দ্বর্জার জাপানের বীরত্বের মুখোস খসে পড়তে লাগল! অজেয় জাপান পেছ্ব হঠতে লাগল! ডিমাপ্ররের চেহারায় পরিবর্তান ঘটতে থাকে। হেডকোয়াটার-সেপশ্যাল থেকে অফিসারদের মালপত্তর খালাস হল। তারপর একদিন খালি গাড়ীখানা পাণ্ডু ফিরে গেল!

•অমল ভাবে, তবে মবারকের এমন ভাবে মরবার কি দরকার পড়ে-ছিল! তব্তুতো মবারক মরল! এই কি তার বিধিলিপি! নিছক দ্মুটো অল্ল সংস্থান করতে এসে এ কি শোচনীয় ভাবে মবারক মরে গেল! তাতে কারই বা কি ক্ষতি হল? কেবল তার যুবতীবধ্ আর শিশুপুরের রইল না কেউ! কিন্তু ভাবনা কি, খুনীরাইতো বড় দাতা!

মেজর নেলসন দিয়েছেন পণ্ডাশটাকা আর গভর্ণমেণ্ট দেবে মাসে ন'টাকা পেণ্সন! তবে আর কি. মবারকের দামতো উঠেই গেল!

পনের দিনের মধ্যে রিজার্ভ-ব্যাচ ক্যাম্পে ফিরে এল, রেকী-ম্পোয়াড ভেঙে দেওয়া হল, টেকনিক্যাল-ডিউটীর ছেলেরা রানিং-র্ম ছাড়ল। এরিয়া-হেডকোয়ার্টার থেকে লম্বা লম্বা ব্লেটীন বার হয়, রোলকলে তার সমস্তটাই ছেলেরা খ্শী মনে শোনে। কোহিমা থেকে জাপানীরা বিতাড়িত হয়েছে, ইমফলের অবরোধ গেছে ভেঙে। ফিফথ-ইণ্ডিয়ান-ডিভিসন তখন টিভিমে ঢুকছে!

ফিফথ-ইণ্ডিয়ান-ডিভিসন এগিয়ে চলেছে! এগিয়ে চলেছে জয়ের নেশায়, বীবদ্বের মোহে! বমা থেকে পালিয়ে আসার পথে যাদের বাকের ওপর দিয়ে তারা হে৺টে এসেছিল সেই অভাগা সাথিদের সমরণ করে তারা এগিয়ে চলেছে! দামাদ হয়ে উঠেছে তাদের পদক্ষেপ পিতৃপিতামহের অমব ঐতিহার প্রেরণায়। দাদাম হয়ে উঠেছে তারা সৈনিকর মর্যাদায়। য়ে মর্যাদা দিতে বাটাশ আজও অস্বীকার করে, আজও তাদের বানিয়ে রাখে ভাবতের দাসত্বকে কায়েম রাখার জন্য দাস-বাহিনী!

स्थान

ক্যাম্প আবার জমজমাট। রিজার্ভ-ব্যাচ আব বেকী-স্কোযাডেব ছেলেরা প্যারেড আর ফেটীগ করতে স্বর্করেছে। বিমর্ষ মুথে তারা ভাবে কোহিমা-সংকটের দিনগুলোব কথা।

রেলের কাজ তখনও প্রেরাদমে চলেছে কিন্তু এত লোক ফালতু হওয়া সত্ত্বেও বারঘণ্টা ডিউটীই বহাল আছে। মণিপ্র-রোড থেকে পান্তু পর্যন্ত ডবল-লাইনের কাজ স্বর্ব্ব হয়ে গেছে। এইবার ফিফথ-ইন্ডিয়ান-ডিভিসনকে শ্ব্ব রসদ জ্বিগয়ে যেতে হবে! তাই আসছে পনট্বন, চীনদ্বইন নদী পার হতে হবে! আসছে দ্রিজিং-পার্টস, ডিমা-প্র থেকে ইমফল সমস্ত রাস্তাটা ডবল-ওয়ে করতে হবে! আসছে টেলি-গ্রাফের তার আর পোন্ট, অসংখ্য ট্রাক খচ্চর আর অপ্র্যাপ্ত পেট্রোল!

অমলের ওয়েণ্ট-ইয়ার্ডে সকালের সিফটে ডিউটী। সমস্ত শরীর দিয়ে তার দরদর করে ঘাম ঝরছে, মাথার মধ্যে থাঝা করছে, তব্তু এক মনুহাতের অবসর নেই! পেট্রোল-সাইডিঙে লোড পেলস্ করতে হবে,
ট্রান্সপোর্টেসন-সাইডিঙে পেলস করতে হবে সমস্ত পনটান, গ্রেফ-সাইডিঙে বালডজার, ডেটারস-সাইডিঙে টেলিগ্রাফ-লোড! তিনথানা ডাউনট্রেণ এডভারটাইজ হয়ে আছে, রাঙাপাহাড়-মার্শালিং-ইয়ার্ডে যাবে সমস্ত
রিজিং-পার্টস্ নিয়ে একথানা সাট্ল্ আর হসপিটাল-সাইডিং থেকে
যাবে এ্যান্বালেন্স!

রাগে ক্ষোভে অমলের চুল ছি'ড়তে ইচ্ছে করে, এত কম লোক দিয়ে কি এত কাজ সম্ভব! অথচ ক্যান্সে লোক বিসয়ে রেখে ঘাস ছে'ড়াছে! জয় সম্বন্ধে কি এরা এতই নিচিশ্ত! রাশিয়া যদি আজ জার্মানিকে ঘায়েল করতে না পারত তাহলে জাপানকে পেছ্ব হঠানর ক্ষমতা কি এদের হত?

সাদেক লব্জসান্ট করেছে! একটা ওয়াগন গড়গড় করে গড়িয়ে যাচ্ছে—বাম্ম্। বাম্পের শব্দ হলেই অমল চমকে ওঠে! তার চোথের ওপর ভেসে ওঠে রক্তে মাখামাখি মবারকের ট্রকরো ট্রকরো দেহ! তাজা লাল রক্তের ওপর তাব বিশ্মিত চোখদুটো!

মার্শালিং-ইয়ার্ডের ঝোপেব মধ্যে থেকে বেরিয়ে এল অন্ত। অমলকে কাছে ডেকে বলল, একটা জবরদস্ত খবর আছে অমল!

কি ব্যাপার?

অননত বলতে লাগল, ক।লকে মকবুল একথানা টেলিগ্রাফ পেয়েছে, তার বৌয়ের অবদথা খুব খারাপ। আঠারমাস সে ছুটী পায়নি। বলল, ছুটী আমাকে করিয়ে দিতেই হবে। খগেন বলল, হাবিলদার-মেজর থেকে স্ববেদার সব শালাকে পাকড়াও কর, ও-সির কাছে তোমাকে পেশ করেব। কাল বিকেল থেকে মকবুল এদের প্রত্যেকের কাছে ধর্ণা দিয়েছে কিন্তু তাতে কোন ফলই হয়নি। হাবিলদার-মেজর বলেছে, চার্জাসীট ছাড়া কাঁকেও পেশ করি না। জমাদার সাহেব বলেছেন, আমার কথা আর কে শ্নছে। আর স্ববেদার সাহেবতো ধমকধামক দিয়ে তাড়িয়ে দিয়েছেন।

অমল বলে উঠল, তা এ'দের মেজাজটা এত গরম কেন? কি জানি ভাই, শালারা আক্রোশে যেন ফেটে পড়ছে! তারপর মক্ব্ল এসে সমসত থবর জানাতে বসে গেল আমাদের কমিটি। পাঁচকড়ি তখন মতলবটা দিল, প্যারেডে নামবার সময় মকব্ল ফল-ইন না করে বাইরে দাঁড়িয়ে থাকবে! হাবিলদার-মেজর যখন ধমকধামক স্বর্করে তখন মকব্ল সমসত কথা চে°চামেচি করে বলবে, সেই ফাঁকে আমরাও লাইন থেকে হৈচৈ স্বর্করে দেব। দেখি শালারা পেশ করে কিনা!

হলও ঠিক ত।ই। প্যারেড ফল-ইনের সময় মকব্ল বলল, আমাকে মেজর সাহেবের কাছে পেশ না করলে আমি ফল-ইন করব না, তাতে আমার জানই যাক আর যাই হোক। প্রথমটা হাবিলদার-মেজর মিঠে কথায় বোঝাতে লাগল, এইসব ছন্টীছাটা বাজে ব্যাপারে মেজর সাহেবের কাছে গেলে তিনি ভীষণ চটে যান।

পল্যান আমাদের তৈরীই ছিল। একজন লাইনের মধ্যে থেকে বলে উঠল, আর চার্জাসীটে পেশ করলে বৃথি খ্ব খ্শী হন? আর একজন বলল, একজনের বৌ মরে যাওয়াটা বৃথি বাজে ব্যাপার হল? এমনি কবে একটা-দুটো কথা থেকে রীতিমত একটা হটুগোল স্বর্হ হয়ে গেল। হাবিলদার-মেজর মুখচোখ লাল করে মকব্বলকে বলল. ভাল চাওতো ফল-ইন কর বলছি। মকব্বল কোন জবাব দেওয়ার আগেই অনেকে মিলে চিংকার করে উঠল, না কিছ্বতেই ফল-ইন করবে না। স্ববেদার সাহেব আশপাশে কোথায় যেন ছিলেন। হঠাং দোড়ে এসে মকব্বলের হাতটা ধরে টানতে টানতে নিয়ে গেলেন কোযাটার-গাডেও। কেমন যেন হাওয়াটা থমথমে মেরে গেল, ছেলেরাও কেউ আর কোন কথা বলল না।

অমল বলল তারপর?

তারপর চার্জাসীট বানিয়ে স্ববেদার সাহেব মকব্লকে ও-সি'ব কাছে পেশ করলেন। অর্ডারলি-র্মে মকব্ল সমস্ত কথা বলে। মেজর সাহেব মকব্লকে সাতদিনের মাইনে ফাইন করেছেন বটে কিল্ডু ছুটীও দিয়েছেন। শ্বধ্ব মকব্লকে নয় সেই সঙ্গে আইও প্রায় কুড়ি জনকে।

অমল লাফিয়ে উঠল, তবে? ভেবনা যেন দয়া করে ছনুটী দিয়েছে। ডিউটী থেকে ফেরার সঙ্গে সঙ্গে অমলের ডাক পড়ল হাবিলদার-মেজরের ঘরে। অমল গিয়ে হাজির হতেই তিনি আপ্যায়ন করে ডাকলেন, তাসন্ন অমলবাব, ডিউটী থেকে ফিরলেন নাকি?

অমল বলল, আমি বন্ধ ক্লান্ত, একটা বসতে পারি কি ?

আরে বসন্ন বসন্ন, সেই জন্যইতো আপনাকে ডেকে পাঠিরেছি। আপনারাতো আমাকে শন্তন্ত্র মনে করেন—কিন্তু শত হলেও আমি একটা মান্ষতো! আপনাদের ভালমন্দের কথা ভাবা আমার কর্তব্য—একটা ক্যাম্পট্ল তিনি অমলের দিকে এগিয়ে দিলেন।

তামল বসে পড়ল। হাবিলদার-মেজর আবার স্বর্করনেন, তা আজ প্রায় ছ'মাসেরও ওপর হয়ে গেল একটানা রেলওয়ে-ডিউটী করছেন, শরীরটাতো দেখছি খ্বই খারাপ হয়ে গেছে। আমি মেজর সাহেবকে বলেছি। কাল থেকে আপনাকে আর রেলওয়ে-ডিউটীতে যেতে হবে না! ক্যান্সেপ থাকবেন, একট্আধট্ব পি-টি প্যারেড করবেন, ব্যাস বাকী সময়টা আপনার রেণ্ড!

অমল হাসি চেপে বলল, আপনাকে অশেষ ধন্যবাদ।

হাবিলদার-মেজরের খুশীখুশী মুখখানা গশ্ভীর হয়ে উঠল। তব্ও মেলায়েম সুরে বললেন, আর কি, এইবারতো সব বাড়ীতে ফিরবেন, লড়াইতো শেষ হল বলে। কোম্পানির ছেলেরা খুব খুশী, না?

অমল বলল, এই জনাই বোধহয় আমাকে ডেকেছেন? আচ্ছা, আমি সতি কথাই বলছি। এভাবে যদি কোম্পানি আর কিছুদিন চলে তাহলে যে-কোন মুহুতে একটা গণ্ডগোল বে'ধে যেতে পারে!

কেন?

কেন, সেকথা আপনি বোধহয় আমার চেয়েও ভল জানেন।

কিল্তু যত দোষ সবই কি আমার ? আমার অবস্থাটা একবার ভেবে দেখছেন না! আমাকেওতো চাকরি বজায় রাখতে হবে! আমিতো নিছক হুকুমের দাস!

সেতো বটেই—অমল উঠে দাঁড়।ল।

হাবিলদার-মেজর বললেন, তাহলে গণ্ডগোল আপনারা করবেনই?

অমল ঘ্রুরে দাঁড়িয়ে বলল, একথা আমি একবারও বিলান। গণ্ডগে,ল করতে কেউই চায় না কিন্তু সহোরও একটা সীমা আছে!

কার কার সহ্যের বাঁধ ভেঙে গেছে তাদের নামটা একবার শর্নন ? অমল হেসে বলল, আপনার পাত্র-নির্বাচন খ্রুব ভুল হয়েছে স্যার! ঠিফ ও-জাতের লোক আমি নই!

হাবিলদার-মেজর বললেন, কিন্তু আপনি কেন বিপদের মধ্যে জড়িয়ে পড়ছেন অমলবাব্! অফিসারদের কানে পর্যন্ত পেণিচেছে, আপনিই হচ্ছেন ছেলেদের লীডার! এ আর মেজর ব্রাউন নয় যে জয়ন্তর মত আপনাকেও ট্রান্সফার করে দেবে! নির্ঘাত একটা কোর্ট-মার্শাল করে অপনার জীবনটাই হয়তো নন্ট করে দেবে! লাভ কি অমলবাব্ এই সব অশিক্ষিত ছোটলোকদের নিয়ে নাচানাচি করে? তার চেয়ে আমাদের সংগে—

অমল ফস করে বলে উঠল, আপনি যদি হুকুম করেন, আপনার লেকচার আমি শ্নতে বাধ্য! কিন্তু আপনার হাকুমে আমাব মন বদলাবে না—-

অমলের মুখের দিকে হাবিলদার-মেজর ফ্যালফ্যাল করে চেয়ে থাকেন ! অমল বলল, এবার আমি যেতে পারি কি ?

হাবিলদার-মেজরের মুখ দিয়ে বেরিয়ে আসে, আচ্ছা –যান—

সন্ধ্যের পর ক্যান্থের সমস্ত ছেলে এসে জড হয় ক্যান্টিনে। ছোট ছোট দলে এসে ইউরোপের বড় ম্যাপটার সামনে দাঁড়িয়ে দেখে লাল-ফোজ কতদরে এগলো! বার্লিন আর কতদরে!

'বাঙলায় খবর বলছি' ঘোষণাব সংগ্য সংগ্য যে যেখানে থাকে এসে ভেঙে পড়ে কাউন্টারটার ওপর, মৃশ্বনেরে চেয়ে থাকে রেডিওটার দিকে, রুদ্ধ নিঃশ্বাসে শ্নতে থাকে প্রথিবীজ্যে মানুষের ফ্যাসিন্ট বর্বরদের বিরুদ্ধে অভিযান! লাল-ফৌজ জার্মানদেব তাড়িয়ে নিয়ে গেছে রাশিয়ার শেষ সীমান্তে—প্রবেশ করেছে বুমানিয়া আর পোল্যাশ্ডের মধ্যে! সবচেয়ে সংক্ষিশ্ত রাসতা ধরে এগিয়ে চলেছে বালিনের পথে! বুটীশ আর আমেবিকানরা উত্তর-আফ্রিকার যুদ্ধ শেষ করে ইতালি দিয়ে এগিয়ে আসছে খাস জার্মানির দিকে! প্রশান্ত মহাসাগরে আমেরিকানরা কিউরাইল দ্বীপপুঞ্জে অবতরণ করেছে! বর্মায় ফিফথ-ইন্ডিয়ান-ডিভিসন ফোর্ট হোয়াইট দখল করে এগিয়ে চলেছে মান্দালয়ের দিকে!

थवत वला रमय दश्र। रहरलता रहा ए रहा ए परल हि फ्रा प्राम

হয়ে হিসেব করতে বসে আর কর্তাদন! আশার আনন্দে মন নেচে ওঠে, বুক ভরে যায়, মৃভির পথে তারা পা বাড়িয়ছে! লাল-ফৌজ এগিয়ে চলেছে বালিনের দিকে! তাদের চলার পথে বুকভরা দরদ ঢেলে দের লক্ষ যোজন দ্রের বসে এই মৃভিকামী মান্বগ্লো! মৃভির প্রতীক লাল-ফৌজ তাদের জীবনে এনেছে আশা উৎসাহ উদ্দীপনা! তারাও ফ্লেচলতে থাকে লাল-ফৌজের সঙ্গে কাপেথিয়ান পর্বত ডিঙিয়ে, ড্যানিয়ুব পার হয়ে, ওয়ারশ'র ওপর দিয়ে দুর্মাদ পদক্ষেপে বালিনের দিকে! বালিনি! বালিনি হয়ে গেলেই যুন্ধ শেষ! তাদের মৃভি! সৈনিক জীবনের অবসান! আবেগে উচ্ছনুসে বুকের মধ্যে তোলপাড় করতে থাকে। তারাও তাহলে বাঁচবে! আবার তারা বাড়ী ফিরবে!

রোল-কলের হুইসিল পড়লে মাঠ থেকে উঠে গিয়ে ছেলেরা অলস মন্থর গতিতে রোল-কলে দাঁড়ায়। হাবিলদার-মেজর ঘোষণা করলেন. কাল সকালে রুট-মার্চ, মার্চ অফফ সাড়েপাঁচটায়।

পাঁচকজ়ি লাফিয়ে উঠল, তার মানে আবার টাইট দিতে সর্র্ করেছে। মক্ব্লের ব্যাপারটায় দাদারা মনে বড় দাগা পেরেছেন! সেই জনাই বোধহয় তোমাকেও ডিউটী থেকে সরিয়ে নিল অমল!

অমল বলল, বোধহয় তাই।

পর্যাদন সকালে একখানা করে পর্নার আর একমগ চা খেয়ে কোম্পানির সমস্ত পাারেডওয়ালা ছেলে মার্চ করল। সামনে হাবিলদার মেজর, তাঁর পেছনে তিনটী স্কোয়াড। প্রতি স্কোয়াডের সামনে একজন করে হাবিলদার স্কোয়াড-কমান্ডার ঘেটিপং দিছে, লেফট—রাইট—লেফট! ঝপ-ঝপ-ঝপ করে একই তালে পা পড়ছে। শন্দের মাদকতায় ছেলেরা নেশাতুর হয়ে উঠেছে! শ'খানেক ছেলে একটা মান্বের মত এগিয়ে চলেছে! দ্বন্দ্বর স্কোয়াড-কমান্ডার হাবিলদার সরকার বলল. তোমরা গান ধরু তাহলে ভেটিশং আরও ভাল হবে।

সংগ্য সংগ্য ভেসে উঠল গানের স্ক্র, জিন্দেগী হ্যায় প্যারসে, প্যারসে বিতায়ে যাও!

দ্বধারে ঘন জজ্গল তার মাঝ দিয়ে নতুন তৈরী পথ, পীচ-ঢালা রাস্তা। স্বকটা ব্টের আওয়াজ যেন একটি আওয়াজ হয়ে দূর হতে দ্রান্তরে ঘন সব্জ বনানির প্রান্ত থেকে প্রান্তরে প্রতিধ্বনিত হয়ে চলেছে। সকালের স্থেরি মিঠে রোদ কোথাও গাছের পাতার ফাঁকে ফাঁকে পাহাড়ী রাস্তর ওপর এসে পড়েছে। দ্বন্দ্বর-স্কোয়াডের সঞ্জে স্বর্র মিলিয়ে এক আর তিনন্দ্বর-স্কোয়াডও গান ধরেছে। গানের লহরে লহরে, পায়ের তালে তালে শরীরের রক্তও যেন নাচতে স্বর্ব করেছে। সৈন্যদল তখন একটা খাড়াই এর ওপর উঠছে। হঠাৎ হাঁক এল, কোম্পান্তি হলট!

একটী আওয়াজে তিনটী স্কোয়াড দাঁড়িয়ে পড়ল। হাবিলদার মেজর স্কোয়াড-কমান্ডারদের ডাকলেন। ছেলেরা গ্রন্থন করে ওঠে, শব্ধ শব্ধ হল্ট করালে কেন! বেশতো চলেছিলাম, বড ভাল লাগছিল!

হাবিলদার সরকার ফিরে এসে বলল, তেমরা কেউ গান গেরো না একজন জিজ্জেস করল, কেন হাবিলদার সাহেব ?

হাবিলদার-মেজর সাহেব ব বণ করেছেন!

हेम्, वात्रं कतलहे रल!

আবার চলার হ্রকুম হয়। ছেলেরাও চলতে থাকে কিন্তু ভৌপিং এ আর মিলতে চার না! স্কোরাড-কমান্ডাররা তারস্বরে ভৌপিং হেবক চলে, লেফট—রাইট—লেফট! হাবিলদার-মেজর একটা চিবির ওপর দাঁড়িয়ে প্রত্যেকের পা লক্ষ্য করছেন আর তাড়া দিচ্ছেন, কদম মিলাও। কদম তাতেও মিলতে চার না। বেভালা বেখাপা পা পড়ছে, মাঝে মাঝে পা ঘষে চলার শব্দ হচ্ছে, সে এক বিশ্রী ব্যাপার! ক্ষিপ্তের মত হাবিলদার-মেজর হ্রকার দিয়ে উঠলেন, কোম্পানি, ডবল—মার্চণ!

ক্ষণেকের তন্য স্তব্ধ হয়ে গিয়ে সবকটী ছেলে দৌড়তে স্ব্র্ করল-অসম তালে, যথেছে পদক্ষেপে। প্রায় পঞ্চাশগজ দৌড়ানর পর থামবার হ্কুম হল। ছেলেরা দাঁড়াল, কোন লাইন নেই, ফাইল নেই, ড্রেসিণ্ নেই, যে যেভাবে পেরেছে সেইভাবেই দাড়িয়ে পড়েছে। সন্তোষ হাঁপাতে হাঁপাতে বলে উঠল, দেখি কত ম্বরেদ ওর, কেমন করে ভেঁপিং মেলায়।

খণেন জোরে বলে ওঠে, ষ্টেপিং আর মিলছে না বাছাধন, যতই ডবল করাও আর হামাগুড়ি দেওয়াও!

अनन्ड वनन. त्विंग भरन करत्रष्ट कि! भान श्**न त्र्ै-भार्ट्ज এ**क्षे

অংগ! আর উনি চান নিয়মটাই বদলে দিতে!

সাদেক বলল, বলনে অমলবাব, শালাকে আজ মাল্ম করিয়ে দিই!
অমল থপ করে সাদেকের কব্জিটা চেপে ধরে। হাবিলদার-মেজর
দৌড়ে ওদের সামনে এসে হাঁকলেন, রাইট টার্ণ—রাইট ড্রেস—পাগ্মলো
ঘষতে ঘষতে ছেলেরা টারো-ব্যাঁকা হয়ে দাঁড়াল, ডান-হাতটা কিছ্মটা ওপরে
তি যেন শ্নো ঝ্লছে! ঘাড় ডাইনে না ফিরে কেবল কাৎ হয়ে আছে!
হাবিলদার-মেজর হাঁকলেন, আইজ—ফ্রন্ট—হাতগ্মলো উর্বুর ওপর

একটা, উ'চু একটা জায়গায় দাঁড়িয়ে হাবিলদার-মেজর বললেন, তোমরা

.দ মনে করে থাক এইভাবে আমাকে জন্দ করবে, তাহলে আমি বলে

দিচ্ছি তোমরা খ্ব ভুল করছ! কয়েকটা চ্যাঙড়া ছোঁড়ার মতলব শ্বনে

মার সঙ্গে চালাকি করার চেন্টা কর না। বিপদে পড়বে তোমরা যারা

দৈশেষ। কাকেও আমি ছেড়ে কথা কইব না। যতাদন আমার কন্জিতে

ই ক্রাউন আছে আর মেজর নেলসন এই কোম্পানিতে আছে ততাদন

আমি যা হাকুম করব তাই তোমাদের শ্বনতে হবে।

ছেলেদের মাঝখান থেকে কে যেন বলে উঠল, দূর শালা কুত্তা!

হাবিলদার-মেজরের ম্খখানা রাঙা হয়ে উঠেছে, কি যেন একটা বলতে গিয়ে তখনই ঢোঁক গিলে নেন। দাঁতে দাঁত চেপে সমসত ছেলেদের ওপর বারেক চোখ বর্নিয়ে নিয়ে হে'কে ওঠেন, লেফট টার্ণ—কুইক মার্চ'! হর্ডমর্ড করে ছেলেরা হাঁটতে স্বর্করেছে। হাবিলদার-মেজর াড়ে সামনে চলে যান। স্কোয়াড-ক্মান্ডাররা বারকয়েক ভেটিপং দিয়ে পুপ করে যায়। একটা কিছর্র আশাংকায় সবকটী ছেলে গ্রুম হয়ে আছে।

্ছ্বদ্রে যাওয়ার পর হ্রকুম এল. কোম্পানি—লেফট হ্রইল!
বাঁক থেয়ে একনম্বর স্কোয়াড এগিয়ে চলেছে, নেমে চলেছে পাহাড়ের

■শল্ব বেয়ে! আর কিছ্বদ্রে নামলেই পচা জলের ডোবা! পা টিপে

উপে জাতি সন্তপ্ণে নামছে, পায়ের ধাপ একট্ব অসাবধান হলেই পড়ে

াছে। হাবিলদার-মেজর হে'কে চলেছেন, লেফট—রাইট—লেফট!

থেপেন দাঁতে দাঁত চেপে বলল. এই পাঁকের মধ্যে নামাবে নাকি!

অননত বলল, আমি জানতাম ও শালা অত সহজে ছাড়বে না। সাদেক অমলের হাত চেপে ধরে বলল, আমরা কেউ জলে নামব না! অমল বলল, কিছুতেই না! তাতে যা হয়, হবে।

একনম্বর স্কোয়াড নেমে চলেছে, প্রথমসারির তিনটী ছেলে বারবার পেছন ফিরে চাইছে। ভিজে মাটীতে তাদের পা পড়েছে, বুট একট্ব একট্ব করে বসে যাচ্ছে। মাঝের ছেলেটী পেছন দিকে চেয়ে সামনে পা ফেলতেই হুমড়ি খেয়ে পড়ে গেল।

সাদেক আঁতকে উঠল, অমলবাব,!

সংখ্যে সংখ্যে অমল হে কৈ উঠল, হল্ট!

সমস্ত ছেলে দাঁড়িয়ে পড়ে পেছনে ঘ্ররে দাঁড়িয়েছে। হাবিলদার-মেজর স্বরটাকে লক্ষ্য করে ছুটে এলেন, কে! কে হল্ট বলল?

লাইনের মধ্যে থেকে বেরিয়ে এসে অমল বলল, আমি।

হাবিলদার-মেজর অমলের একটা হাত চেপে ধরে ঝাঁকানি দিয়ে বললেন, তুমি হল্ট বলার কে?

সাদেক একলাফে অমলের পাশে এসে বলল, খবরদার, গায়ে হাত তুলেছ কি তোমার দফা আত শেষ! হাত ছেড়ে দাও বলছি!

হাবিলদার-মেজরের হাত থেকে অমলের হাতটা খসে পড়ল। সমস্ত ছেলেবা ওদের ঘিরে ধরেছে। হাবিলদার-মেজরের ম্খখানা ঘেমে উঠছে উর্ত্তেজিত ছেলেদের দিকে তিনি ফ্যাল্ফ্যাল্ করে চেয়ে আছেন!

সাদেক বলে উঠল, মনে করেছ কি! আমরা তোমার বেগারী নাকি অননত বলল, আমরা স্যাপার হতে পারি কিন্তু মান্য হিসেবে আপনার চেয়ে কোন অংশে নীচে নই!

বারকয়েক ঢোঁক গিলে হাবিলদার-মেজর সামনে পেছনে চারপাশে কি যেন চেয়ে চেয়ে দেখলেন। একট্ব দ্বরে দেখতে পেলেন স্কোয়াড-কমান্ডার তিনজন খ্ব উত্তেজিত ভাবে কি যেন বলাবলি করছে। ফিরেঁ তিনি অমলের মুখের ওপর চোখ রেখে বললেন, তা তোমরা কি চাও?

সংগ্র সংগ্র অনন্ত বলে উঠল, আমরা চাই মানুষের মত ব্যবহার। হাবিলদার-মেজর ফিকে হেসে বললেন, ওকথা আমাকে বলে কোন লাভ নেই অনন্ত! প্রাধীন জাত কোন্দিন মানুষের মত ব্যবহার পেতে शादा ना! ७ कथा प्राक्षत तिन्त्रनातक वन।

ছেলেরা কেমন যেন ভাবাচাকা মেরে যায়, পরৎপর মুখ চাওয়াচাওরি করতে থাকে। হাবিলদার-মেজর মোলায়েম স্বরে বললেন, বেশতো, তোমরা যদি ম্যান্ভারিং করতে না চাও তাহলে আর সামনে ষেও না। কিন্তু এইটাই ছিল আজকের প্রোগ্রাম।

পেছন থেকে একজন বলে ওঠে, সব মিছে কথা। শালা শয়তান, বেকায়দায় পড়ে এখন ভাল মানুষ সাজছে!

চাকিতে একবার পেছনে দেখে নিয়ে হাবিলদার-মেজর বললেন, কি করব বল! দোষ আমার নয়, দোষ আমার র্য়াঙ্কের! যাক, এখন তোমরা কি করতে চাও তাই বল?

সাদেক বলল, আমরা মার্চ করার সময় খ্শীমাফিক গান গাইব! হাবিলদার-মেজর হেসে বললেন, বেশতো, রুট-মার্চ করার সময় গান গাওয়ারতো নিয়মই আছে। আমি কি এর আগে কখনও বারণ করেছি? কিব্তু আজ যে আমাদের প্রোগ্রাম ছিল ম্যানুভারিং!

একজন ভেঙচে উঠল, ওঃ, কি আমার ভিজে বেড়ালটীরে ! ম্যান,ভার-ট্যান,ভার সব বাজে কথা ! আসল কথা আমাদের ওপর মেজাজ ফলান ! হাবিলদার-মেজর বললেন, যাক, আর সময় নত করে দরকার নেই। অনেক বেলা হয়ে গেছে, রোদ চড়ছে। চল আমরা ক্যাশ্রেপ ফিরে যাই। নাচতে নাচতে লাফাতে লাফাতে ছেলেরা ফল-ইন করল। মার্চ করতে সন্তুর, করে ছেলেরা বুকের সমুহত জার ঢেলে দিয়ে গেয়ে উঠল,

> জিন্দেগী হ্যায় প্যার্সে, প্যার্সে বিতায়ে যাও। জিন্দেগী হ্যায় কওম্কি, কওম্সে বিতায়ে যাও ॥

পর্যাদন সকালে অর্ডার্রাল এন-সি-ও অমলের নাম হে'কে গেল, দশ বজে দফ্কতর্মে হাজির!

ক্যাম্পময় রাষ্ট্র হয়ে গেল, অমলের নামে হাবিলদার-মেজর চার্জপীট

করেছে। চাপা একটা উত্তেজনা সমস্ত ক্যাম্পটার মধ্যে গর্জে গর্জে উঠছে।

★েকায়াড-ড্রিলে তাল কেটে যায়, ডাইনে ঘ্রতে ছেলেরা বাঁয়ে ঘ্রের বসে!

★েবিলদার সরকার হতাশ হয়ে পাঁচমিনিটের ব্রেক-অফফ দিয়ে দেয়।

সাদেক হাবিলদার সরকারকে বলল, আপনাকে সাক্ষী দিতে হবে হাবিলদার সাহেব, আপনিতো কাল সবই নিজের চোখে দেখেছেন!

হাবিলদার সরকার আমতাআমতা করে, সে ক্ষমতা আমার নেই সাদেক !
সকালের প্যারেড শেষ হওয়ার সংগে সংগে খানার হৃইসিল পড়ল।
কিন্তু মগ-পেলট হাতে ছেলেরা লংগরের দিকে দোড়ায় না, ছোট ছোট
দলে জটলা পাকাতে থাকে। অনন্ত বলল, কি করা যায় এখন! অমলকেতো নিশ্চয়ই ফাঁসাবে!

পাঁচকড়ি দাঁত কড়মড় করে ওঠে, আমার ইচ্ছে করছে ওই শালা হাবিলদার-মেজরের মাথার খুলিটা উড়িয়ে দিই!

খণেনের হাতদ্বটো নিসপিস করছে, অসহায়ভাবে সে সাদেকের দিকে চাইল। সাদেক বলল, অমলবাব্বক ফিরিয়ে না এনে আমরা খেতে যাব না। জমায়েং ছেলেদের মধ্যে থেকে সম্মতি গর্জে উঠল, চল সকলে দফত্রে! অমলবাব্বকে কোন শাস্তি দেওয়া চলবে না!

অফিসের আশপাশে ধীরে ধীবে ভীড বেড়ে ওঠে, ছোট ছোট দলে জটলা চলতে থাকে। স্নাল বলল, কিন্তু এতে কি কোন লাভ হবে । এতো মিউটিনীর মত হয়ে দাঁড়াচ্ছে!

সাদেক তেড়ে ওঠে, তবে কি নেলসনকে বাপ ডেকে পা জভিযে ধরে বলব, হ্বজন্ব ধর্মাবতার, গরীবের মা-বাপ, অমলবাব্বকে ছেড়ে দাও! আর অর্মান ওই চকচকে রাউন-ব্রটের ঠোক্সর খেয়ে গালে হাত ব্লতে ব্লতে এসে বলব, নেলসন সাহেব মান্ব নয়ের, একেবারে দেবতা! ওসব কুত্তাপণা আর চলবে না। সাফ কথা, আজ যদি অমলবাব্বক ছাড়িয়ে আনতে না পারি তাহলে এই শালারা ব্রটের ডগায় আমাদের টিপেটিপে মারবে!

ছোট ছোট দলগন্তা ক্রমশই কাছাকাছি ঘে'বাঘে'ষি হয়ে আসছে! তাদের উর্ত্তেজিত কথাবার্তা রীতিমত একটা সোরগোলের স্ভিট্,করেছে। হাবিলদার-মেজর অফিসঘরের জানলায় এসে দাঁড়ালেন। ভীড়ের মধ্যে থেকে কে একজন বলে উঠল, ধরে নিয়ে আয় শালা কুত্তাকে—আর একজন আক্ষেপ করতে থাকে, কাল শালা ঠেলায় পড়ে কেমন ভিজে বেড়ালটী সেজেছিল! ঘা কতক না দিয়ে ছেড়ে দেওয়া খ্র ভুল হয়েছে!

কিছ্মুক্ষণের মধ্যে চারজন রাইফেল-সেন্ট্রী মার্চ করে অফিসের সামনে এসে দাঁড়াল। গার্ড-কমান্ডার অফিসঘর থেকে বেরিয়ে এসে প্রচুর হাঁক-ডাক করে এক-এক দরজায় দ্বুজন করে সেন্ট্রী মোতায়েন করে দিল, চিৎকার করে বলল, অফিসের দশহাতের মধ্যে কেউ এলেই সোজা তার ওপর ফায়ার করবে—কটমট করে জমায়েৎ ছেলেদের দিকে চেয়ে হনহন করে কোয়ার্টার-গার্ডের দিকে চলে গেল।

ভীড়ের মধ্যে থেকে একটী ছেলে একজন সেণ্ট্রীকে বলল, কিরে আমাদের গর্নল কর্মবি নাকি?

সেন্ট্রী ম্চকে হেসে রাইফেলের ওপর থেকে ব্রড়ো আঙ্বলটা দেখাল। ছেলেরা হো-হো করে হেসে উঠল।

একট্ন পরে স্ববেদার সাহেব এসে দরজায় দাঁড়ালেন। তাঁর পেছন থেকে অফিসের কেরানী-হাবিলদাররা উর্ণক-বর্ধকি মারতে থাকে। স্ববেদার সাহেব মাঠে নেমে একজন সেন্ট্রীর পাশে দাঁড়িয়ে জিজ্জেস করলেন, তোমরা এখানে ভীড় করেছ কেন?

অনেকে একসঙ্গে বলে উঠল, আমরা অমলবাব,কে সঙ্গে নিয়ে যাব! তোমরা কি ভূলে গেছ যে তোমরা এখনও মিলিটারীতে আছ!

সাদেক বলে উঠল, মিলিটারীতে আছি বলেতো আর কেনা-গোলাম হয়ে যাইনি ?

মেজর সাহেবকে দরজার গোড়ায় দেখা গেল। সংগ্যে সংগ্যে সেন্ট্রীরা ভীড়ের দিকে রাইফেল ঘ্রিয়ে অন-গার্ড পজিসনে দাঁড়াল। মেজর সাহেব নেমে এলেন স্বেদার সাহেবের পাশে আর তাঁদের পেছনে এসে দাড়ালেন হাবিলদার-মেজর। প্রত্যেকের কোমরে বিভলভার, হোলন্টারের মুখ খোলা, বাটগুলো বেরিয়ে আছে! মেজর সাহেব কিছ্মুক্ষণ চারিদিকে চেয়ে চেয়ে দেখলেন, ক্রে দ্গিটতে চোখদ্টো তাঁর ক্রচকে উঠেছে, ডানহাতটা রিভলভারের ওপর নিসপিস করছে! আঙ্বল নেড়ে তিনি একজনকে ডাকলেন। জনকয়েক একসংগে এগিয়ে আসছিল। তিনি বললেন, এক আদমী!

এগিয়ে এল সাদেক, উত্তেজনায় সে স্যালিউট করতেও ভূলে গেছে। মেজর সাহেব বললেন, তুম্লোগ্ইধর্ ক্যোঁ খাড়া হ্যায়?

সাদেক বলল, হম্লোগ অমলবাব কা বিচার দেখনে মাঙতা! ক্যোঁ! উস্কো জর্র সাজা মিলেগা!

নহি সাব্ উন্কো কোই সাজা হোনা নহি চাহি! উন্কা কোই কস্ব নহি হ্যায়! হাবিলদার-মেজর সাব্ হম্লোগোঁ পর জ্ল্ম কিয়া উর্ উন্কো ঝ্টম্ট ফাঁসানে মাঙতা। আপ্ সাজা দেনে মাঙতা তো প্রা কোম্পানিকো সাজা দিজিয়ে! হম্লোগ তৈয়ার্ হ্যায়!

মেজর সাহেব আর একবার সমস্ত ছেলেদের ওপর চোথ বৃলিয়ে নেন। একটা যেন চিন্তা করে নিয়ে বললেন, আচ্ছা ঠিক হ্যায়, তুম-লোগোঁকো বাত্ ম্যায় য়্যাদ্ করেগা অর্ডাবলি-র্ম্কে বখ্ত্। যাও, তুমলোগ খানা খা লেও!

সংগ্য সংখ্য ভীড়ের মধ্যে থেকে আওয়াজ উঠল, অমলবাব কে সংখ্য না নিয়ে আমরা খেতে যাব না—মেজর সাহেব ভীড়টার ওপর আরও এক-বার চোখ বর্লিয়ে নিয়ে অফিসঘরে চলে গেলেন।

আধঘন্টা পরে অমল বেরিয়ে এল অর্ডাবলি-র্ম থেকে, মুখে তার বিজয়ীর হাসি। সেন্ট্রীরা তাকে ঘিরে ধরল, রাইফেলেব মুখ ঘ্ররিয়ে ধরল ছেলেদের দিকে। কয়েক-পা এগোতেই ছেলেরা অমলকে ঘিরে ধরল। অনেকে একসাথে ভেগে পডল, তোমায় ছেড়ে দের্যনি অমল!

অমল বলল, মাত্র চোর্ন্দাদনের কয়েদ! আমি নিজেই মেনে নিয়েছি দুটৌ সর্তো। প্রথমত, প্যারেড-প্রোগ্রাম হালকা করা হবে আর দ্বিতীয়, হাবিলদার-মেজবকে এ কোম্পানি থেকে ট্রান্সফার করা হবে। অফিসের সামনে তোমাদের এভাবে জমায়েং হতে দেখে মেজর সাহেব রীতিমত ভয় পেয়ে গেছেন। আমাদের জয় হয়েছে!

সাদেক ভেণ্ডেগ পড়ল, কিন্তু কয়েদ কেন মেনে নিলেন অমলবাব, ? অমল বলল, এ ছাড়া আর যে কোন উপায ছিল না সাদেক!

সাদেক ফ্রুমে উঠল, উপায় ছিল না মানে? আমাদের ওপর ভরসা রাখতে পারলেন না! আমরা কি কিছুই করতে পারতাম না?

সাদেকের আবস্ত ক্ষর্প ম্বথানার ওপর থেকে অমল চোথ নামিয়ে নিল। বাকী ছেলেরা নীরবে ধীরে ধীরে ব্যারাকে ফিরে গেল।

হাবিলদার-মেজরের ঘরের সামনে ছেলেরা সারাদিন ঘ্রঘ্র করে বেড়াচ্ছে। লক্ষ্য করছে, সতাই হাবিলদার-মেজর চলে যাচ্ছে কিনা! দিন বাড়ার সংগ্র সংগ্র তাদের সন্দেহও গভীর হয়ে ওঠে। প্রী-থার্টি-ডাউনের সময় পার হয়ে যাওয়ার পর ব্যাপারটা তাদের কাছে সরল হয়ে যায়। পাঁচকড়ি আক্রোশে ছটফট করে, দেখলেতো শালা নেলসন ভাঁওতা দিয়ে অমলকে কেমন কোয়াটার-গার্ডে প্ররে দিল!

সাদেক বলে উঠল, অমলবাব্ও যেমন! মনে করেন ব্রিঝ এ শালারা মুখে কথা কয়! এ শালা বেজস্মারা সব করতে পারে! ভেবেছে, অমলবাব্রেক কোয়ার্টার-গার্ডে প্রের আমাদের সায়েস্তা করবে! আচ্ছা, আমরাও দেখছি।

রোল-কলে হাবিলদার-মেজর এলেন অর্ডার শোনাতে। অধ্ধকার আকাশের তলায় ছেলেদের মুখ দেখা যায় না। ছেলেদের যার মুখে যা আসে তাই বলে হাবিলদার-মেজরকে খিদিত করতে থাকে। হাবিলদার-মেজর আর মেজাজ দেখান না, অবস্থা আয়ত্তের বাইরে চলে যেতে রোলকল ডিস্মিস্ করে দিয়ে নিজের কোয়ার্টারের দিকে চলতে থাকেন। হঠাৎ তাঁর পিঠের ওপর একখানা আধলা-ইট এসে পড়ল ধাঁই করে। পেছনের দিকে না চেয়ে তিনি দোড়ে চলে যান নিজের ঘরের মধ্যে!

ভোরবেলা ঘ্রম থেকে উঠতেই একজন সেন্দ্রী অমলকে একট্র আড়ালে ডেকে নিয়ে যায়। উত্তেজনায় সে হাঁপাতে থাকে, চোখদ্রটো তার বড় বড় হয়ে উঠেছে। অমল বলল, কি হয়েছে ?

ভীষণ কাণ্ড অমলবাব,!

কি কাণ্ড?

কাল রাত্রে হাবিলদার-মেজরের ঘরে শাবল ছুড়ে মেরেছে! তারপর?

শাবলটা দেয়াল ফ্রটো করে ভেতরে ঢ্রেক যায়, তবে হাবিলদার-মেজর সাহেবের গায়ে লাগেনি!

সমল দ্তাদ্ভিত হয়ে যায়। থরথর করে তার সমদ্ত শ্রীর কাঁপতে থাকে! এমন কাজ করল কে? কেন?

বেলা বাড়তে থাকে। স্বাভাবিক ভাবেই সমস্ত কাজ স্ব্র হয়।

প্যারেড, ফেটীগ সমস্তই চলতে থাকে। প্রিজনার্স এন-সি-ও নায়েক রামজীবন যথাসময়ে এসে অমলকে ফেটীগ খাটাতে নিয়ে যায়। ব্রটের ওপর মোজাটা উল্টে দিয়ে, হাফ-প্যান্ট আর গোঞ্জ পরে, খালি মাথায় কোদাল কাঁধে নিয়ে অমল চলে জ্বুগলে মাটি কাটতে। সকালে সাতটা থেকে এগারটা আর বিকেলে একটা থেকে পাঁচটা মাটি-কাটা হল কয়েদীর ফেটীগ। প্যারেড গ্রাউন্ডের ওপর দিয়ে, একনন্দ্রর আর তিননন্দ্রর ব্যারাকের ফাঁক দিয়ে অমল চলেছে। যে কোন ছেলেকে সে দেখে ক্ষণেকের জন্য তার মুখের দিকে চেয়ে থাকে। নায়েক রামজীবনকে পাশ কাটিয়ের রবীন অমলের পাশে পাশে চলতে চলতে চাপা গলায় বলল, হয় আপনাকে ছেডে দেবে না-হয় ও-শালাকৈ তাডাবে! এর একটা আদায় করবই!

অমলের মনে পড়ে সাদেকের কথা, আমরা কি কিছুই করতে পার-তাম না! সংখ্য সখ্যে মনে হয়, সতিটে কি পারে এই বিরাট শক্তির মুখোমুখি দাঁড়াতে!

জ্বগলের মধ্যে ত্রকে নায়েক রামজীবন বলল, লিজিয়ে অমলবাব, বৈঠকে থোড়া আরাম কর্ লিজিয়ে, আজ ঔর্ কোই নহি আয়গা!

অমল কোদালটা নামিয়ে রেখে ভাবছে শাবলটা যদি হাবিলদার মেজরের গায়ে লাগত! সমসত মনটা তার শিউরে ওঠে। সঙ্গে সঙ্গে মনে পড়ে মবাবকের সেই রক্তান্ত দেহ! সেই বিস্মিত চোখ আর তার একট্করো আর্তনাদ! শৃধ্ মবাবক একা নয়, তার চোখের ওপর ভীড় করে এসে দাঁড়ায় এই কোম্পানির মৃত আহত বিকলাগ ছেলের দল. যারা প্রাণ দিতে বাধ্য হয়েছে, যারা একটা-না-একটা অগ্ন খেসারং দিয়ে এদের বহাল তবিয়তে রেখেছে! আরও মনে পড়ে কলকাতার রাসতায় দেখা গ্রামের নিরীহ মান্ষদের কাক-চিলে ঠ্করে খাওয়া শবদেহ! পাঁচকভির হাতে গ্লিল খাওয়া সেই বাব বছরের ছেলোটী! বর্মা-ইভ্যাকুয়ী ভীবন্ত মান্থের শব্যাতা!

ঝোপের আড়ালে খড়খড় শব্দে অমল চমকে ওঠে। লঙ্গরখানার বাচ্চা লাঙ্গরী আরফান একমগ চা আব দুখানা পর্বর নিয়ে বেরিয়ে এল। অমলকে বলল, খেয়ে নিন অমলবাব, আপনার জন্য নিয়ে এলমুম!

অমল আরফানেব মুথের দিকে অপলক দৃষ্টিতে চেয়ে থাকে, চেয়ে

চেয়ে তার চোথ জনালা করে ওঠে! আবার তার মন সচল হয়ে ওঠে, জয়ন্তকে যেন সে অনন্তব করতে পারে তার পাশেই! আরফানের গা দপর্শ করার জন্য মনটা তার আনচান করে ওঠে। তার কাঁধের ওপর একটা হাত রেখে বলল, ওরা যদি দেখতে পায়?

দেখতে আর তেনাদের হচ্ছে না বাব্! ল্যাজ গর্নিটয়ে তেনারা আফিসঘরে ত্বেক বসে আছেন! এই কথাকয়টা বলার মধ্যে তার কত গর্ব! অমল আবার ভাবে, এত জাের এই আরফানইবা পেল কােথা থেকে!

এগারটার সময় আবার কোদাল ঘাড়ে করে অমল কোয়ার্টার-গার্ডের দিকে চলতে থাকে। হাবিলদার সরকার অমলকে আড়ালে ডেকে বলল, আপনি বারণ করে দিন অমলবাব ! আপনার কথা ওরা শ্নুনবে।

অমল ভাবে, শ্বনবে কি! বোধহয় নয়। সে অধিকার সে হারিয়ে ফেলেছে। সে ভেবেছিল তার কারাবরণের মধ্যে দিয়ে কোম্পানিতে আসবে মঙ্গল! এতগবলা মান্বের শক্তির ওপর সে ভরসা রাখতে পারে নি। চোখের ওপর ভেসে ওঠে হতাশ সেই ছেলেদের ধীরে ধীরে ব্যারাকে ফিরে যাওয়! অন্তাপে তার ব্বক মহুচড়ে দুমড়ে যায়!

বেলা পাঁচটায় ফেটীগ শেষ করে কোয়ার্টার-গার্ডের মধ্যে ত্রকতেই স্পেয়ার সেপ্ট্রী দ্বজন দৌড়ে অমলের কাছে এসে বলল. শ্রনছেন, আজকে থ্রি-থার্টি-ভাউনে হাবিলদার-মেজর সাহেব ছুর্টিতে যাচ্ছেন!

অপরজন বলে ওঠে, সত্যি অমলবাব, আমি স্বচক্ষে দেখে এলমে! প্রথমটী আবার বলল, জানেন অমলবাব, ছ্রটি না আরো কিছ়্! শালা কেটে পড়ছে! ব্রুলেন না, শালারা ভাঙবে তব্নু মচকাবে না!

অমলের কানে বেজে ওঠে সাদেকের ভর্ণসনা, আমরা কি কিছ্ই করতে পারতাম না!

ুসাদনকার রেডিংরোর খবর, রেড-আর্মি বার্লিন থেকে আর বরিশমাইল! কুড়িদিনে রেড-আর্মি ওয়ারশ থেকে ওডের নদীর তীরে এসে
পেণিচেছে! ব্টৌশ আর আর্মেরিকানরা জার্মানীকে পশ্চিমদিক থেকে
থিরে ফেলছে! ইতালিতে সেভেনথ-আর্মি মিলানের কাছে এসে
পেণিচেছে! উত্তর ইতালিতে ব্যাপক কৃষক অভ্যুত্থান দেখা দিয়েছে,
মুসোলিনী বিদ্রোহী কৃষকদের হাতে নিহত হয়েছেন! ওিকনাওয়ায়

অবতরণ করার জন্য প্রশানত মহাসাগরীয় আমেরিকান সৈন্য প্রবল লড়াই চালাচ্ছে! তিনদিনের যুদ্ধে ফিফথ-ইন্ডিয়ান-ডিভিসন মান্দালয় দখল করেছে!

খবর বলা শেষ হল। পাঁচকড়ি, খগেন আর অনন্তর গলা জড়িয়ে ধরে বলল, আমরাও যেন রেড-আমির মত এগিয়ে চলেছি, না রে? অনন্ত বলল, সে আবার কিরে!

কেন! প্যারেড কমির্মেছি, হাবিলদার-মেজরকে তাড়িয়েছি, এইবার মেজর নেলসনকে ঘায়েল করতে পারলেই সমস্ত জ্বল্পমের শেষ!

সতের

রাত তখন বারটা কি একটা! ক্যাম্প নিশ্বনিত হয়ে ঘুমোচ্ছে। কেবল নাইট-পিকেট ডাম্ডা-হাতে ক্যাম্পের রাস্তায় টহল দিচ্ছে। কৃষ্ণ-পক্ষের কালো রাত, অন্ধকারে সবকিছ্বই একাকাব হযে গেছে কেবল ক্যাম্পের ধারে নালাটার ওপর জোনাকির ঢেউ বহে চলেছে।

হঠাৎ একসাথে দ্টো ডব্লিউ-ডি ইঞ্জিনেব হুইসিল বেজে উঠল। বেজে চলেছে একটানা! কয়েকমুহূর্ত পরেই অনেকগুলো পটকা ফাটাব শব্দ! লম্বা একটা ফিতের মত! ফগ-সিগ্ন্যালের শব্দ।

ব্যারাকে ব্যারাকে ছেলেরা উঠে পডেছে। প্রথমটা ঘাবড়ে যায় বিপদেব সত্থেকত মনে করে। কিন্তু বেখাপ্পাভাবে এতগ্রলো ফগ-সিগন্যাল ফাটার শব্দে মনে হয়েছে. এতো বিপদের সঙ্কেত নয়। পাঁচকড়ি বিছানাব ওপর উঠে বসে বলল, শব্দটা মেইন-ইয়ার্ড থেকে আসছে বলে মনে হচ্ছে!

খণেন বলল, নিশ্চয়ই ওই আমেবিকানগুলোর কীর্তি। অননত বলল, তাহলে জার্মানি সারে ডার করল নাকি!

পাঁচকড়ি লাফিয়ে ওঠে, ঠিক বলেছিস, নিশ্চয়ই তাই ! দাঁড়া আমি অফিস থেকে খবর নিয়ে আসছি—মশারীর মধ্যে থেকে বেরিয়ে, শর্ধ্ব লর্মিনটা পরেই ব্যারাক থেকে ছুটে বেরিয়ে গেল।

অফিসের সামনে রীতিমত ভীড় জমে গেছে। পাঁচকড়ি আর খগেন অফিসের মধ্যে ঢুকে মেইন-ন্টেশনে ফোন করছে। খবর পেণিচেছে ব্যারাকে ব্যারাকে! সমস্ত ক্যাম্পটাই উঠেছে জেগে! দলে দলে ছেলেরা বেরিরে পড়েছে! যে যে-পোষাকে শ্রেছেল সেই অবস্থাতেই দল পাকিয়ে হন্ট্র-গোল করতে করতে অফিসের সামনে গিয়ে জড় হচ্ছে!

হাবিলদার সরকার ছেলেদের উদ্দেশ করে বলল, তা বলে একেবারে উলঙ্গ হয়ে বেরিয়ে পড়েছ! আনন্দ করতে গিয়ে শেষ পর্যন্ত ম্যালেরিয়া বাঁধিয়ে বস না—হাবিলদার সরকার হাবিলদার-মেজরের কাজ করছে! হাবিলদার-মেজর মুখার্জি ছুটি থেকে আর ফেরেননি!

ভীড়ের মধ্যে থেকে একজন বলল, আর হাবিলদার সাহেব, এবার যদি ম্যালেরিয়া হয় তাহলেতো বাড়ীতেই চিকিংসা করাব! আপনাদের আর কণ্ট করে মেপাক্রীণ খাওয়াতে হবে না!

আর একজন বলল, জার্মানি সারেন্ডার করলেই ব্রিঝ বাড়ীতে ফিরতে পারবে মনেন্করেছ! এখনও শালা জাপানীরা বাকী আছে!

হ্যাঃ জাপানীরা আবার লড়বে! রেড্-আমি যদি একবার ঠেলা দেয় তাহলেই শালারা কুপোকাং!

পাঁচকড়ি আর খণেন অফিস থেকে বেবিয়ে এসে চিংকার করে বলল, জার্মানি সারেন্ডার করেছে!

সমবেত ছেলেরা চিৎকার করে লাফিয়ে উঠল, হিপ্-হিপ্-হ্র্র্-রে—
সমস্ত ক্যাম্পময় তারা ছোটাছর্টি স্বর্ কবে দিয়েছে! পাগলের
মত বক্বক করছে! যাকে সামনে পাছে তাকেই ব্কের মধ্যে জড়িয়ে
ধরছে! যেখানেই জনকয়েক ছেলে জড় হয়েছে সেইখানেই তারা একই
সংগ্য প্রলাপ বকে চলেছে! এইবার তারা বাড়ী ফিরবে! এইবার
তাদের মৃত্তি!

একনম্বর ব্যারাকে ঢ্বকে হাবিলদার সরকার বলল, আচ্ছা, এইবার তোমরা শ্বয়ে পড়, রাত জেগে আর লাভ কি!

একজন বলে উঠল, বলেন কি হাবিলদার সাহেব! রাত জাগা কি বলছেন! এখন যদি আগ্ননে ঝাঁপ দিতে বলেন তাও পারি। ভাবতে শারছেন এই নরক থেকে মুক্তি পাব! ওঃ জীবনে এত বড় পাপ বোধ-হয় আর কখনও করিনি, যা করেছি এই মিলিটারীতে ঢ্কে! ছেলেটী গ্নুম্ হয়ে যায়, চোখ ফেটে তার জল আসে!

ব্যারাকের মাঝখান থেকে একজন দাবি জানায়, কাল আমাদের ছুটী

চাই! আজ আমরা সারারাত হৈহৈ করব!

অনেকে সমর্থন জানায়, ঠিক, কাল পি-টি, প্যারেড কিচ্ছ, নম !

হাবিলদার সরকার বলল, ছুটী দেওয়ার মালিক আমিতো নই-ই এমন কি স্বেদার সাহেবও পারেন না। কাল সকালে ও-সি এলে জিজ্ঞেস করে ছুটীর বন্দোবসত করা যাবে।

একজন বলল, কাল সকালে কেন, এখনই জিজ্জেস করে আসা ষায়। হাবিলদার সরকার বলল, দূর, তা কখনো করা যায়!

কেন যাবে না? গিয়ে দেখবেন, সে শালারা মদ গিলে আর নাস নিয়ে নাচানাচি স্বের্ করেছে!

হাবিলদার সরকার যেন একট্ব ফাঁপরে পড়ে যায়। আমতাআমতা করে বলল, কিল্তু এত রাত্তিবে যাওয়া ঠিক হবে কি ²

আলবং ঠিক হবে। আমরাতো আর ওদের নার্সগর্লোর ওপর ভাগ বসাতে যাচ্ছি না। জার্মানি সারেন্ডার করেছে, আমরা ছুটী চাই! ভাব্নতো দেখি একবার ইউরোপেব কথা! সেখানকার মান্যগর্লো এখন কি করছে!

জার্মানির সারেণ্ডার উপলক্ষে কোম্পানির প্ররো ছাটী, তদ্পবি বড়-খানা। সন্ধ্যেবেলায় ক্যানিটিনে উৎসব, মেজর সাহেবের বক্তৃতা আব বিনাম্বল্য রম্ বিতরণ। সকাল থেকে চলেছে বড়-খানা^থর মহড়া। সমস্ত কোম্পানিটা আনন্দে আত্মহারা। শাধ্য একটি কথা বারবার মনেব মধ্যে ঘোরাফেরা করছে, এইবার তারা বাড়ী ফিরবে! বাড়ী বলতে তাদের মনে সাখী একটি সংসারের ছবি ভেসে ওঠেনি। তারা জানে লড়াই থেকে ফিরে আবার তাদের সেই বেকারদশা, সেই অভাব অনাটন। তবাও চেয়েছে বাড়ী ফিরতে, সৈনিক নামে ক্রীতদান্ত্র থেকে মাক্তি পেতে।

সন্ধ্যে থেকে ছেলেরা ক্যান্টিনে জমা হতে স্বর্করে। উদ্যোগী রম্পায়ীরা আগেভাগে এসে কাউন্টার দখল করে দাঁড়ায়। মগ. ওয়াটাব বটল, সবকিছ্ব নিয়ে একেবারে তৈরী। অলেপ যাদের নেশা জমে না তারা অর্রাসকদের ভাগট্কু জোগাড়ের তালে ক্যানভাস করে বেড়াছে। এন-সি-ও'রা ব্যারাকে ব্যারাকে ঘ্রের ছেলেদের ভাড়িয়ে নিয়ে আসছে

ক্যানিটিনে।

অফিসাররা সকলেই এসেছেন, সংগ্য তাঁদের মাথাপিছ, একজন করে এয়াংলো-ইণ্ডিয়ান নার্স। অনেকদিন পরে অতগ্বলো মেয়েকে এত কাছাকাছি দেখে ছেলেদের মন চনমনে হয়ে ওঠে। সালিধ্য আরও একট্র ঘনিষ্ঠতর করে নেওয়ার জন্য ছেলেরা আরও একট্র কাছে এগিয়ে যায়।

মেজর সাহেব বলতে স্বর্কেরন, আর একবছর আগে এমনই একটা দিনে আমরা এখানে জমায়েৎ হয়েছিলাম, সেদিন আর আজকের মধ্যে কত তফাং! সেদিন আমরা আক্রান্ত হয়েছিলাম। আর আজ, আমরা দ্বটো ফ্যাসিস্ট শক্তিকে খতম করেছি, ইউরোপের যুন্ধ শেষ হয়েছে! কিন্তু, আমাদের যুন্ধ এখনও শেষ হয়নি, এখনও জাপানীরা লড়ছে। যতক্ষণ জাপানীদের একজনের হাতে অস্ত্র থাকবে ততক্ষণ আমাদের বিরাম নেই!

পাঁচজন নার্স থিলখিল করে হেসে উঠে হাততালি দিতে **থাকে।** অফিসাররাও সেই হাসি আর হাততালিতে যোগ দেন। ছেলেরা নির্নি-মেষ নয়নে চেয়ে থাকে নার্সদের টোল-খাওয়া গালের দিকে!

মেজর সাহেব একটা থেমে ঘোষণা করেন, আর দ্বিমিনিটের মধ্যেই তোমরা প্রিমিয়ার চার্চিলের ঘোষণা শানতে পাবে।

র্ম্ধনিঃশ্বাসে ছেলেরা কান খাড়া করে থাকে। ব্রডকাষ্ট স্র্র্হল বি-বি-সি থেকে, গতকাল সকাল ২-৪২ মিনিটে জার্মানি বিনাসতের্ মিত্রপক্ষের কাছে আত্মসমর্পণ করেছে।

মেজর সাহেব শিষ দিয়ে 'গড় সেভ্ দি কিং' গেয়ে উঠলেন! সংশ্বে সংশ্ব বাকী অফিসার আর নার্সেরা নাচের ভণ্গিতে কাউণ্টারের প্ল্যাট-ফরমে ঘ্রতে থাকেন। নার্সদের জামার ওপর দিয়ে নারীদেহের লীলায়িত ভণ্গি ছেলেদের মন লহুখ লোভার্ত করে তোলে।

কিছ্কণ পরে রম্বিতরণ স্বর্হল। ছেলেরা লাইন দিয়ে মগ হাতে কাউণ্টারের সামনে গিয়ে দাঁড়ায়। মেজর সাহেব মেজার-গ্লাসে ঢেলে তাঁর নাসটির হাতে দেন আর নাসটি হেসে করমর্দনি করে ছেলেদের মগে ঢেলে দেয়। মেমসাহেবের হাসিম্থ আর করমর্দনের লোভে উৎসাহির সংখ্যা বেডে যায়। মেজর সাহেব খোসমেজাজে ছেলেদের ডাকাডাকি পিড়াপিড়ি স্বর্ব করে দেন।

ক্যানটীনের ভীড় পাতলা হয়ে আসে। এককোণে জনকয়েক ছেলে চুপচাপ বসে সমস্ত কাণ্ডকারখানা দেখছিল। মেজর সাহেব একজনকে ডেকে বললেন, তুমারা মগ কিধর?

ছেলেটি বলল, হম্ সরাপ্ নহি পিতা সাব্!
মেজর সাহেব বললেন, কোই ডর নহি, পি লেও!
ছেলেটি কর্ণ আবেদন জানাল, ম্ঝকো মাফ কিজিযে সাব!
মেজর সাহেব তাঁর সিংগণীর দিকে ম্চকে হেসে আবার ছেলেটিকৈ

মেজর সাহেব তাঁর সিংগণীর দিকে ম্চকে হেসে আবার ছেলেটিকে বললেন, আচ্ছা, একঠো মগ লিয়াও মেমসাহেবকে ওয়াস্তে—একচোখ ব্রুক্তে মেমসাহেবকে বললেন, হোয়াট ডু ইউ সে ডারলিং!

মেমসাহেব খ্কখ্ক কবে হেসে বলল, মেক হিম ড্রিঙ্ক ডিয়ার! ইট উইল বি এ রিয়াল ফান্!

ছেলেটি একটি মগ এনে কাউণ্টারের ওপব রাখল। মেজর সাহেব তাঁর সাংগণীকে বললেন, গিভ দি বাগাব ডবল-ডোজ্ ডার্বালং!

চারআউন্স রম্ মেমসাহেব মগে ঢেলে দিল, মেজর সাহেব মগটা ছেলেটির দিকে এগিয়ে ধরে বললেন, পিয়ো!

ছেলোট বলল, হম্ নহি পিয়েগা সাব!

মেজর সাহেবের মুখ বাঙা হযে উঠছে, তব**ু**ও হাসবাব চেষ্টা কবে বললেন, হামারা হুকুম্ মানো।

নহি সাব!

ক্যা? মেজর সাহেব ফেটে পডলেন। স্ববেদাব নন্দীকে বললেন, টেক হিম ট্র গার্ড-রুম নন্দী।

স্বেদার সাহেব যেন একট্ব ইতস্তত করেন, কি যেন একটা তিনি বলতে চেণ্টা করেন। মেজব সাহেব বললেন, এ্যান্ড প্রট হিশ্ব অপ বিফোর মি ট্ব-মরো।

তাঁরা বেরিয়ে যাওয়ার পর ক্যানটীনে আব একটিও লোক নেই, কেবল অফিসার আর নাসের্বরা কাউণ্টারের ওপর বসে আছেন আর জ্বলছে বেবি-পেট্রোমাক্সিটা জ্বলজ্বল করে।

ছেলেরা যখন খেতে বসেছে তখন অফিসার আর নার্সেরা খাওয়া পরিদর্শন করতে আসেন। মেসটীন সামনে নিয়ে, উব্ হয়ে বসে ছেলেরা খাছে। মেজর সাহেব জিজ্ঞেস করেন, খানা কৈসা হ্যায?

যাকে জিজ্ঞেস করা হয় সে আশপাশ দেখে নিয়ে বারকয়েক ঢোঁক গিলে মাথা নামিয়ে বলে, বহুং আচ্ছা সাব্।

মেজর সাহেব এগিয়ে গেলে ছেলেটি তার পাশের জনকে তেড়ে ওঠে, ওঃ, দরদ উথলে উঠল! আজ বড়-খানা কিনা তাই মেমসাহেবদের দেখাতে এনেছেন। অন্যাদিন যে ধান আর কাঁকর মেশান ভাত আর ভালের জলে চোখের জল মেখে খাই তখনতো শালারা দেখতে আসে না!

রোল-কলের সময় পাঁচকড়ি খগেন অমল প্রভৃতি বারজনের নাম ডেকে বলা হল তারা যেন ফ্রল-ইউনিফর্মের রাত সাড়ে-ন'টার সময়ে অফিসার্স-বাঙলোয় রিপোট করে।

ব্যারাকে ফিরে পাঁচকড়ি রীতিমত চেচামেচি স্বর্করে দিয়েছে, শালাদের কি এমন পাকা ধানে মই দিযেছি যে কথার কথার আমাদের এই ক'জনকে ধরে টানাটানি করে!

খণেন বলল, শাধ্য শাধ্য ক্ষেপচিস কেন পে'চো! ভিক্ট্রী-ডে'তে শাধ্য মেমের হাত থেকে মদই নিয়েছিস নাচতো আর দেখিসনি! সাবেদার সাহেব আমাদের একটা বেশী ভালবাসেন কিনা তাই শাধ্য আমাদের জন্য এই স্পেশ্যাল-বন্দোবস্তটা করেছেন!

অনন্ত বলল, বুর্ঝাল না ব্যাপারটা! রমের টোপে একটাতো শীকার হয়েছে, এইবার মেমসাহেবের টোপে যদি একআধটা রুই-কাতলা ওঠে!

ডান্ডা ঘাড়ে করে ওরা বাঙলোয় এসে পেণছলে লেফটেনান্ট কর্নোল ওদেব পোষ্ট দেথিয়ে দিয়ে ডিউটী বাতলে দিলেন। সারারাত ধরে অফিসাররা ফ্রিত করবেন, বলনাচ খানাপিনা হবে আর ছেলেরা বাঙলোর চারকোণে দাঁড়িয়ে পাহারা দেবে।

খগেন আর পাঁচকড়ি ভেতরে দাঁড়াল, অনন্ত আর সাদেক বাইরে। খগেন ডাণ্ডাটাকে সোলডার-আর্ম করে নিয়ে টহল দিতে দিতে পাঁচকড়ির কাছে গিয়ে বলল, শালারা কি মদটাই গিলছে মাইরী!

পাঁচকড়ি বলল, আর ছইড়িগ্রলোওতো কম যায় না!

একট্ম পরে থগেন আবার পাঁচকড়ির কাছে এসে বলে, শালাদের নাচতো কত! কেবল দেখ জড়াজড়ি আর কামড়াকামড়ি করছে!

পাঁচকড়ি বলল, ওইই তো ওদের নাচ, কেবল গা গরম করা!

আবার ওরা টহল দিতে থাকে! স্পেয়াররা কিছ্মুক্ষণ উর্ণকঝ্রিক মেরে, শেষ পর্যানত বিরক্ত হয়ে বিছানা পেতে শর্রের পড়েছে। মেইন-ইয়ার্ডা থেকে মাঝে মাঝে পাইলটের হুইসিল আর ওয়াগন ঠোকাঠ্রকির শব্দ ভেসে আসছে। খগেন বাঙলোর কোণ থেকে সরে গিয়ে অন্ধকারেব আড়ালে দেয়ালে ঠেস দিয়ে একট্র ঝিমিয়ে নিচ্ছে। হঠাৎ পাঁচকড়ির ধারায় আঁতকে উঠে বলল, ওঃ, কি ভয়টাই না পেয়ে গিয়েছিলাম!

পাঁচকড়ি বলল, এদিকে আয়! একটা ছুঃড়ি টলতে টলতে এসে ওই গাছতলায় শুয়ে পড়েছে, বোধহয় অজ্ঞান হয়ে গেছে!

তা দেখনা তুই!

না ভাই, আমি পারব না। মাতাল হয়ে আছে, যদি জড়িয়ে ধবে! তাহলে তো তোরই লাভ!

নাঃ, সে প্রবৃত্তি মরে গেছে!

দ্বজনে একসংখ্য মেয়েটির সামনে এসে দাঁড়ায়। ঘবেব মধ্যে থেকে কিছুটা আলো এসে পড়েছে তার গায়ে। মেয়েটি একেবাবে নিঃসাড় হয়ে পড়ে আছে। খগেন বলল, ওই টীনের ঘরে বি-টি-কুক ল্যাজাব থাকে, ওকে ডেকে দে, জলটল দেওয়াব দরকাব হলে সে-ই দিতে পারবে।

পাঁচকড়ি ল্যাজারকে ডেকে নিয়ে এল। চোথ ম্ছতে ম্ছতে ল্যাজাব উঠে এসে মের্য়েটর স্তিমিত দেহের ওপর ঝ্রেক পড়ল, চোথের পাতা টেনে দেথে তাকে পাঁজাকোলা করে তুলে নিল। মের্য়েটি ল্যাজাবেব গলাটা আঁকড়ে ধরে গোঁঙয়ে ওঠে, মাই ডালিং—মাই ডালিং—অনর্গল সে চুমো থেয়ে চলল ল্যাজারকে।

বারান্দার ওপর হুড়মুড় কবে জুতোর শব্দ হল। চমকে ওরা,পেছন ফিরে দেখে লেফটেনান্ট কর্নোল একটি মেমকে টানতে টানতে নিজের ঘবে নিয়ে যাচ্ছে! পাঁচকড়ি খগেনকে বলল, যা তোর পোন্টে গিয়ে দাঁড়াগে যা, অর ঘুমোসনি যেন।

খণেন আর পাঁচকড়ি আবার নিজের নিজের পোন্টে গিয়ে দাঁড়িযে

পড়ে। হঠাৎ খ্ট করে একটা শব্দ শ্লেন খগেন চমকে ওঠে! চোখ কু'চকে দেখে ল্যাজার দরজায় ছিটকানি লাগিয়ে দিয়েছে। হনহন করে সে পাঁচকড়ির কাছে গিয়ে বলল, কি রে দরজা বন্ধ করে দিলে যে!

পাঁচকড়ি খেণিকয়ে উঠল, তাতে তোর কি ? যা, নিজের জায়গায় যা ! খগেন চলে গেল।

পাঁচকড়ি আপন মনে বিড়বিড় করে ওঠে, যত্তো শালা জানোয়ার!

আঠরে

জাপানের অণ্তিমদশা ঘনিয়ে এসেছে। ওিকনাওয়া আমেরিকানরা দখল করেছে। লাল-ফৌজ দ্বর্দাম বেগে মাণ্ট্ররিয়ার মধ্যে দিয়ে এগিয়ে আসছে প্যাসিফিকের তটে, জাপানীরা কোথাও সামান্য একট্র বাধা দিতে পারছে না। ফিফথ-ইণ্ডিয়ান-ডিভিসন বির্মা-প্রতিরোধ-বাহিনীর সহযোগীতায় রেঙগ্রন দখল করেছে।

মণিপর রেল-হেড'এর ওপর থেকে কাজের চাপ একেবারেই কমে গেছে। ওয়েণ্ট-ইয়ারের সাতখানা লাইন প্রায়ই খালি পড়ে থাকে। সাইডিং-লাইনগরলো ঘাসে ঢেকে যাচছে। কোম্পানির জীবন যেন প্রথম দিককার দিনগর্লোতে ফিরে এসেছে! মিলিটারী ট্রেণিং আবার গোড়া থেকে সর্ব্ব হয়েছে!

ইতিমধ্যে নতুন খবর, কোম্পানি কোহিমা যাবে বিশ্রামের জন্য। ঠিক হয়েছে, তিনটি ব্যাচে কোম্পানিকে ভাগ করে এক-একটি ব্যাচকে এক-মাস করে কোহিমায় রেন্ট দেওয়া হবে। কোহিমা য়ওয়ার নামে ছেলেরা স্বাভাবিকভাবেই খ্রশী হয়েছে। কোহিমায়্দেধর দিনগর্লার ওপর ছেলেদের মনে জেগে আছে অপার মমতা, এত স্বাধীনতা তারা মিলিটারী জীবনে আর কথনো পায়নি! খগেন বলল, য়েতেতা খ্রই ইচ্ছে করছে কিন্তু ব্যাপারটা ভাল মনে হচ্ছে না! নতুন কোন ফণিদ আঁটল নাকি?

পাঁচকড়ি বলল, আমারতো তাই মনে হচ্ছে। না-হলে মেজর নেলসনের প্রাণ কে'দে উঠল আমাদের রেন্ডের জন্য!

স্বরাজ কোথা থেকে ঘ্রের এসে বলল, আসল ব্যাপারটা শ্রনে এল্ম। কোহিমায় যাওয়া মেজর সাহেবের মর্জিনয়, ওপরওয়ালাদের হ্রুম। কিল্তু স্বেদার সাহেব এই মৌকায় এক মতলব ফে'দেছেন! পাঁচকড়ি বলল, কিসের মতলব?

আর কিসের—দীর্ঘ শ্বাস ফেলে স্বরাজ বলতে স্বর্করে, আমাদের কোতল করার! এই মোকায় এরা সমস্ত দলগ্রলোকে ভেঙে দেবে। এক একটা দলের কিছ্ব পাঠাবে কোহিমায় আর কিছ্ব রাখবে এখানে! তারপর দ্বিদক থেকে বলট্ব টাইট দিতে থাকবে!

পর্রাদন ভোর থেকে ফেটীগ স্বর্হল। একজন বি-ও-আর এসে স্বেদার সাহেবের কাছে দ্বজন লোক চাইল সার্জেন্ট-মেজরের মাল ট্রাকে তোলার জন্য। স্ববেদার সাহেব দ্বজন ছেলেকে ডেকে হ্রকুম দিলেন। ক্ষণেক ইতস্তত করে ছেলেটি বলল, আমরা বি-ও-আর'দের মাল তুলব না!

भूद्रवमात मारह्य स्कर्पे अफ़्र्स्नन, रहाशांष्टे! जनिम याख!

একজন মরিয়া হয়ে বলল, বেশ, আমরা সার্জেন্ট-মেজরের মাল তুলে দিয়ে আসতে পারি, যদি একজন বি-ও-আর এসে আমাদের হাবিলদাব-মেজরের মাল তুলে দেয়! রাঙেকতো দ্বজনেই সমান! আপনি কেন বি-ও-আর'দের মাল তোলার হ্বকুম দেবেন! ওবা কি আপনাকে সাালিউট করে ১

মুহ্তে স্বেদার নন্দীর মুখখানা কঠিন হয়ে ওঠে। মনের অতি গোপন এক ক্ষতস্থানে যেন খোঁচা লাগে। বি-ও-আব' কলকাতাব ইণ্টালি বসিত, বডজোব বিপন লেনেব ট্যাঁশ, তাবাও নাকি রাজার জাত' আইন মোতাবিক একজন বি-ও-আর একজন ভি-সি-ও'র নীচে। কিন্তু রাজার জাত বলে উপযুক্ত পদে উপযুক্ত মর্যাদা দানের নিয়মানুবর্তিতাট্রুকু পালন করাও এদেব প্রয়োজন হয না' বি-ও-আর'দের এই বর্ণাভিমানকে 'বিলোহী বাঙালী' মেজব রায় থেকে স্বুব্করে এড়ালোইণ্ডিযান মেজর রাউন আর খাস-বিলোত মেজর নেলসন পর্যন্ত সকলেই মেনে নিয়েছেন। ক্ষমতার নেশায় মাতাল স্ববেদার নন্দী অফিসারদেব এতভাবে খুশী করেও বি-ও-আব'দের সমপর্যায়ে উঠতে পারেননি। স্যাপার বি-ও-আর'এর কাছ থেকে ন্যায্য প্রাপ্য একটা স্যালিউট কোন্দিনই পাননি। কাটা ঘায়ে নুনের ছিটে পড়ায় স্ববেদার নন্দণী অধীব হয়ে বি-ও-আর'টিকে খেণিকয়ে ওঠেন, লেট দি বি-ও-আরস লব্ক

আফটার দেয়ার ওন বিজনেস!

মন্চকে হেসে বি-ও-আর'টি চলে যায়। অপর ছেলেটি বলে ওঠে, একটি ঘ্রিষতে শালাদের ওই হাসি চির্রাদনের মত মৃছে দিতে হয়! স্ববেদার সাহেব সবই শোনেন কিন্তু আইন ও শৃঙ্খলা রক্ষার মহান দায়ীত্বে উন্দ্রুশ্ব হয়ে ছেলেটিকে স্তশ্ব করে দেন না!

গাড়ীতে ওঠার আগে আরও একদফা ফল-ইন করতে হয়। মেজর সাহেব ভাষণ দেন, তোমাদের এই যাত্রার পূর্বে একটা স্ক্র্মংবাদ দিতে এসেছি। আশা করি এই স্ক্র্মংবাদ তোমাদের যাত্রাকে আরও আনন্দময় করে তুলবে। জাপান সন্ধির সর্ত দাখিল করেছে। মিত্রশক্তি পরিষ্কার জানিয়ে দিয়েছেন, বিনাসর্তে আত্মসমর্পণ ছাড়া আর কোন সর্তে তাঁরা রাজি হবেন না। মিত্রপক্ষীয় কর্ত্পক্ষমহল আশা করছেন আর আটচল্লিশ ঘণ্টার মধ্যেই জাপান বিনাসতে আত্মসমর্পণ করবে। আর আমিও আশা করছি এই সংতাহের মধ্যেই খবর্রটি তোমাদের দিয়ে আসতে পারব। লাইনের মধ্যে থেকে একটি ছেলে ফিস্ফিস করে বলে ওঠে, দোহাই

লাইনের মধ্যে থেকে একটি ছেলে ফিসফিস করে বলে ওঠে, দোহাই বাবা, আবার যেন ট্যাঁকে করে মেমসাহেব নিয়ে যেও না!

কনভর যাত্রা সনুর করল। মেজর নেলসন টর্নিপ নেড়ে বিদার অভিনদন জানালেন। বি-ও-আর'রা টর্নিপ খুলে প্রত্যাভিবাদন জানাল। আর ভারতীয়েরা ভাবতে থাকে, তারা কি করবে!

त्रवौन वरल ७८ठे, रम भानारक वर्षेभरम्थ नाथि रमि**थर**त्र!

ডিমাপরে বাজার ছেড়ে ফেশনের লেভেল-ক্রসিং পার হয়ে কনভয় এসে পড়ে মণিপরে রোডে। কনভয়ের পাইলট হয়েছে বি-ও-আর'দের গাড়ীখানা। তারা গান ধরেছে। স্নীল বলল, আয়, আমরাও গান ধরি। খগেন খেণিকয়ে ওঠে, থাক আর গানে কাজ নেই, ঢের হয়েছে!

স্থীল বলল, কেম বাপ্ খামখা চটাচটি করছিস! আর কটাদিন মুখ বুজে কাটিয়ে দে না!

নীচুগার্ড পার হয়ে কনভর পাহাড়ে উঠতে থাকে। খানিকটা সোজা উঠে বাঁক খাওয়ার সংগ্র সংগ্র ছেলেরা হ্মাড় খেয়ে এ ওর ঘাড়ের ওপর পড়ে যায়। খগেন গজগজ করতে থাকে, আমাদের পেয়েছে যেন ময়দার বস্তা! একটা ট্রাকে গেদেছে বাইশজন করে আর ওই শালা বি-ও-আর'রা আটজন উঠেছে একটা ট্রাকে!

অনন্ত বলল, তা উঠবে না, বিশ্রামতো ওদেরই দরকার, ভীষণ লড়াই করেছে কিনা! শালারা একেবারে অপদার্থ! বাগিয়ে যদি একটা ঘা দেওয়া যায় তাহলে ওদের কাৎ করতে বোধহয় কয়েকঘণ্টাও লাগে না!

স্নীল বলল, কিন্তু এমন মজা, ওরাই আমাদের ওপর ঝাল ঝাড়ছে। ঝাড়বে না! কাজ ফুরিয়েছে যে! এইবার তাড়াবার তাল!

ঘাসপানি পার হয়ে পিফিমায় পেণছৈ কনভর দাঁড়িয়ে পড়ে। গাড়াঁ থেকে মুখ বাড়িয়ে দেখে বি-ও-আর'রা রাস্তায় নেমে দাঁড়িয়েছে। খগেন বলল, চলরে, নেমে একট্র পেচ্ছাব সেরে নিই।

স্ক্রীল বলল, নামার কিন্তু হ্রুম হয়নি খগেন!

খগেন বলল, বি-ও-আব'দের যদি হ্রুকুম না লাগে তাহলে আমাদেবও লাগবে না।

হৃদ্মৃত্ করে ট্রাকশৃদ্ধ ছেলে নেমে পড়ল। হাবিলদার সরকাব দৌড়ে এসে রাগতস্বরে বলল, তোমরা বড় বেশী বাড়াবাড়ি কবছ! আমাব ভালমান্যির সুযোগ নিচ্ছ!

अभन उंभ करत वरन उट्टे, कि तकम ?

হাবিলদার সরকার বলল, গাড়ি থেকে আপনাবা নামলেন কেন² অমল বলল, বি-ও-আব'দের কি আপনি নামবার হ্রকুম দিয়েছেন² ওদের কথা আলাদা!

তাহলে এখন থেকে আমাদেরও আলাদাভাবে দেখতে হবে।

রবীন বলে ওঠে, যে হাবিলদারী বি-ও-আর'দের কাছে খাটে না, সে হাবিলদারী আর কেন আমাদের ওপর ফলাচ্ছেন! কোন রকমে আব কটা দিন ওই ফিতে তিনটে বজায় করে যান, ব্যাস!

হাবিলদার সরকার কেমন যেন একট্ব অর্ম্বাস্ত বোধ করে, ব্যরক্ষেক সকলের মুখের দিকে দেখে ধীরে ধীরে চলে বায়। খগেন বলল, এব মধ্যে তবুও কিছুটা মনুষ্যত্ব আছে! একেবারে জাত-কুকুর হয়ে যার্যনি।

জনুবজা জাপানীদের শেষ আক্রমণস্থল, যুদ্ধের চিহ্ন তখনও রয়েছে চতুর্দিকে। টিনের সমস্ত বাড়ী, তার দেয়ালে অসংখ্য বুলেটের ছিন্তু।

জন্বজা ছাড়িয়ে কনভয় কোহিমার দিকে উঠতে থাকে। সবকটা দ্রাকের ফার্ভেগীয়ারের গোঁ গোঁ শব্দ পাহাড়ের গায়ে ধাক্কা খেয়ে ফিরে আসছে। কনভয় চলেছে একরাশ মেঘের মধ্যে দিয়ে হেডলাইট জেনলে। চোখে মন্থে ভিজে হাওয়ার ঝাপটা লাগে, জামাকাপড় স্যাঁতসেতে হয়ে ওঠে। মাণিপন্ন রোড ছেড়ে কনভয় কোহিমার রাস্তায় ঢোকে, চারহাজার দন্শাফিট ওপরে নাগা পাহাড়ের প্রধান সহর কোহিমা। যেদিকে চোখ পড়ে সেইদিকেই অসংখ্য লাল রঙের টীনের বাড়ী পাহাড়ের ঢালন্র ব্কেলেগে রয়েছে। আর তারই পাশে সি'ড়ির মত খাঁজ কাটা জমিতে ফলেছে ধান, সোনালি সবনুজের হোলি লেগে গেছে পাহাড়ের বৃকে।

খণেন বলে ওঠে, এমন জায়গায় কি করে যে এতবড় যুম্পটা হল, ভেবেই পাচ্ছি না!

স্নীল দ্বে আজ্গ্রল তুলে দেখায়, দেখ দেখ অত বড় বড় গাছ-গ্রুলোর ডালপালা সব গেল কোথায়!

বাজার পার হয়ে কনভয় চলল কোহিমার সহর এলেকা ছেড়ে অ'রও ভেতরের দিকে। রাস্তা দিয়ে চলেছে নাগা মেয়েপ্র্ব্যের দল। মেয়েদের কপালের ওপর দিয়ে পিঠে ঝোলান ট্রকরি আর মায়েদের ব্রেকর মধ্যে বাঁধা স্তন্যপানরত শিশ্ব। মেয়েপ্র্ব্য সকলেরই গায়ে নানান জাতের মিলিটারী জামা —ব্যাটল-ড্রেস-রাউস থেকে টিউনিক-কোট পর্যন্ত! বেশীর ভাগ পর্ব্যুবদের কাঁধে বন্দ্রক! মনে হয় যেন গাদা-বন্দ্রক!

কনভয় এসে দাঁড়ায় একটা পাহাড়ের তলায়। সেখান থেকে একটা রাস্তা একেবেক পাহাড়ের বৃক বেয়ে উঠে গেছে। যেখানটায় এসে ছেলেরা থামে সেখানে এর আগেও ক্যাম্প ছিল, তার নিদর্শন রয়েছে একমানুষ সমান উচ্চ গাঁদাগাছের সরল লাইন। বোঁচকাব্রুচিক নামিয়ে ছেলেরা যখন চারিদিকে তাকিয়ে তাকিয়ে দেখে তখন অকস্মাৎ তাদের মনে ৩প্রশন জেগে ওঠৈ, সেই মানুষগ্রলো যারা একদিন এখানে ফ্লের গাছ লাগিয়েছিল তারা কি আজও বেক্টে আছে!

সারাদিন ধরে চলে ফেটীগ। লংগরখানা থেকে স্ব্র্করে পায়খানা পর্যন্ত সবই নতুন করে তৈরী করতে হয়। হাড়ভাঙা খাট্নিন খেটে ক্লান্তিতে শরীর ভারী হয়ে উঠেছে। খাওয়া শেষ করে ছোট ছোট দলে তাঁবরে সামনে বসে গল্প করছে—সেইদিনকার অভিযানের রোমন্থন!

খগেন একজন হাফ-প্যাণ্ট-পরা লোক সঙ্গে করে তাঁব্র সামনে এসে দাঁড়াল। অন্ধকারে ভাল করে ঠাহর করতে না পেরে স্নীল বলে ওঠে, কে রে, এখনও হাফ-প্যাণ্ট পরে আছিস! মরবার পাখা উঠেছে নাকি?

খগেন বলল, ভয় নেই, ইনি আমাদের মত তাঁবেদার নন, রীতিমত একজন সিভিলিয়ান! তারপর স্রু, কবে লোকটির পরিচয়় দিতে। লোকটি একজন বাঙালী, কতকাল আগে যে নাগাপাহাড়ে এসেছে তা সে নিজেই বলতে পারে না। একটি নাগা মেয়েকে বিয়ে করে এখন সেরীতিমত নাগা বনে গেছে। কোহিমা রিইন্ফোর্সমেন্ট-ক্যাম্পে জল সরবরাহ করার জন্য একটা ওভারহেড-ট্যাঙ্ক বসিয়ে পাহাডের ব্রুক থেকে পাম্প করে জল তোলা হত, এই লোকটি ছিল সেই পাম্প-ড্রাইভার। জাপানীরা যখন কোহিমা আক্রমণ করে তখন সে ছিল এখানেই। তাবপর জাপানীরা যখন পেছ্ হঠে যায় তখন জলের ট্যাঙ্কটা তারা মেসিন্দান করে উড়িয়ে দেয় আর এর ওপর অন্তত দশরাউন্ড গ্লি করে। জগেলের মধ্যে হুমড়ি থেয়ে পড়ে যাওয়াতে সে-যাত্রা বেণ্চে গেছে।

চাঁদের তলা দিয়ে হাল্কা একটা মেঘ ভেসে যাচ্ছে, তারই ছায়া পড়েছে তাদেব ওপর, অপর পাহাড় তখন চাঁদের আলােয় ভেসে যাচ্ছে। লােকটির কাছ ঘে'ষে সকলে গােল হয়ে বসল। সে বলতে স্বর্ করল—এই জায়গাটা ছিল বিইনফার্সমেণ্ট-ক্যাম্প! বিরাট এর এলেকা আর এই ক্যাম্পটা ছিল কােয়াটার-গার্ড। এইখানটাতেই জাপানীরা প্রথম আক্রমণ করে। সেদিন—ঠিক রাত বারটার সময়ে ডিউটী বদল হচ্ছে, একজন মার সেদ্দীকে খাড়া রেখে গার্ড-কমান্ডার আর সকলকে নিয়ে ডিউটী বদল করতে বেরিয়েছে। ওই যে সামনের পাহাড়টা যার তলায় আপনাদের কােয়াটার-গার্ড বসেছে ওর পেছনে আছে ঘন জণ্গল, সেই জন্গলের মধ্যে দিয়ে এসে জাপানীরা ঝাঁপিয়ে পড়ে কােয়াটার-গার্ডের ওপর। নিশ্বতি রাত, ঘ্টঘ্টটে অন্ধকার, লাইট-আউট'এর পর সমসত ক্যাম্পটা অঘারে ঘ্রমাছে। হঠাৎ গ্রিল ছ্টল। পাহাড়ের ব্রকে সে গ্রেলর শব্দ একটাই যেন একশটা হয়ে ছ্টে বেড়াছে! ঘ্রমণ্ড সৈনিকের দল

আচমকা ঘুম ভেঙ্গে উঠে বসে! অন্ধকারে তাদের দিকভূল হয়ে যায়। অন্ধকারের মধ্যে দিয়ে এগোতে লাগল কোয়াটার-গাডের দিকে। কিন্তু তাদেরই কোয়াটার-গাডে থেকে মেশিন-গানের গ্র্লি এসে পড়ছে তাদের ওপর! হতভদ্ব হয়ে তারা পালাতে লাগল য়ে য়েদিকে পারে। শ্ন্য রাইফেল ছুড়ে ফেলে তারা উধর্শবাসে দেড়িতে থাকে। কত তাদের হোঁচট খেয়ে পড়ে, কত তাদের গ্রলি লেগে মরে, কত তাদের গড়িয়ে পড়ে যায় পাহাড়ের অতল খাদে! সেই অবসরে জাপানীরা সমলত কোয়াটার-গার্ডা ঘিরে ফেলে, যাকে সামনে পায় তাকেই গ্রলি করে। বন্দী ওরা বড় একটা কাকেও করে না! যারা হাত তুলে আত্মসমর্পণ করতে গেছে তাদের বুকে সোজা বেয়নেট বাসয়ে দিয়ছে!

লোকটি চুপ করল। হঠাং এই নিস্তখ্বতার ছেলেরা চমকে ওঠে। এ ঘটনা ঘটেছিল প্রায় দেড়বছর আগে, তব্তু ছেলেরা বারম্বার শিউরে ওঠে। মেঘে ঢাকা চাঁদের আলোর পাহাড়ের চ্ড়া ধ্সর হয়ে উঠেছে! মনে হয় ওই ধ্সরতার অন্তরালে কারা যেন ওং পেতে রয়েছে!

রাত নটা বেজেছে। সময় সঙ্কেত করার জন্য ফাটা একটা লোহা বর্নলিয়ে রেখেছে কোয়াটার-গার্ডে! মরচে-পড়া সেই ভাঙা লোহাটার ডং ডং শব্দ ছেলেদের কানে কেমন যেন রহস্যময় শোনায়। ধীরে ধীরে তারা তাঁব্র মধ্যে চনুকে পড়ে। মশারীর সারি ঠেলে পথ করে নিতে নিতে কেমন যেন গা ছমছম করে ওঠে। মনে হয় তাদের অলক্ষ্যে কারা যেন তাদের দিকে এগিয়ে আসছে। দেড়বছর আগের সেই মেশিনগানের গর্নলির শব্দ, আহতদের আর্তনাদ, ভয়ার্তের অসহায় চিৎকার সহসা যেন প্রাণ পেয়ে জেগে উঠেছে! তাদের অশ্বীরি আত্মা সারা ক্যাম্পময় ছনুটোছনুটি করছে!

বিশ্রামের প্রোক্তাম স্বর্হল পর্রাদন থেকেই! সকালে সাড়েছটা থেকে সাড়েসাতটা পি-টি অর্থাৎ পাহাড়ী রাস্তায় একটী ঘন্টা দেড়িন। আধঘন্টা ব্রেক-অফফের পর রুট-মার্চ বেলা এগারটা পর্যন্ত।

পি-টি থেকে ফিরে ইউনিফর্ম পরতে পরতে থগেন বলে ওঠে, আর কেন বাবা এই পৈতৃক প্রাণটার ওপর এত জবরদিস্ত! লড়াইতো শেষ হয়েছে, এইবার ছেড়ে দে মা কে'দে বাঁচি! 'পাশের সীট থেকে বলল, তা বললে আর ছাড়ছে কে। প্রেদস্তুর ফিট করে তবে ছাড়বে! সিভিল-ল ইফে ফিরে খেটে খেতে হবেতো! ফিট করার ঠেলায় আবার টি-বি না হয়ে যায়!

তা হয় হোক! তাবলে আপনাকে মজবৃত করবে না! এইতো এখন দশমাইল রুট-মার্চ', তারপর আবার নাগরিকবৃত্তির ক্লাস!

খণেন হতবাক হয়ে যায়, নাগরিকবৃত্তির ক্লাস! সেটা আবার কি? সিভিল-লাইফে কেমনভাবে চলাফেরা করতে হবে, তারই তালিম!

কেন! আমরা কি ভূ'ইফোঁড় নাকি! এরা আমাদেব শেখাবে ভদ্র-সমাজে কেমনভাবে চলাফেরা করতে হয়!

আসল কথা কি জানেন, আমাদের ভেড়ুয়া বানাবার মতলব!

ষধারীতি প্যারেড ফল-ইন হল। ডিট্যাচমেন্ট ও-সি লেফটেনান্ট কর্নোল একটা নাইট-গাউন পরে ইন্সপেকসন কবলেন। হাবিলদার সরকার দিলে মার্চ-অফফের অর্ডার। কাঁচারাস্তা পার হয়ে ওরা বড়-রাস্তায় এসে পড়ে। যতই ওবা এগিয়ে চলেছে বাস্তাটা ততই নির্জান হয়ে উঠছে। পাহাড় কেটে রাস্তা, তার একদিকে উচু খাড়াই অপর্রদিকে গভীর খাদ। কিছ্মুদ্রে যাওযার পব দেখা যায় পাহাড়ের খাদে পড়ে রয়েছে একটা রেনগান-ক্যোবিয়াব। ধীবে ধীরে এমনত্র রেনগান-ক্যোবিয়াব আর মোটর-ট্রাকের সংখ্যা বাডতেই থাকে। মাইলটাক যাওয়ার পর একটা খোলা জায়গায় এসে হাবিলদাব সবকার পাচমিনিটের রেক-অফফ দিল। ছেলেবা বিড়ি সিগারেট ধবিয়ে এদিকওদিক ঘোরাফেরা করতে থাকে পাহাড়ের ঢালুতে নেমে খ্রুভতে থাকে যুদ্ধেব চিহ্ন।

খণেন একটা নর-কঙ্কাল দেখে ল'ফিষে একপা পেছিয়ে আসে! আরও অনেকে সেখানে জড় হয়।

স্নীল বলল, বলতো, এ কঙ্কালটা জাপানীর না ব্টীশের?

জনকয়েক হ্মডি থেষে দৈর্ঘ্য প্রস্থ মাপামাপি স্বৃত্ব, করে দেয়। একজন গশ্ভীরভাবে বলে, মনে হচ্ছে যেন ব্টীশেব।

অ'র একজন বলল, দরে, ব,টীশের হলে কি আব এখানে পড়ে থাকত! নিশ্চয়ই কোন হাপানীর!

त्रवीन वर्ल etb. जाभानी श्लारा कलकाना निरंत शिरंत कार्जन

পার্কে এক্সিবিসন করতো ! এ শালা নিশ্চয়ই আমাদের মত হাভাতে!

আবার ফল-ইন করে মার্চ স্বর্ হয়। ছেলেরা চলেছে নীরব জনশ্ন্য রাস্তার ওপর দিয়ে। তাদের ব্টের আওয়াজ পাহাড়ের গায়ে ধাক্কা থেয়ে শতধা হয়ে আবার তাদেরই কাছে ফিরে আসছে। গান ধরার চেষ্টা জন-কয়েক করেছিল কিন্তু কখন যেন তারা নিজেরাই বিমর্ষ হয়ে উঠেছে। কোথাও কোন একটা ক্যাম্পের চিহ্ন, কোন একটা সেডের ফ্রেম, কোথাও খানিকটা সিমেন্ট-বাঁধান চত্বর! ছেলেরা চলেছে যেন যমপ্রীর মধ্যে দিয়ে, খর রৌদ্রের মধ্যেও গাছমছম করতে থাকে!

ক্যামেরন-হিলস'এ গিয়ে ওরা থামল—কোহিমার সর্বোচ্চ চ্ড়া।
লড়ারের চিহ্ন আজও রয়েছে তার ধ্লিকাঁকরের সঙ্গে মিশে। পাহাড়ের
মাথায় সমতল ভূমিট্কুর শেষপ্রান্তে একটি স্মৃতিস্তুল্ভ—বেণ্গল স্যাপারস
এয়াণ্ড মাইনার্সের উন্দেশে। প্রেরা একটী কোম্পানি এথানে নিশিচহ
হয়ে গেছে। স্মৃতিফলকের ওপর চোখদুটো স্থির হয়ে যায়।

একটি ছেলে চিংকার করে ওঠে, এ শালাদের যুদ্ধ কি কেবল মানুষ-মারা-কল নাকি?

অমল অনন্তর একটা হাত চেপে ধরে বলে ওঠে, বলতে পার, এরাও কি মবারকের মতই শুধু শুধু মরেছে?

অনেকগর্নল ছেলে অমলের থমথমে ম্থখানার দিকে বিশ্মিত দ্র্ণিটতে চেযে থাকে।

অমল আবার বলে ওঠে, কেন এরা আমাদের জাের করে টেনে এনে এমন করে খন করল! আমরাতাে এদের কােন ক্ষতি করিনি!

খণেন অমলের কাঁধটা চেপে ধবে বলল, আঃ অমল, তোমার কি মাথা খারাপ হয়ে গেল নাকি!

শ্ন্য দ্ভিটতে অমল কিছ্কেণ থগেনের মুখের দিকে চেয়ে থাকে। তারপর মাথাটা ঈষণ দোলাতে দোলাতে বলল, ঠিকই বলেছ থগেন, এই কথা বলার জন্য আমার বির্দেধ এরা রাজদ্রোহের চার্জ আনতে পারে, না?

দেড়টার সময় আবার হুইসিল। নাগরিকব্তির ক্লাস! ক্লাস নেবেন লেফটেনান্ট কর্নোল স্বয়ং। ঘুম ভেঙে ছেলেরা উঠে বঙ্গে, বিরক্তিতে সমস্ত মনটা বিষিয়ে ওঠে। অনন্ত থে কিয়ে ওঠে, শালা কর্নোল নেবে ক্লাস! যেন সবজান্তা হ্যামিলটনরে! বিদ্যের দৌড়তো এইটথ-চ্ট্যান্ডার্ড, রেলেতে ছিল একটা টি-টি-আই, আর হিটলারের দৌলতে হয়েছে লেফটেনান্ট!

ক্রাস সন্ত্র হল। কর্নেলি সাহেব হাই তুলে আড়ামোড়া ভেঙে জন্ত্রে দিলেন থোসগলপ। নাগা মদের তারিফ করলেন, নাগা মেয়েদের স্বাস্থ্য সম্বন্ধে লোভার্ত প্রশংসা করলেন। এও জানালেন, নাগারা ভীষণ হিংপ্র, অলপতেই ক্ষেপে যায়, একটা মান্যকে কেটে ফেলতে ওদের মধ্যে কোন দ্বিধা সঙ্কোচ জাগে না। আর নাগা মেয়েরা একেবারে জ৽গলী! হাসবে, কথা কইবে কিন্তু প্রেম বোঝে না! কাজেই নাগা মেয়েদের দিকে না এগনেই ব্রন্থিমানের কাজ!

স্নীল ফিসফিস করে খগেনকৈ বলল, আর কাল রাতে উনি নিজের তাঁব্বতে নাগা মেয়ে আনিয়ে ফ্রতি লুটেছেন!

খানিকটা মদ আব মেয়েমান, ষের গলপ করে নিয়ে তারপব স্ব, কর-লেন শিক্ষাব কথা। এইবার তারা মিলিটারী থেকে ছাড়া পাবে। কিন্তু সমস্যা, নাগরিক জীবনে ফিরে গিয়ে তারা করবে কি ? অবশ্য এখনই তারা একেবাবে অকুল পাথাবে পড়ছে না। গভর্ণমেন্ট তাদের হাতে দিয়ে দেবে মোটা মোটা টাকা। ডেফারড্পে, তাদের পাওনা টাকা আব তার ওপর ছাম্পাল্ল দিনের প্রেরা মাইনে!

রবীন জিজ্জেস কবে, আর চাকরি > ভর্তি করবার সময় যে রিক্টীং অফিসার বলেছিল প্রত্যেকের জন্য চাকবি রিজার্ভ রাখা হবে!

কর্নোল সাহেব বলেন, নিশ্চয়ই, গভর্ণমেন্ট তাঁর প্রতিশ্রুতি নিশ্চয়ই রক্ষা করবেন। চাকরি সকলকেই দেওয়ার চেন্টা করবেন। কিন্তু অত চাকরি কোথায়! আর সকলকেইতো একসঞ্চো চাকরি দেওয়া যায় না, সময় একট্ব লাগবে বৈকি। কাজেই আমাদের ধৈর্য ধরে একট্ব অপৈক্ষা করতে হবে।

অননত জনান্তিকে থগেনকে বলল, অপেক্ষা যে করব, সে কদিন খাব কি! উনিতো খুব মোটা টাকার হিসেব দিলেন কিন্তু পাওনা টাকা সবইতো গেছে ও'দের গভে'! ট্রেড-পে কেটে আর কয়েদ খাটিয়ে জমার অঙক কবে শ্না করে ছেড়ে দিয়েছেন!

কনেলি সাহেব বলতে থাকেন, কাজেই গভর্ণমেন্ট ঠিক করেছেন যারা এর পরও মিলিটারীতে থাকতে চাইবে তাদের স্থায়ীভাবে মিলিটারীতে রাখা হবে।

খনেন বলে ওঠে, কেন স্যার, লড়াইতো থেমে গেল! আবার মিলিটারী কি হবে!

করেলি সাহেব বলেন, লড়াই করাই সৈনিকের একমাত্র কাজ নয়।
দেশের মধ্যে শান্তি ও শৃঙ্খলা বজায় রাখার জন্য সবসময়েই সৈনিকের
প্রয়োজন। যুন্ধ যখন শেষ হয়ে গেল তখন আবাব পীস-টাইমের মত
কবে সমস্ত ব্যবসাবাণিজ্যকে ঢেলে সাজতে হবে! অস্ত্রশস্ত্র তৈরীর কারখানা বন্ধ করে দিতে হবে! অনেক বড় কারবারকে গৃটিয়ে ছোট করতে
হবে। কিন্তু দেশের মধ্যে দৃষ্ট লোকের অভাব নেই, তারা গভর্ণমেন্টের
সমস্ত স্ল্যান হয়তো বানচাল কবে দিতে চাইবে, ধর্মঘট বাঁধিয়ে উৎপাদন
ব্যাহত করবে, নাশকতাম্লক কাজ চালিয়ে অরাজকতাব স্থিট কববে।
তখন এই মিলিটারী সমস্ত কাজে শৃঙ্খলা ফিরিয়ে আনবে।

অমল অনন্তকে বলল, তার মানে ও'রা যত খুমি লোক ছাঁটাই করবেন আর তারা যদি বে'কে দাঁড়ায় তাহলে আমরা মিলিটারী সেজে তাদের ওপর গুমিল চালাব। বাঃ কি চমংকার শৃঙ্খলার নম্না!

স্নীল বলল, কিন্তু এদেরই বা উপায় কি। আমরা যদি অন্যায় আন্দার ধরে বাসি, আমাদের সকলকেই এক্ষ্বিন চাকরি দিতে হবে! তাহলে এবা করবে কি? কাজেই শান্তি বজায় রাখতে হলে কড়া হতে হবে বৈকি।

অমল বলল, বেশ বলেছ সন্নীল! শান্তিটা কেবল ওদেরই জন্য।

যুদ্ধ বাঁধিয়ে কোটি কোটি টাকার গোলা বার্দ বানিয়ে উড়িয়ে দিতে
পারে! যুদ্ধের কাজে দেশশৃদ্ধ লোককে চাকরি দিতে পারে! দ্বিভিক্ষ
বাঁধিয়ে দেশশৃদ্ধ লোককে কাঙালী-ভোজন করাতে পারে! কিন্তু পারে
না কেবল পীস-টাইমে সকলকে চাকরি দিতে! পেট ভরে খেতে দিতে!

এতো বড় মজার যুক্তি!

খণেন বলে ওঠে, তবে কোন শালা আর মিলিটারীতে থাকে! ভিথ

মেঙে খাব—সেওবি আচ্ছা, কিল্ডু দেশের লোকের ওপর গর্নল চালানর জন্য থাকব মিলিটারীতে? তার চেয়ে গলায় দড়ি দিয়ে মরা ভাল!

কনেলি সাহেবের বক্তৃতা স্লান হয়ে যায়। ছেলেরা অন্যমনস্ক হয়ে পড়েছে, চোখের ওপর ভেসে উঠছে যুদ্ধপূর্ব য্গের সেই বেকারদশা। কনেলি সাহেব বারকয়েক হাই তুলে আড়ামোড়া ভেঙে উঠে দাঁড়ালেন।

বৈকালিক চায়ের পর কাঠ-কুড়ানর ফেটীগ। জৎগলে ঢ্বকে খগেল অমলকে বলল, চলহে. এই ফাঁকে আমরা একট্ব ঘ্ররে আসি। এই জৎগলটা পার হলেই মিহিমা। ওইখান থেকে জাপানীরা রিইনফোস-মেন্ট-ক্যাম্প আক্রমণ করেছিল। চল না, গাইডও একজন ঠিক করেছি।

অমল রাজি হতেই মুখে একটা অদ্ভূত শব্দ করে থগেন বলল, নাগারা দুরে কাকেও ডাকতে হলে এইরকম শব্দ করে! দেখনা টাকু এক্ষ্র্নি এসে পড়বে।

বাচ্চা একটী নাগা ছেলে এসে হাজির হল। কোমরে তার একট নেঙটী জড়ান, বাকী সমসত দেহটা খালি, হাতে একটা 'নাগা দা', ধাবেব দিকটা ঝকঝক করছে। বযস তাব আট থেকে ষোল যে কোন একটা ছতে পারে। টাকু তাদের পথ দেখিযে নিয়ে চলল, পাহাড়ের উ'চু-নীচু ভেঙে জুণ্গল ডিঙিয়ে খাদ পোর্যে মিনিট পনেরব মধ্যে তাবা পেশছে গেল মিহিমায়। একটা বাড়ীব সামনে দাঁড় করিষে টাকু ভেতরে চলে গেল। সামনে খোলা জানলা দিয়ে খগেন উ'কি ঝাকি মেরে বলল, দেখ আয়না চিব্দী পণ্ডস-কীম্। এতো দেখছি রীতিমত সাহেব।

অমল বলল, বোধহয় এবা খৃষ্টান।

টাকু ফিবে এসে ওদের দ্বজনকে একটা ঘরের ভেতব নিয়ে গেল। ঘরের মাঝখানে একটা কাঁচা কাঠের টেবিল, কাঠটা শ্বিয়ে ট্যারাবাঁকা ছয়ে উঠেছে, তার চার্রাদকে চাবটে ওই একই জাতের চেয়ার। টেবিলের ওপর একটা মেখলা পাতা, তার ওপব খানকয়েক খ্লেটর স্মুসমাচাব। ঘরের দেয়ালে কয়েকটা বাইবেলের ছবি এটি দেওয়া। অমল আর খগেন পাশাপাশি দ্টী চেয়াবে যথাসম্ভব সাবধান হয়ে বসল। ঘরের ভেতব দরজা দিয়ে একজন আধা-প্রোট্ নাগা এসে ঢ্কুলেন। হাত তুলে নম্পুনার

- ্রুচার অধিকাংশ ইংরেজী আর তার সঙ্গে কিছ্বিকছ্ব অসমিয়া। খগেন জানাল, তারা এসেছে জাপানীদের সম্বন্ধে জানতে! 'জাপানী' কথাটা শোনার সঙ্গে সঙগে ভদ্রলোক সোজা হয়ে যান,
- **■**্হ্রের মধ্যে চোয়ালদ্বটো শক্ত হয়ে ওঠে। সরে গিয়ে তিনি দেখান
- েরের আধপোড়া বাতাগ্বলো।

অমল জিজ্জেস করল, আপনার ঘরে আগ্রন লাগল কি করে? নাগা ভদ্রলোক একটা চেয়ারের ওপর বসে পড়ে গর্জে উঠলেন,

- দাপানীরা শয়তান। মুখের ওপর র্ঢ় একটা ভাব ধীরে ধীরে **ঘনিয়ে** ঠল, টোবিলের ওপর ঝুঁকে পড়ে বলতে আরুল্ভ করলেন, কোহিমা আ**ক্রমণ**
- াবার দিনসাতেক অাগে ছোট একটা দল জাপানী আমাদের মত পোষাক
- ারে এই গ্রামে ঢোকে। আমাদের কাছে তারা বলতে স্বর্ করে আ<mark>মাদের</mark>
- বঃখ কন্টের কথা, ব্টীশের রাজত্বে আমাদের দুর্দশার কথা, রাণী গ্রই-
- লালের ওপর অকথ্য অত্যাচারের কথা। আরও বলল, তারা যে **য়ে**খ
- 🖿 বঙে লে শ্বন্ ব্টীশদের তাড়াতে। 🛮 ভারতবর্ষের লোকেরা তাদের ভাই।
- াগাপাহাড় নাগাদের দেশ, সেখানে অন্য কেউ রাজত্ব করবে কেন ?

একট্র চুপ করে গভীর একটা দীর্ঘ*বাস ফেলে আবার বলতে লাগলেন,

- আমরাও ভাবল্ম, সতিাই ব্বি তাই! তাদের কথা আমরা বিশ্বাস
- ক্রিন্ম, আমাদের বাড়ীতে তাদের লাকিয়ে রাখলাম, তাদের থাকা খাওয়ার
- ন্দোবদত করে দিল্ম। তারা আমাদের সঙ্গে বেশ ভাব জমিয়ে নিল! মামরাই তাদের কাছে সহরের খবরাখবর এনে দিতে লাগল্ম। রোজই
- ্রাদের দশ-বিশজন করে লোক বাড়তে থাকে। আমাদের খাবারে টান
- শুড়তে স্ব্হয়। এদিকে কোহিমার যুদ্ধও স্ব্ হয়ে গেল। ওদের
- ■লাক আরও বাড়তে লাগল! ওরা তখন আমাদের ওপর জোরজবরদি তথ্য ভাষাক্র ভাষাক্র
- ্রের করল, আমাদের মুখের ভাত কেড়ে নিতে লাগল। আপত্তি জানালে
- 🍑 য় দেখায়, এমন কি দ্বচারজনকে গ্রন্থিও করে।
- —দেখতে দেখতে ওরা আমাদের বাড়ীগন্লো দখল করতে লাগল!

 মামাদের খাওয়ার সমস্ত জিনিষ দখল করে নিল! বন্দন্ক হাতে ষাবতীয়

'জিনিষ পাহারা দিতে লাগল! নিজেদের খাবার জিনিষ নিজেরা চুরি করতে গিয়ে গর্নল খেয়ে মরেছি, দিনের পর দিন আমরা না খেয়ে কাটি-য়েছি। কোহিমার লঁড়াইয়ে তারপর যখন ওরা হারতে স্বর্করল তখন ওরা আরও খারাপ ব্যবহার করতে লাগল! তখন ওরা স্বর্করল আমাদের মেয়েদের ওপর অত্যাচার। বন্দব্বের স্থিগেন দেখিয়ে ওরা স্বামীর ব্রক্থেকে স্থাকৈ ছিনিয়ে নিয়েছে! বাপের সামনে মেয়ের ওপর বলাংকার করেছে!

চাপাক্ষোভে ভদ্রলোকের শরীরটা যেন ফ্রলে উঠতে থাকে, চোখ-দ্র্টো ক্র্রুচকে আসে, ম্থটা পাথরের মত হয়ে ওঠে। তিনি বলে চলেছেন, এতদিনে আমাদের চোখ ফ্রটল, আমরাও তৈরী হতে লাগল্ম! ঘবে ঘরে অস্ত্র দিল্ম! আমাদের ওই একটী মাত্র অস্ত্র দাও'! আমাদের ছেলেমেয়ে ব্রেড়াব্র্ডি সকলকেই শস্ত হাতে দাও' ধরতে বলল্ম। লড়াই আমরাও স্বর্ করল্ম। বাড়ীঘর ছেড়ে জগ্গলে ল্র্কিয়ে ওদের আক্রমণ করেছি! স্ব্যোগ পেলেই ওদের কুপিয়ে মেরেছি! দশজনের প্রাণ দিয়েও ওদের একজনকে মেরেছি! আমাদের মেরেরাছ! দশজনের প্রাণ দিয়েও ওদের একজনকে মেরেছি! আমাদের মেরেরা ভীব্রন্য, তারণও অস্ত্র ধরল, নিজেদের মানমর্যাদা নিজেরা রক্ষা করতে লাগল। তাবপর দেখল্ম, জাপানীগ্রলো পালাতে স্বর্ করেছে! কিন্তু তখনও তাদের শয়তানি শেষ হয়নি। বাড়ী বাড়ী ল্রুঠ করতে লাগল, যাকে-তাকে গ্র্লিল করে মারল, বাড়ীতে বাড়ীতে আগ্রন ধরিয়ে দিল—হঠাৎ তিনি চুপ করলেন। চোখ দ্রটো তাঁর জন্লছে আর সেই জন্লন্ত চোখ সমসত ঘরময় ঘ্রের যারে বেড়াছে!

অমল আরও একবার বিদ্রান্ত হয়ে পড়েছে! প্রথম সে বিদ্রান্ত হয়েছিল বর্মার ইভ্যাকুয়েশন দেখে, তারপর অগন্থী আন্দোলনের দোটানায় পড়ে আর এই তৃতীয়বার সে বিদ্রান্ত বোধ করছে মরণের এই অফ্রন্ত মিছিল দেখে! মানুষ মরেছে হাজারে হাজারে, লাখে লাখে, পণ্গপালের মত ঝাঁকে ঝাঁকে! মরেছে বর্মা ইভ্যাকুয়েশনে, মরেছে দ্বভিক্ষের তাড়নায়, মরেছে লাড়ইয়ের ময়দানে। যেন মরাটাই হল মানুবের জাঁবনে একমাত্র কাজ! প্রশেনর পর প্রশন বারবার তাকে খোঁচা দিচ্ছে, কেন এই মানুষ-

গ্নলো মরেছে? কি জন্য মরেছে? কার জন্য মরেছে? মৃত্যুর এই বিরাট জৌলন্ব তার মনকে সন্দিশ্ধ করে তুলেছে। যুদ্ধের নামে এই নরমেধ যজ্ঞ কার হিতার্থে? কোথায় বসে কারা এই ষড়যন্ত্র ফে'দে ওলেছে?

রবিবারের ছাটী। সকালের খাওয়া শেষ হয়ে গেছে। অমল চুপচাপ শা্রে আছে। অননত তাকে ঠেলা দিয়ে বলল, কি হল অমল, কেমন যেন মা্ষডে পড়েছ! বাড়ী থেকে কোন খারাপ খবর পেয়েছ নাকি?

অমল বলল, না বাড়ীর খবর ভালই, ভাবছি অন্যকথা!

कि कथा?

এই আমাদের জীবনের কথা।

আর কেন মন খারাপ করছ! এইবারতো বাছাধনদের ছাড়তেই হবে।
অমল ঝপ করে উঠে বসে সোজা অনন্তর চোখের ওপর চোখ রেখে
বলে, মিলিটারী থেকে ছাড়া পেলেই কি আমাদের মৃত্তিই ? আর কিছুকাল
আগেতো আমরা সেখানেই ছিলাম! বাঁচতেতো সেখানে পারিনি!
তাইতো এখানে এসে হাজির হয়েছি। তুমি কি মনে কর মিলিটারী
থেকে ফিরে গিয়ে আমরা বাঁচতে পারব?

অনন্ত বলল, অতশত ভার্বিন অমল! এখানে জীবন দ্বির্বসহ হয়ে উঠেছে! তাই একমাত্র চিন্তা হচ্ছে, এখান থেকে ছাড়া কবে পাব? বাড়ী ফিরে গিয়ে আবার নতুন করে জীবনকে গড়ে তুলব। লীলা আমায় ক্ষমা করেছে, আবার আমি তাকে নিয়ে ঘর বাঁধব!

অমলের উত্তেজনা মৃহ,তে শানত হয়ে যায়। যে কথা সে অননতকে বলতে চেয়েছিল, সে কথা এখনই এই মৃহ্তে বলা চলে না। অননতর স্থের নীড় রচনা করার আকুল এই আগ্রহকে দমিয়ে দিতে ইচ্ছে করে না। কিন্তু অননত কি পারবে ঘর বাঁধতে? পারবে কি সে শান্তিতে জীবন কাটাতে?

খগেন তাঁবর মধ্যে ঢ্বেক বলল, নাও হে অমল ইউনিফর্ম পরে নাও— অনন্তর দিকে তাকিয়ে বলল, তোমার কি হয়েছে অনন্ত! এই দ্বশ্র-বেলা শ্বয়ে আছ? চল, সহরে ঘ্রয়ে আসি, তোমাদের নামে পারমিট নির্মেছ। বাজারে পেণছে খগেন বলল, কোথায় আর রাস্তায়রাস্তায় **ঘ**্রে বেডাব, তার চেয়ে চল সিনেমা দেখা যাক!

অনন্ত বলল, বে°চে থাকলে বহু সিনেমা দেখতে পাব কিন্তু কোহি-মাতে যে আর কোনদিন আসা হবে না সেকথা আমি বাজি রেখে বলওে পারি।

অমল বলল, কোহিমাকে এরা বলে এশিয়ার ষ্টালিনগ্রাদ! চলনা ঘ্রবে ঘ্রবে দেখা যাক।

অনন্ত বলল, ঘ্রতে স্র্র্করাব আগে একট্ব চা থেয়ে নেওয়া দরকাব !
ক্যানটীনে ঢ্কে ওরা দেখল, এককোণে আসাম-বাইফেলের এক
হাবিলদার বসে চা খাচ্ছে । অমল বলল, চল, ওর কাছে গিয়ে বসি, কিছ্
খবর-টবর ও নিশ্চয়ই দিতে পারবে।

টোবলটায় গিয়ে বসতে গুর্খা হাবিলদার সাহেব হেসে অভ্যর্থনা করল। খগেন বলল, কোহিমা-লড়াইয়ের গলপ শ্নব বলে আপনার কাছে এসে বসলাম হাবিলদার সাহেব।

হাবিলদার সাহেব খুব খুশী, হেসে বললেন, আমি নিজে জাপানীদের সংগে লডাই করেছি। তথন আমি ছিলাম সিপাই।

অমল বলল, শ্লেছি, আপনাদেব বেজিমেণ্টই নাকি শেষ পর্যব্ত জাপানীদেব ঠেকিযেছিল?

হাবিলদার সাহেব বলল, আলবং, প্রথম প্রথমতো আমাদের লড়তেই দের্মান, সারা কোহিমায় কেবল গার্ড-ডিউটী দিইয়েছে। তারপব ব্টীশ সৈন্যরা যখন সব শেষ হয়ে গেল তখন আমাদেব নিয়ে এল জাপানীদের কোনরকমে ঠেকিয়ে রাখার জন্য। আটচল্লিশ ঘণ্টার মধ্যে আমাদেব রেজিমেন্টেব অর্ধেক খতম হয়ে গেল। কিন্তু জাপানীদেব আমরা এক পাও এগোতে দিইনি।

অনন্ত বলল, বটোশ সৈন্য সব শেষ হয়ে গেল কি করে?

শেষ হবে নাতো কি । ওবা জগালের মধ্যে না ঢ্বে ওপরে বসেই কামান দাগতে লাগল ! সে সময় জাপানীরা ঘাপটী মেবে বসে থাকে। যেই ওরা থামে তখন জাপানীরা আচমকা একসংগ চারিদিক থেকে আক্রমণ স্বর্ব করে দেয়। সমসত ডিভিসনটা শেষ হয়ে গেল, তব্বও ওরা জগালে ত্বকল না। ওরা শ্ধ্ব কোহিমার প্রবেশপথ আটকে বদে রইল। খগেন বলল, তারপরই ব্বিঝ ফিফথ-ইণ্ডিয়ান-ডিভিসন এল!

না, তারপর এলাম আমরা। আমরা ছোট ছোট দলে জঞ্গলের মধ্যে ঢ্রেকলাম, খাদে নামলাম, পাহাড়ের ওপর উঠতে লাগলাম। আশ্চর্য যুন্ধ করতে জানে এই জাপানীরা! কোথাও তারা গাছের ওপর উঠে ডালের সঞ্গে নিজের দেহটা বেংধে নিয়ে মেশিন-গান চালাচ্ছে! কোথাও তারা খাদের মধ্যে নেমে স্নাইপ-সট করছে! কোথাও তারা পাহাড়ের চুড়ায় উঠে হ্যান্ড-গ্রেনেড মারছে! তব্রও আমরা এগিয়ে গেলাম, বহু লোকের প্রাণ দিয়ে ওদের অনেকগ্রলো ঘাঁটি নন্ট করলাম। তারপর এল ফিফথ-ইন্ডিয়ান-ডিভিসন। তারা জঞ্গলের মধ্যে আরও বেশী করে ঢুকে পড়ল, আশপাশ দিয়ে, পিছন দিয়ে, জাপানীদের সমস্ত যোগাযোগের রাস্তা বিচ্ছিন্ন করে দিল। তখন জাপানীরা পালাতে স্বর্ করল, জঞ্গলের মধ্যে ছড়িয়ে পড়তে লাগল, নাগাদের বিস্ততে বিস্তিতে ঢুকতে লাগল। কিন্তু নাগারাও তখন জাপানীদের ওপর ক্ষেপে উঠেছে। যে সমস্ত নাগাদের হাতে জাপানী রাইফেল দেখবেন, জানবেন, সে এন্তত একজন জাপানীকেও মেরছে!

ক্যানটীন থেকে বেরিয়ে চলতে চলতে একটা চম্বরে ওরা পেণছল। একপাশে একটা পাথরের ওপর বড় বড় অক্ষরে লেখা, হিয়ার দি জ্যাপস ওয়ার হলেটড। ব্যাপারটা বোঝবার জন্য খগেন একটী নাগা যুবককে ডেকে নিয়ে এল। সে বলল, এই জায়গাটা হচ্ছে কোহিমার প্রবেশ-পথ, আর একট্র এগিয়ে গেলেই মণিপ্র রোড। এখানেই হয়েছিল শেষ লড়াই। আশপাশের গাছগ্রলো, তার ডালপালা সবই ফিল্ড-গানের গ্র্লিতে গেছে উড়ে। টীনের বাড়ীগ্রলোর দেয়াল থেকে ছাদ পর্যক্ত রাইফেলের গ্র্লিতে ঝাঁঝরা হয়ে গেছে!

নাপ্তা যুবকটীকে সংখ্যে নিয়ে চলতে চলতে অননত জিজ্ঞেস করল, লড়াইয়ের সময় তুমি ছিলে কোথায় ?

সে বলল, নাগারা পাহাড় ছেড়ে আর কোথাও যায় না। কোহিমার ডি-সি যথন শিলঙে বসে জাপানী মাথাপিছ তিশটাকা প্রেক্তার ঘোষণা করেছিল তথন তারা জাপানীদের মেরে গ্রাম পরিক্তার করে ফেলেছে!

ষ্দেধর সময় পালিয়েছিল যত বিলেতি সাহেব আর বিদেশী বাব্রা।

কোহিমাতে এমন বৃঝি কোন জায়গা নেই, যেখানে সামনাসামনি হাতাহাতি লড়াই না হয়েছে! লড়াই হয়েছে বিস্ততে বিস্ততে, মিলিটারী
ক্যান্দেপ ক্যান্দেপ, পাহাড়ের খাঁজে খাঁজে। রাস্তার ধ্লোবালির সংগ্রে
মিশিয়ে রয়েছে বৃলেট, এই দেড়বছর পরেও! চারিদিক দেখাতে দেখাতে
ব্বকটী ওদের নিয়ে গেল মিলিটারী ভৌরে। সেখানে তিনজন অফিসার
আর চল্লিশজন সৈনিকের উদ্দেশে একটী স্মৃতিস্তম্ভ খাড়া করা রয়েছে।
তারপর গেল ছোট একটী পার্কের মধ্যে। সেখানেও একটী স্মৃতিস্তম্ভ,
নাম-না-জানা সেই সব নাগা শহীদদের উদ্দেশে, জাপানীদের বিরুদ্ধে
যারা অস্ত্র ধরেছিল।

অমল হঠাং ফ'রেস ওঠে, ইতিহাসের পাতায় কিন্তু এদের জন্য একটা আঁচড়ও কাটবৈ না এই ব্টীশরা, কাকেও জানতে দেবে না কোহিমার লড়াই জেতার পেছনে এদের কতথানি সাহাষ্য রয়েছে!

ধীরে ধীরে ওরা এগিয়ে চলেছে চারিদিকে চাইতে চাইতে, নবজাতকের মত নতুন এই জগংটাকে বিশ্মিত দৃষ্টিতে দেখতে দেখতে! এ জগতে জীবনের কোন কথা নেই, নেই বাঁচার কথা, নেই তাদের আশাআকাখ্যার কোন আভাষ ইণ্গিত। এখানে কেবল মৃত্যুর খবর। মৃত্যুর গৌরব যেন জীবনত মানুষদের জীবনবোধকে পবিহাস করছে!

সকলেই ওরা মিইয়ে যাচ্ছে, ঝিমিয়ে পড়ছে, চলার তাল শিথিল হয়ে আসছে। দুরে দেখা যাচ্ছে কোহিমা সিমেট্রির বিবাট চ্টেডিয়াম, ধাপে ধাপে তার সাদা সাদা ক্রসের সারি।

সিমেট্রির প্রথমধাপে পা রেখে অমল থমকে দাঁড়িয়ে পড়ল! অনন্তর একটা হাত চেপে ধরে বলল, আচ্ছা অনন্ত, এইতো এতদিন মিলিটারীতে রয়েছ কিন্তু কোনদিন কি তোমার মনে শ্রুদ্ধা জেগেছে এই যুদ্ধের ওপর?

অনন্ত বলল, শ্রন্থা না করি, ভয়তো করেছি!

কিন্তু কেন?

যেহেতু অসহায় বলে। দেখলে না, যুদ্ধ বাঁধল রাজায় রাজায় আর প্রাণ গেল আমাদের মত কাঙালদের।

অমল যেন মনে মনে কি একটা হিসেব করতে থাকে। হঠা**ৎ অনন্ত**র

হাতটা ছেড়ে দিয়ে বলল, তাহলে কথাটা হল এই—আমরা কাঙাল বলেই কতকগলো লোক রাজা হয়েছে, আর রাজা আছে বলেই যুক্ত্র্য বে'ধেছে ?

অনন্ত অমলের মুখের দিকে কিছ্মুক্ষণ চেয়ে থাকে। তারপর তাকে একহাতে জড়িয়ে ধরে বুকের কাছে টেনে বলল, শেষকালে কি একটা অসুখ বাধিয়ে বসবে অমল!

সদ্যগাঁথা সি'ড়ি দিয়ে ওরা সন্তপ্ণে ওপরে উঠছে। সি'ড়ির দ্বারে চওড়াচওড়া ধাপের মাঝে কাঁচামাটি, তার ওপর নতুন ঘাস গাজি-রেছে। এক একটা ধাপের এক এক অংশে এক একটা রেজিমেন্টের কবর। প্রত্যেকটা কবরের মাথার দিকে একটা করে ক্লস, তার ওপর লেখা সৈনিকদের নাম, রেজিমেন্টাল নম্বর আর তিনটি অক্ষর—আর, আই পি।

খগেন জিজ্জেস করল, ওই আর, আই, পি. কথাটার মানে কি? অননত বলল, রেষ্ট ইন পীস।

অমল বলে ওঠে, কি মারাত্মক রসিকতা দেখ!

খগেন বলল, তার মানে?

তার মানে, যারা এই মান্যগন্লোকে ঘরবাড়ী থেকে টেনে এনে মরতে বাধ্য করল, তারাই আজ সেই অভাগা মান্যগন্লোর ব্কের ওপর লটকে দিয়েছে রেন্ড-ইন-পীস'এর লেবেল! যেন মরাটাই হল চরম ও পরম শানিত!

ধাপ ধাপ সির্ণড় ভেঙে ওরা উঠছে, ঘ্ররে ঘ্রের দেখছে সেই ডার-হামস! ডি-সি-এল-আই! কে-আর-আর! কিংস-ওন-রেজিমেন্ট! কুইনস-ওন-রেজিমেন্ট! প্রাইভেট থেকে রিগেডিয়ার! অমলের মনে পড়ে সেই মান্বগর্লোর কথা, স্বাস্থাবান সবল স্বাধীন দেশের মান্ব সেই ব্টীশ সৈনিকদের কথা, যাবা আর দেড়বছর আগে মণিপ্রে রোড স্টেশনে এসে নের্মোছল। তারাও কি তাদের দেশে অশান্তি স্ছিট করেছিল! তারাও কি পীস-টাইমে সকলের জন্য চাকরি চেয়েছিল? পেটভরে থেতে চেয়েছিল? তাই কি আজ তাদের মাটির গতে প্রতে

খণেন বলে ওঠে, যাই বল ভাই. আমার কিন্তু খুব আহ্মাদ হচ্ছে!

তব্ৰতো এতগ্লো বৃটীশ মরেছে!

অননত যেন আপন মনেই বলে ওঠে, আহ্মাদ করে আর লাভ কি ! ব্টীশের রাজত্বও লোপ পায়নি আর আমাদের ওপর জল্মুমও একতিল কর্মেনি! মাঝখান থেকে এতগুলো মানুষ শুধু শুধু মরে গেল!

শেষ ধাপে ওরা এসে পড়েছে। সামনেই এক বিরাট স্মৃতিস্তম্ভ। খণেন তাড়াতাড়ি এগিয়ে গিয়ে চে'চিয়ে পড়তে থাকে,

> হোয়েন্ ইউ গো হোম্, টেল্ দেম্ অফ্ আস্ এয়াণ্ড সে—

ফর্ দেয়ার ট্র'মরো উই গেভ্ আওয়ার ট্র'ডে।

খেলন বারবার লেখাটা পড়তে থাকে! তার গলার স্বর ধারে ধারে নেমে আসে! আনন্দোজ্জ্বল মুখখানা স্লান হয়ে যায়! ব্যাথায় ফ্যাক শে হয়ে ওঠে!

অমল, অনন্ত আর থগেনকে জড়িয়ে ধরে বলল, হ্যাঁ অনন্ত, আমরা ফিরে গিয়ে সকলকেই বলব—সকলকে বলব, আর না, আর মৃত্যু নয়, আর বৃদ্ধ নয়, আমরা বাঁচব—বে চৈ থাকব! এরা মরার মৃহ্ত পর্যন্ত চেয়েছিল আমাদের বাঁচাতে!

উনিশ

কোম্পানি হেডকোয়ার্টাব থেকে হাকুম এসেছে চন্দ্রিশঘণ্টার মধ্যে কোহিমা-ডিট্যাচমেণ্ট গৃহটিয়ে ডিমাপারে ফিরতে হবে। ছেলেরা কেমন যেন গ্রম হয়ে গেছে। বারবার তাদের মনে হচ্ছে, আবার যেন তারা নতুন করে কোম্পানিতে ফিরছে।

জাপান সারেণ্ডার করেছে, তাতে ছেলেদের খুশীর অন্ত নেই কিন্তু আনন্দ কববার জন্য ছুটি চায়নি। মনে আছে তাদের, জার্মানী-সারেণ্ডার উৎসবের কথা! মদ খেতে অস্বীকার করায় একজনের চোন্দ-দিনের কয়েদ!

স্নীল বলল, ফিরছিতো ক্যাম্পে, কিল্কু সেখানেতো দক্ষযজ্ঞ

চলেছে! না জানি আমাদের ভাগোই বা কি আছে!

খগেন বলল, ভাগ্যে যা আছে সেখানে গেলেই দেখতে পাবে!

কিন্তু বেশী দিনতো আর নয়! আরতো মাত্র তিনশ চুয়াল্লিশ দিন। অনন্ত বলে ওঠে, দিন গ্নলে কি হবে স্নীল ত'র আগে রসট্নুকু নিঙ্জে ছিবডেটী বানিয়ে দেবে!

রবীন তেড়ে ওঠে, তাবলে যা ইচ্ছা তাই করবে! সেটীও হচ্ছে না! কনভ্র ক্যান্সের মধ্যে ঢ্বকল। ট্রাকের মধ্যে থেকে লাফিয়ে উঠে ছেলেরা হৈ হৈ করে উঠল। ক্যান্সের ছেলেরা ব্যারাক থেকে বেরিয়ে এল অভ্যর্থনা জানাতে, কোলাকুলি করতে লাগল সকলের সংগ্যে, ছন্টোছন্টী করে চা নিয়ে এল তাদের জনা।

হঠাৎ নায়েক রামজীবনের 'ডবল আপ' হাঁক শ্বনে কোহিমা-ফেরৎ ছেলেরা ঘ্রের দাঁড়ায়। প্রায় দশটি ছেলে মাথার ওপর হাত তুলে পিঠঠ্ব প্যারেড করছে। দ্বপ্রের রোদে গলগল করে ঘামছে, হাঁ করে নিঃশ্বাস নিচ্ছে, মাথাগ্রলো তাদের পায়ের তালেতালে লটপট করছে।

নায়েক রামজীবন আবার হাঁকল, ডবল মার্ক টাইম!

কয়েদীরা আপ্রাণ চেণ্টা করেও মাটী থেকে ছ'ইণ্ডি ওপরে পা তুলতে পারছে না, শরীরটা তাদের ক্রমেই সামনের দিকে ঝ'কে পড়ছে। হঠাং সন্বেদার নন্দী গাছের ছায়া থেকে লাফ মেরে বেরিয়ে এসে ছড়ি নেড়ে বলতে থাকেন, টাং ঔর্ উপর্ উঠাও! ঔর্!

খণেন পাঁচকড়িকে জিজ্ঞেস করল, ব্যাপারটা কি?

পাঁচকড়ি, অমল খগেন আর অনন্তকে আড়ালে নিয়ে গিয়ে বলল, তোমরা ফিরে এসেছ এইবার একটা ব্যবস্থা কর, আর পারছি না ভাই! অমল বলল, সব কথা খুলে বল পাঁচকডি!

পাঁচকড়ি বলল, মেজর নেলসন অর্ডার দিয়েছে, যে যে এন-সি-ও সংতাহে, অন্তত তিনজনকে অর্ডারলি-র,্মে পেশ করতে না পারবে, একমাসের মধ্যে তাদের র্যাংক চলে যাবে।

খণেন বলল, তাই এন-সি-ও'রা বর্ঝি র্যাঞ্চ বজায় করছে?

পাঁচকড়ি বলল, তা করছে বটে কিন্তু সকলে নয়। ল্যান্স-নায়েক দন্ত'র র্যাঙ্ক চলে গেছে, সিক এন-সি-ও হাবিলদার ব্যানার্জিরও ওই একই হাল, জমাদার রামিকিষণ ট্রান্সফারের জন্য দরখাদত করেছে। আর এদের জায়গায় বি-ও-আর'দের এন-সি-ও করা হয়েছে!

অনন্ত বলল, চালটা দেখছি নতুন!

পাঁচকড়ি বলে চলে, তা নতুনই বটে! কিল্কু তারই জন্য ক্যান্দেপর সমস্ত ব্যবস্থাও নতুন হয়ে উঠেছে। ঠিক ছ'টার মধ্যে মশারী না ফেললে সাতদিন কষেদ। মশারীতে যদি একটা ফ্রটো থাকে তাহলে তিনদিন, আর বাড়বে ফ্রটোপ্রতি তিনদিন হিসাবে। ম্বথ হাতে যদি এ্যান্টীইন্সেক্ট-কীম না মাখ তাহলে পাঁচদিন: সন্ধ্যা হলেই এন-সি-ও'রা ছেলেদের গালে হাত ব্রলিয়ে ম্বখ শ্বকে বেড়াবে। প্যারেডে ফল-ইন করতে দেরী করলে মিনিটপ্রতি তিনদিন। দাড়ি ঠিকভাবে কামান না হলে তিনদিন। বিনা হ্রুমে ক্যাম্পের বাইরে গেলে চোদ্দদিন, কোন এন-সি-ও'র হ্রুম্মনা মানলে আঠাশদিন, আর ভি-সি-ও'র অবাধ্য হলে ফিল্ড পানিশ্মেন্ট।

খণেন চোখ ক্টেকে পাঁচকড়ির ক্লান্ত মুখখানার দিকে চেয়ে বলল, এটা কি শেষ মহড়া নাকি?

দ্লান হেসে পাঁচকড়ি বলল, আর এসবের ওপর অন্তরীক্ষে ভগবানের মত কাজ করছে তিনজন বি-ও-আর সিকিউরিটি-এন-সি-ও। তারা রিপোর্ট করে খোদ মেজর সাহেবের কাছে আর তাদেব রিপোর্টের ওপর ভি-সি-ও'র কমিশনও ঘুচে যেতে পারে।

অমল বলল, তারপর?

শ্বনছিতো রিলিজ-রোল তৈরী কবার হ্বকুম এসে গেছে। আমাদের কোম্পানি এখন ষ্ট্যান্ড-বাই, যে কোনদিন নাকি মুভ করতে পারি!

थरान वलन, এটা তাহলে একটা সুখবর বল?

সব খবরই চাপা পড়ে গেছে খগেন, এদের জ্বল্বমের ঠেলায়। আজকে । মনে হচ্ছে, কোম্পানির এ অবস্থাকে বদলাতে যদি না পারি তাহলে বোধহয় আমরা রিলিজও হতে পারব না!

মোটঘাট নামিয়ে, ফেটীগ শেষ করে কোহিমা-ফেরৎ ছেলেরা আবার ষে যার ব্যারাকে এসে ওঠে।

স্নীল শিবেনকে জিজেস করল, রেলের কাজ কি একেবারে শেষ হয়ে গেছে ? শিবেন বলল, আর রেলের কাজ! আমাদের দফাই শেষ। কেবল তিনজন ফৌশন-মান্টার মিলিটারী সংক্রান্ত কাজগ্নলো দেখাশ্ননা করে। বাকী সমস্ত ছেলে প্যারেডে। তোরাতো তব্তুও কটা দিন বেশ মজা লুটে এলি!

ম্বরাজ্ঞ বলল, একটা নতুন জিনিস দেখিসনিতো? কোম্পানিতে হাসপাতাল হয়েছে। সেখানে যত হাতভাগ্যা, পা-মচকান, মাথায় চোটলাগা র,গাঁরা আছে। পাছে বড় হাসপাতালের ডাক্তাররা জানতে পেরে এইসব প্রোগ্রাম বাতিল করে দেয়, সেই ভয়ে মেজর নেলসন আর সন্বেদার নন্দাঁ মতলব করেছে, প্যারেডের মাঠে যেসব এ্যাকসিডেণ্ট হবে তাদের পরে রাখবে কোম্পানির এই হাসপাতালটীতে!

স্নীল বলল, এমন কি প্যারেড বাবা ষে রোজ এত এ্যাকসিডেণ্ট! কালই ব্রুতে পারবে। এদের ভাবগতিক দেখে মনে হচ্ছে অক্ষত শরীরে আর কাকেও বাড়ী ফিরতে দেবে না।

কিন্তু মোদ্দা কথাটা কি! কেন এরা এমন করছে?

আর কেন! লড়ায়ে জিতে ওদের ল্যাজ হয়ে গেছে মোটা! এইবার একপক্কড় দেখে নিচ্ছে!

শিবেন বলল, হেডকোয়ার্টারে আমাদের কোম্পানির নাকি ভীষণ বদনাম হয়েছে! সেখান থেকে নেলসনের কাছে কড়া চিঠি এসেছে, আমাদের জন্য নাকি আশপাশের কোম্পানিগ,লোও বিগড়ে যাছে!

ম্বরাজ গলা নামিয়ে ফিসফিস করে বলল, শোন তবে আসল কথা, ভয়ে বাছাধনদের পিলে চমকে গেছে। ৩৩৩ কোম্পানিতে বিদ্রোহ হয়ে গেছে! কোম্পানির স্বকটা অফিসারকে রাতারাতি দিয়েছে সাবঙে!

ব্যারাকে ফিরে বিশ্তারা লাগিয়ে ছেলেরা চিঠি লিখতে বসেছে। রিলিজ-রোল তৈরীর খবর সকলেই পেয়েছে। সেই স্থবরটি দেওয়ার জন্য বাড়ীতে চিঠি লেখার বাগ্রতা আর বাধা মানে না। একটী ছেলে চে চিয়ে জিজ্ঞেস করল, কিরে, কি লিখব, আর কতদিনের মধ্যে বাড়ী ফিরছি?

সন্তোষ বলল, ফিরতে আর হচ্ছে না বাছাধন, প্রাণটাকে এখানেই রেখে যেতে হবে! কেন!

কালই ব্রুতে পারবে, পি-টি প্যারেডের নম্নাতো এখনো দেখনি! আরে হ্যাঃ, জার্মানি জাপানই খতম হয়ে গেল আর এ শালারা কোন ছার! এইবার এই শালাদের খতম করার পালা!

সন্তোষ উঠে এসে ছেলেটীর কানে কানে ফিসফিস করে বলল, শ্নেছিস ৩৩৩ কোম্পানির খবর?

সে আর শর্নিনি! ক জতো স্বরু হয়ে গেছে!

অর্ডারলি এন-সি-ও বলে গেল, কোহিমা থেকে যারা ফিরেছ তারা পাঁচমিনিটের মধ্যে সাবেদার সাহেবের ঘরের সামনে ফল-ইন।

কোহিমা-ফেরৎ ছেলেরা গিয়ে দাঁড়াল। স্বেদার সাহেব বললেন, কোহিমাতে তোমরা খ্ব ভালভাবে ছিলে শ্বনে আমি খ্লী হয়েছি। তোমরা শ্বনেছ বোধহয় রিলিজ-রে।ল তৈরী হচ্ছে! কিন্তু সেই আনদেদ কোম্পানিটাকে বাড়ী বানিয়ে তুল না। আমি চাইনা কাকেও আটকে রাখতে। কিন্তু আমি সাফ বলে দিছি, কোনরকম গণ্ডগোল আমি বরদ:মত করব না। মেজর সাহেবও বলেছেন, স্যাপারদের তরফ থেকে একতিল বেয়াদিপ বরদামত করবেন না। যদি সত্তিই তোমরা বাড়ী ফিরতে চাও তাহলে মুখটী বুজে কোম্পানির ডিসিশিলন মেনে চল।

স্বেদার সাহেবের বক্তৃতা শ্বনে অমলের মনে হয়, তিনি যা বলছেন তা ষেন একটা চ্যালেঞ্জ! কোম্পানিটা যেন পরিন্দার দ্বিটি দলে ভাগ হয়ে গেছে! একদল পরিন্দার জানিয়ে দিয়েছে, মুখ ববুজে তাদের হুকুম তামিল করতে হবে! আর অপরদল শান্ত থাকার আপ্রাণ চেন্টা করেও বিক্ষাব্ধ না হয়ে পারছে না! অমল ভাবে, এই দুয়ের মাঝামাঝি কি কোন রাস্তা নেই!

অমল দেখে অফিসারদের পেছনে রয়েছে গভর্ণমেন্ট, সামরিক বিভাগ, গোলাবারদে, সবকিছা তাদের মাটোর মধ্যে। আর স্যাপারের দলে শাধ্য অনেকগালো মান্ধ! কিন্তু তাদের অবস্থাটা কি! বহিজাগত থেকে বিচ্ছিন্ন! তাদের নিজেদের মধ্যেই অজস্ত্র বিভাগ! প্রথমেই রয়েছে অফিসারদের কৃপাপালট ভি-সি-ও আর এন-সি-ও'র দল! সকলেই তারা নির্মাম নয়, তবাও তারা ওই অফিসারদের হাতের পাতুল! তারপর রয়েছে

এয়ংলো-ইন্ডিয়ানের দল, ময়ৣরপয়ৢছয়ধারি দাঁড়কাক! শেষ পর্বায়ে এনে আজ এদেরই ওপর কোম্পানির সিকিউরিটীর ভার দেওয়া হয়েছে! তারপর রয়েছে সেন্সরসীপের ধারাল কাঁচি! সেই কাঁচির ধারে তাদের মনের সমস্ত খবর, সমস্ত বাথা বেদনা ছে'টে ফেলে, তাদের পোষাকটাকেই দর্নিয়ার চোখে তুলে ধরা হয়েছে! তাই অগল্ট আন্দোলনের সময়ে আখ্যা পেয়েছে 'দেশের শার্', দর্ভিক্ষের সময় দেশের লাক মনে করেছে তাদের আরাম আর ফর্তির জন্যই ময়েছে লাখে লাখে মান্ম খেতে না পেয়ে! সাধারণ মান্ম জেনেছে তারা বর্বর, তারা পশ্র, তাদের মধ্যে মানবীয় কোন বৃত্তি নেই!

কিন্তু কোম্পানির মধ্যে এত উত্তেজনা, এত ধৈর্যচ্যুতি আর কথনো সে দেখেনি! আসন্ন একটা দুর্যোগ যেন মাথার ওপর খাঁড়ার মত ঝুলছে!

পাঁচকড়ি আর সাদেক লাইট-আউট'এর পর চুপিসাড়ে অমলের বিছানায় এসে বসল। পাঁচকড়ি বলল, ৩৩৩ কোম্পানির খবর শ্নেছ অমল?

आँउरक উঠে অমল বলল, भारतिष्ठ, किन्जू रकत?

সাদেক বলল, আপনি একবার বলনে অমলবাব, দিই শালাদের সাবাড় করে।

অমল সাদেকের হাতটা চেপে ধরে। কি যেন সে বলতে যায়, কিন্তু তার ঠোঁটদ্বটো বারকয়েক কে'পে উঠে থেমে যায়, সমস্ত শরীর থরথর করে কাঁপতে থাকে।

সাদেক বলল, কি অমলবাব, ডর লাগছে?

হাাঁ সাদেক, আমার খ্ব ডর লাগছে। আমি ভেবে ঠিক করতে পারছি না, কি করলে এ অবস্থার শেষ হয়!

পাঁচকড়ি বলল, তাহলে ?

*সেই কথাই বারবার ভাবছি। আজ বারবার জর•তর কথা মনে পড়ছে! মনে হচ্ছে, সে থাকলে বোধহয় একটা রাস্তা বাতলাতে পারত।

সাদেক বলল, তাবলে कि আমরা পড়ে পড়ে মার খাব?

নিশ্চয়ই না, কক্ষনো না! এ অবস্থাকে আমরা বদলাবই। কিন্তু একা একা কেউ কিছু করতে যেও না। সেদিন আমিও ভেবেছিলাম, কয়েদ মেনে নিয়ে আমি যে আত্মত্যাগ করলম্ম, তার মধ্যে দিয়ে কোম্পানিতে আসবে সম্বিচার! কিন্তু সেদিন তুমিই আমার চোথ খ্বলে দিয়েছিলে সাদেক। একা একা কিছ্ম করা যায় না! কোম্পানির সমসত ছেলেকে সংগা নিয়ে একসংগা লড়তে হবে—তবেই আমাদের জয় হবে!

কৃতি

পর্যদিন সকালে যথারীতি পি-টি হল, কিন্তু নম্নাটা একট্ব অন্য ধরণের। প্রথমত মাইলদ্বেক একদমে দৌড়ে আসা! তার মধ্যে জনদ্বই অজ্ঞান হয়ে পড়ল। তারপর দ্বটো গাছের ডালে দড়ি বে'ধে, সেই দড়ি ধরে ঝ্লতে ঝ্লতে নালা পার হওয়া। বয়লার-মেকার শশধর পড়ে গিয়ে হাতে চোট খেয়েছে। তার ডানহাতটা ধন্বের মত 'বেকে গেছে!

পি-টি ব্রেক-অফফের সময় স্বেদার সাহেব ঘোষণা করলেন, মেজর সাহেব খুশী হয়ে তোমাদের জন্য একটা স্ইমিং-প্রল মঞ্জরে করেছেন। সেই স্ইমিং-প্রলের কাজ আজ থেকেই স্বর্ করতে হবে। আমি কথা দিয়েছি একসংতাহের মধ্যেই হয়ে যাবে। এই একসংতাহ প্যারেড মাফ।

ব্যারাকে ফিরতে ফিরতে একজন মন্তব্য করে, প্যারেডতো মাফ, এদিকে কোদাল চালাতে চালাতে যে বাঁধন ছি'ড়ে যাবে! আসলে শালারা আমাদের শাস্তি দিচ্ছে!

আর একজন বলল, স্ইমিং-প্রল আমাদের জন্য হচ্ছে না আরও কিছ্ব! ওখানেতো মেজর সাহেব তাঁর গোপিনীদের নিয়ে জলকেলি করবেন আর আমরা ফ্যালফ্যাল করে চেয়ে দেখব।

স্ইমিং-প্রেলর কাজ স্রু হল। মাপ-জোক করে, পেগ প্রতে, দড়ি বে'ধে সীমানা ঠিক হল। মাটি কাটার জন্য আই-টি-এ লেবার-ক্যাম্প থেকে এল একশ কোদাল আর একশ ঝুড়ি।

খগেন সকলের কানে কানে বলে গেল, কোদালটা কেবল মাটিতে ঠুকবি কিল্তু মাটি কাটবি না।

কোদালের কোপ পড়ছে ঘূদঘন কিন্তু নরম মাটিতেও একইণ্ডির বেশী ফলা বসছে না!

राविलमात मतकात वलन, कार्पेट यथन रूटवरे उथन ये उाड़ार्जाड़

কাজ শেষ করতে পার ততই ভাল।

কে একজন বলে উঠল, তাহলে যে মেজর সাহেব আরও বেশী খুশী হয়ে একটা নদী মঞ্জুর করে বসবেন!

সন্বেদার সাহেব সাইকেল চড়ে সমস্ত ক্যাম্প এলেকার যাবতীয় কাজ তদারক করে বেড়াচ্ছেন। রোদে তাঁর মন্থখানা লাল হয়ে উঠেছে। সনুইমিং-পন্নের সামনে এসে সাইকেল থেকে নেমে বললেন, এইভাবে কাজ চললে সাতদিন ছেড়ে সাতমাসেও কাজ শেষ হবে না!

ফায়ারম্যান রহমান সেদিন সিক-প্যারেডে ফল-ইন করেছিল। কিন্তু মেজর সাহেবের হ্রকুম ১০০ ডিগ্রার নীচে জরুর হলে কাকেও 'বি ডিউটী' অর্থাৎ হাল্কা কাজ দেওয়া হবে না! তাই রহমানকে ইউনিট-মেডিক্যাল-অফিসার দিয়েছেন 'এম্ এ্যাণ্ড ডি' অর্থাৎ ওম্ব খেয়ে কাজ। কিন্তু রোদের তাপে রহমানের জরুর বেড়ে যায়। ছেলেরাই তাকে বসিয়ে দেয়।

স্ববেদার সাহেব তার দিকে তেড়ে গিয়ে বললেন, এই, তুই যে দিবিয় মজাসে বসে আছিস ?

রহমান উঠে এ্যাটেনশান হয়ে বলল, শরীরটা বড় খারাপ লাগতেছে. তাই একটা জিরিয়ে নিচ্ছিলাম স্যার!

জিরিয়ে নিচ্ছিলে? কে তোকে জিরবার হাকুম দিয়েছে? হাকুম আর কি নেব একটা জিরিয়ে আবারতো কাম করব!

কাম করবে! নিজের মজিমাফিক কাম করবে নাকি? হঠাৎ স্ববেদার সাহেব তার ঘাড়টা চেপে ধরলেন।

রহমানের মুখখানা রাঙা হয়ে উঠেছে। সুবেদার সাহেবের মুখের দিকে একবার চেয়ে দেখে, সে তার কোদালটার দিকে যাওয়ার জন্য পা তুলল।

স্বেদার সাহেব ৃতার ঘাড় ধরে একটা ধারু। দিয়ে বললেন, ওসব চোথরীঙানি আমাকে দেখাসনি, ব্রুজিল! তোদের চোখ রাঙানিকে আমি ব্রুটের তলায় রাখি।

রহমান ঘুরে দাঁড়িয়ে বলল, ও বুট আমারও পায়ে আছে!

কি? সাবেদার সাহেব তেড়ে গেলেন রহমানের দিকে ঘ্রষি পাকিয়ে। সংগ্রু সংগ্রু ছেলেরা চে°চিয়ে উঠে রহমানকে আগলে দাড়াল। সাদেক স্বেদার সাহেবের ম্থোম্থি দাঁড়িয়ে বলল, মিলিটারীতে সকলেরই পায়ে বুট আছে স্যার!

নানান দিক থেকে কলরব ফেটে পড়ে, দেনা শালাকে ব্রুটটা দেখিয়ে। হাত তুলে দেখ্কতো একবার, শালার বাপের নাম ভুলিয়ে দেব! দেনা শালার খ্রিটা ফাটিয়ে স্ইমিং-প্রুল বানিয়ে!

স্বেদার সাহেব বিস্ফারিত চোথে ছেলেদের ম্বথের দিকে চেয়ে আছেন। ক্রমেই ছেলেরা উত্তেজিত হয়ে উঠছে, রাশ তাদের আলগা হয়ে আসছে। পেছন থেকে তাঁর কানের পাশে একজন বলে উঠল, নেলসনের কুত্তাব সংগ্যে অত কথার দরকার কি! দাও ৩৩৩ কোম্পানি বানিয়ে!

স্বেদার সাহেব আর ঘাড় ফেরালেন না. দৌড়ে গিয়ে সাইকেলটায় লাফিয়ে উঠলেন। পেছন থেকে ছেলের দল অটুহাসিতে ফেটে পড়ল। জনদ্বেরক এন-সি-ও এতক্ষণ ভীড়ের মাঝখানে ঘাপটী মেরে ছিল. বলল, তোমরা বন্ধ বেশী বাডাবাডি করে বসলে!

একটী ছেলে বলে উঠল, তোমাদের কোন ভয় নেই নায়েক সাহেব ও শালাদের আমরাই সায়েস্তা করব।

কোদাল ফেলে ছেলেরা জটলা স্বর্ করে দিয়েছে। কিছ্কুণ বাদে হাবিলদার সরকার এসে ছ্টী দিয়ে দিল। একজন বলে উঠল, দেখলিতো. শালারা ভয় পেয়ে গেছে। ব্র্কালনা, যেমন কুকুর তেমনি ম্বার্র!

ছন্টী পেয়ে যাওয়ায় ছেলেরা ভীষণ খুশী। তাই ব্যারাকে বসে না থেকে কেউ কেউ স্নান করতে গেছে, কেউ গেছে কাপড়ে সাবান দিতে. কতক গেছে চুল ছাঁটতে, এমনিভাবে ছেলেরা পড়েছে ছড়িয়ে। এরই একফাঁকে হাবিলদার সরকার রহমানকে ডেকে নিয়ে গেছে অফিসে।

খবর পেয়ে অমল সাদেক পাঁচকড়ি স্বরাজ সকলেই গ্রম হয়ে বসে আছে। পরপর দ্বজন সিকিউরিটী এন-সি-ও তাদের সামনে দিয়ে ঘ্রে গেছে।

স্বরাজ বলল, শালারা আমাদের ওপর নজর রাখছে। খগেন বলল, তাহলে নিশ্চয়ই রহমানকে ফাঁসাবে।

পাঁচকড়ি থেকিয়ে ওঠে, তা নাতো রহমানের ওপর খুশী হয়ে তাকে লান্স-নায়েক বানাবার জন্য নিয়ে গেছে নাকি! একজন সেন্ট্রী হাঁপ।তে হাঁপাতে এসে খবর দিল রহমানকে আঠান-দিনের ফিল্ড-পানিশমেন্ট দিয়েছে! অর্ডার্রাল-র্মে রহমানকে ভীষণ মেরেছে, এখনও তার মুখ দিয়ে রক্ত পড়ছে।

সাদেক বলল, রহমানের ফিল্ড-পানিশমেণ্ট আমরা হতে দেব না। অন•ত বলল, কেমন ভাবে ?

অমল বলল, রহমানকে আমরা ছিনিয়ে আনব!

পাঁচকড়ি লাফিয়ে উঠল, ঠিক হ্যায়! আজই একটা হেস্তনেস্ত হয়ে যাবে!

অনন্ত সেণ্ট্রীকে বলল, তোমরা কি করবে?

সেন্ট্রীর চোখদ্বটো চকচক করে ওঠে। সে বলল, গার্ড-কমান্ডার বাদে সেন্ট্রী অ র কয়েদী মিলিয়ে আমরা একুশজন আছি!

রহমানের ফিল্ড পানিশমেণ্ট—বেলা একটার সময়! রহমানকে শাহ্নিত দিয়ে মেজর নেলসন কোম্পানিতে একটা নম্না খাড়া করতে চান, কোম্পানির ছেলেদের সায়েম্তা করতে চান, আবার ডিসিম্লিন ফিরিয়ে আনতে চান।

খেতে বসেছে ছেলেরা ডাইনিং হলে লাইন বে'ধে পাশাপাশি। একটী ছেলে বলে, কেন, ডিসিপ্লিন কি কোম্পানিতে নেই নাকি!

তার পাশের ছেলেটী জবাব দেয়, কোথায় আর ডিসিপ্লিন! আমরা যদি পোকামাকড়ের মত ওদের বৃটের তলায় পড়েই না রইল্মুম তবে আর ডিসিপ্লিনটা কোথায়!

ফিসফিসানি চলেছে সর্বত্ত। সকলেই শ্বনেছে রহমানের ফিল্ড-পানিশমেণ্টের কথা। একজন জিজ্ঞেস করল, ফিল্ড-পানিশমেণ্টটা আবার কি রকম!

তীর সাথি জানাল, অফিসের কেরাণীবাব্রা বলেছে এমন কিছ্ই নয়, কেবল একঘণ্টা দড়ি বে'ধে ঝুলিয়ে রাখবে।

ছেলেটী মুখে ভাত তুলতে যাচ্ছিল. আতঙ্কে তার হাত কে'পে উঠল. ভাতগুলো ঝরঝর করে পড়ে গেল মাটিতে। বলল, তার মানেতো ফাঁসি। যাঃ, সে হতেই পারে না! শুধুশুধু রহমানকে এত কড়া শাহ্নিত দিতেই পারে না! হাজার হোক এরা মান্যতো!

সাথি তার ফ্ল্লৈ ওঠে, এখনও এদের মান্য মনে করিস! এরা মান্য নয়, এরা অফিসার! আমরা খেটে মরি এদের প্রমোশন হয়! আমরা প্রাণ দিই এরা বীরত্বের মেডেল পায়! আর আমরা মাথা উচ্চু করলে বৃটশ্বেদ লাথি মেরে আমাদের মাথা থে°তলে দেয়!

স্বেদার সাহেব একটা হান্টার হাতে খাওয়া পরিদর্শন করতে এসেছেন। সারবাঁধা ছেলেদের সামনে দিয়ে তিনি গটমট করে হে'টে চলে যান। রবাঁন কটমট করে তাঁর দিকে তাকিয়ে থাকে।

আমিন তাকে ঠেলা মেরে বলল, কিরে, চোথ দিয়ে যে তুই গিলে ফেলবি দেখছি।

রবীন বলল, আমার কি ইচ্ছে করছে জানিস? ইচ্ছে করছে, লাফিয়ে ওই শালা কুত্তার টু;িটটা ক,মড়ে ধরি! মবারকের যতটা রক্ত মাটির ওপর পড়েছিল ঠিক ততটা চুষে নিয়ে মবারকের কবরের ওপর ছড়িয়ে দিই!

খানের ভাতের পেলট নিয়ে রবীনের সামনে এসে বলল, রবীন, রহমানের ফিল্ড-পানিশামেন্ট আমরা হতে দেব না, তাকে আমরা ছিনিয়ে আনব।

স্নীল কথাগ্লো শ্নতে পেয়োছল। ম্খটা তার ফ্যাকাশে হয়ে উঠেছে। খগেনকে ডেকে বলল, কি দরকার খগেন এতসব ঝামেলার মধ্যে যাওয়ার! ঘরে ফেরার দিনতো এগিয়ে এসেছে! আর এই ক'টা দিন কোন-রকমে মুখ বুজিয়ে কাটিয়ে দিলে হয় না?

খগেন কোন উত্তর না দিয়ে রবীনের কাছে ফিরে গিয়ে বলল. স্নীলের ওপর নজর রাখবে রবীন, ভয় পেয়ে ও সমস্ত কথা হয়তো ফাঁস করে দিতে পারে।

গার্ডার্ম থেকে একজন সেন্ট্রী এসেছে ভাত নিতে। জনকয়েক তাকে ঘিরে ধরে জিজ্ঞেস করল, রহমান কেমন আছে রে?

সেন্দ্রী বলল, রহমান চাঙগাই আছে। ভূলিয়ে ওকে ডেকে নিয়ে গিয়েছিল অফিসঘরের মধ্যে। অনেক কথাই রহমানকে জিজ্জেস করেছে! ও কিন্তু একটা কথাও বলেনি। তাইতে ক্ষেপে গিয়ে মেজর সাহেব আর স্ববেদার সাহেব দুজনে মিলে রহমানকে মেরেছে! এমন মেরেছে যে তার

মুখ দিয়ে রক্ত ছুটেছে, তার দাঁতগালো সব নড়বড়ে হয়ে গেছে! জানিস্, রহমান ভাতের থালা মুখের সামনে নিয়ে ঝরঝর করে কে'দে ফেলেছে, একমুঠো ভাতও মুখে দিতে পার্রোন!

ষারা শ্নুছিল, তারা স্তম্ভিত হয়ে সেন্ট্রীর মুখের দিকে ফ্যালফ্যাল করে চেয়ে রইল। তাদের মধ্যে থেকে একজন হঠাৎ চিৎকার করে উঠল, রহমান যথন খেতে পারেনি তখন আমরাও খাব না! আগে এর একটা বিহিত করব তবে ভাত মুখে দেব।

হ্রড়ম,ড় করে অনেকগ্রলো ছেলে ডাইনিং-হল থেকে বেরিয়ে অফিস-ঘরের দিকে চলতে থাকে। পাঁচকড়ি তাদের বলে, আর একট্র অপেক্ষা কর ভাই! বেলা একটা পর্যন্ত! তারপর রহমান আমাদেরই সঙ্গে বসে খাবে! রহমানকে আমরা ছিনিয়ে নিয়ে আসব।

সমস্ত কোম্পানিটা যেন ফ'র্নে উঠছে। খাওয়ার পালা শেষ করে ছেলেরা ব্যারাকে ফিরেছে, তখনও প্রায় একঘণ্টা বিশ্রাম নেওয়ার সময় আছে। তব্ ও ছেলেরা একজায়গায় স্থির হয়ে বসতে পারছে না, আরাম করে শ্বতে পারছে না! কখনো বসছে, কখনো শ্বছে, আবার তখনই উঠে ব্যারাকের একপ্রান্ত থেকে অপরপ্রান্ত পর্যন্ত টহল দিছে!

কোরার্টার-গার্ডের পেটা-ঘড়িতে একটার ঘণ্টা পড়ল! ছেলেরাও গা-ঝাড়া দিয়ে উঠে দাঁড়াল। একজন দ্বজন করে একে একে ছেলেরা এক আর তিননম্বর বাারাকে এসে জমা হচ্ছে। ওখান থেকে প্যারেড-গ্রাউপ্ডের সবটাই দেখতে পাওয়া যায়।

মেজর নেলসন, স্বেদার নন্দী, হাবিলদার সরকার প্যারেড-গ্রাউন্ডের মাঝখানে এসে দাঁড়িয়েছে। নায়েক রামজীবন রহমানকে কোয়ার্টার-গার্ড থেকে নিয়ে আসছে। গার্ড-কমান্ড,র আসছে দড়িদড়া নিয়ে।

ছেলেরা দন্টোথ বিস্ফারিত করে দেখছে রহমানকে, তাদের অতি আপন্যর রহমান! রহমানের সমস্ত মুখটা ফুলে উঠেছে, চোখদুটো তার টকটকে লাল! তব্তু রহমান মাথা উণ্টু করে হেণ্টে আসছে! না না, রহমান ভয় পার্য়নি, ঘাবড়ে যার্য়নি! রহমান বোধহয় জানতে পেরেছে, আজ আর সে একা নয়! কোম্পানির প্রতিটি সাধারণ সৈনিক আজ তার ফিল্ড-পানিশমেন্ট প্রতিরোধ করবে! তারা তাকে ছিনিয়ে নিয়ে আসবে! ফিরিয়ে

নিয়ে আসবে তাদের গরম বাকের মধ্যে!

রহমানকে বাঁধাবাঁধির কাজ স্বর্ হয়ে গেছে। নিজ বি রহমান শ্ব্ব বারকয়েক ব্যারাকগ্লোর দিকে চেয়ে চোখ নামিয়ে নিল। তার চোখের জল শ্বকিয়ে গেছে, চোখদুটো জবালা করতে স্বর্ করেছে!

নায়েক রামজীবন রহমানের হাতদ্বটো পিছমোড়া করে গোলপোন্টের সংগ্র বেধে দিল। স্ববেদার সাহেব এগিয়ে গিয়ে উদ্তু দড়িট্বুকু দিয়ে রহমানের সমস্ত শরীরটা গোলপোণ্টের সংগে জড়াতে স্বুরু করলেন।

মেজর নেলসন নিঃশেষিতপ্রায় সিগারেটটা মাটিতে আছড়ে ফেলে সন্বেদার সাহেবের হাত থেকে দড়িটা টেনে নিয়ে বললেন, এইসা নহি সন্বেদার সাব—বলে রহমানের গা থেকে দড়ির পাকগন্লো খনুলে ফেললেন। হাতদ্টো পিছমোড়া করে বাঁধা অবস্থায় টানতে টানতে গোলপোন্টের মাঝখানে নিয়ে গেলেন। ক্রসবারের ওপর দড়িটা ছনুড়ে দিয়ে বললেন, হ্যাং দি রাডি রোগ্ !

স্বেদার সাহেব রহমানের পিছমে ড়া বাঁধন খ্লে, হাতদ্বটো মাথার ওপর জোডা করে বে°ধে দিলেন। ক্রসবারের ওপর দিয়ে ঝ্লে পড়া দড়ির প্রান্তটা ধরে একটা টান দিয়ে মেজর নেলসন বললেন, প্লে নন্দী!

দড়ি ধরে স্বেদার সাহেব টানতে লাগলেন। রহমানের শরীরটা সোজা টানটান হয়ে গেল, কিন্তু মাটীর ওপর উঠল না।

মেজর নেলসন রহমানের সামনে এসে বললেন, জাম্প-কুদো-

নায়েক বামজীবন আর স্বেদাব নন্দী পেছন দিকে হেলে পড়ে দাঁড়টা ধরে টানছেন। যন্ত্রণায় রহমানের ম্থখানা বিকৃত হয়ে উঠেছে। সে তাব সমস্ত শক্তি দিয়ে ঠোঁট কামড়ে ধরেছে!

মেজব নেলসন ত্যাফটা নেড়ে মাবতে যাওয়ার ভা গতে ধমক দিলেন, আই সে, জাম্প—রাডি তুম্ জল্দি কুদো—

রহমান লাফ দেওয়ার চেণ্টা করল কিন্তু পারল না, সমস্ত শরীরটা তার থরথর করে কে'পে উঠল।

হাবিলদার সরক'র ঠোঁট কামড়ে একধারে দাঁড়িয়ে আছে। মেজর সাহেব তাকে ধমক দিলেন, ক্যা, মজা দেখ্তা? লিফ্ট হিম্ এবভ্ দি গাউতে! তিনজনে মিলে দড়ি ধরে টানছে। মনে হল, রহমানের শরীরটা যেন আরও থানিকটা ওপরে উঠে গেল, কেবল পায়ের ডগাটা তখনো মাটিতে ঠেকে আছে।

মেজর নেলসন ভাফটা দিয়ে রহমানের পেটে একটা গংতো মেরে বললেন, রাডি তুম নহি কুদেগা তো ম্যায় তুম্কো ডাণ্ডা লাগায়গা!

রহমান আরও একবার চেণ্টা করল। চেণ্টার নিদর্শনন্বর্প তার দেহটা কেবল নড়ে উঠল।

মেজর নেলসন তেড়ে গিয়ে তার হাঁট্র ওপর দ্যাফ দিয়ে একটা ঘা বিসয়ে দিলেন।

রহমান আর্ত্রনাদ করে উঠল, ওঃ মা-

স্নীল বলে উঠল, না না, বসে বসে আর এ দৃশ্য দেখা যায় না! রবীন মুহ্তের জন্যও স্নীলের পাশ থেকে নড়েনি। দাঁতে দাঁত চেপে বলল, দেখতে ভাল না লাগেতো চোখ বুজে থাকন!

সন্নীলের মন্থখানা রাঙা হয়ে উঠেছে, তার সমস্ত শরীর থরথর করে কাঁপছে, অস্বস্তিতে সে ছটফট করছে! বারবার সে রহমানের দিকে তাকাচ্ছে, আবার তখনই ব্যারাকের মধ্যে ছেলেদের মনুখের দিকে অসহায় দুঞ্চিতে লক্ষ্য করছে।

গোলপোন্টের ক্রসবারটা ধন,কের মত বে'কে গেছে। মেজর নেলসন সাবেদার সাহেবকে তাড়া দিয়ে উঠলেন, নন্দী, জোরসে খি'চো—

স্বেদার নন্দী মাটিতে গোড়ালি লাগিয়ে, পেছন দিকে হেলে পড়ে এক হে'চকা দিলেন। রহমানের শরীরটা মাটি ছেড়ে ওপরে উঠে গেল। রহমানের আর্তনাদ সমস্ত ক্যাম্পটাকে বিদীর্ণ করে ফেলল, উঃ, মা—গো!

স্নীল মাচা থেকে লাফ মেরে নেমে পড়ল। রবীনের হাত ধরে টানতে টানতে বলল, আর দেরী কেন! চল, শিগগীর চল—

তিননম্বর ব্যারাক থেকে আওয়াজ উঠল, বৃটীশ—ভারত ছাড়! সংগ্য সংগ্য বাকী সবকটা ব্যারাক থেকে আওয়াজ ফেটে পড়ল, বৃটীশ—ভারত ছাড়!

প্রত্যেকটা ব্যারাক থেকে আওয়াজ উঠেছে, ছেলেরা উল্কার মত ছুটে চলেছে প্যারেড-গ্রাউন্ডের দিকে। মাঠের মাঝখানে সমুহত কোম্পানিটা বজ্রনিনাদে ঘোষণা করল, বটৌশ—ভারত ছাড়!

উন্মন্ত ছেলেরা রহমানকে ঘিরে ধরেছে, তুলে ধরেছে তাদের বা্কের ওপর, চেপে ধরেছে তাদের গরম বা্কের মাঝখানে! হাতের বাঁধন খালে দিয়ে দিয়ে দড়িটাকে ছি'ড়ে টাকুরো টাকুরো করে ফেলেছে, সকলে মিলে দিয়েছে তাতে আগন্ন লাগিয়ে! গোল-পোন্টের বাঁশগন্লো টেনে হি'চড়ে তুলে নিয়েছে! রহমানের সংজ্ঞাহীন দেহটাকে বা্কের ওপর নিয়ে মাঠময় ছাটোছাটি করছে! লাফাচ্ছে! নাচছে! হাসছে! কাঁদছে! চে'চাচ্ছে! চিংকার করছে

সমস্ত কোলাহল ছাপিয়ে মেজর নেলসনের আর্তনাদ ভেসে উঠল, সংবেদার সাব, সেভা মি!

স্বেদার নন্দী তথন দোড়চ্ছেন, ঊধর্বিবাসে দোড়চ্ছেন কোয়ার্টার-গার্ডের দিকে!

গেটের সামনে পেণছতেই সেন্ট্রী তার সমস্ত শক্তি গলায় **ঢেলে** দিয়ে চিৎকার করে উঠল, হল্ট—

